বার্ষ্ণেয়েন ভবেন্নূনং বিদ্যা সৈবোপশিক্ষিতা।
তেনাদ্য রথনির্ঘোষো নলস্যেব মহানভূৎ ॥৩৬॥
আহোস্বিদৃতুপর্ণোঽপি যথা রাজা নলস্তথা।
ততোঽয়ং রথনির্ঘোষো নৈষধস্যেব লক্ষ্যতে ॥৩৭॥
এবং সা তর্কয়িত্বা তু দময়ন্তী বিশাংপতে !।
দূতীং প্রস্থাপয়ামাস নৈষধান্বেষণে শুভা ॥৩৮॥

দময়ন্ত্যুবাচ।

গচ্ছ কেশিনি ! জানীহি ক এষ রথবাহকঃ।
উপবিষ্টো রথোপস্থে বিকৃতো হ্রস্ববাহুকঃ ॥৩৯॥
অভ্যেত্য কুশলং ভদ্রে ! মৃদুপূর্ব্বং সমাহিতা।
পৃচ্ছেথাঃ পুরুষং হ্যেনং যথাতত্ত্বমনিন্দিতে ! ॥৪০॥

ভারতকৌমুদী

বার্ষ্ণেয়েনেতি। নূনং নিশ্চিতম্। সৈব নলসম্বন্ধিন্যেব। মহান্ গম্ভীরঃ ॥৩৬॥
আহোস্বিদিতি। আহোস্বিদিত্যেকমেবাব্যয়ং বিতর্কে। তথা অশ্ববিদ্যানিপুণঃ ॥৩৭॥
এবমিতি। দূতীং সন্নিহিতামেব। অতএব পরত্রাহ্বানং বিনাপি গচ্ছেত্যাদ্যুক্তিঃ ॥৩৮॥
গচ্ছেতি। রথস্য উপস্থে উপরিভাগে, বিকৃতঃ স্বভাবাদ্বিরূপ ইব ॥৩৯॥
অভ্যেত্যেতি। মৃদুপূর্ব্বং কোমলবাক্যপ্রয়োগপূর্ব্বম্, সমাহিতা সমনোযোগা ॥৪০॥

এবং তিনি চিন্তা করিতে লাগিলেন—'এই রথশব্দ হইল কাহার ? নলের রথশব্দের তুল্যই ত গম্ভীর শব্দ হইয়াছিল, কিন্তু তাঁহাকে ত দেখিতেছি না। ॥৩৫॥

নিশ্চয়ই বার্ষ্ণেয় সেই বিদ্যা শিখিয়াছে ; তাহাতেই আজ নলের রথশব্দের মত গম্ভীর রথশব্দ হইয়াছে ॥৩৬॥

অথবা নল যেমন অশ্ববিদ্যা জানিতেন, ঋতুপর্ণরাজাও তেমনই অশ্ববিদ্যা জানেন ; তাহাতেই নলের মতই এই রথশব্দ লক্ষ্য করিয়াছি' ॥৩৭॥

নরনাথ ! কল্যাণী দময়ন্তী মনে মনে এইরূপ তর্ক করিয়া নিকটবর্ত্তিনী দূতীকে নলের অন্বেষণে প্রেরণ করিলেন ॥৩৮॥

দময়ন্তী বলিলেন—'কেশিনি ! যাও, যাইয়া জান যে, রথোপরি উপবিষ্ট, বিকৃতমূর্ত্তি ও খর্ব্ববাহু এই রথচালকটী কে ? ॥৩৯॥

ভদ্রে ! অনিন্দিতে ! তুমি নিকটে যাইয়া মনোযোগের সহিত যথার্থ-ভাবে কোমলবাক্যে এই পুরুষটীর নিকট উঁহার মঙ্গল জিজ্ঞাসা করিবে ॥৪০॥

---

[৩৬]···তেনাস্য রথনির্ঘোষো নলস্যেব মহাত্মনঃ—পি। [৩৮] এবং বিতর্কয়ন্তী সা···পি। ইতঃ পরম্ '···ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা ব কা, '···দ্বিসপ্ততিতমঃ···' পি, ···একসপ্ততিতমঃ···' নি।

অত্র মে মহতী শঙ্কা ভবেদেষ নলো নৃপঃ।
যথা চ মনসস্তুষ্টির্হৃদয়স্য চ নির্বৃতিঃ ॥৪১॥
ব্রূয়াশ্চৈনং কথান্তে ত্বং পর্ণাদবচনং যথা।
প্রতিবাক্যঞ্চ সুশ্রোণি! বুধ্যেথাস্ত্বমনিন্দিতে! ॥৪২॥
ততঃ সমাহিতা গত্বা দূতী বাহুকমব্রবীৎ।
দময়ন্ত্যপি কল্যাণী প্রাসাদস্থাঽন্ববৈক্ষত ॥৪৩॥
কেশিন্যুবাচ।
স্বাগতং তে মনুষ্যেন্দ্র! কুশলং তে ব্রবীম্যহম্।
দময়ন্ত্যা বচঃ সাধু নিবোধ পুরুষর্ষভ! ॥৪৪॥
কদা বৈ প্রস্থিতা যূয়ং কিমর্থমিহ চাগতাঃ।
তত্ত্বং ব্রূহি যথান্যায়ং বৈদর্ভী শ্রোতুমিচ্ছতি ॥৪৫॥

ভারতকৌমুদী

অত্রেতি। শঙ্কা ধারণা। আকৃতিবৈষম্যাৎ কথং শঙ্কেত্যাহ যথেতি ॥৪১॥
ব্রূয়া ইতি। পর্ণাদস্য তদাখ্যস্য ব্রাহ্মণস্য বচনং "ক নু ত্বং কিতব!" ইত্যাদি ॥৪২॥
তত ইতি। সমাহিতা বাহুকপরিচয়ে কৃতমনোযোগা। অন্ববৈক্ষত অপশ্যৎ ॥৪৩॥
স্বাগতমিতি। ব্রবীমি পৃচ্ছামি। সাধু সম্যক্, নিবোধ শৃণু ॥৪৪॥
কদেতি। প্রস্থিতা অযোধ্যাতঃ। ততঃ প্রস্থানদিনজ্ঞান এবাশ্ববিদ্যাবগতা স্যাৎ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

॥৩০॥ দিষ্টং নির্দিষ্টম্ ॥৩১—৩৬॥ আহোস্বিদিত্যাশ্চর্য্যার্থে, অতএব সমানার্থকং বাক্যমাবর্ত্তিতম্ ॥৩৭—৪১॥ পর্ণাদবচনং "ক নু ত্বং কিতব! ছিত্ত্বা বস্ত্রার্দ্ধং প্রস্থিতো মম" ইত্যাদি

আমার মনের যেমন আনন্দ জন্মিতেছে এবং হৃদয়ের যেমন নির্বৃতি হইতেছে; তাহাতেই উঁহার উপরে আমার গুরুতর ধারণা হইতেছে যে, উনিই নল হইবেন ॥৪১॥

অতএব সুনিতম্বে! অনিন্দিতে! তুমি কথার মধ্যে উঁহাকে পর্ণাদের বাক্যের মতই বাক্য বলিবে এবং উঁহার প্রত্যুত্তর বুঝিয়া আসিবে ॥৪২॥

তাহার পর দূতী যাইয়া মনোযোগের সহিত বাহুককে বলিতে লাগিল, কল্যাণী দময়ন্তীও অট্টালিকার উপরে থাকিয়া সেই ঘটনা দেখিতে লাগিলেন ॥৪৩॥

কেশিনী বলিল—'নরশ্রেষ্ঠ! আপনার সুখে আগমন হইয়াছে ত? আমি আপনার মঙ্গল জিজ্ঞাসা করিতেছি। পুরুষশ্রেষ্ঠ! আপনি দময়ন্তীর বাক্য সম্যক্ শ্রবণ করুন ॥৪৪॥

(৪৩,...প্রাসাদস্থা হ্যপৈক্ষত—বা ব কা।

বাহুক উবাচ।

শ্রুতঃ স্বয়ম্বরো রাজ্ঞা কৌশলেন মহাত্মনা।
দ্বিতীয়ো দময়ন্ত্যা বৈ ভবিতা শ্ব ইতি দ্বিজাৎ ॥৪৬॥
শ্রুত্বৈতৎ প্রস্থিতো রাজা শতযোজনযায়িভিঃ।
হয়ৈর্ব্বাতজবৈর্ম্মুখ্যৈরহমস্য চ সারথিঃ ॥৪৭॥

কেশিন্যুবাচ।

অথ যোঽসৌ তৃতীয়ো বঃ স কুতঃ কস্য বা পুনঃ।
ত্বঞ্চ কস্য কথঞ্চেদং ত্বয়ি কর্ম্ম সমাহিতম্ ॥৪৮॥

বাহুক উবাচ।

পুণ্যশ্লোকস্য বৈ সূতো বার্ষ্ণেয় ইতি বিশ্রুতঃ।
স নলে বিদ্রুতে ভদ্রে! ভাগস্বরিমুপস্থিতঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

শ্রুত ইতি। কৌশলেন কোশলাধিপতিনা ঋতুপর্ণেন। শ্বঃ পরদিনে ॥৪৬॥
শ্রুত্বেতি। রাজা ঋতুপর্ণঃ। হয়ৈরশ্বৈঃ, বাতজবৈর্ব্বায়ুবেগৈঃ, মুখ্যৈঃ শ্রেষ্ঠৈঃ ॥৪৭॥
অথেতি। তৃতীয়ো বার্ষ্ণেয়ঃ। কুত ঋতুপর্ণমাগত ইতি শেষঃ। ইদং সারথ্যম্ ॥৪৮॥
পুণ্যেতি। পুণ্যশ্লোকস্য নলস্য। বিদ্রুতে গতে, ভাগস্বরিম্ ঋতুপর্ণম্ ॥৪৯॥

আপনারা কবে অযোধ্যা হইতে প্রস্থান করিয়াছেন, এখানেই বা কি জন্য আসিয়াছেন, তাহা আপনি যথানিয়মে বলুন ; দময়ন্তী শুনিতে ইচ্ছা করিতেছেন' ॥৪৫॥

বাহুক বলিল—'মহাত্মা ঋতুপর্ণরাজা এক ব্রাহ্মণের নিকট শুনিয়াছিলেন যে, আগামী কল্য দময়ন্তীর দ্বিতীয়বার স্বয়ম্বর হইবে ॥৪৬॥

ইহা শুনিয়া রাজা—শতযোজনগামী ও বায়ুর তুল্য বেগবান্ উৎকৃষ্ট অশ্বের রথে প্রস্থান করিয়াছিলেন ; আমি উঁহার সারথি ছিলাম' ॥৪৭॥

কেশিনী বলিল—'আপনাদের মধ্যে ঐ যে তৃতীয় লোকটী, তিনি কোথা হইতে ঋতুপর্ণরাজার নিকট আসিয়াছেন? কাহারই বা লোক? আর আপনিই বা কাহার লোক? এবং কি জন্যই বা আপনার উপরে এই কার্য্য ন্যস্ত হইয়াছে?' ॥৪৮॥

বাহুক বলিল—'বার্ষ্ণেয়নামে নলের এক জন সারথি ছিল ; নল চলিয়া গেলে, সে—ঋতুপর্ণরাজার নিকট আসিয়াছে ॥৪৯॥

(৪৬)···কৌশল্যেন যশস্বিনা···পি। (৪৯)··· ভাঙ্গাস্বরিমুপস্থিতঃ—বা ব কা,···ভার্গং-স্বরিমুপস্থিতঃ— পি।

অহমপ্যশ্বকুশলঃ সূতত্বে চ প্রতিষ্ঠিতঃ।
ঋতুপর্ণেন সারথ্যে ভোজনে চ বৃতঃ স্বয়ম্ ॥৫০॥

কেশিন্যুবাচ।

অথ জানাতি বার্ষ্ণেয়ঃ ক নু রাজা নলো গতঃ।
কথঞ্চ ত্বয়ি বা তেন কথিতং স্যাত্তু বাহুক! ॥৫১॥

বাহুক উবাচ।

ইহৈব পুত্রৌ নিক্ষিপ্য নলস্যাশুভকর্ম্মণঃ।
গতস্ততো যথাকামং নৈষ জানাতি নৈষধম্ ॥৫২॥
ন চান্যঃ পুরুষঃ কশ্চিন্নলং বেত্তি যশস্বিনি!।
গূঢ়শ্চরতি লোকেঽস্মিন্ নষ্টরূপো মহীপতিঃ ॥৫৩॥
আত্মৈব হি নলং বেদ যা চাস্য তদনন্তরা।
ন হি বৈ স্বানি লিঙ্গানি নলঃ শংসতি কর্হিচিৎ ॥৫৪॥

ভারতকৌমুদী

অহমিতি। অহমপি অশ্বকুশলঃ অশ্ববিদ্যানিপুণঃ, সূতত্বে সারথ্যে চ, প্রতিষ্ঠিতো লব্ধপ্রতিষ্ঠঃ। অতএব স্বয়মৃতুপর্ণেনৈব সারথ্যে, ভোজনে ভোজ্যদ্রব্যনির্ম্মাণে চ বৃতঃ ॥৫০॥

অথেতি। হে বাহুক! রাজা নলঃ ক নু গত ইতি বার্ষ্ণেয়ো জানাতি, অথ কিম্? কথঞ্চ বা কিংবা, তেন বার্ষ্ণেয়েন, ত্বয়ি তৎ কথিতং স্যাৎ? ॥৫১॥

ইহেতি। এষ বার্ষ্ণেয়ঃ, অশুভকর্ম্মণো নলস্য, পুত্রৌ পুত্রকন্যে, ইহ কুণ্ডিননগর এব নিক্ষিপ্য সংস্থাপ্য যথাকামং গতঃ; তত এব নৈষধং নলং ন জানাতি ॥৫২॥

স্বসম্ভাবনাং বক্তি নেতি। নষ্টরূপস্তিরোহিতপূর্ব্বরূপঃ, মহীপতির্নলঃ ॥৫৩॥

আত্মেতি। আত্মা পরং ব্রহ্মৈব হি নলং বেদ জানাতি সর্ব্বজ্ঞত্বাৎ; যা চ অস্য নলস্য

আমিও অশ্ববিদ্যায় নিপুণ এবং সারথ্যকার্য্যে লব্ধপ্রতিষ্ঠ। এই জন্যই ঋতুপর্ণরাজা নিজেই আমাকে তাঁহার সারথ্যকার্য্যে এবং খাদ্যবস্তুনির্ম্মাণকার্য্যে নিযুক্ত করিয়াছেন' ॥৫০॥

কেশিনী বলিল—'বাহুক! নলরাজা কোথায় গিয়াছেন, তাহা কি বার্ষ্ণেয় জানে? কিংবা বার্ষ্ণেয় আপনার নিকট বলিয়াছে?' ॥৫১॥

বাহুক বলিল—'অশুভকর্ম্মা নলের পুত্র-কন্যাকে এখানেই রাখিয়া বার্ষ্ণেয় ইচ্ছানুসারে চলিয়া গিয়াছিল; সুতরাং সে নলের সংবাদ জানে না ॥৫২॥

যশস্বিনি! অন্য কোন লোকও নলের সংবাদ জানে না। কারণ, নলের সে রূপ বিনষ্ট হইয়াছে, তাই তিনি গুপ্ত অবস্থায় এই জগতে বিচরণ করিতেছেন' ॥৫৩॥

[৫২]…নলস্য শুভকর্ম্মণঃ…বা ব কা,…নলস্য প্রিয়দর্শনৌ…নি।

কেশিন্যুবাচ।

যোঽসাবযোধ্যাং প্রথমং গতবান্ ব্রাহ্মণস্তদা।
ইমানি নারীবাক্যানি কথয়ানঃ পুনঃ পুনঃ ॥৫৫॥
ক নু ত্বং কিতব! ছিত্ত্বা বস্ত্রার্দ্ধং প্রস্থিতো মম।
উৎসৃজ্য বিপিনে সুপ্তামনুরক্তাং প্রিয়াং প্রিয়! ॥৫৬॥
সা বৈ যথা ত্বয়া দৃষ্টা তথাস্তে ত্বৎপ্রতীক্ষিণী।
দহ্যমানা ভৃশং বালা বস্ত্রার্দ্ধেনাভিসংবৃতা ॥৫৭॥
তস্যা রুদন্ত্যাঃ সততং তেন শোকেন পার্থিব!।
প্রসাদং কুরু বৈ বীর! প্রতিবাক্যং বদস্ব চ ॥৫৮॥
তস্যাস্তৎ প্রিয়মাখ্যানং প্রবদস্ব মহামতে!।
তদেব বাক্যং বৈদর্ভী শ্রোতুমিচ্ছত্যনিন্দিতা ॥৫৯॥
এতচ্ছ্রুত্বা প্রতিবচস্তস্য দত্তং ত্বয়া কিল।
যৎ পুরা তৎ পুনস্ত্বত্তো বৈদর্ভী শ্রোতুমিচ্ছতি ॥৬০॥ (কুলকম্)

ভারতকৌমুদী

তদনন্তরা শরীরান্তর্গতা চেতনা, সা বেদ। হি যস্মাৎ, নলঃ কর্হিচিদপি স্বানি লিঙ্গানি নামবাসস্থানাদীনি চিহ্নানি, ন শংসতি কস্মৈচিদপি ন ব্রবীতি ॥৫৪॥

য ইতি। ব্রাহ্মণঃ পর্ণাদনামা। পুনঃ পুনঃ, কথয়ানঃ কথয়মান আসীৎ। "ক নু ত্ব"মিত্যাদি শ্লোকত্রয়ং প্রাগ্ব্যাখ্যাতম্ (বনপর্ব্বণি ৬০৮ পৃষ্ঠে)। তস্যা ইত্যাদি বাক্যং তত্রানুক্তমপি কেশিন্যেব বদতি। তস্য ব্রাহ্মণস্যান্তিকে, যৎ প্রতিবচ ইতি সম্বন্ধঃ ॥৫৫—৬০॥

তবে—ভগবান্, আর নলের অন্তরাত্মা নলের সংবাদ জানেন। কারণ, নল কখনও কাহারও নিকট নিজের লক্ষণ বলেন না' ॥৫৪॥

কেশিনী বলিল—'সেই যে ব্রাহ্মণ প্রথম অযোধ্যায় গিয়াছিলেন এবং তখন বার বার নারীর এই কথাগুলি বলিয়াছিলেন—'প্রিয় দ্যূতকার! আপনি আমার বস্ত্রের অর্দ্ধ ছেদন করিয়া, অনুরক্তা প্রিয়তমাকে নিদ্রিত অবস্থায় বনের ভিতরে পরিত্যাগপূর্ব্বক কোথায় গিয়াছিলেন?। আপনি তাহাকে তখন যেমন দেখিয়াছিলেন, এখনও তিনি শোকে অত্যন্ত দগ্ধ হইতে থাকিয়া আপনার প্রতীক্ষা করতঃ অর্দ্ধবস্ত্রাবৃত অবস্থাতে তেমনই আছেন। রাজা! দময়ন্তী সেই শোকে সর্ব্বদাই রোদন করিতেছেন; অতএব বীর! আপনি তাহার উপরে দয়া করুন এবং প্রতিবাক্য বলিয়া দিন। মহামতি! আপনি তাহার প্রিয় সংবাদ বলুন; অনিন্দিতা দময়ন্তী সেই বাক্যই শুনিতে ইচ্ছা করেন'।

[৫৭] সা বৈ যথা সমাদৃষ্টা…দহ্যমানা দিবারাত্রম্…বা ব কা।

বৃহদশ্ব উবাচ।

এবমুক্তস্য কেশিন্যা নলস্য কুরুনন্দন!।
হৃদয়ং ব্যথিতঞ্চাসীদশ্রুপূর্ণে চ লোচনে ॥৬১॥
স নিগৃহ্যাত্মনো দুঃখং দহ্যমানো মহীপতিঃ।
বাষ্পসন্দিগ্ধয়া বাচা পুনরেবেদমব্রবীৎ ॥৬২॥

বাহুক উবাচ।

বৈষম্যমপি সংপ্রাপ্তা গোপায়ন্তি কুলস্ত্রিয়ঃ।
আত্মানমাত্মনা সত্যো জিতস্বর্গা ন সংশয়ঃ ॥৬৩॥
রহিতা ভর্তৃভিশ্চৈব ন কুপ্যন্তি কদাচন।
প্রাণাংশ্চারিত্রকবচান্ ধারয়ন্তি কুলস্ত্রিয়ঃ ॥৬৪॥
বিষমস্থেন মূঢ়েন পরিভ্রষ্টসুখেন চ।
যৎ সা তেন পরিত্যক্তা তত্র ন ক্রোদ্ধুমর্হতি ॥৬৫॥

ভারতকৌমুদী

এবমিতি। লোচনে চ অশ্রুপূর্ণে আস্তাম্, শোকাবির্ভাবাদিতি ভাবঃ ॥৬১॥

স ইতি। বাষ্পেণ বাষ্পাগমেন সন্দিগ্ধা অস্পষ্টত্বাৎ সন্দিগ্ধার্থা তয়া ॥৬২॥

বাহুকঃ পূর্ব্বোক্তানুবাদমুবাচ বৈষম্যমিতি। ইমে পঞ্চাপি শ্লোকাঃ প্রাগ্ ব্যাখ্যাতাঃ [বনপর্ব্বণি ৬১২—৬১৩ পৃষ্ঠে] ॥৬৩—৬৭॥

ইহা শুনিয়া আপনি সেই ব্রাহ্মণের নিকটে পূর্ব্বে যে প্রত্যুত্তর দিয়াছিলেন, তাহাই আবার দময়ন্তী আপনার নিকট হইতে শুনিতে ইচ্ছা করেন' ॥৫৫—৬০॥

বৃহদশ্ব বলিলেন—'কুরুনন্দন যুধিষ্ঠির! কেশিনী এইরূপ বলিলে, নলের হৃদয় ব্যথিত হইল এবং নয়নযুগলও অশ্রুপূর্ণ হইল ॥৬১॥

তখন তিনি নিজের দুঃখ নিরুদ্ধ রাখিয়া, শোকে দগ্ধ হইতে থাকিয়া, বাষ্পগদ্গদবাক্যে আবারও এইরূপ বলিলেন ॥৬২॥

বাহুক বলিল—'স্বর্গবিজয়িনী সতী কুলস্ত্রীরা সঙ্কটাবস্থায় পড়িয়াও আপন ক্ষমতাবলেই আপনাদিগকে রক্ষা করিয়া থাকেন, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৬৩॥

ভর্ত্তারা পরিত্যাগ করিলেও, কুলস্ত্রীরা কখনও তাঁহাদের উপরে ক্রুদ্ধ হন না এবং প্রাণ ধারণ করিয়া থাকেন; সেই সময়ে তাঁহাদের সচ্চরিত্রই সেই প্রাণের কবচস্বরূপ থাকে ॥৬৪॥

---

[৬১]...কুলনন্দন!...বা ব কা। [৬৩]...জিতঃ স্বর্গঃ...বা ব কা। (৬৪) রহিতা ভর্তৃভিশ্চাপিন ক্রুধ্যন্তি...বরস্ত্রিয়ঃ—বা ব কা।

প্রাণযাত্রাং পরিপ্রেপ্সোঃ শকুনৈর্হৃতবাসসঃ।
আধিভির্দহ্যমানস্য শ্যামা ন ক্রোদ্ধুমর্হতি ॥৬৬॥
সৎকৃতাঽসৎকৃতা বাপি পতিং দৃষ্ট্বা তথাগতম্।
রাজ্যভ্রষ্টং শ্রিয়া হীনং ক্ষুধিতং ব্যসনাপ্লুতম্ ॥৬৭॥ (যুগ্মকম্)
এবং ব্রুবাণস্তদ্বাক্যং নলঃ পরমদুর্ম্মনাঃ।
ন বাষ্পমশকৎ সোঢ়ুং প্ররুরোদাথ ভারত! ॥৬৮॥
ততঃ সা কেশিনী গত্বা দময়ন্ত্যৈ ন্যবেদয়ৎ।
তৎ সর্ব্বং কথিতঞ্চৈব বিকারং তস্য চৈব তম্ ॥৬৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নলোপাখ্যানে কেশিনীনলসংবাদে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এবমিতি। ব্রুবাণোঽনুবদন্। পরমদুর্ম্মনাঃ সন্। সোঢ়ুং রোদ্ধুম্ ॥৬৮॥
তত ইতি। কথিতমুক্তিম্, বিকারং বাষ্পমোচনাদ্যন্যথাভাবং ন্যবেদয়ৎ ॥৬৯॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি নলোপাখ্যানে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

শ্রুত্বা বিরূপো হ্রস্ববাহুকঃ কশ্চিৎ প্রত্যুত্তরং দত্তবাংস্তল্লক্ষণ এবায়মিতি ভাবঃ ॥৪২—৬৮॥ বিকারং হৃদয়ব্যথাশ্রুনেত্রত্বাদিকম্ ॥৬৯॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬০॥

অতএব সঙ্কটাপন্ন, মোহিত এবং সুখশূন্য ভর্ত্তা যে তাঁহাকে পরিত্যাগ করিয়াছিল, সেই জন্য তাহার উপরে তিনি ক্রুদ্ধ হইতে পারেন না ॥৬৫॥

কুলস্ত্রী পতিকর্ত্তৃক আদৃতাই হউন বা অনাদৃতাই হউন, সে পতিকে সেইরূপ ভ্রষ্টরাজ্য, সমৃদ্ধিবিহীন, ক্ষুধার্ত্ত এবং বিপদাক্রান্ত দেখিয়া তাহার উপরে ক্রুদ্ধ হইতে পারেন না। বিশেষতঃ সে পতি তখন প্রাণরক্ষার চেষ্টা করিতেছিল, সেই অবস্থাতেই পক্ষীরা তাহার বস্ত্র হরণ করিয়া নিয়াছিল; তাহাতে সে পতি মনোদুঃখে দগ্ধ হইতেছিল' ॥৬৬—৬৭॥

ভরতনন্দন! নল এইরূপ সেই কথাগুলি বলিয়া, অত্যন্তবিষণ্ণচিত্ত হইয়া, অশ্রুসংবরণ করিতে পারিলেন না; তাহার পর রোদনই করিতে লাগিলেন ॥৬৮॥

তদনন্তর কেশিনী যাইয়া দময়ন্তীর নিকটে নলের সেই সমস্ত উক্তি এবং তাঁহার সেই বিকৃত অবস্থা জানাইল ॥৬৯॥

---

(৬৮)···প্ররুরোদ স ভারত! —বা ব কা। * '···চতুঃসপ্ততিতমঃ···' বা ব কা, '···ত্রিসপ্ততিতমঃ···' পি, '···দ্বিসপ্ততিতমঃ···' নি।

একষষ্টিতমোঽধ্যায়ঃ

—:(•):—

বৃহদশ্ব উবাচ।

দময়ন্তী তু তচ্ছ্রুত্বা ভৃশং শোকপরায়ণা।
শঙ্কমানা নলং তং বৈ কেশিনীমিদমব্রবীৎ ॥১॥
গচ্ছ কেশিনি! ভূয়স্ত্বং পরীক্ষাং কুরু বাহুকে।
অব্রুবাণা সমীপস্থা চরিতান্যস্য লক্ষয় ॥২॥
যদা চ কিঞ্চিৎ কুর্য্যাৎ স কৌশলং তত্র ভাবিনি!।
তস্য সঞ্চেষ্টমানস্য সংলক্ষ্যং তে বিচেষ্টিতম্ ॥৩॥
ন চাস্য প্রতিবন্ধেন দেয়োঽগ্নিরপি কেশিনি!।
যাচতে ন জলং দেয়ং সর্ব্বথা ত্বরমাণয়া ॥৪॥
এতৎ সর্ব্বং সমীক্ষ্য ত্বং চরিতং মে নিবেদয়।
যচ্চান্যদপি পশ্যেথাস্তচ্চাখ্যেয়ং ত্বয়া মম ॥৫॥

ভারতকৌমুদী

দময়ন্তীতি। তং বাহুকম্, নলং শঙ্কমানা তদুক্ত্যাদিশ্রবণাৎ সম্ভাবয়ন্তী ॥১॥
গচ্ছেতি। বাহুকে ষষ্ঠীসপ্তম্যোরর্থভেদাভাবাদ্বাহুকস্য। অব্রুবাণা কিঞ্চিৎ ॥২॥
যদেতি। কৌশলং নৈপুণ্যম্। সঞ্চেষ্টমানস্য কার্য্যং কুর্ব্বতঃ ॥৩॥
নেতি। প্রতিবন্ধেন নির্ব্বন্ধেন আগ্রহাতিরেকেণাপি। ত্বরমাণয়া ত্বয়া। স্বয়ম্বরাৎ পরম্ ইন্দ্রাদিভির্নলায় জলাগ্ন্যুৎপাদনবরো দত্তস্তৎপরীক্ষার্থময়মুপদেশঃ ॥৪॥
এতদিতি। সমীক্ষ্য দৃষ্ট্বা। পশ্যেথাঃ পশ্যেঃ, আখ্যেয়ং বক্তব্যম্ ॥৫॥

বৃহদশ্ব বলিলেন—'দময়ন্তী সেই কথা শুনিয়া, অত্যন্তশোকার্ত্ত হইয়া, সেই ব্যক্তিকে নলই মনে করিয়া, কেশিনীকে এই কথা বলিলেন—॥১॥

'কেশিনি! তুমি আবার যাও, বাহুককে পরীক্ষা কর; কিছু না বলিয়া নিকটে থাকিয়া, উঁহার চরিত্র লক্ষ্য কর ॥২॥

প্রশস্তস্বভাবে! উনি যখন কোন কার্য্য করিবেন, তখন তুমি সেই কার্য্যের কৌশল এবং প্রণালী লক্ষ্য করিবে ॥৩॥

কেশিনি! উনি বিশেষ আগ্রহ জানাইলেও তুমি উঁহাকে আগুন দিও না এবং জল চাহিলেও তুমি নিতান্ত ব্যস্ততা জানাইয়া জল দিও না ॥৪॥

তুমি এই সমস্ত দেখিয়া আসিয়া উঁহার চরিত্র আমাকে জানাইও এবং আরও যাহা দেখিবে, তাহাও আসিয়া আমাকে বলিও' ॥৫॥

---

(৩)···কারণং তত্র···লক্ষয়ন্তী বিচেষ্টিতম্—বা ব কা।

দময়ন্ত্যৈবমুক্তা সা জগামাথাশু কেশিনী।
নিশাম্যাথ হয়জ্ঞস্য লিঙ্গানি পুনরাগমৎ ॥৬॥
সা তৎ সর্ব্বং যথাবৃত্তং দময়ন্ত্যৈ ন্যবেদয়ৎ।
নিমিত্তং যত্তয়া দৃষ্টং বাহুকে দিব্যমানুষম্ ॥৭॥

কেশিন্যুবাচ।

দৃঢ়ং শুচ্যুপচারোঽসৌ ন ময়া মানুষঃ কচিৎ।
দৃষ্টপূর্ব্বঃ শ্রুতো বাপি দময়ন্তি! তথাবিধঃ ॥৮॥
হ্রস্বমাসাদ্য সঞ্চারং নাসৌ বিনমতে কচিৎ।
তস্তু দৃষ্ট্বা যথাঽসঙ্গমুৎসর্পতি যথাসুখম্।
সঙ্কটেঽপ্যস্য সুমহদ্বিবরং জায়তেঽধিকম্ ॥৯॥

ভারতকৌমুদী

দমেতি। নিশাম্য দৃষ্ট্বা, দর্শনার্থতয়া মানুষবদ্ধত্বেঽপি ন হ্রস্বঃ। লিঙ্গানি চিহ্নানি ॥৬॥
সেতি। নিমিত্তং কার্য্যকরণশক্তিম্, বাহুকে বাহুকস্য। দিব্যমলৌকিকম্ ॥৭॥
দৃঢ়মিতি। দৃঢ়ং সাতিশয়ম্, শুচ্যুপচারঃ পবিত্রাচারঃ ॥৮॥
হ্রস্বমিতি। অসৌ বাহুকঃ, কচিৎ, হ্রস্বমপি, সঞ্চরত্যস্মিন্নিতি সঞ্চারো দ্বারং তমাসাদ্য ন বিনমতে; কিন্তু তং বাহুকং দৃষ্ট্বা, অসঙ্গমনতিক্রম্যেতি যথাঽসঙ্গং মস্তকসঙ্গো যথা ন ভবতি তথেত্যর্থঃ, যথাসুখঞ্চ উৎসর্পতি উদ্গচ্ছতি দীর্ঘীভবতীত্যর্থঃ। তথা অস্য বাহুকস্য সম্বন্ধে, সঙ্কটেঽপি সঙ্কীর্ণেঽপি অল্পপার্শ্বকদ্বারেঽপীত্যর্থঃ, সুমহদধিকং বিবরং জায়তে। স্বয়ম্বরাৎ পরমিন্দ্রাদ্যনুগ্রহাদেবেয়ং নলস্য বিভূতিরিত্যবধেয়ম্। অথবা তদানীম্ "গতিঞ্চানুত্তমাং শুভাম্" ইতীন্দ্রবরে গতিং ক্ষুদ্রদ্বারেঽপি প্রবেশযোগ্যতামিত্যর্থঃ কার্য্যঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥

ভারতভাবদীপঃ

দময়ন্তীতি ॥১—২॥ পাঠান্তরে সংলক্ষ্যং লক্ষণীয়ম্, তে ত্বয়া ॥৩—৭॥ শুচ্যুপচারঃ জলস্থলশুদ্ধ্যাদিপরঃ ॥৮॥ সঞ্চারং দ্বারম্, হ্রস্বমপ্যুৎসর্পতি দীর্ঘং ভবতি। সঙ্কটে সঙ্কুচিতে

দময়ন্তী এইরূপ বলিলে, কেশিনী সত্বরই সেখানে গেল এবং নলের কার্য্য-কলাপ দেখিয়া আবার আসিল ॥৬॥

কেশিনী নলের লৌকিক ও অলৌকিক যে কিছু কার্য্য দেখিয়াছিল, সে সমস্তই আসিয়া যথাযথভাবে দময়ন্তীকে জানাইল ॥৭॥

কেশিনী বলিল—'দময়ন্তি! আমি উঁহার তুল্য অত্যন্তপবিত্রাচারসম্পন্ন মানুষ পূর্ব্বে কখনও দেখি নাই বা শুনি নাই ॥৮॥

উনি কখনও খর্ব্বদ্বারে যাইয়াও অবনত হন না; কিন্তু সেই দ্বারই উঁহাকে

---

(৬)...জগামাথ চ কেশিনী। নিশম্যাথ...বা ব কা।

ঋতুপর্ণস্য চার্থায় ভোজনীয়ং হ্বনেকশঃ।
প্রেরিতং তত্র রাজ্ঞা তু মাংসং বহু চ পাশবম্ ॥১০॥
তস্য প্রক্ষালনার্থায় কুম্ভাস্তত্রোপকল্পিতাঃ।
তে তেনাবেক্ষিতাঃ কুম্ভাঃ পূর্ণা এবাভবংস্ততঃ ॥১১॥
ততঃ প্রক্ষালনং কৃত্বা সমধিশ্রিত্য বাহুকঃ।
তৃণমুষ্টিমুপাদায় সবিতুস্তং সমাদধৎ ॥১২॥
অথ প্রজ্বলিতস্তত্র সহসা হব্যবাহনঃ।
তদদ্ভুততমং দৃষ্ট্বা বিস্মিতাহমিহাগতা ॥১৩॥
অন্যচ্চ তস্মিন্ সুমহদাশ্চর্য্যং লক্ষিতং ময়া।
যদগ্নিমপি সংস্পৃশ্য নৈবাসৌ দহ্যতে শুভে ! ॥১৪॥

ভারতকৌমুদী

ঋত্বিতি। অনেকশো নানাবিধম্। রাজ্ঞা ভীমেন। পাশবং পশুসম্বন্ধি ॥১০॥
তস্যেতি। উপকল্পিতা উপস্থাপিতাঃ। পূর্ণা জলৈঃ। বরুণবরপ্রভাবোঽয়ম্ ॥১১॥
তত ইতি। সমধিশ্রিত্য চুল্ল্যা উপরি স্থালীমারোপ্য। সবিতুঃ সূর্য্যস্য কিরণে ॥১২॥
অথেতি। তত্র তৃণমুষ্টৌ, হব্যবাহনো বহ্নিঃ। অগ্নের্বরাদেবেয়ং বিভূতিঃ ॥১৩॥
অন্যদিতি। অসৌ বাহুকঃ। ইয়ং তত্রাহুক্তাপি বিভূতিরগ্নিপ্রসাদাদেব মন্তব্যা ॥১৪॥

ভারতভাবদীপঃ

এতেন ভূমিজয়ো দর্শিতঃ ॥৯॥ পাশবং পশুসম্বন্ধি ॥১০॥ কুম্ভাঃ পূর্ণা এবেতি জলধাতুজয় উক্তঃ ॥১১॥ বহ্নিজয়মাহ—তৃণেতি ত্রিভিঃ, সবিতুঃ সকাশাৎ সমাদধৎ উদ্দীপিতবান্

দেখিয়া, যাহাতে মস্তকে সংলগ্ন না হয় সেই ভাবে যথাসুখে উঁচু হয় এবং ক্ষুদ্রপার্শ্ব দ্বারও উঁহার নিকট সুবৃহৎ হইয়া যায় ॥৯॥

তা'র পর, আমাদের রাজা ঋতুপর্ণরাজার জন্য নানাবিধ পশুমাংস প্রচুর পরিমাণে সেখানে পাঠাইয়া দিয়াছেন ॥১০॥

সেই মাংস প্রক্ষালন করিবার জন্য অনেক কলসীও সেখানে রাখিয়া দিয়াছেন ; কিন্তু বাহুক দেখিবামাত্র সে কলসীগুলি জলপূর্ণ হইয়া গিয়াছে ॥১১॥

তাহার পর, বাহুক প্রক্ষালন করিয়া, উনুনের উপর দিয়া, একমুষ্টি তৃণ লইয়া, তাহা সূর্য্যের কিরণে ধরিল ॥১২॥

তখন তৎক্ষণাৎই অগ্নি জ্বলিয়া উঠিল। আমি সেই অত্যাশ্চর্য্য ব্যাপার দেখিয়া বিস্মিত হইয়া এখানে আসিয়াছি ॥১৩॥

কল্যাণি ! আমি সেখানে আর একটী গুরুতর আশ্চর্য্য দেখিলাম যে, বাহুক অগ্নিস্পর্শ করিয়াও দগ্ধ হন নাই ! ॥১৪॥

ছন্দেন চোদকং তস্য বহত্যাবর্জ্জিতং দ্রুতম্ ।
অতীব চান্যৎ সুমহদাশ্চর্য্যং দৃষ্টবত্যহম্ ॥১৫॥
যৎ স পুষ্পাণ্যুপাদায় হস্তাভ্যাং মম্রদে শনৈঃ ।
মৃদ্যমানানি পাণিভ্যাং তেন পুষ্পাণি নান্যথা ॥১৬॥
ভূয় এব সুগন্ধীনি হৃষিতানি ভবন্তি হি ।
এতান্যদ্ভুতলিঙ্গাণি দৃষ্ট্বাঽহং দ্রুতমাগতা ॥১৭॥

বৃহদশ্ব উবাচ ।

দময়ন্তী তু তচ্ছ্রুত্বা পুণ্যশ্লোকস্য চেষ্টিতম্ ।
অমন্যত নলং প্রাপ্তং কর্ম্মচেষ্টাভিসূচিতম্ ॥১৮॥
সা শঙ্কমানা ভর্ত্তারং নলং বাহুকরূপিণম্ ।
কেশিনীং শ্লক্ষ্ণয়া বাচা রুদতী পুনরব্রবীৎ ॥১৯॥
পুনর্গচ্ছ প্রমত্তস্য বাহুকস্যোপসংস্কৃতম্ ।
মহানসাচ্ছৃতং মাংসমানয়স্বেহ ভাবিনি ! ॥২০॥

ভারতকৌমুদী

ছন্দেনেতি। তস্য বাহুকস্য, ছন্দেন ইচ্ছামাত্রেণ, "অভিপ্রায়শ্ছন্দ আশয়ঃ" ইত্যমরঃ। উদকং জলম্, আবর্জ্জিতং পাত্রে ক্ষিপ্তং সৎ। অয়মপি বরুণবরপ্রভাবঃ ॥১৫॥

যদিতি। অন্যথা বিকৃতানি ন ভবন্তি। আত্মপরিচয়ায় নলেনেদং প্রদর্শিতম্ ॥১৬॥

ভূয় ইতি। হৃষিতানি ফুল্লানি পুষ্পাণীত্যনুবৃত্তিঃ। অদ্ভুতলিঙ্গানি আশ্চর্য্যলক্ষণানি। স্বয়ম্বরাৎ পরং পুষ্পমাল্যদানকালে ইন্দ্রাদিভিরেবেয়ং বিভূতির্দত্তেতি মন্তব্যম্ ॥১৭॥

দময়ন্তীতি। কর্ম্মচেষ্টাভ্যাং কার্য্যতৎপ্রকারাভ্যাম্ অভিসূচিতং সর্ব্বথা জ্ঞাপিতম্ ॥১৮॥

সেতি। শঙ্কমানা মন্যমানা। শ্লক্ষ্ণয়া কোমলয়া ॥১৯॥

এবং পাত্রপ্রদত্ত জল বাহুকের ইচ্ছামাত্রেই তৎক্ষণাৎ প্রচুর হইয়া উঠিল। আমি আরও একটী গুরুতর আশ্চর্য্য দেখিলাম—॥১৫॥

যে, তিনি হাতে ফুল লইয়া ধীরে ধীরে মর্দ্দন করিলেন, তাহাতেও সে ফুলগুলি বিকৃত হইল না ॥১৬॥

বরং, আরও সুগন্ধি এবং আরও বিকসিত হইল।। এই সকল আশ্চর্য্য লক্ষণ দেখিয়া আমি দ্রুত আসিয়াছি' ॥১৭॥

বৃহদশ্ব বলিলেন—'দময়ন্তী নলের সেই সকল কার্য্য শুনিয়া, সেই কার্য্য ও কার্য্যপ্রণালীদ্বারা উপস্থিত ব্যক্তিকে নল বলিয়াই মনে করিলেন ॥১৮॥

তখন তিনি বাহুককে ভর্ত্তা নল মনে করিয়া রোদন করিতে করিতে কোমল বাক্যে পুনরায় কেশিনীকে বলিলেন—॥১৯॥

সা গত্বা বাহুকে ব্যগ্রে তন্মাংসমপকৃষ্য চ।
অত্যুষ্ণমেব ত্বরিতা তৎক্ষণাৎ প্রিয়কারিণী।
দময়ন্ত্যৈ ততঃ প্রাদাৎ কেশিনী কুরুনন্দন! ॥২১॥
সোচিতা নলসিদ্ধস্য মাংসস্য বহুশঃ পুরা।
প্রাশ্য মত্বা নলং সূতং প্রাক্রোশদ্ভৃশদুঃখিতা ॥২২॥
বৈক্লব্যং পরমং গত্বা প্রক্ষাল্য চ মুখং ততঃ।
মিথুনং প্রেষয়ামাস কেশিন্যা সহ ভারত! ॥২৩॥

ভারতকৌমুদী

পুনরিতি। হে ভাবিনি! প্রশস্তস্বভাবে! ত্বং পুনর্গচ্ছ, প্রমত্তস্য কার্য্যব্যাপৃততয়া অসাবধানস্য বাহুকস্য, উপসংস্কৃতং সম্ভারদানাদিনা পরিশোধিতম্, শৃতং পক্কম্, "শৃতং পাকে" ইতি শ্রাতের্নিপাতঃ, মাংসম্, মহানসাৎ পাকস্থানাদিহানয়স্ব ॥২০॥

সেতি। ব্যগ্রে কার্য্যান্তরব্যাসক্তে, অপকৃষ্য কটাহাদাকৃষ্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

সেতি। উচিতা আস্বাদে অভ্যস্তা। প্রাশ্য ভুক্ত্বা, সূতং বাহুকম্, নলং মত্বা ॥২২॥

বৈক্লব্যমিতি। বৈক্লব্যমাকুলতাম্। মিথুনং কন্যাপুত্রদ্বয়ম্। অত্রাহুচ্ছিষ্টপকমাত্রমাংস-ভক্ষণে মুখপ্রক্ষালনদর্শনাৎ সর্ব্বত্র পকশস্যমাংসাদিভক্ষণাদৌ মুখপ্রক্ষালনাদ্যাচারঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

॥১২—১৪॥ বায়ুজয়মাহ—অতীবেতি দ্বাভ্যাম্, পুষ্পেষু ক্ষীণোঽংশো ঝটিতি বায়ুনা আপূর্য্যত ইত্যর্থঃ ॥১৫—১৭॥ কর্ম্ম পাকাদি, চেষ্টা ভূতজয়াদি ॥১৮॥ বাহুকং বাহুকরূপিণমিতি রূপ-

'কেশিনি! তুমি আবার যাও, যাইয়া বাহুক যখন অসতর্ক থাকিবেন, তখন তুমি পাকস্থান হইতে উঁহার পক্ব সুপরিশুদ্ধ মাংস এখানে আনয়ন কর' ॥২০॥

যুধিষ্ঠির! সেই প্রিয়কারিণী কেশিনী তৎক্ষণাৎ যাইয়া বাহুকের ব্যগ্রতার সময়ে তাহার উষ্ণ মাংসই আকর্ষণ করিয়া লইয়া, সত্বর আসিয়া তাহা দময়ন্তীকে প্রদান করিল ॥২১॥

দময়ন্তী পূর্ব্বে বহুবারই নলপক্ব মাংস ভক্ষণ করিয়া, তাহার আস্বাদ বুঝিয়াছিলেন; তাই তিনি সেই মাংস ভক্ষণ করিয়াই বাহুককে নল মনে করিয়া, অত্যন্তদুঃখিত হইয়া রোদন করিলেন ॥২২॥

ভরতনন্দন! তাহার পর তিনি অত্যন্ত আকুল হইয়া, মুখ প্রক্ষালন করিয়া, কেশিনীর সঙ্গে নিজের পুত্র-কন্যা দুইটীকে বাহুকের নিকট পাঠাইয়া দিলেন ॥২৩॥

(২২) সাঽশিতা নলসিদ্ধস্য···নি।

ইন্দ্রসেনাং সহ ভ্রাত্রা সমভিজ্ঞায় বাহুকঃ।
অভিদ্রুত্য ততো রাজা পরিষজ্যাঙ্কমানয়ৎ ॥২৪॥
বাহুকস্তু সমাসাদ্য সুতৌ সুরসুতোপমৌ।
ভৃশং দুঃখপরীতাত্মা সস্বনং প্ররুরোদ হ ॥২৫॥
নৈষধো দর্শয়িত্বা তু বিকারমসকৃত্তদা।
উৎসৃজ্য সহসা পুত্রৌ কেশিনীমিদমব্রবীৎ ॥২৬॥
ইদং সুসদৃশং ভদ্রে! মিথুনং মম পুত্রয়োঃ।
অতো দৃষ্ট্বৈব সহসা বাষ্পমুৎসৃষ্টবানহম্ ॥২৭॥
বহুশঃ সম্পতন্তীং ত্বাং জনঃ শঙ্কেত দোষতঃ।
বয়ঞ্চ দেশাতিথয়ো গচ্ছ ভদ্রে! যথাসুখম্ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নলোপাখ্যানে নলকন্যাপুত্রদর্শনে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ইন্দ্রেতি। ইন্দ্রসেনাং তদাখ্যাং কন্যাম্, ভ্রাত্রা ইন্দ্রসেনেন। পরিষজ্য আলিঙ্গ্য ॥২৪॥
বাহুক ইতি। সুতৌ কন্যাপুত্রৌ। দুঃখেন পরীতাত্মা ব্যাপ্তচিত্তঃ ॥২৫॥
নৈষধ ইতি। নৈষধো নলঃ। বিকারং রোদনাদ্যন্যথাভাবম্। পুত্রৌ কন্যাপুত্রৌ ॥২৬॥
আত্মানং প্রচ্ছাদয়িতুমাহ ইদমিতি। মিথুনং কন্যাপুত্রদ্বয়ম্, পুত্রয়োঃ কন্যাপুত্রয়োঃ ॥২৭॥

ভারতভাবদীপঃ

ভেদাৎ সংশয়োঽস্তি ন তু ক্রিয়াত ইত্যর্থঃ ॥১৯—২১॥ মাংসস্য মাংসম্, বহুশঃ বহুবারম্ ॥২২—২৭॥ সম্পতন্তীম্ আয়ান্তীম্, দোষতঃ কামদোষেণ ॥২৮॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬১॥

তৎপরে বাহুক—ভ্রাতা ইন্দ্রসেনের সহিত ভগিনী ইন্দ্রসেনাকে চিনিতে পারিয়া, দ্রুত যাইয়া, তাহাদিগকে আলিঙ্গন করিয়া, কোলে লইলেন ॥২৪॥

দেবতার পুত্র-কন্যার ন্যায় নিজের পুত্র-কন্যা দুইটীকে পাইয়া বাহুক অত্যন্ত-দুঃখিত হইয়া সশব্দে রোদন করিতে লাগিলেন ॥২৫॥

এবং তিনি তখন বার বার নিজের বিকৃত অবস্থা দেখাইয়া, হঠাৎ পুত্র-কন্যা দুইটীকে পরিত্যাগ করিয়া কেশিনীকে এই কথা বলিলেন— ॥২৬॥

'ভদ্রে! এই বালক-বালিকা দুইটী আমারই পুত্র-কন্যার অত্যন্তসদৃশ; এই জন্যই আমি ইহাদিগকে দেখিয়া তৎক্ষণাৎই অশ্রুমোচন করিয়াছি ॥২৭॥

(২৫)…সুস্বরং প্ররুরোদ হ—বা ব কা। (২৭)…ইদঞ্চ সদৃশম্…বা ব কা।
* '…পঞ্চসপ্ততিতমঃ…' বা ব কা, '… চতুঃসপ্ততিতমঃ…' পি, '…ত্রিসপ্ততিতমঃ…' নি।

দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ

——:(•):——

বৃহদশ্ব উবাচ।

সর্ব্বং বিকারং দৃষ্ট্বা তু পুণ্যশ্লোকস্য ধীমতঃ।
আগত্য কেশিনী ক্ষিপ্রং দময়ন্ত্যৈ ন্যবেদয়ৎ ॥১॥
দময়ন্তী ততো ভূয়ঃ প্রেষয়ামাস কেশিনীম্।
মাতুঃ সকাশং দুঃখার্ত্তা নলদর্শনকাঙ্ক্ষয়া ॥২॥
পরীক্ষিতো মে বহুশো বাহুকো নলশঙ্কয়া।
রূপে মে সংশয়স্ত্বেকঃ স্বয়মিচ্ছামি বেদিতুম্ ॥৩॥

ভারতকৌমুদী

বহুশ ইতি। সম্পতন্তীমাগচ্ছন্তীম্। দোষতো ব্যভিচারেণ। দেশস্য দেশান্তরস্য অতিথয় ইত্যর্থঃ। দময়ন্তী কিং করোতীতি পরীক্ষার্থমেবেদমাত্মগোপনম্ ॥২৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি নলোপাখ্যানে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

সর্বমিতি। বিকারং রোদনাদ্যন্যথাভাবম্। পুণ্যশ্লোকস্য নলস্য ॥১॥

দময়ন্তীতি। প্রেষয়ামাস—পরশ্লোকোক্তরূপং সন্দিশ্যেতি শেষঃ ॥২॥

পরীতি। নলস্য শঙ্কয়া সম্ভাবনয়া। একঃ কেবলঃ, অন্যত্র তু নেত্যর্থঃ ॥৩॥

ভদ্রে। তুমি বার বার এখানে আসিতেছ; ইহাতে লোক দোষের আশঙ্কা করিবে এবং আমরাও অন্যদেশের অতিথি। অতএব তুমি যথাসুখে গমন কর' ॥২৮॥

——:(:):——

বৃহদশ্ব বলিলেন—'কেশিনী নলের সর্ব্বপ্রকার বিকৃতভাব দেখিয়া সত্বর আসিয়া দময়ন্তীকে সে সমস্ত জানাইল ॥১॥

তাহার পর, দুঃখার্ত্তা দময়ন্তী নলকে দেখিবার ইচ্ছা করিয়া (এই বলিয়া) কেশিনীকে নিজমাতার নিকট পাঠাইয়া দিলেন ॥২॥

'মা। আমি নল মনে করিয়া বাহুককে বহুপ্রকারে পরীক্ষা করিয়াছি; তাহাতে কেবল রূপের বিষয়েই আমার সন্দেহ আছে, (অন্য বিষয়ে নাই); অতএব আমি নিজেই জানিতে ইচ্ছা করি ॥৩॥

---

(১)···আগত্য কেশিনী সর্বম্···বা ব কা। (২)···নলশঙ্কাসমুৎসুকা—পি নি।

স বা প্রবেশ্যতাং মাতঃ! মাং বানুজ্ঞাতুমর্হসি।
বিদিতং বাঽথবাঽজ্ঞাতং পিতুর্মে সংবিধীয়তাম্ ॥৪॥
এবমুক্তা তু বৈদর্ভ্যা সা দেবী ভীমমব্রবীৎ।
দুহিতুস্তমভিপ্রায়মন্বজানাৎ স পার্থিবঃ ॥৫॥
সা বৈ পিত্রাঽভ্যনুজ্ঞাতা মাত্রা চ ভরতর্ষভ!।
নলং প্রবেশয়ামাস যত্র তস্যাঃ প্রতিশ্রয়ঃ ॥৬॥
তাং তু দৃষ্ট্বৈব সহসা দময়ন্তীং নলো নৃপঃ।
আবিষ্টঃ শোকদুঃখাভ্যাং বভূবাশ্রুপরিপ্লুতঃ ॥৭॥
তং তু দৃষ্ট্বা তথাযুক্তং দময়ন্তী নলং তদা।
তীব্রশোকসমাবিষ্টা বভূব বরবর্ণিনী ॥৮॥
ততঃ কাষায়বসনা জটিলা মলপঙ্কিনী।
দময়ন্তী মহারাজ! বাহুকং বাক্যমব্রবীৎ ॥৯॥

ভারতকৌমুদী

স ইতি। প্রবেশ্যতাং মদ্গৃহে, অনুজ্ঞাতুং তদন্তিকগমনায়েতি শেষঃ ॥৪॥

এবমিতি। দেবী দময়ন্ত্যা মাতা, ভীমং রাজানম্। দুহিতুর্দময়ন্ত্যাঃ ॥৫॥

সেতি। সা দময়ন্তী। তস্যা দময়ন্ত্যাঃ, প্রতিশ্রয়ো বাস আসীৎ ॥৬॥

তামিতি। দীর্ঘবিচ্ছেদাৎ পরং প্রিয়জনদর্শনে শোকাদ্যাবেশঃ স্বাভাবিক এবেতি ভাবঃ ॥৭॥

তমিতি। তথাযুক্তং শোকদুঃখাবেশান্বিতম্। বরবর্ণিনী উত্তমাঙ্গনা ॥৮॥

তত ইতি। জটিলা জটাধারিণী, মলপঙ্কিনী মলকর্দমাক্তা, সংস্কারাভাবাৎ ॥৯॥

অতএব তাঁহাকেই আমার ঘরে প্রবেশ করান, কিংবা আমাকেই তাঁহার নিকট যাইবার অনুমতি দিন; এটা—পিতৃদেবের জ্ঞাত বা অজ্ঞাতভাবে করুন' ॥৪॥

দময়ন্তী এইরূপ বলিলে, তাঁহার মাতা ভীমরাজাকে তাহা বলিলেন। তখন রাজা তনয়ার সেই ইচ্ছার অনুমোদন করিলেন ॥৫॥

ভরতবংশশ্রেষ্ঠ! তখন দময়ন্তী পিতা ও মাতার অনুমতি পাইয়া, তাঁহার যেখানে বাসস্থান ছিল, সেইখানে নলকে প্রবেশ করাইলেন ॥৬॥

নলরাজা হঠাৎ দময়ন্তীকে দেখিয়াই শোকে ও দুঃখে অভিভূত হইয়া নয়নজলে আপ্লুত হইলেন ॥৭॥

উত্তমাঙ্গনা দময়ন্তীও তখন নলরাজাকে সেইরূপ দেখিয়া তদপেক্ষা অধিক শোকার্ত্তা হইলেন ॥৮॥

দৃষ্টপূর্বস্ত্বয়া কশ্চিদ্ধর্ম্মজ্ঞো নাম বাহুক ।।
সুপ্তামুৎস্জ্য বিপিনে যো গতঃ পুরুষঃ স্ত্রিয়ম্ ॥১০॥
অনাগসং প্রিয়াং ভার্য্যাং বিজনে শ্রমমোহিতাম্ ।
অপহায় তু কো গচ্ছেৎ পুণ্যশ্লোকমৃতে নলম্ ॥১১॥
কিমু তস্য ময়া বাল্যাদপরাদ্ধং মহীপতেঃ ।
যো মামুৎস্জ্য বিপিনে গতবান্ নিদ্রয়া হৃতাম্ ॥১২॥
সাক্ষাদ্দেবানপাহায় বৃতো যঃ স পুরা ময়া ।
অনুব্রতাং সাভিকামাং পুত্রিণীং ত্যক্তবান্ কথম্ ॥১৩॥
অগ্নৌ পাণিং গৃহীত্বা চ দেবানামগ্রতস্তথা ।
ভরিষ্যামীতি সত্যঞ্চ প্রতিশ্রুত্য ক তৎ কৃতম্ ॥১৪॥

ভারতকৌমুদী

দৃষ্টেতি। নামেতি নলব্যবহারকুৎসায়াম্। সুপ্তাং নিদ্রিতাম্, স্ত্রিয়ং ভার্য্যাম্ ॥১০॥
অনেতি। অনাগসং নিরপরাধাম্, শ্রমেণ মোহিতামাকুলাম্। ঋতে বিনা ॥১১॥
কিম্বিতি। অপরাদ্ধম্ অপরাধঃ কৃতঃ। হৃতামাকৃষ্টাম্ ॥১২॥
সাক্ষাদিতি। অনুব্রতামনুকূলাম্, সাভিকামাং ত্বাং প্রতি সর্ব্বথা কামান্বিতাম্ ॥১৩॥
অগ্নাবিতি। অগ্নৌ অগ্নিসমীপে। ভরিষ্যামি চিরমেব তে ভরণং করিষ্যামি ॥১৪॥

মহারাজ! তদনন্তর গৈরিকবসনা, জটাধারিণী এবং মলপূর্ণাঙ্গী দময়ন্তী বাহুককে এই সকল কথা বলিলেন—॥৯॥

'বাহুক! যিনি বনের ভিতরে নিদ্রিত অবস্থায় ভার্য্যাকে পরিত্যাগ করিয়া গিয়াছেন, এমন কোন ধর্ম্মজ্ঞ পুরুষকে আপনি দেখিয়াছেন কি? ॥১০॥

পুণ্যশ্লোক নল ব্যতীত অন্য কোন্ পুরুষ নিরপরাধা, প্রিয়তমা এবং পরিশ্রান্তা ভার্য্যাকে নির্জনে পরিত্যাগ করিয়া যাইতে পারে? ॥১১॥

যিনি নিদ্রিত অবস্থায় আমাকে বনের ভিতরে ফেলিয়া গিয়াছিলেন, সেই রাজার নিকটে আমি বাল্যকাল হইতে কি অপরাধ করিয়াছিলাম? ॥১২॥

আমি প্রত্যক্ষবিদ্যমান দেবগণকে পরিত্যাগ করিয়া যাঁহাকে পূর্ব্বে বরণ করিয়াছিলাম, তিনি—অনুকূলা, কামপরায়ণা ও পুত্রবতী অবস্থাতেই আমাকে পরিত্যাগ করিয়াছিলেন কেন? ॥১৩॥

তা'র পর, আপনি অগ্নির নিকটে এবং দেবগণের সম্মুখে 'চিরকাল তোমার ভরণ-পোষণ করিব' এইরূপ সত্যপ্রতিজ্ঞা করিয়া, তাহা করিলেন কোথায়?'॥১৪॥

---

(১০) পূর্ব্বং দৃষ্টস্ত্বয়া কশ্চিৎ···গতো যঃ···বা ব কা। [১২]···নিদ্রয়ার্দ্দিতাম্—বা ব কা। [১৪]···ভবিষ্যামীতি সত্যস্ত প্রতিশ্রুত্য ক তদ্গতম্—বা ব কা।

দময়ন্ত্যা ব্রুবন্ত্যাস্তু সর্ব্বমেতদরিন্দম ! ।
শোকজং বারি নেত্রাভ্যামসুখং প্রাস্রবদ্বহু ॥১৫॥
অতীবকৃষ্ণতারাভ্যাং রক্তান্তাভ্যাং জলন্তু তৎ।
পরিস্রবন্নলো দৃষ্ট্বা শোকার্ত্তামিদমব্রবীৎ ॥১৬॥
মম রাজ্যং প্রনষ্টং যন্নাহং তৎ কৃতবান্ স্বয়ম্ ।
কলিনা তৎ কৃতং ভীরু ! যচ্চ ত্বামহমত্যজম্ ॥১৭॥
যত্ত্বয়া ধর্ম্মকৃচ্ছ্রেষ্ঠে ! শাপেনাভিহতঃ পুরা।
বনস্থয়া দুঃখিতয়া শোচন্ত্যা মাং দিবানিশম্ ॥১৮॥
স মচ্ছরীরে ত্বচ্ছাপাদ্দহ্যমানোঽবসৎ কলিঃ।
ত্বচ্ছাপদগ্ধঃ সততং সোঽগ্নাবগ্নিরিবাহিতঃ ॥১৯॥ (যুগ্মকম্)
মম চ ব্যবসায়েন তপসা চৈব নির্জ্জিতঃ।
দুঃখস্যান্তেন চানেন ভবিতব্যং হি নৌ শুভে ! ॥২০॥

ভারতকৌমুদী

দময়ন্ত্যা ইতি। ব্রুবন্ত্যা ব্রুবত্যাঃ। নেত্রাভ্যাং নয়নদ্বয়াৎ, অসুখমসুখজম্ ॥১৫॥
অতীবেতি। নেত্রাভ্যামিতি বিশেষ্যানুবৃত্তিঃ। শোকার্ত্তাং দময়ন্তীম্ ॥১৬॥
মমেতি। স্বয়মাত্মনা স্বেচ্ছয়েত্যর্থঃ। কলিনা কৃতম্, ময্যধিষ্ঠায়েতি শেষঃ ॥১৭॥
যদিতি। মাং শোচন্ত্যা ত্বয়েতি সম্বন্ধঃ। ততশ্চেতি শেষঃ। আহিতোঽর্পিতঃ ॥১৮—১৯॥
মমেতি। ব্যবসায়েন ঋতুপর্ণাদক্ষহৃদয়গ্রহণেন। নির্জ্জিতঃ কলিঃ। নৌ আবয়োঃ ॥২০॥

অরিন্দম যুধিষ্ঠির! এই সমস্ত বলিবার সময়ে দময়ন্তীর নয়নযুগল হইতে শোক ও দুঃখজনিত প্রচুর জল নির্গত হইল ॥১৫॥

অত্যন্তকৃষ্ণতারাযুক্ত ও রক্তপ্রান্ত দময়ন্তীর নয়নযুগল হইতে সেই অশ্রু নির্গত হইতেছে দেখিয়া নল শোকার্ত্তা দময়ন্তীকে এইরূপ বলিলেন—॥১৬॥

'ভয়শীলে! আমার রাজ্য যে নষ্ট হইয়াছে এবং আমি তোমাকে যে ত্যাগ করিয়াছিলাম, তাহা আমি নিজে করি নাই, কলিই করিয়াছে ॥১৭॥

ধার্ম্মিকশ্রেষ্ঠে! তুমি বনে থাকিবার সময়ে দুঃখিতচিত্তে দিবারাত্রি আমার জন্য শোক করিতে থাকিয়া পূর্ব্বে যে অভিসম্পাত করিয়াছিলে, তাহাতেই কলি সর্ব্বদা দগ্ধ হইতে থাকিয়া, অগ্নিতে স্থাপিত অগ্নির ন্যায় আমার শরীরে বাস করিয়াছিল ॥১৮—১৯॥

কল্যাণি! তাহার পর, আমাদের এই দুঃখের অবসান হইবে বলিয়া আমি নিজের চেষ্টায় ও তপস্যায় কলিকে জয় করিয়াছি ॥২০॥

[১৬] অতীবকৃষ্ণসারাভ্যাম্···বা ব কা নি। [১৮] ত্বয়া ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠে!···পি।
[১৯]···যোঽগ্নাবিব সমাহিতঃ—পি।

বিমুচ্য মাং গতঃ পাপঃ স ততোঽহমিহাগতঃ।
ত্বদর্থং বিপুলশ্রোণি! ন হি মেঽন্যৎ প্রয়োজনম্ ॥২১॥
কথং নু নারী ভর্ত্তারমনুরক্তমনুব্রতম্।
উৎসৃজ্য বরয়েদন্যং যথা ত্বং ভীরু! কর্হিচিৎ ॥২২॥
দূতাশ্চরন্তি পৃথিবীং কৃৎস্নাং নৃপতিশাসনাৎ।
ভৈমী কিল স্ম ভর্ত্তারং দ্বিতীয়ং বরয়িষ্যতি ॥২৩॥
স্বৈরবৃত্তা যথাকামমনুরূপমিবাত্মনঃ।
শ্রুত্বৈব চৈবং ত্বরিতো ভাগস্বরিরুপস্থিতঃ ॥২৪॥ (যুগ্মকম্)
দময়ন্তী তু তচ্ছ্রুত্বা নলস্য পরিদেবিতম্।
প্রাঞ্জলির্বেপমানা চ ভীতা বচনমব্রবীৎ ॥২৫॥

ভারতকৌমুদী

বিমুচ্যেতি। স পাপঃ কলির্মাং বিমুচ্য গতঃ; ততোঽহং ত্বদর্থমিহাগতঃ ॥২১॥

প্রত্যুত ভৈমীং জুগুপ্সতে কথমিতি। অনুব্রতমনুকূলম্। অন্যং ভর্ত্তারম্ ॥২২॥

অথায়ং মিথ্যা প্রবাদ ইতি চেত্তত্রাহ দূতা ইতি। নৃপতিশাসনাদ্ভীমরাজাদেশাৎ। স্বৈরবৃত্তা স্বচ্ছন্দব্যবহারা ভৈমী। ইবাবধারণে। ভাগস্বরিঃ ঋতুপর্ণঃ ॥২৩—২৪॥

দময়ন্তীতি। পরিদেবিতং বিলাপম্। বেপমানা কম্পমানা ॥২৫॥

তাহাতে সে পাপাত্মা আমাকে পরিত্যাগ করিয়া গিয়াছে। বিশাল-নিতম্বে! তাহার পর আমি তোমার জন্যই এখানে আসিয়াছি, আমার অন্য কোন প্রয়োজন ছিল না ॥২১॥

ভয়শীলে! তুমি যেমন করিতে প্রবৃত্ত হইয়াছ, এইরূপ কখনও অন্য রমণী অনুরক্ত ও অনুকূল পতিকে পরিত্যাগপূর্ব্বক অন্য পুরুষকে কি প্রকারে বরণ করিতে পারে? ॥২২॥

'স্বেচ্ছাচারিণী দময়ন্তী ইচ্ছানুসারে নিজের অনুরূপ দ্বিতীয় পতি বরণ করিবেন' এই কথা বলিয়া দূতগণ ভীমরাজার আদেশ অনুসারে সমস্ত পৃথিবী বিচরণ করিতেছে; এইরূপ শুনিয়াই ঋতুপর্ণরাজা সত্বর এখানে উপস্থিত হইয়াছেন।' ॥২৩—২৪॥

দময়ন্তী কিন্তু নলের সেই বিলাপ শুনিয়া ভীত, কম্পিত ও কৃতাঞ্জলি হইয়া এই কথা বলিলেন ॥২৫॥

---

(২১)…ততোঽহমিহ চাগতঃ…বা ব কা। (২৪)…ভার্গস্বরিরুপস্থিতঃ—পি,…ভাঙ্গা-স্বরিরুপস্থিতঃ—বা ব কা। (২৫) শ্লোকাৎ পরম্ '…পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ' পি।

দময়ন্ত্যুবাচ।

ন মামর্হসি কল্যাণ! দোষেণ পরিশঙ্কিতুম্।
ময়া হি দেবানুৎসৃজ্য বৃতস্ত্বং নিষধাধিপ! ॥২৬॥
তবাভিগমনার্থন্তু সর্ব্বতো ব্রাহ্মণা গতাঃ।
বাক্যানি মম গাথাভির্গায়মানা দিশো দশ ॥২৭॥
ততস্ত্বাং ব্রাহ্মণো বিদ্বান্ পর্ণাদো নাম পার্থিব!।
অভ্যগচ্ছৎ কোশলায়ামৃতুপর্ণনিবেশনে ॥২৮॥
তেন বাক্যেন সম্যক্ তে প্রতিবাক্যে তথা কৃতে।
উপায়োঽয়ং ময়া দৃষ্টো নৈষধানয়নে তব ॥২৯॥
ত্বামৃতে নহি লোকেঽন্য একাহ্না পৃথিবীপতে!।
সমর্থো যোজনশতং গন্তুমশ্বৈর্নরাধিপ! ॥৩০॥
স্পৃশেয়ং তেন সত্যেন পাদাবেতৌ মহীপতে!।
যথা নাসৎ কৃতং কিঞ্চিন্মনসাপি চরাম্যহম্ ॥৩১॥

ভারতকৌমুদী

নেতি। হি যস্মাৎ। দেবপরিত্যাগেন ত্বদ্বরণাত্ত্বয্যসাধারণ এবানুরাগ ইত্যাশয়ঃ ॥২৬॥
তর্হি কথং দূতাঃ প্রেরিতা ইত্যাহ তবেতি। গাথাভির্গানাকারৈর্গায়মানা গায়ন্তঃ ॥২৭॥
তত ইতি। কোশলায়ামযোধ্যায়াম্, ঋতুপর্ণস্য রাজ্ঞো নিবেশনে ভবনে ॥২৮॥
তেনেতি। তেন মদুপদিষ্টেন পর্ণাদোক্তেন। তে ত্বয়া, তথা প্রতিবাক্যে কৃতে ॥২৯॥
ত্বামিতি। ঋতে বিনা। একাহ্না একাহেন। নহি সমর্থ ইতি সম্বন্ধঃ ॥৩০॥

দময়ন্তী বলিলেন—'মঙ্গলভাজন নিষধরাজ! আপনি আমার দোষের আশঙ্কা করিতে পারেন না। কারণ, আমি দেবগণকে পরিত্যাগ করিয়া আপনাকে বরণ করিয়াছিলাম ॥২৬॥

কিন্তু আপনাকে আনিবার জন্যই ব্রাহ্মণেরা আমারই বাক্যগুলিকে গান-রূপে গাহিতে থাকিয়া দশ দিকের সর্ব্বত্রই গিয়াছিলেন ॥২৭॥

রাজা! তাহার পর পর্ণাদনামে এক বিদ্বান্ ব্রাহ্মণ অযোধ্যানগরে ঋতুপর্ণরাজার ভবনে আপনাকে পাইয়াছিলেন ॥২৮॥

নিষধরাজ! তিনি আমার সেই বাক্য যথানিয়মে বলিলে এবং আপনিও সেইরূপ উত্তর করিলে, আপনাকে আনিবার জন্য আমিই এই উপায় লক্ষ্য করিয়াছিলাম ॥২৯॥

কারণ, এই জগতে আপনি ভিন্ন অন্য কোন লোকই অশ্বদ্বারা একদিনে একশত যোজন পথ গমন করিতে সমর্থ হইবে না ॥৩০॥

---

(৩১) তথা চেমৌ মহীপাল! ভজেয়ং চরণৌ তব।...পি।

অয়ং চরতি লোকেঽস্মিন্ ভূতসাক্ষী সদাগতিঃ।
এষ মে মুঞ্চতু প্রাণান্ যদি পাপং চরাম্যহম্ ॥৩২॥
তথা চরতি তিগ্মাংশুঃ পরিতো ভুবনং সদা।
স মুঞ্চতু মম প্রাণান্ যদি পাপং চরাম্যহম্ ॥৩৩॥
চন্দ্রমাঃ সর্ব্বভূতানামন্তশ্চরতি সাক্ষিবৎ।
স মুঞ্চতু মম প্রাণান্ যদি পাপং চরাম্যহম্ ॥৩৪॥
এতে দেবাস্ত্রয়ঃ কৃৎস্নং ত্রৈলোক্যং ধারয়ন্তি বৈ।
তে ব্রুবন্তু যথাতথ্যমেতে বাঽদ্য ত্যজন্তু মাম্ ॥৩৫॥
এবমুক্তে ততো বায়ুরন্তরীক্ষাদভাষত।
নৈষা কৃতবতী পাপং নল! সত্যং ব্রবীমি তে ॥৩৬॥

ভারতকৌমুদী

স্পৃশেয়মিতি। এতৌ ত্বদীয়ৌ। অসৎ কৃতং পাপং কর্ম্ম ॥৩১॥
অয়মিতি। ভূতসাক্ষী সর্বভূতদ্রষ্টা, সদাগতির্ব্বায়ুঃ। মুঞ্চতু হরতু ॥৩২॥
তথেতি। তিগ্মাংশুঃ সূর্য্যঃ, পরিতঃ সর্ব্বতঃ ॥৩৩॥
চন্দ্রমা ইতি। অন্তশ্চরতি, মনোঽধিষ্ঠাতৃদেবতাত্বাদিতি ভাবঃ ॥৩৪॥
এত ইতি। ত্রয়ো বায়ুসূর্য্যচন্দ্রাঃ। ধারয়ন্তি রক্ষন্তি। তথ্যং সত্যমনতিক্রম্যেতি তৎ ॥৩৫॥
এবমিতি। পাপং পুরুষান্তরকামনাজনিতমিত্যাশয়ঃ ॥৩৬॥

রাজা! এই চরণ দু'খানি স্পর্শ করিয়া আমি সত্য বলিতেছি যে, আমি মনে মনেও কোন অসৎ কার্য্য করি নাই ॥৩১॥

প্রাণিগণের সাক্ষী এই বায়ু এই জগতে বিচরণ করিতেছেন; সুতরাং আমি যদি পাপ করিয়া থাকি, তবে ইনি আমার প্রাণ হরণ করুন ॥৩২॥

এবং সূর্য্য সর্ব্বদাই জগতের সর্ব্বত্র বিচরণ করিতেছেন; অতএব আমি যদি পাপ করিয়া থাকি, তবে তিনি আমার প্রাণ হরণ করুন ॥৩৩॥

আর, চন্দ্রও সাক্ষীর ন্যায় সমস্ত প্রাণীর অন্তরে বিচরণ করিতেছেন; সুতরাং আমি যদি পাপ করিয়া থাকি, তবে তিনি আমার প্রাণ হরণ করুন ॥৩৪॥

এই তিন জন দেবতা সমস্ত ত্রিভুবন রক্ষা করেন, তাঁহারা সত্য বলুন; অথবা ইঁহারা আজই আমাকে ত্যাগ করুন' ॥৩৫॥

দময়ন্তী এইরূপ বলিলে, তাহার পর বায়ু আকাশ হইতে বলিলেন—'নল! আমি আপনার নিকট সত্য বলিতেছি—ইনি কোন পাপ করেন নাই ॥৩৬॥

[৩৩]…পরেণ ভুবনং সদা…বা ব কা,…করেণ ভুবনং সদা…পি। [৩৬] এবমুক্তস্তথা বায়ুঃ…বা ব কা।

রাজন্! শীলনিধিঃ স্ফীতো দময়ন্ত্যা সুরক্ষিতঃ
সাক্ষিণো রক্ষিণশ্চাস্যা বয়ং ত্রীন্ পরিবৎসরান্ ॥৩৭
উপায়ো বিহিতশ্চায়ং ত্বদর্থমতুলোঽনয়া।
ন হ্যেকাহ্না শতং গন্তা ত্বামৃতেঽন্যঃ পুমানিহ ॥৩৮॥
উপপন্না ত্বয়া ভৈমী ত্বঞ্চ ভৈম্যা মহীপতে!।
নাত্র শঙ্কা ত্বয়া কার্য্যা সঙ্গচ্ছ সহ ভার্য্যয়া ॥৩৯॥
তথা ব্রুবতি বায়ৌ তু পুষ্পবৃষ্টিঃ পপাত হ।
দেবদুন্দুভয়ো নেদুর্ববৌ চ পবনঃ শিবঃ ॥৪০॥
তদদ্ভুততমং দৃষ্ট্বা নলো রাজাঽথ ভারত!।
দময়ন্ত্যাং বিশঙ্কাং তাং ব্যপাকর্ষদরিন্দমঃ ॥৪১॥
ততস্তদ্বস্ত্রমজরং প্রাবৃণোদ্বসুধাধিপঃ।
সংস্মৃত্য নাগরাজং তং ততো লেভে স্বকং বপুঃ ॥৪২॥

ভারতকৌমুদী

রাজন্নিতি। শীলনিধিঃ সচ্চরিত্রসাগরঃ, স্ফীতো বৃদ্ধঃ। পরিবৎসরান্ বর্ষাণি ॥৩৭॥
উপায় ইতি। অতুলঃ অমোঘত্বান্নিরুপমঃ। একাহ্না একাহেন। ঋতে বিনা ॥৩৮॥
উপেতি। উপপন্না যোগ্যরূপৈব প্রাপ্তা। সঙ্গচ্ছ মিলিতো ভব ॥৩৯॥
তথেতি। নেদুঃ নাদং চক্রুঃ। শিবো মঙ্গলকরঃ ॥৪০॥
তদিতি। বিশঙ্কাং পুরুষান্তরকামনাসম্ভাবনাম্, ব্যপাকর্ষৎ অপসারিতবান্ ॥৪১॥

রাজা! দময়ন্তী নিজের বিশাল স্বভাবসমুদ্রকে সম্পূর্ণরূপে রক্ষা করিয়াছেন, আমরা এই তিন বৎসর যাবৎ ইঁহার সাক্ষী ও রক্ষক রহিয়াছি ॥৩৭॥

আপনার জন্যই ইনি এই অসাধারণ উপায় আবিষ্কার করিয়াছেন। কারণ, এই জগতে আপনি ভিন্ন অন্য কোন পুরুষই একদিনে একশতযোজন পথ গমন করিতে পারে না ॥৩৮॥

রাজা! আপনি নিজযোগ্যা দময়ন্তীকে পাইয়াছেন, দময়ন্তীও নিজযোগ্য আপনাকে পাইয়াছেন। অতএব আপনি ইঁহার উপরে আশঙ্কা করিবেন না, ভার্য্যার সহিত মিলিত হউন' ॥৩৯॥

বায়ু সেইরূপ বলিলে, পুষ্পবৃষ্টি পতিত হইল, দেবদুন্দুভি বাজিয়া উঠিল এবং মঙ্গলময় বায়ু বহিত হইল ॥৪০॥

ভরতনন্দন! তাহার পর অরিন্দম নলরাজা সেই অত্যাশ্চর্য্য ঘটনা দেখিয়া দময়ন্তীর উপরের সেই আশঙ্কা পরিত্যাগ করিলেন ॥৪১॥

[৩৮]···ত্বদর্থন্তু নলানয়া···পি। [৪০] ততো ব্রুবতি বায়ৌ তু···বা ব কা পি।

স্বরূপিণন্তু ভর্ত্তারং দৃষ্ট্বা ভীমসুতা তদা।
প্রাক্রোশদুচ্চৈরালিঙ্গ্য পুণ্যশ্লোকমনিন্দিতা ॥৪৩॥
ভৈমীমপি নলো রাজা ভজমানাং যথা পুরা।
সস্বজে স্বসুতৌ চাপি যথাবৎ প্রত্যনন্দত ॥৪৪॥
ততঃ স্বোরসি বিন্যস্য বক্ত্রং তস্য শুভাননা।
পরীতা তেন দুঃখেন নিশশ্বাসায়তেক্ষণা ॥৪৫॥
তথৈব মলদিগ্ধাঙ্গীং পরিষ্বজ্য শুচিস্মিতাম্।
সুচিরং পুরুষব্যাঘ্রস্তস্থৌ শোকপরিপ্লুতঃ ॥৪৬॥
ততঃ সর্ব্বং যথাবৃত্তং দময়ন্ত্যা নলস্য চ।
ভীমায়াকথয়ৎ প্রীত্যা বৈদর্ভ্যা জননী নৃপ ! ॥৪৭॥
ততোঽব্রবীন্মহারাজঃ কৃতশৌচমহং নলম্।
দময়ন্ত্যা সহোপেতং কল্যে দ্রষ্টা সুখোষিতম্ ॥৪৮॥

ভারতকৌমুদী

তত ইতি। অজরং চিরনূতনম্। নাগরাজং কর্কোটকম্। স্বকং পূর্ব্বরূপম্ ॥৪২॥
স্বেতি। উচ্চৈঃ প্রাক্রোশদরোদৎ। পুণ্যশ্লোকং নলম্ ॥৪৩॥
ভৈমীমিতি। ভজমানামালিঙ্গন্তীম্। সস্বজে আলিলিঙ্গ ॥৪৪॥
তত ইতি। স্বোরসি নিজবক্ষসি। তস্য নলস্য। পরীতা ব্যাপ্তা ॥৪৫॥
তথেতি। মলদিগ্ধাঙ্গীং মললিপ্তগাত্রীং দময়ন্তীম্, পরিষ্বজ্য আলিঙ্গ্য ॥৪৬॥
তত ইতি। বৃত্তং জাতমনতিক্রম্যেতি যথাবৃত্তম্। ভীমায় রাজ্ঞে ॥৪৭॥

তদনন্তর নলরাজা কর্কোটকনাগকে স্মরণ করিয়া, তৎপ্রদত্ত চিরনূতন বস্ত্র পরিধান করিলেন, তৎপরে তিনি নিজের পূর্ব্বরূপ লাভ করিলেন ॥৪২॥

তখন অনিন্দিতা দময়ন্তী ভর্ত্তা নলকে আপনরূপধারী দেখিয়া তাঁহাকে আলিঙ্গন করিয়া উচ্চস্বরে রোদন করিয়া উঠিলেন ॥৪৩॥

নলরাজাও আলিঙ্গনপ্রবৃত্তা দময়ন্তীকে পূর্ব্বেরই ন্যায় আলিঙ্গন করিলেন এবং আপন পুত্র-কন্যা দুইটীকে যথানিয়মে আদর করিলেন ॥৪৪॥

তদনন্তর শুভাননা ও আয়তনয়না দময়ন্তী আপন বক্ষস্থলে নলের মুখ খানি ধরিয়া দুঃখে আকুল হইয়া নিশ্বাস ত্যাগ করিতে লাগিলেন ॥৪৫॥

পুরুষশ্রেষ্ঠ নলও সেই প্রকারেই মলপূর্ণাঙ্গী এবং শুভ্রহাসিনী দময়ন্তীকে আলিঙ্গন করিয়া, শোকার্ত্ত হইয়া, দীর্ঘকাল রহিলেন ॥৪৬॥

রাজা! তাহার পর, দময়ন্তীর মাতা আনন্দসহকারে যাইয়া নল ও দময়ন্তীর যথাবৎ বৃত্তান্ত সমস্ত ভীমরাজাকে বলিলেন ॥৪৭॥

ততস্তৌ সহিতৌ রাত্রিং কথয়ন্তৌ পুরাতনম্।
বনে বিচরিতং সর্ব্বমূষতুর্মুদিতৌ নৃপ ! ॥৪৯॥
গৃহে ভীমস্য নৃপতেঃ পরস্পরসুখৈষিণৌ।
বসেতাং হৃষ্টসঙ্কল্পৌ বৈদর্ভী চ নলশ্চ হ ॥৫০॥
স চতুর্থে ততো বর্ষে সঙ্গম্য সহ ভার্য্যয়া।
সর্বকামৈঃ সুসিদ্ধার্থো লব্ধবান্ পরমাং মুদম্ ॥৫১॥
দময়ন্ত্যপি ভর্ত্তারমাসাদ্যাপ্যায়িতা ভৃশম্।
অর্দ্ধসঞ্জাতশস্যেব তোয়ং প্রাপ্য বসুন্ধরা ॥৫২॥
সৈবং সমেত্য ব্যপনীয় তন্দ্রাং শান্তজ্বরা হর্ষবিবৃদ্ধসত্ত্বা।
ররাজ ভৈমী সমবাপ্তকামা শীতাংশুনা রাত্রিরিবোদিতেন ॥৫৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নলোপাখ্যানে নলদময়ন্তীসমাগমে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। মহারাজো ভীমঃ, কৃতশৌচং কৃতক্ষৌরাদিকম্। কল্যে প্রভাতে ॥৪৮॥

তত ইতি। তৌ দময়ন্তীনলৌ। রাত্রিম্ ঊষতুঃ অবস্থিতৌ ॥৪৯॥

গৃহ ইতি। বসেতাম্ অবসতাম্, হৃষ্টঃ সঙ্কল্পঃ সঙ্কল্পবৃত্তিকং চিত্তং যয়োস্তৌ ॥৫০॥

স ইতি। অত্র চতুর্থবৎসরত্বং দময়ন্তীপরিত্যাগাবধিকম্, "সাক্ষিণো রক্ষিণশ্চাস্যা বয়ং ত্রীন্ পরিবৎসরান্" ইতি প্রাগুক্তবায়ুবচনাৎ। সঙ্গম্য মিলিত্বা। সর্ব্বকামৈঃ সর্ব্বকাম্য-বস্তুলাভৈঃ ॥৫১॥

দময়ন্তীতি। আসাদ্য প্রাপ্য, আপ্যায়িতা আনন্দিতা। তোয়ং বৃষ্টিজলম্ ॥৫২॥

তৎপরে ভীমরাজা বলিলেন—'নল আগামী কল্য পবিত্র হইয়া দময়ন্তীর সহিত আসিয়া সুখে উপবেশন করিলে, আমি উঁহার সহিত সাক্ষাৎ করিব' ॥৪৮॥

রাজা ! তাহার পর নল ও দময়ন্তী মিলিত হইয়া, পূর্ব্ববর্ত্তী বনের সমস্ত বৃত্তান্ত বলিতে থাকিয়া, আনন্দিতচিত্তে রাত্রি বাস করিলেন ॥৪৯॥

এই ভাবে নল ও দময়ন্তী পরস্পরসুখাভিলাষী হইয়া আনন্দিতচিত্তে ভীমরাজার গৃহে বাস করিতে লাগিলেন ॥৫০॥

তদনন্তর চতুর্থ বৎসরে নল ভার্য্যার সহিত মিলিত হইয়া, সকল অভীষ্ট লাভে সমস্ত প্রয়োজন সিদ্ধ হওয়ায় পরম আনন্দ লাভ করিলেন ॥৫১॥

অর্দ্ধসঞ্জাতশস্যা ভূমি যেমন জল পাইয়া অত্যন্ত আপ্যায়িত হয়, সেইরূপ দময়ন্তী ভর্ত্তাকে পাইয়া অত্যন্ত আপ্যায়িত হইলেন ॥৫২॥

---

* '...ষট্‌সপ্ততিতমঃ...' বা ব কা পি, '...চতুঃসপ্ততিতমঃ...' নি।

ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ

——:(•):——

বৃহদশ্ব উবাচ।

অথ তামুষিতো রাত্রিং নলো রাজা স্বলঙ্কৃতঃ।
বৈদর্ভ্যা সহিতঃ কল্যং দদর্শ বসুধাধিপম্ ॥১॥
ততোঽভিবাদয়ামাস প্রয়তঃ শ্বশুরং নলঃ।
ততোঽনু দময়ন্তী চ ববন্দে পিতরং শুভা ॥২॥
তং ভীমঃ প্রতিজগ্রাহ পুত্ত্রবৎ পরয়া মুদা।
যথার্হং পূজয়িত্বা চ সমাশ্বাসয়ত প্রভুঃ ॥৩॥

ভারতকৌমুদী

সেতি। সমেত্য পত্যা সহ মিলিত্বা, তন্দ্রাং বিষাদমোহম্, শান্তজ্বরা নিবৃত্তসন্তাপা, হর্ষেণ বিবৃদ্ধং সত্ত্বমধ্যবসায়ো যস্যাঃ সা। শীতাংশুনা চন্দ্রেণ ॥৫৩॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি নলোপাখ্যানে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

অথেতি। উষিতঃ কৃতবাসঃ। স্বলঙ্কৃতঃ সম্যগ্‌ভূষিতঃ সন্। কল্যং প্রভাতং প্রাপ্য ॥১॥
তত ইতি। প্রয়তঃ স্নানাদিনা পবিত্রঃ। অনু পশ্চাৎ ॥২॥

ভারতভাবদীপঃ

সর্ব্বমিতি ॥১—৫॥ প্রতিশ্রয়ঃ গৃহম্ ॥৬—৩১॥ সদাগতির্বায়ুঃ ॥৩২—৩৩॥ চন্দ্রমাশ্চিত্তাভি-মানিনী দেবতা ॥৩৪—৪৭॥ কল্যে প্রভাতে ॥৪৮—৫৩॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬২॥

এই ভাবে পতির সহিত সম্মিলিত হওয়ায় দময়ন্তীর বিষাদ ও সন্তাপ তিরোহিত হইল, আনন্দে উৎসব বৃদ্ধি পাইল এবং সমস্ত অভীষ্ট সিদ্ধ হইল। তাহাতে চন্দ্রোদয়ের রাত্রির ন্যায় তিনি শোভা পাইতে লাগিলেন ॥৫৩॥

——:(:):——

বৃহদশ্ব বলিলেন—নলরাজা সেই রাত্রি বাস করিয়া প্রভাতকালে সুন্দর-ভাবে অলঙ্কৃত হইয়া, দময়ন্তীর সহিত যাইয়া, ভীমরাজার সহিত সাক্ষাৎ করিলেন ॥১॥

তদনন্তর পবিত্রমূর্ত্তি নলরাজা শ্বশুর ভীমরাজাকে অভিবাদন করিলেন; তৎপরে কল্যাণী দময়ন্তীও পিতাকে প্রণাম করিলেন ॥২॥

---

[১] অথ তাং ব্যুষিতঃ···সহিতঃ কালে···বা ব কা নি। [২]···প্রণতঃ শ্বশুরং নলঃ। তস্যানু···পি।

নলেন সহিতাং তত্র দময়ন্তীং পতিব্রতাম্ ।
অভ্যুজগ্রাহ মহতা সৎকারেণ ক্ষিতীশ্বরঃ ॥৪॥
তামর্হণাং নলো রাজা প্রতিগৃহ্য যথাবিধি ।
পরিচর্য্যাং স্বকাং তস্মৈ যথাবৎ প্রত্যবেদয়ৎ ॥৫॥
ততো বভূব নগরে সুমহান্ হর্ষজঃ স্বনঃ ।
জনস্য সম্প্রহৃষ্টস্য নলং দৃষ্ট্বা তথাগতম্ ॥৬॥
অশোভয়চ্চ নগরীং পতাকাধ্বজমালিনীম্ ।
সিক্তাঃ সুমৃষ্টপুষ্পাঢ্যা রাজমার্গাঃ স্বলঙ্কৃতাঃ ॥৭॥
দ্বারি দ্বারি চ পৌরাণাং পুষ্পভঙ্গঃ প্রকল্পিতঃ ।
অর্চ্চিতানি চ সর্ব্বাণি দেবতায়তনানি চ ॥৮॥

ভারতকৌমুদী

তমিতি। যথার্হং যথাযোগ্যম্, পূজয়িত্বা, "বিষ্ণুং জামাতরং মন্যে" ইত্যুক্তেঃ ॥৩॥
নলেনেতি। সৎকারেণ উপহারদানাদিনা, ক্ষিতীশ্বরো ভীমঃ ॥৪॥
তামিতি। অর্হণাং পূজাম্। পরিচর্য্যাং পাদসংবাহনাদিরূপাং প্রণামান্তরং বা ॥৫॥
তত ইতি। স্বনঃ কোলাহলঃ। তথা বাহুকসারথিরূপেণ আগতম্ ॥৬॥
অশোভয়দিতি। সুমৃষ্টাঃ সম্মার্জন্যাদিনা পরিষ্কৃতাশ্চ তে পুষ্পাঢ্যাশ্চেতি তে ॥৭॥
দ্বারীতি। পুষ্পভঙ্গঃ সৌরভবিস্তারার্থং মর্দ্দিতপুষ্পস্থাপনম্। অর্চ্চিতানি ভূষিতানি ॥৮॥

তখন ভীমরাজা পরমানন্দসহকারে নলরাজাকে পুত্রের ন্যায় গ্রহণ করিলেন এবং যথাযোগ্য সম্মান করিয়া আশ্বস্ত করিলেন ॥৩॥

আর, নলের সহিত পতিব্রতা দময়ন্তীকে বিশেষ আদরের সহিত গ্রহণ করিলেন ॥৪॥

তখন নলরাজা যথাবিধানে সেই সম্মান গ্রহণ করিয়া, আবার যথানিয়মে নিজের সেবাও তাঁহাকে জানাইলেন ॥৫॥

তাহার পর, সেই রাজধানীতে নল সেই ভাবে আসিয়াছেন দেখিয়া আনন্দিতজনসমূহের বিশাল আনন্দকোলাহল হইতে লাগিল ॥৬॥

রাজভৃত্যেরা রাজধানীকে পতাকা, ধ্বজ ও মাল্যদ্বারা শোভিত করিল এবং রাজপথগুলিকে সিক্ত, মার্জ্জিত এবং পুষ্পযুক্ত করিয়া ভূষিত করিল ॥৭॥

আর, পুরবাসিগণের দ্বারে দ্বারে পুষ্প মর্দ্দিত করিয়া তাহা ছড়াইয়া দেওয়া হইল এবং সমস্ত দেবালয়গুলিকে সুসজ্জিত করা হইল ॥৮॥

---

[৪] দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি। [৬]···দৃষ্ট্বা যথাগতম্। বা ব কা
(৭) অশোভয়চ্চ নগরং পতাকাধ্বজমালিনম্···বা ব কা পি।

ঋতুপর্ণোঽপি শুশ্রাব বাহুকচ্ছদ্মিনং নলম্ ।
দময়ন্ত্যা সমাযুক্তং জহৃষে চ নরাধিপঃ ॥৯॥
তমানায্য নলং রাজা ক্ষময়ামাস পার্থিবম্ ।
স চ তং ক্ষময়ামাস হেতুভির্বুদ্ধিসম্মিতঃ ॥১০॥
স সৎকৃতো মহীপালো নৈষধং বিস্মিতাননঃ ।
দিষ্ট্যা সমেতো দারৈঃ স্বৈর্ভবানিত্যভ্যনন্দত ॥১১॥
কচ্চিত্তু নাপরাধং তে কৃতবানস্মি নৈষধ ! ।
অজ্ঞাতবাসং বসতো মদ্‌গৃহে বসুধাধিপ ! ॥১২॥
যদি বা বুদ্ধিপূর্ব্বাণি যদ্যবুদ্ধাপি কানিচিৎ ।
ময়া কৃতান্যকার্য্যাণি তানি ত্বং ক্ষন্তুমর্হসি ॥১৩॥

নল উবাচ ।

ন মেঽপরাধং কৃতবাংস্ত্বং স্বল্পমপি পার্থিব ! ।
কৃতেঽপি চ ন মে কোপঃ ক্ষন্তব্যং হি ময়া তব ॥১৪॥

ভারতকৌমুদী

ঋত্বিতি। বাহুকস্য ছদ্ম কপটবেশোঽস্যাস্তীতি তম্। জহৃষে আননন্দ ॥৯॥
তমিতি। রাজা ঋতুপর্ণঃ। স নলশ্চ, হেতুভির্যুক্তিভিঃ, বুদ্ধিসম্মিতো বুদ্ধিমান্ ॥১০॥
স ইতি। স ঋতুপর্ণঃ। নৈষধং নলম্, বিস্মিতাননো বিস্ময়েন ফুল্লবদনঃ ॥১১॥
কচ্চিদিতি। নান্যৈর্জ্ঞাতো বাসো যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা স্যাত্তথা ॥১২॥
যদীতি। অকার্য্যাণি ত্বাং প্রত্যন্যায্যব্যবহারাঃ। ঋতুপর্ণ ইত্যবোচদিতি শেষঃ ॥১৩॥
নেতি। হে পার্থিব! ঋতুপর্ণ!। কৃতেঽপি ত্বয়াপরাধে ॥১৪॥

বাহুকবেশধারী নলরাজা দময়ন্তীর সহিত মিলিত হইয়াছেন এই সংবাদ ঋতুপর্ণ রাজাও শুনিতে পাইলেন এবং তাহাতে তিনি আনন্দিত হইলেন ॥৯॥

তখন ঋতুপর্ণরাজা নলরাজাকে আনাইয়া ক্ষমা করাইলেন ; বুদ্ধিমান্ নল-রাজাও নানাবিধ যুক্তিদ্বারা তাঁহাকেও ক্ষমা করাইলেন ॥১০॥

আদৃত ও বিস্ময়ে প্রফুল্লবদন ঋতুপর্ণরাজা এই বলিয়া নলকে অভিনন্দিত করিলেন যে, 'আপনি ভাগ্যবশতঃ আপন ভার্য্যার সহিত মিলিত হইয়াছেন ॥১১॥

নলরাজা! আপনি যখন আমার গৃহে অজ্ঞাতবাস করিতেছিলেন, তখন আমি আপনার নিকট কোন অপরাধ করি নাই ত ? ॥১২॥

বুদ্ধিপূর্ব্বক বা অবুদ্ধিপূর্ব্বক আমি যদি কোন অন্যায় কার্য্য করিয়া থাকি, তবে তাহা আপনি ক্ষমা করুন' ॥১৩॥

নল বলিলেন—'রাজা! আপনি আমার নিকট অল্পও অপরাধ করেন

পূর্ব্বং হ্যপি সখা মেঽসি সম্বন্ধী চ জনাধিপ ! ।
অত ঊর্দ্ধন্তু ভূয়স্ত্বং প্রীতিমাহর্ত্তুমর্হসি ॥১৫॥
সর্ব্বকামৈঃ সুবিহিতৈঃ সুখমস্ম্যুষিতস্ত্বয়ি ।
ন তথা স্বগৃহে রাজন্ ! যথা তব গৃহে সদা ॥১৬॥
ইদঞ্চৈব হয়জ্ঞানং ত্বদীয়ং ময়ি তিষ্ঠতি ।
তদুপাকর্ত্তুমিচ্ছামি মন্যসে যদি পার্থিব ! ॥১৭॥
এবমুক্ত্বা দদৌ বিদ্যামৃতুপর্ণায় নৈষধঃ ।
স চ তাং প্রতিজগ্রাহ বিধিদৃষ্টেন কর্ম্মণা ॥১৮॥
গৃহীত্বা চাশ্বহৃদয়ং রাজন্ ! ভাগস্বরির্নৃপঃ ।
নিষধাধিপতেশ্চাপি দত্ত্বাক্ষহৃদয়ং নৃপ ! ।
সূতমন্যমুপাদায় যযৌ স্বপুরমেব তৎ ॥১৯॥

ভারতকৌমুদী

পূর্ব্বমিতি। সম্বন্ধী আত্মীয়ঃ। আহর্ত্তুমাদাতুম্, সদ্ব্যবহারাদিত্যাশয়ঃ ॥১৫॥
সর্ব্বেতি। সর্বকামৈঃ সর্বপ্রকারাভীষ্টবস্তুভিঃ। উষিতঃ কৃতবাসঃ ॥১৬॥
ইদমিতি। ময়ি তিষ্ঠতি, ত্বয়া নিক্ষেপীকৃতত্বাৎ। উপাকর্ত্তুং দাতুম্ ॥১৭॥
এবমিতি। বিদ্যাম্ অশ্বহৃদয়াখ্যাম্। নৈষধো নলঃ। স ঋতুপর্ণশ্চ ॥১৮॥

ভারতভাবদীপঃ

অথেতি ॥১—৭॥ পুষ্পভঙ্গঃ পুষ্পসম্মর্দঃ ॥৮—১৬॥ উপাকর্ত্তুং দাতুম্ ॥১৭—২০॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৩॥

নাই; যদিও করিতেন, তথাপি আমার ক্রোধ হইত না। কারণ, আপনার সম্বন্ধে আমার ক্ষমা করাই উচিত ॥১৪॥

যে হেতু, আপনি পূর্ব্বেও আমার সখা এবং আত্মীয় ছিলেন; ইহার পরে ত আরও প্রীতি আদায় করিবার যোগ্য হইলেন ॥১৫॥

রাজা! আপনি আমার সর্ব্বপ্রকার অভীষ্ট সুসম্পন্ন করিয়াছেন বলিয়া আমি আপনার নিকটে সুখেই বাস করিয়াছি; আপনার বাড়ীতে যেমন সর্ব্বদা সুখে বাস করিয়াছি, তেমন সুখে নিজের বাড়ীতেও বাস করা যায় না ॥১৬॥

আপনার এই অশ্ববিদ্যা আমার নিকট গচ্ছিত রহিয়াছে। অতএব রাজা! আপনি যদি অনুমতি করেন, তবে তাহা আপনাকে দান করিতে ইচ্ছা করি' ॥১৭॥

এইরূপ বলিয়া নল ঋতুপর্ণকে অশ্ববিদ্যা দান করিলেন; ঋতুপর্ণও যথা-বিধানে তাহা গ্রহণ করিলেন ॥১৮॥

---

(১৯)···ভাঙ্গাস্বরির্নৃপঃ···বা ব কা,···ভার্গংস্বরির্নৃপঃ···পি।

ঋতুপর্ণে গতে রাজন্ ! নলো রাজা বিশাংপতে ! ।
নগরে কুণ্ডিনে কালং নাতিদীর্ঘমিবাবসৎ ॥২০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নলোপাখ্যানে ঋতুপর্ণস্য স্বদেশগমনে ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ

—:(*):—

বৃহদশ্ব উবাচ।

স মাসমুষ্য কৌন্তেয় ! ভীমমামন্ত্র্য নৈষধঃ ।
পুরাদল্পপরীবারো জগাম নিষধান্ প্রতি ॥১॥
রথেনৈকেন শুভ্রেণ দন্তিভিঃ পরিষোড়শৈঃ ।
পঞ্চাশদ্ভির্হয়ৈশ্চৈব ষট্‌শতৈশ্চ পদাতিভিঃ ॥২॥
স কম্পয়ন্নিব মহীং ত্বরমাণো মহীপতিঃ ।
প্রবিবেশ সুসংরব্ধস্তরসৈব মহামনাঃ ॥৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

গৃহীত্বেতি। ভাগস্বরিঃ ঋতুপর্ণঃ। দত্ত্বেতি পূর্ব্ববৃত্তোক্তিঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥
ঋত্বিতি। কুণ্ডিনে নগরে ভীমরাজধান্যাম্। ইবশব্দো বাক্যালঙ্কারে ॥২০॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি নলোপাখ্যানে ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

স ইতি। উষ্য বাসং কৃত্বা। পুরাৎ কুণ্ডিনাৎ। নিষধান্ স্বকীয়নিষধদেশম্ ॥১॥

রাজা! ঋতুপর্ণরাজা অশ্বহৃদয় গ্রহণ করিয়া, নলকেও অক্ষহৃদয় দান করিয়া, অন্য সারথি লইয়া, আপন রাজধানীতেই চলিয়া গেলেন ॥১৯॥

নরনাথ যুধিষ্ঠির! ঋতুপর্ণরাজা চলিয়া গেলে, নলরাজা অতিদীর্ঘকাল কুণ্ডিননগরে বাস করেন নাই ॥২০॥

—:(:):—

বৃহদশ্ব বলিলেন—‘কুন্তীনন্দন! নলরাজা কুণ্ডিননগরে একমাসমাত্র থাকিয়া, ভীমরাজার অনুমতি লইয়া, অল্পপরিজনের সহিত কুণ্ডিননগর হইতে নিষধদেশে গমন করিলেন ॥১॥

মহামনা নলরাজা শুভ্রবর্ণ একখানি রথ, ষোলটী হস্তী, পঞ্চাশটী অশ্ব এবং

* ‘…সপ্তসপ্ততিতমঃ…বা’ ব কা পি, ‘…পঞ্চসপ্ততিতমঃ…’ নি।

ততঃ পুষ্করমাসাদ্য বীরসেনসুতো বলী।
উবাচ দীব্যাব পুনর্বহু বিত্তং ময়ার্জ্জিতম্ ॥৪॥
দময়ন্তী চ যচ্চান্যন্মম কিঞ্চন বিদ্যতে।
এষ বৈ মম সন্ন্যাসস্তব রাজ্যন্তু পুষ্কর! ॥৫॥
পুনঃ প্রবর্ত্ততাং দ্যূতমিতি মে নিশ্চিতা মতিঃ।
একপাণেন ভদ্রং তে প্রাণয়োশ্চ পণাবহে ॥৬॥
জিত্বা পরস্বমাহৃত্য রাজ্যং বা যদি বা বসু।
প্রতিপাণঃ প্রদাতব্যঃ পরমো ধর্ম্ম উচ্যতে ॥৭॥
ন চেদ্বাঞ্ছসি দ্যূতং ত্বং যুদ্ধদ্যূতং প্রবর্ত্ততাম্।
দ্বৈরথেনাস্তু বৈ শান্তিস্তব বা মম বা নৃপ! ॥৮॥

ভারতকৌমুদী

রথেনেতি। দন্তিভির্হস্তিভিঃ, পরিষোড়শৈঃ ষোড়শভিঃ। হয়ৈরশ্বৈঃ। প্রবিবেশ স্বরাজধানীমিতি শেষঃ, সুসংরব্ধো নিতান্তদর্পিতঃ, তরসৈব বলেনৈব ॥২—৩॥

তত ইতি। পুষ্করং তদাখ্যং তদানীন্তনং রাজানং ভ্রাতরম্। দীব্যাব দ্যূতেন ক্রীড়াব ॥৪॥

দময়ন্তীতি। যচ্চান্যদ্ধনম্। সন্ন্যাসঃ পণঃ, তব তু রাজ্যং সন্ন্যাসঃ পণঃ ॥৫॥

পুনরিতি। একপাণেন একমাত্রপণেনৈব পুনর্দ্যূতং প্রবর্ত্ততাম; তেনৈব তে ভদ্রং ভবেৎ। অন্যথা প্রাণয়োশ্চ পণাবহে আবয়োঃ প্রাণদ্বয়ং পণীকৃত্য যুদ্ধং কুর্বহে ॥৬॥

জিত্বেতি। পরস্বং পরস্বত্বাস্পদীভূতম্। বসু ধনম্। প্রতিপাণঃ প্রতিপণঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

সেতি। উন্মু বাসং কৃত্বা ॥১—৪॥ রাজ্যমেকপাণেনৈব মম তু দময়ন্ত্যাদি চ প্রাণয়োশ্চ পণাবহে যুদ্ধমপি বর্ত্ততামিত্যর্থঃ ॥৫—৩২॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৪॥

ছয়শত পদাতিদ্বারা পৃথিবী কম্পিত করিয়া, সত্বর যাইয়া, মহাদর্পে বলপূর্ব্বক রাজধানীতে প্রবেশ করিলেন ॥২—৩॥

তাহার পর বলবান্ নলরাজা পুষ্করের নিকট যাইয়া বলিলেন—'আবার আমরা দ্যূতক্রীড়া করিব, আমি বহুতর ধন উপার্জ্জন করিয়াছি ॥৪॥

দময়ন্তী এবং আমার অন্য যে কিছু ধন আছে, এই সমস্তই আমার পণ; কিন্তু পুষ্কর! তোমার পণ—রাজ্য ॥৫॥

এই একমাত্র পণ রাখিয়াই আবার দ্যূতক্রীড়া আরম্ভ হউক, তোমার মঙ্গল হইবে। আর ইহা না হইলে, আমরা প্রাণদ্বয়ের পণও করিব। এইরূপ বুদ্ধিই আমি স্থির করিয়াছি ॥৬॥

পণে পরের রাজ্য ও ধন জয় করিয়া লইয়া প্রতিপণও দিতে হয়; ইহাকেই মনস্বীরা পরম ধর্ম্ম বলেন ॥৭॥

বংশভোগ্যমিদং রাজ্যং মার্গিতব্যং যথা তথা।
যেন তেনাপ্যুপায়েন বৃদ্ধানামিতি শাসনম্ ॥৯॥
দ্বয়োরেকতরে বুদ্ধিঃ ক্রিয়তামদ্য পুষ্কর।।
কৈতবেনাক্ষবত্যাং বা যুদ্ধে বা নাম্যতাং ধনুঃ ॥১০॥
নৈষধেনৈবমুক্তস্তু পুষ্করঃ প্রহসন্নিব।
ধ্রুবমাত্মজয়ং মত্বা প্রত্যাহ পৃথিবীপতিম্ ॥১১॥
দিষ্ট্যা ত্বয়ার্জিতং বিত্তং প্রতিপাণায় নৈষধ।।
দিষ্ট্যা চ দুষ্কৃতং কর্ম্ম দময়ন্ত্যাঃ ক্ষয়ং গতম্ ॥১২॥
দিষ্ট্যা চ ধ্রিয়সে রাজন্! সদারোঽদ্য মহাভুজ।।
ধনেনানেন বৈদর্ভী জিতেন সমলঙ্কৃতা ॥১৩॥

ভারতকৌমুদী

নেতি। যুদ্ধদ্যূতং যুদ্ধরূপা ক্রীড়া। শান্তিঃ—একতররাজ্যলিপ্সানিবৃত্তিঃ ॥৮॥
বংশেতি। বংশভোগ্যং বংশজাতপ্রাপ্যম্। মার্গিতব্যং লব্ধুং যতিতব্যম্ ॥৯॥
দ্বয়োরিতি। কৈতবেন ছলেন, অক্ষবত্যাং দ্যূতক্রীড়ায়াম্। যুদ্ধে চেন্নাম্যতাং ধনুঃ ॥১০॥
নৈষধেনেতি। আত্মজয়ং ধ্রুবং মত্বা, পূর্ব্বক্রীড়াপ্রামাণ্যাদিতি ভাবঃ ॥১১॥
দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন, প্রতিপাণায় পুনঃ ক্রীড়নায়। দময়ন্ত্যা দুষ্কৃতং কর্ম্ম ॥১২॥
দিষ্ট্যেতি। ধ্রিয়সে অবতিষ্ঠসে জীবসীত্যর্থঃ। ময়া জিতেন অনেন তব ধনেনৈব

রাজা! তুমি যদি দ্যূতক্রীড়া করিতে ইচ্ছা না কর, তবে যুদ্ধক্রীড়া হউক। দ্বৈরথযুদ্ধ দ্বারা তোমার বা আমার রাজ্যলিপ্সার নিবৃত্তি হউক ॥৮॥

কারণ, বৃদ্ধবর্গের এইরূপ উপদেশ আছে যে, যে সে প্রকারে এবং যে সে উপায়ে এই বংশপরম্পরাপ্রাপ্য রাজ্য উদ্ধারের চেষ্টা করিবে ॥৯॥

অতএব পুষ্কর! এই দুইটীর একটীতে তুমি আজ বুদ্ধি স্থির কর, ছলপূর্ব্বক দ্যূতক্রীড়ায়, কিংবা যুদ্ধে ; যদি যুদ্ধে স্থির কর, তবে ধনু আকর্ষণ কর' ॥১০॥

নল এইরূপ বলিলে, 'নিশ্চয়ই নিজের জয় হইবে' ইহা ভাবিয়া পুষ্কর হাসিতে হাসিতেই যেন নলকে বলিলেন—॥১১॥

'নলরাজা! আপনি আমার ভাগ্যবশতঃ আবার খেলা করিবার জন্য ধন উপার্জন করিয়াছেন এবং আমার ভাগ্যবশতই দময়ন্তীর পাপক্ষয় হইয়াছে ॥১২॥

মহাবাহু রাজা! আপনি আমার ভাগ্যবশতই আজ ভার্য্যার সহিত জীবিত

(৯) বংশভোজ্যমিদং রাজ্যমর্থিতব্যং যথা তথা। যেন কেনাপ্যুপায়েন…বা ব কা নি।
(১০)…অক্ষবত্যাং তু…বা ব কা নি। (১৩)…ধনেনানেন বৈ ভৈমী…বা ব কা।

মামুপস্থাস্যতি ব্যক্তং দিবি শক্রমিবাপ্সরাঃ।
নিত্যশো হি স্মরামি ত্বাং প্রতীক্ষেঽপি চ নৈষধ!।
দেবনে চ মম প্রীতির্ভবত্যেবাসুহৃদ্গণৈঃ ॥১৪॥ (যুগ্মকম্)
জিত্বা ত্বদ্য বরারোহাং দময়ন্তীমনিন্দিতাম্।
কৃতকৃত্যো ভবিষ্যামি সা হি মে নিত্যশো হৃদি ॥১৫॥
শ্রুত্বা তস্য তু তা বাচো বহ্ববদ্ধপ্রলাপিনঃ।
ইয়েষ স শিরশ্ছেত্তুং খড়্গেন কুপিতো নলঃ ॥১৬॥
স্ময়ংস্তু রোষতাম্রাক্ষস্তমুবাচ নলো নৃপঃ।
পণাবঃ কিং ব্যাহরসে জিত্বা বৈ ব্যাহরিষ্যসি ॥১৭॥
ততঃ প্রাবর্ত্তত দ্যূতং পুষ্করস্য নলস্য চ।
একপাণেন বীরেণ নলেন স পরাজিতঃ ॥১৮॥

ভারতকৌমুদী

সমলঙ্কৃতা বৈদর্ভী, দিবি অপ্সরাঃ শক্রমিব, ব্যক্তং ধ্রুবং মামুপস্থাস্যতি সেবিষ্যতে। দেবনে দ্যূতক্রীড়ায়াম্। চতুর্দ্দশঃ শ্লোকঃ ষট্পাদঃ ॥১৩—১৪॥

জিত্বেতি। বরৌ উত্তমৌ আরোহৌ নিতম্বৌ যস্যাস্তাম্। হৃদি বর্ত্ততে ॥১৫॥

শ্রুত্বেতি। বহ্ববদ্ধপ্রলাপিনঃ প্রচুরাসম্বদ্ধানর্থকভাষিণঃ পুষ্করস্য ॥১৬॥

স্ময়ন্নিতি। স্ময়ন্ ঈষদ্ধসন্। পণাবঃ পণেন ক্রীড়াবঃ, ব্যাহরসে বদসি ॥১৭॥

রহিয়াছেন। কারণ, অপ্সরা যেমন স্বর্গে ইন্দ্রের সেবা করে, সেইরূপ আমি আপনার ধন জয় করিলে, তাহা দ্বারাই সুসজ্জিত হইয়া দময়ন্তী আমার সেবা করিবে। এই জন্য সর্ব্বদাই আমি আপনাকে স্মরণ করিতেছি এবং প্রতীক্ষা করিতেছি। বিশেষতঃ শত্রুদিগের সহিত দ্যূতক্রীড়ায় আমার বড়ই আনন্দ হয় ॥১৩—১৪॥

আজ অনিন্দ্যসুন্দরী সুনিতম্বা দময়ন্তীকে জয় করিয়া কৃতকার্য্য হইব। কারণ, তিনি আমার হৃদয়ে সর্ব্বদাই রহিয়াছেন' ॥১৫॥

বহুতর অসম্বদ্ধপ্রলাপী পুষ্করের সেই কথাগুলি শুনিয়া নল ক্রুদ্ধ হইয়া তরবারিদ্বারা তাঁহার মস্তকচ্ছেদন করিবার ইচ্ছা করিলেন ॥১৬॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৭॥

দেবগণ বলিলেন—'মহর্ষি! আপনি পূর্ব্বকালে নহুষসন্তপ্ত লোকদিগের উদ্ধারের উপায় হইয়াছিলেন এবং জগতের কণ্টক সেই নহুষকে দেবগণের রাজত্বপদ হইতে ও স্বর্গলোক হইতে বিচ্যুত করিয়াছিলেন ॥৪১॥

পর্বতশ্রেষ্ঠ বিন্ধ্যপর্বত ক্রোধবশতঃ সূর্য্যকে অগ্রাহ্য করিয়া হঠাৎ বৃদ্ধি পাইতে থাকিয়াও, আপনার বাক্য অতিক্রম করিতে না পারিয়া বৃদ্ধি পায় নাই ॥৪২॥

জগৎটা অন্ধকারে আবৃত হইলে লোক সকল বিষাদে পীড়িত হইয়াছিল; তাহার পর তাহারা আপনাকে রক্ষক পাইয়া পরম নির্বৃতি লাভ করিয়াছিল ॥৪৩॥

আমাদেরও ভয়ভীত অবস্থায় চিরকালই আপনি উদ্ধারের উপায় হইয়া আসিতেছেন। সুতরাং বর্ত্তমান সময়েও আমরা অত্যন্তপীড়িত হইয়া আপনার নিকট বর প্রার্থনা করিতেছি; কারণ, আপনি বরদাতা ॥৪৪॥

---

* '...ত্র্যধিকশততমঃ...' বা ব কা পি, '...দ্ব্যধিকশততমঃ...' নি।

অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ

—— ০০(*)০০ ——

যুধিষ্ঠির উবাচ।

কিমর্থং সহসা বিন্ধ্যঃ প্রবৃদ্ধঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
এতদিচ্ছাম্যহং শ্রোতুং বিস্তরেণ মহামুনে! ॥১॥

লোমশ উবাচ।

অদ্রিরাজং মহাশৈলং মেরুং কনকপর্ব্বতম্।
উদয়াস্তমনে ভানুঃ প্রদক্ষিণমবর্ত্তত ॥২॥
তন্তু দৃষ্ট্বা তথা বিন্ধ্যঃ শৈলঃ সূর্য্যমথাব্রবীৎ।
যথা হি মেরুর্ভবতা নিত্যশঃ পরিগম্যতে ॥৩॥
প্রদক্ষিণশ্চ ক্রিয়তে মামেবং কুরু ভাস্কর!।
এবমুক্তস্ততঃ সূর্য্যঃ শৈলেন্দ্রং প্রত্যভাষত ॥৪॥ (যুগ্মকম্)
নাহমাত্মেচ্ছয়া শৈল! করোম্যেনং প্রদক্ষিণম্।
এষ মার্গঃ প্রদিষ্টো মে যৈরিদং নির্ম্মিতং জগৎ ॥৫॥

ভারতকৌমুদী

কিমিতি। বিন্ধ্যঃ পর্ব্বতঃ, ক্রোধমূর্চ্ছিতঃ মূর্চ্ছয়েব ক্রোধেন কর্ত্তব্যজ্ঞানহীনঃ ॥১॥

অদ্রীতি। উদয়াস্তমনে উদয়াস্তকালে, ভানুঃ সূর্য্যঃ ॥২॥

তমিতি। পরিগম্যতে পরিতো বিচর্য্যতে। শৈলেন্দ্রং বিন্ধ্যম্ ॥৩—৪॥

ভারতভাবদীপঃ

কিমর্থমিতি ॥১—২৫॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৮॥

যুধিষ্ঠির বলিলেন—'মহর্ষি! বিন্ধ্যপর্ব্বত কি জন্য ক্রুদ্ধ হইয়া সহসা বৃদ্ধি পাইয়াছিল, ইহা আমি বিস্তরক্রমে শুনিতে ইচ্ছা করি' ॥১॥

লোমশ বলিলেন—'সূর্য্য উদয়কালে ও অস্তকালে পর্বতরাজ ও মহাপর্ব্বত স্বর্ণময় সুমেরুকে প্রদক্ষিণ করিয়া যাইতেন ॥২॥

বিন্ধ্যপর্বত সূর্য্যকে সেইরূপ করিতে দেখিয়া তাঁহাকে বলিয়াছিল—'প্রভাকর! আপনি যেমন প্রত্যহই সুমেরুপর্বতে বিচরণ করেন এবং তাহাকে প্রদক্ষিণ করেন, আমাকেও এইরূপ করুন'। বিন্ধ্যপর্বত এইরূপ বলিলে সূর্য্য তাহাকে বলিলেন—॥৩—৪॥

এবমুক্তস্ততঃ ক্রোধাৎ প্রবৃদ্ধঃ সহসাঽচলঃ।
সূর্য্যাচন্দ্রমসোর্মার্গং রোদ্ধুমিচ্ছন্ পরন্তপ! ॥৬॥
ততো দেবাঃ সহিতাঃ সর্ব্ব এব বিন্ধ্যং সমাগম্য মহাদ্রিরাজম্।
নিবারয়ামাসুরুপায়তস্তং ন চ স্ম তেষাং বচনং চকার ॥৭॥
অথাভিজগ্মুর্মুনিমাশ্রমস্থং তপস্বিনং ধর্ম্মভৃতাং বরিষ্ঠম্।
অগস্ত্যমত্যদ্ভুতবীর্য্যবন্তং তঞ্চার্থমূচুঃ সহিতাঃ সুরাস্তে ॥৮॥
সূর্য্যাচন্দ্রমসোর্মার্গং নক্ষত্রাণাং গতিং তথা।
শৈলরাজো বৃণোত্যেষ বিন্ধ্যঃ কোপবশানুগঃ ॥৯॥
তং নিবারয়িতুং শক্তো নান্যঃ কশ্চিদ্দ্বিজোত্তম!।
ঋতে ত্বাং হি মহাভাগ! তস্মাদেনং নিবারয় ॥১০॥

ভারতকৌমুদী

নেতি। এনং মেরুম্। প্রদিষ্টো নির্দ্দিষ্টঃ। যৈরীশ্বরৈঃ, গৌরবাদ্বহুবচনম্। তেষামাদেশং নাতিক্রমিতুমর্হামীতি ভাবঃ ॥৫॥

এবমিতি। অচলো বিন্ধ্যঃ। মার্গং দৈনিকবিচরণপথম্ ॥৬॥

তত ইতি। উপায়তঃ অনুনয়ভীতিপ্রদর্শনাদিভিরুপায়ৈঃ। চকার বিন্ধ্যঃ ॥৭॥

অথেতি। বীর্য্যমত্র তপঃপ্রভাবঃ। সহিতাঃ সম্মিলিতাঃ সন্তঃ ॥৮॥

সূর্য্যেতি। বৃণোতি রুণদ্ধি। কোপবশানুগঃ সূর্য্যং প্রতি ॥৯॥

তমিতি। তং বিন্ধ্যম্। ঋতে বিনা ॥১০॥

'পর্ব্বত! আমি নিজের ইচ্ছায় সুমেরুকে প্রদক্ষিণ করি না; যিনি এই জগৎ সৃষ্টি করিয়াছেন, তিনিই আমার এই পথ নির্দ্দিষ্ট করিয়া দিয়াছেন' ॥৫॥

পরন্তপ! সূর্য্য এইরূপ বলিলে, তাহার পরই বিন্ধ্যপর্বত ক্রোধে চন্দ্র ও সূর্য্যের পথ রোধ করিতে ইচ্ছা করিয়া হঠাৎ বৃদ্ধি পাইতে লাগিল ॥৬॥

তাহার পর দেবতারা সকলেই সম্মিলিত হইয়া, পর্ব্বতরাজ বিন্ধ্যের নিকট যাইয়া, নানাবিধ উপায়ে তাহাকে বারণ করিবার চেষ্টা করিলেন, কিন্তু সে বিন্ধ্যপর্ব্বত তাঁহাদের অনুরোধ রক্ষা করিল না ॥৭॥

তদনন্তর সেই দেবতারা সম্মিলিত হইয়াই আশ্রমস্থিত, তপস্বী, ধার্ম্মিকশ্রেষ্ঠ এবং অত্যন্ত অদ্ভুতপ্রভাবশালী অগস্ত্যমুনির নিকট গমন করিলেন এবং সেই বিষয় বলিতে লাগিলেন—॥৮॥

'পর্ব্বতরাজ এই বিন্ধ্য ক্রোধের বশবর্ত্তী হইয়া চন্দ্র ও সূর্য্যের পথ এবং নক্ষত্রমণ্ডলের গতি রোধ করিতেছে ॥৯॥

---

(৮) শ্লোকাৎ পরং 'দেবা উচুঃ' বা ব কা পি।

তচ্ছ্রুত্বা বচনং বিপ্রঃ সুরাণাং শৈলমভ্যগাৎ।
সোঽভিগম্যাব্রবীদ্বিন্ধ্যং সদারঃ সমুপস্থিতম্ ॥১১॥
মার্গমিচ্ছাম্যহং দত্তং ভবতা পর্বতোত্তম !।
দক্ষিণামভিগন্তাস্মি দিশং কার্য্যেণ কেনচিৎ ॥১২॥
যাবদাগমনং মহ্যং তাবত্ত্বং প্রতিপালয়।
নিবৃত্তে ময়ি শৈলেন্দ্র ! ততো বৰ্দ্ধস্ব কামতঃ ॥১৩॥
এবং স সময়ং কৃত্বা বিন্ধ্যেনামিত্রকর্ষণ !।
অদ্যাপি দক্ষিণাদ্দেশাদ্বারুণির্ন নিবৰ্ত্ততে ॥১৪॥
এতত্তে সর্বমাখ্যাতং যথা বিন্ধ্যো ন বৰ্দ্ধতে।
অগস্ত্যস্য প্রভাবেণ যন্মাং ত্বং পরিপৃচ্ছসি॥১৫॥

ভারতকৌমুদী

তদিতি। বিপ্রঃ অগস্ত্যঃ। দারৈর্ভার্য্যয়া লোপামুদ্রয়া সহেতি সদারঃ ॥১১॥

মার্গমিতি। মার্গং মদ্‌গমনপথম্। কেনচিৎ কার্য্যেণ তদুদ্দেশেন ॥১২॥

যাবদিতি। মহ্যং মম। প্রতিপালয় প্রতীক্ষস্ব। নিবৃত্তে প্রত্যাবৃত্তে সতি ॥১৩॥

এবমিতি। হে অমিত্রকর্ষণ। স বারুণিরগস্ত্যঃ, বিন্ধ্যেন সহ, এবং সময়ং প্রতিজ্ঞাং কৃত্বা, দক্ষিণং দেশং গত্বেতি শেষঃ, তস্মাদ্দক্ষিণাদ্দেশাদদ্যাপি ন নিবৰ্ত্ততে ॥১৪॥

এতদিতি। আখ্যাতং ময়া উক্তম্। পরিপৃচ্ছসীত্যতীতসামীপ্যে বৰ্ত্তমানা ॥১৫॥

কিন্তু ব্রাহ্মণশ্রেষ্ঠ মহাত্মন্ ! আপনি ব্যতীত অন্য কোন লোকই তাহাকে বারণ করিতে সমর্থ হইতেছে না। অতএব আপনি ইহাকে বারণ করুন' ॥১০॥

অগস্ত্যমুনি দেবগণের সেই কথা শুনিয়া, ভার্য্যা লোপামুদ্রার সহিত মিলিত হইয়া বিন্ধ্যপৰ্ব্বতেব নিকট গেলেন এবং নিকটে যাইয়া সমাগত বিন্ধ্য-পৰ্ব্বতকে বলিলেন—॥১১॥

'পৰ্ব্বতশ্রেষ্ঠ ! আমি কোন কার্য্য উদ্দেশে দক্ষিণদিকে যাইব ; অতএব আমি ইচ্ছা করি যে, আপনি আমাকে পথ ছাড়িয়া দেন ॥১২॥

পৰ্ব্বতরাজ ! যে পর্য্যন্ত আমার পুনরায় আগমন হয়, সেই পর্য্যন্ত আপনি প্রতীক্ষা করুন ; তা'র পর আমি ফিরিয়া আসিলে, আপনি ইচ্ছানুসারে বৃদ্ধি পাইবেন' ॥১৩॥

শত্রুকর্ষণ রাজা ! অগস্ত্যমুনি বিন্ধ্যপৰ্ব্বতের সহিত এইরূপ প্রতিজ্ঞা করিয়া দক্ষিণদেশে যাইয়া অদ্যাপি সে দক্ষিণদেশ হইতে ফিরিয়া আসেন নাই ॥১৪॥

---

(১১)…সদারঃ সমুপস্থিতঃ… পি নি।

কালেয়াস্তু যথা রাজন্! সুরৈঃ সর্বৈর্নিসূদিতাঃ
অগস্ত্যাদ্বরমাসাদ্য তন্মে নিগদতঃ শৃণু ॥১৬॥
ত্রিদশানাং বচঃ শ্রুত্বা মৈত্রাবরুণিরব্রবীৎ।
কিমর্থমভিযাতাঃ স্থ বরং মত্তঃ কিমিচ্ছথ ॥১৭॥
এবমুক্তাস্ততস্তেন দেবতা মুনিমব্রুবন্।
সর্বাঃ প্রাঞ্জলয়ো ভূত্বা পুরন্দরপুরোগমাঃ ॥১৮॥
এবং ত্বয়েচ্ছাম কৃতং হি কার্য্যং মহার্ণবং পীয়মানং মহাত্মন্!।
ততো বধিষ্যাম সহানুবন্ধান্ কালেয়সংজ্ঞান্ সুরবিদ্বিষস্তান্ ॥১৯॥
ত্রিদশানাং বচঃ শ্রুত্বা তথেতি মুনিরব্রবীৎ।
করিষ্যে ভবতাং কামং লোকানাঞ্চ মহৎ সুখম্ ॥২০॥

ভারতকৌমুদী

প্রকৃতমনুসরন্নাহ কালেয়া ইতি। কালেয়াস্তদাখ্যা অসুরাঃ ॥১৬॥
ত্রিদশানামিতি। মৈত্রাবরুণির্বগস্ত্যঃ। অভিযাতা আগতাঃ ॥১৭॥
এবমিতি। তেন অগস্ত্যেন। মুনিমগস্ত্যমেব ॥১৮॥
এবমিতি। অনুবন্ধৈরনুচরৈঃ সহেতি সহানুবন্ধাস্তান্ ॥১৯॥
ত্রিদশানামিতি। কাম্যত ইতি কামস্তম্ অভীষ্টং সমুদ্রপানমিত্যর্থঃ ॥২০॥

বিন্ধ্যপর্বত অগস্ত্যের প্রভাবেই যে বৃদ্ধি পায় নাই—যাহা তুমি আমাকে জিজ্ঞাসা করিয়াছিলে, এই তোমার নিকট সে সমস্তই বলিলাম ॥১৫॥

রাজা! দেবতারা সকলে অগস্ত্যের নিকট বর লাভ করিয়া যে ভাবে কালেয় অসুরগণকে বিনাশ করিয়াছিলেন, তাহা আমি বলিতেছি, শ্রবণ কর ॥১৬॥

দেবগণের কথা শুনিয়া অগস্ত্য বলিলেন—'দেবগণ! আপনারা কি জন্য আসিয়াছেন? কোন্ বরই বা আমার নিকট হইতে লাভ করিতে ইচ্ছা করেন?' ॥১৭॥

অগস্ত্য এইরূপ বলিলে, তাহার পর ইন্দ্রপ্রভৃতি দেবতারা সকলে কৃতাঞ্জলি হইয়া অগস্ত্যকে বলিলেন—॥১৮॥

'মহাত্মন্! আপনি এইরূপ কার্য্য করেন, অর্থাৎ মহাসমুদ্রটাকে পান করেন ইহা আমরা ইচ্ছা করি। তাহার পর আমরা সেই কালেয়নামক অসুরগণকে অনুচরদের সহিতই বিনাশ করিব' ॥১৯॥

দেবগণের কথা শুনিয়া অগস্ত্য বলিলেন—'তাহাই হইবে। আমি আপনাদের অভীষ্ট বিষয় এবং লোকের বিশেষ নির্বৃতি করিব' ॥২০॥

---

(১৮) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

এবমুক্ত্বা ততোঽগচ্ছৎ সমুদ্রং সরিতাং পতিম্।
ঋষিভিশ্চ তপঃসিদ্ধৈঃ সার্দ্ধং দেবৈশ্চ সুব্রত! ॥২১॥
মনুষ্যোরগগন্ধর্ব-যক্ষকিম্পুরুষাস্তদা।
অনুজগ্মুর্মহাত্মানং দ্রষ্টুকামাস্তদদ্ভুতম্ ॥২২॥
ততোঽভ্যগচ্ছন্ সহিতাঃ সমুদ্রং ভীমনিস্বনম্।
নৃত্যন্তমিব চোর্ম্মীভির্ব্বল্গন্তমিব বায়ুনা ॥২৩॥
হসন্তমিব ফেনৌঘৈঃ স্খলন্তং কন্দরেষু চ।
নানাগ্রাহসমাকীর্ণং নানাদ্বিজগণান্বিতম্ ॥২৪॥ (যুগ্মকম্)
অগস্ত্যসহিতা দেবাঃ সগন্ধর্ব্বমহোরগাঃ।
ঋষয়শ্চ মহাভাগাঃ সমাসেদুর্মহোদধিম্ ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামগস্ত্যমাহাত্ম্যকথনে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এবমিতি। শাস্ত্রবিহিতনিয়মানাং যথাযথপালনাৎ সুব্রতেতি যুধিষ্ঠিরস্য সম্বোধনম্ ॥২১॥

মনুষ্যেতি। মহাত্মানমগস্ত্যম্। তৎ সমুদ্রপানম্ ॥২২॥

তত ইতি। বায়ুনা বায়ুপ্রাতিকূল্যেন, বল্গন্তং সাটোপং গচ্ছন্তমিব। ফেনৌঘৈর্হসন্তমিব, ফেনৌঘানাং শুভ্রত্বাৎ, কন্দরেষু গুহাসু, স্খলন্তং স্খলিত্বা পতন্তমিব। নানা অনেকৈর্গ্রাহৈ-র্জলজন্তুভিঃ সমাকীর্ণং ব্যাপ্তম্, নানা দ্বিজগণৈঃ পক্ষিগণৈরন্বিতম্ ॥২৩—২৪॥

অগস্ত্যেতি। সমাসেদুঃ প্রাপুঃ, মহোদধিম্ উক্তরূপং মহাসমুদ্রম্ ॥২৫॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াম্ অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

যুধিষ্ঠির! এইরূপ বলিয়া তাহার পর অগস্ত্য তপঃসিদ্ধ ঋষিগণ ও দেবগণের সহিত মিলিত হইয়া সরিৎপতি সমুদ্রে গমন করিলেন ॥২১॥

তখন মনুষ্য, নাগ, গন্ধর্ব, যক্ষ ও কিম্পুরুষগণ সেই অদ্ভুত ঘটনা দেখিবার জন্য মহাত্মা অগস্ত্যের অনুগমন করিলেন ॥২২॥

তাহার পর তাঁহারা সম্মিলিত হইয়া সমুদ্রের তীরে উপস্থিত হইলেন। তখন সমুদ্র ভয়ঙ্কর গর্জন করিতেছিল, তরঙ্গদ্বারা যেন নৃত্য করিতেছিল, বায়ুর প্রতিকূলতাবশতঃ যেন উদ্ধতভাবে চলিতেছিল এবং গুহা সকলের ভিতরে যেন পড়িয়া যাইতেছিল; আর সে সমুদ্র নানাবিধ জলজন্তুতে পরিপূর্ণ এবং নানাবিধ পক্ষিগণে সমাকীর্ণ ছিল ॥২৩—২৪॥

---

* '…চতুরধিকশততমঃ …' বা ব কা পি, '…ত্র্যধিকশততমঃ…' নি।

ঊননবতিতমোঽধ্যায়ঃ

——ঃ০ঃ——

লোমশ উবাচ।

সমুদ্রং স সমাসাদ্য বারুণির্ভগবানৃষিঃ।
উবাচ সহিতান্ দেবানৃষীংশ্চৈব সমাগতান্ ॥১॥
এষ লোকহিতার্থং বৈ পিবামি বরুণালয়ম্।
ভবদ্ভির্যদনুষ্ঠেয়ং তচ্ছীঘ্রং সংবিধীয়তাম্ ॥২॥
এতাবদুক্ত্বা বচনং মৈত্রাবরুণিরচ্যুতঃ।
সমুদ্রমপিবৎ ক্রুদ্ধঃ সর্ব্বলোকস্য পশ্যতঃ ॥৩॥
পীয়মানং সমুদ্রন্তু দৃষ্ট্বা সেন্দ্রাস্তদাঽমরাঃ।
বিস্ময়ং পরমং জগ্মুঃ স্তুতিভিশ্চাপ্যপূজয়ন্ ॥৪॥

ভারতকৌমুদী

সমুদ্রমিতি। বারুণিরগস্ত্যঃ। সহিতান্ সম্মিলিতান্ ॥১॥
এষ ইতি। বরুণালয়ং সমুদ্রম্। অনুষ্ঠেয়ং বিধেয়ম্ ॥২॥
এতাবদিতি। মৈত্রাবরুণিরগস্ত্যঃ, অচ্যুতঃ তপঃপ্রভাবাদভ্রষ্টঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

সমুদ্রমিতি ॥১—২১॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊননবতিতমোঽধ্যায়ঃ ॥৮৯॥

তখন দেবতারা ও মহাত্মা ঋষিরা অগস্ত্যের সহিত এবং গন্ধর্ব্বগণ ও নাগগণের সহিত মিলিত হইয়া উক্তবিধ মহাসমুদ্রের তীরে গমন করিলেন' ॥২৫॥

——(-ঃ০ঃ-)——

লোমশ বলিলেন—'ভগবান্ অগস্ত্যমুনি সমুদ্রতীরে উপস্থিত হইয়া সমাগত সম্মিলিত দেবগণ ও ঋষিগণকে কহিলেন—॥১॥

'লোকহিতের জন্য এই আমি সমুদ্রপান করিতেছি। আপনাদের যাহা কর্ত্তব্য, তাহা শীঘ্র করুন' ॥২॥

এইটুকুমাত্র কথা বলিয়া মহাপ্রভাবসম্পন্ন অগস্ত্য ক্রুদ্ধ হইয়া সকল লোকের সাক্ষাতে সমুদ্র পান করিতে আরম্ভ করিলেন ॥৩॥

তখন অগস্ত্য সমুদ্র পান করিতেছেন দেখিয়া ইন্দ্রপ্রভৃতি দেবগণ অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন এবং স্তব দ্বারা তাঁহার সম্মান করিতে লাগিলেন—॥৪॥

---

(২) অহং লোকহিতার্থং বৈ···বা ব কা।

ত্বং নস্ত্রাতা বিধাতা চ লোকানাং লোকভাবন ! ।
ত্বৎপ্রসাদাৎ সমুচ্ছেদং ন গচ্ছেৎ সামরং জগৎ ॥৫॥
স পূজ্যমানস্ত্রিদশৈর্মহাত্মা গন্ধর্ব্বতূর্য্যেষু নদৎসু সর্ব্বশঃ ।
দিব্যৈশ্চ পুষ্পৈরবকীর্য্যমাণো মহার্ণবং নিঃসলিলং চকার ॥৬॥
দৃষ্ট্বা কৃতং নিঃসলিলং মহার্ণবং সুরাঃ সমস্তাঃ পরমপ্রহৃষ্টাঃ ।
প্রগৃহ্য দিব্যানি বরায়ুধানি তান্ দানবান্ জঘ্নুরদীনসত্ত্বাঃ ॥৭॥
তে বধ্যমানাস্ত্রিদশৈর্মহাত্মভির্মহাবলৈর্বেগিভিরুন্নদদ্ভিঃ ।
ন সেহিরে বেগবতাং মহাত্মনাং বেগং তদা ধারয়িতুং দিবৌকসাম্ ॥৮॥
তে বধ্যমানাস্ত্রিদশৈর্দানবা ভীমনিস্বনাঃ ।
চক্রুঃ সুতুমুলং যুদ্ধং মুহূর্ত্তমিব ভারত ! ॥৯॥

ভারতকৌমুদী

পীয়মানমিতি। ইন্দ্রেণ সহেতি সেন্দ্রাঃ। অপূজয়ন্ অগস্ত্যমিতি শেষঃ ॥৪॥
ত্বমিতি। বিধাতা শুভস্যেতি শেষঃ। লোকভাবন ! লোকানাং নির্বৃতিকারক ! ॥৫॥
স ইতি। সঃ অগস্ত্যঃ, ত্রিদশৈর্দেবৈঃ। নদৎসু বাদনাৎ শব্দায়মানেষু ॥৬॥
দৃষ্ট্বেতি। দিব্যানি স্বর্গীয়াণি। অদীনসত্ত্বা অনল্পাধ্যবসায়াঃ ॥৭॥
ত ইতি। তে দানবাঃ। উন্নদদ্ভিঃ সিংহনাদং কুর্ব্বদ্ভিঃ। সেহিরে শেকুঃ ॥৮॥
ত ইতি। ত্রিদশৈর্দেবৈঃ। ভীমনিস্বনা ভয়ঙ্করসিংহনাদাঃ ॥৯॥

'জগতের নির্বৃতিকারক মহর্ষি! আপনি আমাদের রক্ষাকর্ত্তা এবং ত্রিভুবনেরই মঙ্গলবিধাতা। আপনার অনুগ্রহেই দেবগণের সহিত সমস্ত জগৎ উচ্ছেদ প্রাপ্ত হইবে না' ॥৫॥

এই ভাবে দেবতারা স্তব করিতে লাগিলেন, গন্ধর্বেরা সকল দিকে তূর্য্যধ্বনি করিতে থাকিল এবং আকাশ হইতে পুষ্পবৃষ্টি হইতে লাগিল এই; অবস্থায় মহাত্মা অগস্ত্য মহাসমুদ্রটাকে জলশূন্য করিয়া ফেলিলেন ॥৬॥

অগস্ত্য মহাসমুদ্রটাকে জলশূন্য করিয়াছেন দেখিয়া দেবতারা সকলেই আনন্দিত হইয়া স্বর্গীয় উৎকৃষ্ট অস্ত্র সকল ধারণ করিয়া বিশেষ অধ্যবসায়ের সহিত সেই দানবগণকে বধ করিতে লাগিলেন ॥৭॥

মহাবল, বেগবান্ ও সিংহনাদকারী মহাত্মা দেবতারা বধ করিতে লাগিলে, তখন সেই দানবেরা বেগবান্ ও মহাবল দেবগণের সেই বেগ ধারণ করিতে সমর্থ হইল না ॥৮॥

ভরতনন্দন! দেবতারা দানবগণকে বধ করিতে লাগিলে, তাহারা ভয়ঙ্কর সিংহনাদ করিয়া কিছুকাল অতিতুমুল যুদ্ধ করিল ॥৯॥

তে পূর্ব্বং তপসা দগ্ধা মুনিভির্ভাবিতাত্মভিঃ।
যতমানাঃ পরং শক্ত্যা ত্রিদশৈর্বিনিসূদিতাঃ ॥১০॥
তে হেমনিষ্কাভরণাঃ কুণ্ডলাঙ্গদধারিণঃ।
নিহতা বহ্বশোভন্ত পুষ্পিতা ইব কিংশুকাঃ ॥১১॥
হতশেষাস্ততঃ কেচিৎ কালেয়া মনুজোত্তম!।
বিদার্য্য বসুধাং দেবীং পাতালতলমাশ্রিতাঃ ॥১২॥
নিহতান্ দানবান্ দৃষ্ট্বা ত্রিদশা মুনিপুঙ্গবম্।
তুষ্টুবুর্বিবিধৈর্বাক্যৈরিদঞ্চৈবাব্রুবন্ বচঃ ॥১৩॥
ত্বৎপ্রসাদান্মহাবাহো! লোকৈঃ প্রাপ্তং মহৎ সুখম্।
ত্বত্তেজসা চ নিহতাঃ কালেয়াঃ ক্রূরবিক্রমাঃ ॥১৪॥
পূরয়স্ব মহাবাহো! সমুদ্রং লোকভাবন!।
যত্ত্বয়া সলিলং পীতং তদস্মিন্ পুনরুৎসৃজ ॥১৫॥

ভারতকৌমুদী

ত ইতি। ভাবিতাত্মভিঃ মৈত্র্যাদিভাবনয়া শোধিতচিত্তৈঃ ॥১০॥
ত ইতি। হেমনিষ্কং স্বর্ণমাল্যম্ আভরণং যেষাং তে। বহু অধিকম্ ॥১১॥
হতেতি। কালেয়াঃ কশ্যপভার্য্যায়াঃ কালায়াঃ পুত্রা আদিপর্ব্বণ্যুক্তাঃ ॥১২॥
নিহতানিতি। মুনিপুঙ্গবমগস্ত্যম্ ॥১৩॥
ত্বদিতি। মহাবাহুবন্মহাশক্রসংহারঘটনান্মহাবাহো ইত্যগস্ত্যস্যৈব সম্বোধনম্ ॥১৪॥

নির্ম্মলচিত্ত মুনিরা পূর্ব্বেই তাহাদিগকে তপস্যানলে দগ্ধ করিয়াছিলেন; সুতরাং তখন তাহারা শক্তি অনুসারে জয়ের জন্য বিশেষ যত্ন করিতে থাকিলেও দেবতারা তাহাদিগকে সংহার করিলেন ॥১০॥

স্বর্ণময় হার, কুণ্ডল ও অঙ্গদধারী সেই দানবেরা নিহত হইয়া পুষ্পিত কিংশুকবৃক্ষের ন্যায় অত্যন্ত শোভা পাইতে লাগিল ॥১১॥

নরশ্রেষ্ঠ! তাহার পর হতাবশিষ্ট কতকগুলি কালেয় অসুর পৃথিবী বিদারণ করিয়া পাতালে যাইয়া আশ্রয় লইল ॥১২॥

তখন দেবগণ দানবগণকে নিহত দেখিয়া নানাবিধ বাক্যে মুনিশ্রেষ্ঠ অগস্ত্যের স্তব করিলেন এবং এই কথা বলিলেন—॥১৩॥

'মহাবাহু! আপনার অনুগ্রহেই লোকেরা মহাসুখ লাভ করিল। কারণ, আপনার তেজেই ক্রূরবিক্রম কালেয়গণ নিহত হইয়াছে ॥১৪॥

---

(১২)···পাতালতলমাস্থিতাঃ—বা ব কা নি। (১৩)···ইদং বচনমব্রুবন্—বা ব কা নি।

এবমুক্তঃ প্রত্যুবাচ ভগবান্ মুনিপুঙ্গবঃ।
তাংস্তদা সহিতান্ দেবানগস্ত্যঃ সপুরন্দরান্ ॥১৬॥
জীর্ণং তদ্ধি ময়া তোয়মুপায়োঽন্যঃ প্রচিন্ত্যতাম্।
পূরণার্থং সমুদ্রস্য ভবদ্ভির্যত্নমাস্থিতৈঃ ॥১৭॥
এতচ্ছ্রুত্বা তু বচনং মহর্ষের্ভাবিতাত্মনঃ।
বিস্মিতাশ্চ বিষণ্ণাশ্চ বভূবুঃ সহিতাঃ সুরাঃ ॥১৮॥
পরস্পরমনুজ্ঞাপ্য প্রণম্য মুনিপুঙ্গবম্।
প্রজাঃ সর্বা মহারাজ! বিপ্রজগ্মুর্যথাগতম্ ॥১৯॥
ত্রিদশা বিষ্ণুনা সার্দ্ধমুপজগ্মুঃ পিতামহম্।
পূরণার্থং সমুদ্রস্য মন্ত্রয়িত্বা পুনঃ পুনঃ ॥২০॥

ভারতকৌমুদী

পূরয়স্বেতি। হে লোকভাবন! লোকানাং মঙ্গলকারক! অস্মিন্ সমুদ্রখাতে ॥১৫॥
এবমিতি। ভগবান্ অতিশয়েনাণিমাদ্যৈশ্বর্য্যবান্, মহার্ণবস্যৈব পানাৎ ॥১৬॥
জীর্ণমিতি। অন্যঃ মৎকর্ত্তৃকোদ্গারাদপরঃ ॥১৭॥
এতদিতি। বিস্মিতাঃ ক্ষণেনৈব জলরাশের্জীর্ণীকরণাৎ, বিষণ্ণাঃ সমুদ্রস্য জলশূন্যত্বাৎ ॥১৮॥
পরস্পরমিতি। প্রজা গন্ধর্বমনুষ্যাদয়ো জনাঃ। যথাগতং যথাস্থানম্ ॥১৯॥
ত্রিদশা ইতি। পিতামহং ব্রহ্মাণমুপজগ্মুঃ, সমুদ্রপূরণমন্ত্রণার্থমিতি ভাবঃ ॥২০॥

মহাবাহু! লোকমঙ্গলকারক! আপনি আবার সমুদ্র পূরণ করুন; আপনি যে জল পান করিয়াছেন, তাহা আবার এই খাতে বিসর্জ্জন করুন' ॥১৫॥

দেবতারা এইরূপ বলিলে, মুনিশ্রেষ্ঠ ভগবান্ অগস্ত্য তখন ইন্দ্রপ্রভৃতি সেই সম্মিলিত দেবগণকে বলিলেন—॥১৬॥

'আমি সে জল জীর্ণ করিয়া ফেলিয়াছি; সুতরাং আপনারা সমুদ্র পূরণের জন্য বিশেষ যত্ন অবলম্বন করিয়া অন্য উপায় চিন্তা করুন' ॥১৭॥

নির্ম্মলচিত্ত মহর্ষি অগস্ত্যের এই কথা শুনিয়া সম্মিলিত দেবতারা সকলেই বিস্মিত এবং বিষণ্ণ হইলেন ॥১৮॥

মহারাজ! তাহার পর তত্রত্য লোকেরা সকলেই মুনিশ্রেষ্ঠ অগস্ত্যকে প্রণাম করিয়া পরস্পর পরস্পরের অনুমতি লইয়া যথাস্থানে চলিয়া গেল ॥১৯॥

আর, দেবতারা সমুদ্রকে পূরণ করিবার জন্য বিষ্ণুর সহিত বার বার মন্ত্রণা করিয়া ব্রহ্মার নিকট গমন করিলেন ॥২০॥

---

(১৬) দ্বিতীয়ার্দ্ধং ব্রা ব কা পি নাস্তি।

তে ধাতারমুপাগম্য ত্রিদশাঃ সহ বিষ্ণুনা।
উচুঃ প্রাঞ্জলয়ঃ সর্বে সাগরস্যাভিপূরণম্ ॥২১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং সমুদ্রপূরণমন্ত্রণে ঊননবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——ঃ০ঃ——

নবতিতমোঽধ্যায়ঃ

——*(ঃ০ঃ)*——

লোমশ উবাচ।
তানুবাচ সমেতাংস্তু ব্রহ্মা লোকপিতামহঃ।
নির্হ্রাদিন্যা গিরা রাজন্! দেবানাশ্বাসয়ংস্তদা ॥১॥
গচ্ছধ্বং বিবুধাঃ সর্বে যথাকামং যথেপ্সিতম্।
মহতা কালযোগেন প্রকৃতিং যাস্যতেঽর্ণবঃ ॥২॥

ভারতকৌমুদী

ত ইতি। ধাতারং ব্রহ্মাণম্। উচুঃ পপৃচ্ছুঃ। অভিপূরণং তদুপায়ম্ ॥২১॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামূননবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(ঃ*ঃ)——

তানিতি। সমেতান্ সমাগতান্। নির্হ্রাদিন্যা স্বভাবত এব গম্ভীরয়া ॥১॥
গচ্ছধ্বমিতি। যথাকামং গচ্ছধ্বম্, যথেপ্সিতঞ্চ কুরুধ্বমিতি শেষঃ ॥২॥

সেই দেবতারা বিষ্ণুর সহিত ব্রহ্মার নিকট যাইয়া, সকলেই কৃতাঞ্জলি হইয়া, সমুদ্রপূরণের উপায় জিজ্ঞাসা করিলেন ॥২১॥

——ঃ(*)ঃ——

লোমশ বলিলেন—'রাজা! লোকপিতামহ ব্রহ্মা সমাগত দেবগণকে আশ্বস্ত করিবার জন্য গম্ভীরবাক্যে তাঁহাদিগকে বলিলেন—॥১॥

'দেবগণ! তোমরা সকলে ইচ্ছা হইলে যাইতে পার এবং ইচ্ছানুসারে কার্য্য করিতে পার। কারণ, সমুদ্র বহুকালপরে নিজেই স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হইবে ॥২॥

---

(২১) পূর্বার্দ্ধং বা ব কা পি নাস্তি। * '...পঞ্চাধিকশততমঃ...' '...চতুরধিকশত-তমঃ...' নি। (১) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

জ্ঞাতীংশ্চ কারণং কৃত্বা মহারাজো ভগীরথঃ।
পূরয়িষ্যতি তোয়ৌঘৈঃ সমুদ্রং নিধিমম্ভসাম্ ॥৩॥
পিতামহবচঃ শ্রুত্বা সর্ব্বে বিবুধসত্তমাঃ।
কালযোগং প্রতীক্ষন্তো জগ্মুশ্চাপি যথাগতম্ ॥৪॥

যুধিষ্ঠির উবাচ।

কথং বৈ জ্ঞাতয়ো ব্রহ্মন্! কারণঞ্চাত্র বৈ মুনে!।
কথং সমুদ্রঃ পূর্ণশ্চ ভগীরথপ্রতিশ্রয়াৎ ॥৫॥
এতদিচ্ছাম্যহং শ্রোতুং বিস্তরেণ তপোধন!।
কথ্যমানং ত্বয়া বিপ্র! রাজ্ঞাঞ্চরিতমুত্তমম্ ॥৬॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তস্তু বিপ্রেন্দ্রো ধর্ম্মরাজ্ঞা মহাত্মনা।
কথয়ামাস মাহাত্ম্যং সগরস্য মহাত্মনঃ ॥৭॥

ভারতকৌমুদী

জ্ঞাতীনিতি। অম্ভসাং নিধিম্, অতস্তোয়ৌঘৈরেব পূরয়িষ্যতীতি ভাবঃ ॥৩॥
পিতামহেতি। কালযোগং ভাবিকালপ্রাপ্তিসম্বন্ধম্, প্রতীক্ষন্তঃ প্রতীক্ষমাণাঃ ॥৪॥
কথমিতি। অত্র সমুদ্রপূরণে। ভগীরথস্য প্রতিশ্রয়াদবলম্বনাৎ ॥৫॥
এতদিতি। রাজচরিতস্যোত্তমত্বাদেব তদেতচ্ শ্রোতুমিচ্ছামীত্যাশয়ঃ ॥৬॥
এবমিতি। বিপ্রেন্দ্রো লোমশঃ। ধর্ম্মরাজ্ঞেতি আর্যত্বাদদন্তত্বাভাবঃ ॥৭॥

মহারাজ ভগীরথ জ্ঞাতিগণকে হেতু করিয়া জলরাশি দ্বারাই জলনিধি সমুদ্রকে পূর্ণ করিবেন' ॥৩॥

তখন দেবতারা সকলে ব্রহ্মার সেই কথা শুনিয়া, সেই কালের প্রতীক্ষা করিয়া যথাস্থানে চলিয়া গেলেন' ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—'ব্রহ্মন্! মুনে! এ বিষয়ে ভগীরথের জ্ঞাতিরা কি করিয়া কারণ হইয়াছিলেন? এবং কি করিয়াই বা ভগীরথকে অবলম্বন করিয়া সমুদ্র পূর্ণ হইয়াছিল? ॥৫॥

ব্রাহ্মণ! তপোধন! আপনি রাজাদের উত্তম চরিত্র বিস্তরক্রমে বলুন, আমি তাহা শুনিতে ইচ্ছা করি' ॥৬॥

বৈশম্পায়ন কহিলেন—মহাত্মা যুধিষ্ঠির এইরূপ বলিলে, লোমশমুনি মহাত্মা সগরের মাহাত্ম্য বলিতে আরম্ভ করিলেন ॥৭॥

---

(৩) জ্ঞাতীন্ বৈ কারণং কৃত্বা মহারাজো ভগীরথাৎ। দ্বিতীয়ার্দ্ধঞ্চ নাস্তি—বা ব কা পি।
(৫)…কারণঞ্চাত্র কিং মুনে!… বা ব কা নি।

লোমশ উবাচ।

ইক্ষ্বাকূণাং কুলে জাতঃ সগরো নাম পার্থিবঃ।
রূপসত্ত্ববলোপেতঃ স চাপুত্রঃ প্রতাপবান্ ॥৮॥
স হৈহয়ান্ সমুৎসাদ্য তালজঙ্ঘাংশ্চ ভারত!।
বশে চ কৃত্বা রাজন্যান্ স্বরাজ্যমনুশিষ্টবান্ ॥৯॥
তস্য ভার্য্যে ত্বভবতাং রূপযৌবনদর্পিতে।
বৈদর্ভী ভরতশ্রেষ্ঠ! শৈব্যা চ ভরতর্ষভ! ॥১০॥
স পুত্রকামো নৃপতিস্তপ্যাতে স্ম মহত্তপঃ।
পত্নীভ্যাং সহ রাজেন্দ্র! কৈলাসং গিরিমাশ্রিতঃ ॥১১॥
স তপ্যমানঃ সুমহত্তপোযোগসমন্বিতঃ।
আসসাদ মহাত্মানং ত্র্যক্ষং ত্রিপুরমর্দ্দনম্ ॥১২॥
শঙ্করং ভবমীশানং শূলপাণিং পিনাকিনম্।
ত্র্যম্বকং শিবমুগ্রেশং বহুরূপমুমাপতিম্ ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ইক্ষ্বাকূণামিতি। রূপং সৌন্দর্য্যং সত্ত্বমধ্যবসায়ঃ বলং শক্তিশ্চ তৈরুপেতঃ ॥৮॥

স ইতি। হৈহয়ান্ তালজঙ্ঘাংশ্চ তত্তদ্বংশীয়ান্ নৃপতীন্ ॥৯॥

তস্যেতি। বৈদর্ভী বিদর্ভরাজতনয়া, শৈব্যা শিবিতনয়া চ ॥১০॥

স ইতি। আশ্রিতঃ অধিষ্ঠিতঃ ॥১১॥

স ইতি। তপো বৈধক্লেশ উপবাসাদিঃ যোগশ্চ ধ্যানাদিস্তাভ্যাং সমন্বিতঃ। ত্র্যক্ষং ত্রিলোচনম্। কর্ম্মানুসারিভির্নামভিস্ত' বিশিনষ্টি শঙ্করমিত্যাদি ॥১২—১৩॥

লোমশ বলিলেন—'ইক্ষ্বাকুবংশে 'সগর'-নামে এক রাজা জন্মিয়াছিলেন; তিনি রূপ, উৎসাহ, শক্তি ও প্রতাপশালী হইয়াও অপুত্রক ছিলেন ॥৮॥

ভরতনন্দন! তিনি হৈহয়বংশীয় ও তালজঙ্ঘবংশীয় রাজগণকে উৎসন্ন করিয়া এবং অন্যান্য ক্ষত্রিয়দিগকে বশীভূত করিয়া আপন রাজ্য শাসন করিতেন ॥৯॥

ভরতশ্রেষ্ঠ! সেই সগররাজার দুইটী ভার্য্যা ছিল; তাঁহারা দুই জনই রূপযৌবনগর্বিতা ছিলেন; তাঁহাদের একজন বিদর্ভরাজার তনয়া, অপরজন শিবিরাজার দুহিতা ছিলেন ॥১০॥

রাজশ্রেষ্ঠ! সেই সগররাজা ভার্য্যাদের সহিত মিলিত হইয়া কৈলাসপর্ব্বতে যাইয়া পুত্রকামনা করিয়া গুরুতর তপস্যা করেন ॥১১॥

তিনি উপবাসাদি ও ধ্যানপ্রভৃতি করিতে থাকিয়া গুরুতর তপস্যায় প্রবৃত্ত

(৯)…স্বরাজ্যমন্বশাসত—বা ব কা পি। (১৩)…পিনাকিং শূলপাণিনম্…বা ব কা নি।

স তং দৃষ্ট্বৈব বরদং পত্নীভ্যাং সহিতো নৃপঃ।
প্রণিপত্য মহাবাহুঃ পুত্রার্থং সমযাচত ॥১৪॥
তং প্রীতিমান্ হরঃ প্রাহ সভার্য্যং নৃপসত্তমম্।
যস্মিন্ বৃতো মুহূর্ত্তেঽহং ত্বয়েহ নৃপতে! বরম্ ॥১৫॥
ষষ্টিঃ পুত্রসহস্রাণি শূরাঃ পরমদর্পিতাঃ।
একস্যাং সম্ভবিষ্যন্তি পত্ন্যাং নরবরোত্তম! ॥১৬॥
তে চৈব সর্ব্বে সহিতাঃ ক্ষয়ং যাস্যন্তি পার্থিব!।
একো বংশধরঃ শূর একস্যাং সম্ভবিষ্যতি ॥১৭॥ (বিশেষকম্)
এবমুক্ত্বা তু তং রুদ্রস্তত্রৈবান্তরধীয়ত।
স চাপি সগরো রাজা জগাম স্বং নিবেশনম্ ॥১৮॥
পত্নীভ্যাং সহিতস্তত্র সোঽতিহৃষ্টমনাস্তদা।
কালং শম্ভুবরপ্রাপ্তং প্রতীক্ষন্ সগরোঽনয়ৎ ॥১৯॥

ভারতকৌমুদী

স ইতি। সমযাচত বরমিতি শেষঃ ॥১৪॥

তমিতি। বৃতো যাচিতঃ। অতএব দ্বিকর্ম্মকত্বম্ অপ্রধানকর্ম্মণ উক্ততা চ। একস্যাং পত্ন্যাং ষষ্টিঃ পুত্রসহস্রাণি সম্ভবিষ্যন্তি, তে চৈব সর্বে শূরাঃ পরমদর্পিতাশ্চ সম্ভবিষ্যন্তি, সহিতাঃ সম্মিলিতাশ্চ ক্ষয়ং যাস্যন্তি, তস্য মুহূর্ত্তস্য গুণাদেবেতি শেষঃ। একঃ পুত্রঃ। একস্যাং পত্ন্যাম্ ॥১৫-১৭॥

এবমিতি। রুদ্রো মহাদেবঃ। নিবেশনং ভবনম্ ॥১৮॥

পত্নীভ্যামিতি। প্রাপ্তঃ শম্ভুবর ইতি শম্ভুবরপ্রাপ্তস্তম্, অগ্নিষ্টোকাদিবৎ পরনিপাতঃ ॥১৯॥

রহিয়া একদা শঙ্কর, ভব, ঈশান, শূলপাণি, পিনাকী, ত্র্যম্বক, শিব ও উগ্রেশ-প্রভৃতি বহুরূপধারী উমাপতি ত্রিপুরহন্তা মহাত্মা মহাদেবের সাক্ষাৎকার লাভ করিলেন ॥১২—১৩॥

মহাবাহু সগররাজা মহাদেবকে দেখিয়াই পত্নীদের সহিত মিলিত হইয়া প্রণিপাত করিয়া পুত্রের জন্য বর প্রার্থনা করিলেন ॥১৪॥

তখন সন্তুষ্টচিত্ত মহাদেব, ভার্য্যাদের সহিত সগররাজাকে বলিলেন—'রাজা! তুমি যে মুহূর্ত্তে আমার নিকট বর প্রার্থনা করিয়াছ, সেই মুহূর্ত্তের গুণে তোমার এক পত্নীর গর্ভে ষাট হাজার পুত্র জন্মিবে; তাহারা সকলেই বীর ও মহাদর্পিত হইবে, পরে আবার সকলে মিলিয়াই বিনষ্ট হইবে। আর, অপর পত্নীর গর্ভে একটীমাত্র বীর ও বংশরক্ষক পুত্র জন্মিবে' ॥১৫—১৭॥

সগররাজাকে এই কথা বলিয়া মহাদেব সেই খানেই অন্তর্হিত হইলেন; সগররাজাও আপন ভবনে চলিয়া গেলেন ॥১৮॥

---

(১৯) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

তস্য তে মনুজশ্রেষ্ঠ ! ভার্য্যে কমললোচনে।
বৈদর্ভী চৈব শৈব্যা চ গর্ভিণ্যৌ সংবভূবতুঃ ॥২০॥
ততঃ কালেন বৈদর্ভী গর্ভালাবুং ব্যজায়ত।
শৈব্যা চ সুষুবে পুত্রং কুমারং দেবরূপিণম্ ॥২১॥
তদাঽলাবুং সমুৎস্রষ্টুং মনশ্চক্রে স পার্থিবঃ।
অথান্তরীক্ষাচ্ছুশ্রাব বাচং গম্ভীরনিস্বনাম্ ॥২২॥
রাজন্ ! মা সাহসং কার্ষীঃ পুত্রান্ ন ত্যক্তুমর্হসি।
অলাবুমধ্যান্নিষ্কৃষ্য বীজং যত্নেন গোপ্যতাম্ ॥২৩॥
সোপস্বেদেষু পাত্রেষু ঘৃতপূর্ণেষু ভাগশঃ।
ততঃ পুত্রসহস্রাণি ষষ্টিং প্রাপ্স্যসি পার্থিব ! ॥২৪॥ (যুগ্মকম্)
মহাদেবেন দিষ্টং তে পুত্রজন্ম নরাধিপ !।
অনেন ক্রমযোগেন মা তে বুদ্ধিরতোঽন্যথা ॥২৫॥

ভারতকৌমুদী

তস্যেতি। গর্ভিণ্যৌ সংবভূবতুঃ, কালক্রমেণ শম্ভুবরাদেবেতি ভাবঃ ॥২০॥

তত ইতি। গর্ভভূতা অলাবূর্গর্ভালাবুস্তাম্, ব্যজায়ত ব্যজনয়ৎ। কুমারং কার্ত্তিকেয়মিব, ভর্তৃদারকং বা ॥২১॥

তদেতি। সমুৎস্রষ্টুং পরিত্যক্তুম্, মনশ্চক্রে ইয়েষেত্যর্থঃ ॥২২॥

রাজন্নিতি। বীজমঙ্কুরঃ, গোপ্যতাং রক্ষ্যতাম্। সোপস্বেদেষু উষ্ণেষু ॥২৩—২৪॥

সগররাজা সেখানে যাইয়া পত্নীদের সহিত মিলিত হইয়া অতিহৃষ্টমনে মহাদেবের বরের প্রতীক্ষা করিয়া কাল অতিবাহিত করিতে লাগিলেন ॥১৯॥

নরশ্রেষ্ঠ ! কালক্রমে বৈদর্ভী ও শৈব্যা এই দুইটী পদ্মনয়না সগরভার্য্যাই গর্ভবতী হইলেন ॥২০॥

তাহার পর যথাকালে বৈদর্ভী একটী অলাবূ প্রসব করিলেন এবং শৈব্যা কার্ত্তিকের তুল্য দিব্যরূপী একটী পুত্র প্রসব করিলেন ॥২১॥

তখন সগররাজা সেই অলাবুটাকে ফেলাইয়া দিবার ইচ্ছা করিলেন ; কিন্তু তিনি সেই সময়েই আকাশ হইতে গম্ভীরস্বরে এক বাক্য শুনিতে পাইলেন ॥২২॥

'রাজা ! অবিবেচনার কার্য্য করিবেন না, পুত্রগুলিকে ফেলাইয়া দিবেন না। অলাবুর ভিতর হইতে বীজ সকল নিষ্কাশনপূর্ব্বক ভাগ ভাগ করিয়া উষ্ণ ও ঘৃতপূর্ণ পাত্রে যত্নপূর্ব্বক রক্ষা করুন ; তাহা হইলে ষাট হাজার পুত্র লাভ করিবেন ॥২৩—২৪॥

(২৫) শ্লোকাৎ পরম্ '...ষড়ধিকশততমোঽধ্যায়ঃ' বা ব কা পি, '...পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ' নি।

লোমশ উবাচ ।

এতচ্ছ্রুত্বাঽন্তরীক্ষাচ্চ স রাজা রাজসত্তমঃ ।
যথোক্তং তচ্চকারাথ শ্রদ্দধদ্ভরতর্ষভ ! ॥২৬॥
একৈকশস্ততঃ কৃত্বা বীজং বীজং নরাধিপঃ ।
ঘৃতপূর্ণেষু কুম্ভেষু তান্ ভাগান্ নিদধে ততঃ ॥২৭॥
ধাত্রীশ্চৈকৈকশঃ প্রাদাৎ পুত্ররক্ষণতৎপরঃ ।
ততঃ কালেন মহতা সমুত্তস্থুর্মহাবলাঃ ॥২৮॥
ষষ্টিঃ পুত্রসহস্রাণি তস্যাপ্রতিমতেজসঃ ।
রুদ্রপ্রসাদাদ্রাজর্ষেঃ সমজায়ন্ত পার্থিব ! ॥২৯॥
তে ঘোরাঃ ক্রূরকর্ম্মাণ আকাশপরিসর্পিণঃ ।
বহুত্বাচ্চাবজানন্তঃ সর্বান্ লোকান্ সহামরান্ ॥৩০॥
ত্রিদশাংশ্চাপ্যবাধন্ত তথা গন্ধর্বরাক্ষসান্ ।
সর্বাণি চৈব ভূতানি শূরাঃ সমরশালিনঃ ॥৩১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

মহেতি। দিষ্টং নির্দ্দিষ্টম্। ক্রমযোগেন ক্রমনিয়মেন ॥২৫॥
এতদিতি। অন্তরীক্ষাদাগতম্ এতদ্বচনম্। শ্রদ্দধৎ বিশ্বসন্ ॥২৬॥
একৈকশ ইতি। বীজং পুত্রকারণীভূতম্, বীজমঙ্কুরম্, একৈকশঃ পৃথক্ পৃথক্ ॥২৭॥
ধাত্রীরিতি। পুত্ররক্ষণতৎপরঃ সগরঃ। মহাবলাঃ পুত্রা ইতি শেষঃ ॥২৮॥
ষষ্টিরিতি। তস্য সগরস্য। রুদ্রপ্রসাদান্মহাদেবানুগ্রহাৎ ॥২৯॥

রাজা! মহাদেব এই ক্রমেই আপনার পুত্রজন্ম নির্দ্দেশ করিয়াছেন; সুতরাং আপনার যেন অন্যরূপ বুদ্ধি হয় না’ ॥২৫॥

লোমশ বলিলেন—‘ভরতশ্রেষ্ঠ! রাজপ্রধান সগররাজা আকাশ হইতে এই বাক্য শুনিয়া এবং তাহা বিশ্বাস করিয়া যথোক্তরূপ কার্য্যই করিলেন ॥২৬॥

তিনি পুত্রের কারণ সেই অঙ্কুরগুলিকে পৃথক্ পৃথক্ করিয়া, তাহার পর সেই ভাগগুলিকে ঘৃতপূর্ণ বহুতর কুম্ভের ভিতরে রাখিলেন ॥২৭॥

এবং পুত্ররক্ষার্থ এক একটী কুম্ভে এক একটী করিয়া ধাত্রী নিযুক্ত করিলেন। তাহার পর অনেক কাল পরে মহাবল পুত্র সকল উত্থিত হইল ॥২৮॥

রাজা! মহাদেবের অনুগ্রহে অতুলনীয়প্রভাব রাজর্ষি সগরের ষাট হাজার পুত্র জন্মিল ॥২৯॥

ভয়ঙ্করপ্রকৃতি, হিংস্রস্বভাব, আকাশচারী, বীর ও যুদ্ধনিপুণ সেই সগর-

(৩১) ত্রিদশাংশ্চাপ্যধাবন্ত···পি।

বাধ্যমানাস্ততো লোকাঃ সাগরৈর্ম্মন্দবুদ্ধিভিঃ।
ব্রহ্মাণং শরণং জগ্মুঃ সহিতাঃ সর্বদৈবতৈঃ ॥৩২॥
তানুবাচ মহাভাগঃ সর্বলোকপিতামহঃ।
গচ্ছধ্বং ত্রিদশাঃ! সর্বে লোকৈঃ সার্দ্ধং যথাগতম্ ॥৩৩॥
নাতিদীর্ঘেণ কালেন সাগরাণাং ক্ষয়ো মহান্।
ভবিষ্যতি মহাঘোরঃ স্বকৃতৈঃ কর্ম্মভিঃ সুরাঃ! ॥৩৪॥
এবমুক্তাস্তু তে দেবা লোকাশ্চ মনুজেশ্বর!।
পিতামহমনুজ্ঞাপ্য বিপ্রজগ্মুর্যথাগতম্ ॥৩৫॥
ততঃ কালে বহুতিথে ব্যতীতে ভরতর্ষভ!।
দীক্ষিতঃ সগরো রাজা হয়মেধেন বীর্য্যবান্ ॥৩৬॥

ভারতকৌমুদী

ত ইতি। আকাশপবিসর্পিণঃ বিমানাবোহণেন গগনচারিণঃ। ত্রিদশান্ দেবান্। সমবশালিনো যুদ্ধনৈপুণ্যবন্তঃ ॥৩০—৩১॥

বাধ্যমানা ইতি। সাগরৈঃ সগরপুত্রৈঃ, বাধ্যমানাঃ পীড্যমানাঃ ॥৩২॥

তানিতি। সর্ব্বলোকপিতামহো ব্রহ্মা। যথাগতং যথাস্থানম্ ॥৩৩॥

নেতি। সাগরাণাং সগরপুত্রাণাম্। মহান্, সাকল্যেনোচ্ছেদাদিত্যাশয়ঃ ॥৩৪॥

এবমিতি। পিতামহং ব্রহ্মাণম্, অনুজ্ঞাপ্য অনুজ্ঞাং কারয়িত্বা ॥৩৫॥

তত ইতি। দীক্ষিতো লব্ধদীক্ষঃ, হয়মেধেন অশ্বমেধযজ্ঞেন ॥৩৬॥

পুত্রেরা নিজেদের সংখ্যা বহুতর বলিয়া দেবগণের সহিত সমস্ত লোককে অবজ্ঞা করিতে থাকিয়া, সমস্ত প্রাণী, গন্ধর্ব্ব, রাক্ষস, এমন কি দেবগণকে পর্য্যন্ত উৎপীড়িত করিতে লাগিল ॥৩০—৩১॥

তাহার পর সমস্ত লোক, মন্দবুদ্ধি-সগরপুত্রগণকর্তৃক উৎপীড়িত হইতে থাকিয়া দেবগণের সহিত যাইয়া ব্রহ্মার শরণাপন্ন হইল ॥৩২॥

তখন মহাত্মা ব্রহ্মা তাহাদিগকে বলিলেন—'দেবগণ! তোমরা সকলে এই লোকদের সহিত যথাস্থানে যাইতে পার ॥৩৩॥

কারণ, দেবগণ! অনতিদীর্ঘকালের মধ্যেই নিজেদের কর্ম্মফলে সগরপুত্রগণের ভীষণভাবে সমূলে ধ্বংস হইবে' ॥৩৪॥

নরনাথ! ব্রহ্মা এইরূপ বলিলে, সেই দেবতারা ও অন্যান্য লোকেরা ব্রহ্মার অনুমতি লইয়া যথাস্থানে চলিয়া গেলেন ॥৩৫॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর বহুকাল অতীত হইলে, প্রতাপশালী সগররাজা অশ্বমেধযজ্ঞে দীক্ষিত হইলেন ॥৩৬॥

তস্যাশ্বো ব্যচরদ্ভূমিং পুত্রৈঃ সম্পরিরক্ষিতঃ।
সমুদ্রং স সমাসাদ্য নিস্তোয়ং ভীমদর্শনম্ ॥৩৭॥
রক্ষ্যমাণঃ প্রযত্নেন তত্রৈবান্তরধীয়ত।
ততস্তে সাগরাস্তাত! হৃতং মত্বা হয়োত্তমম্ ॥৩৮॥
আগম্য পিতুরাচখ্যুরদৃশ্যং তুরগং হৃতম্।
তেনোক্তা দিক্ষু সর্বাসু সর্ব্বে মার্গত বাজিনম্ ॥৩৯॥ (বিশেষকম্)
ততস্তে পিতুরাজ্ঞায় দিক্ষু সর্ব্বাসু তং হয়ম্।
অমার্গন্ত মহারাজ! সর্বঞ্চ পৃথিবীতলম্ ॥৪০॥
ততস্তে সাগরাঃ সর্বে সমুপেত্য পরস্পরম্।
নাধ্যগচ্ছন্ত তুরগমশ্বহর্ত্তারমেব চ ॥৪১॥
আগম্য পিতরঞ্চোচুস্ততঃ প্রাঞ্জলয়োঽগ্রতঃ।
সসমুদ্রবনদ্বীপা সনদীনদকন্দরা ॥৪২॥
সপর্বতবনোদ্দেশা নিখিলেন মহী নৃপ!।
অস্মাভির্বিচিতা রাজন্! শাসনাত্তব পার্থিব! ॥৪৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্যেতি। নিস্তোয়ং খাতমাত্রম্, অগস্ত্যেন পীততোয়ত্বাৎ। সাগবাঃ সগরপুত্রাঃ। অদৃশ্যং যথা স্যাত্তথা হৃতম্। তেন পিত্রা সগরেণ, মার্গত অন্বিষ্যত ॥৩৭—৩৯॥
তত ইতি। আজ্ঞায় আজ্ঞাং গৃহীত্বা। পৃথিবীতলঞ্চ গত্বেতি শেষঃ ॥৪০॥
তত ইতি। সাগরাঃ সগরপুত্রাঃ। নাধ্যগচ্ছন্ত নাপ্নুবন্, তুরগমশ্বম্ ॥৪১॥
আগম্যেতি। ঊচুঃ সাগবাঃ। নিখিলেন সাকল্যেনেত্যর্থঃ। বিচিতা অন্বিষ্টা ॥৪২—৪৩॥

তখন তাঁহার যজ্ঞীয় অশ্ব তাঁহারই পুত্রগণকর্তৃক পরিরক্ষিত হইয়া পৃথিবী বিচরণ করিতে লাগিল। একদা সেই অশ্ব, জলশূন্য ভীমদর্শন সমুদ্রতীরে যাইয়া যত্নপূর্বক রক্ষিত হইতে থাকিয়াও সেই স্থানেই অন্তর্হিত হইল। বৎস! তাহার পর সেই সগরপুত্রেরা পিতার নিকট আসিয়া বলিল যে, অদৃশ্যভাবে সে অশ্ব অপহৃত হইয়াছে। তখন সগর বলিলেন—'তোমরা সকলে সকল দিকে সেই অশ্বের অন্বেষণ কর' ॥৩৭—৩৯॥

মহারাজ! তাহার পর সগরপুত্রেরা পিতার আদেশ পাইয়া সকল দিকে এবং সমস্ত পৃথিবীতে সেই অশ্বের অন্বেষণ করিল ॥৪০॥

তদনন্তর সেই সগরপুত্রেরা সকলে পরস্পর বিচরণ করিয়াও সে অশ্ব বা অশ্বহর্ত্তাকে পাইল না ॥৪১॥

তাহার পর তাহারা আসিয়া পিতার সম্মুখে কৃতাঞ্জলি হইয়া বলিল যে,

ন চাশ্বমধিগচ্ছামো নাশ্বহর্ত্তারমেব চ।
শ্রুত্বা তু বচনং তেষাং স রাজা ক্রোধমূচ্ছিতঃ ॥৪৪॥
উবাচ বচনং সর্বাংস্তদা দৈববশান্নৃপ !।
অনাগমায় গচ্ছধ্বং ভূয়ো মার্গত বাজিনম্ ॥৪৫॥ (যুগ্মকম্)
যজ্ঞিয়ং তং বিনা হ্যশ্বং নাগন্তব্যং হি পুত্রকাঃ !।
প্রতিগৃহ্য তু সন্দেশং পিতুস্তে সগরাত্মজাঃ ॥৪৬॥
ভূয় এব মহীং কৃৎস্নাং বিচেতুমুপচক্রমুঃ।
অথাপশ্যন্ত তে বীরাঃ পৃথিবীমবদারিতাম্ ॥৪৭॥ (যুগ্মকম্)
সমাসাদ্য বিলং তচ্চাপ্যখনন্ সগরাত্মজাঃ।
কুদ্দালৈর্হেষুকৈশ্চাপি সমুদ্রং যত্নমাস্থিতাঃ ॥৪৮॥
স খন্যমানঃ সহিতৈঃ সাগরৈর্বরুণালয়ঃ।
অগচ্ছৎ পরমামার্ত্তিং দীর্য্যমাণঃ সমন্ততঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

নেতি। অধিগচ্ছামঃ প্রাপ্নুমঃ। মার্গত অন্বিষ্যত ॥৪৪—৪৫॥

যজ্ঞিয়মিতি। যজ্ঞিয়ং যজ্ঞার্হম্। সন্দেশমাদেশম্। বিচেতুমন্বেষ্টুম্ ॥৪৬—৪৭॥

সমিতি। হেষন্তে অব্যক্তং শব্দং কুর্বন্তীতি হেষুকাণি প্রসৃতকবাকাবমুখানি লৌহাস্ত্রাণি তৈঃ। "বেষৃ হেষৃ অব্যক্তে শব্দে" ইতি হেষধাতোরৌণাদিক উকঃ ॥৪৮॥

স ইতি। সাগরৈঃ সগরপুত্রৈঃ, বরুণালয়ঃ সমুদ্রঃ ॥৪৯॥

'মহারাজ! আপনার আদেশে আমরা সমুদ্র, বন, দ্বীপ, নদী, নদ, গুহা, পর্বত, ও বনপ্রান্তের সহিত সমগ্র পৃথিবীই অন্বেষণ করিয়াছি ॥৪২—৪৩॥

কিন্তু অশ্ব বা অশ্বহর্ত্তাকে পাইলাম না'। রাজা! তাহাদের সেই কথা শুনিয়া সগররাজা ক্রোধে উত্তেজিত হইয়া দৈববশতঃ তখনই সকলকে বলিলেন—'ফিরিয়া না আসার জন্যই তোমরা আবার যাও, অশ্ব অন্বেষণ কর ॥৪৪—৪৫॥

পুত্রগণ! সেই যজ্ঞের অশ্ব ব্যতীত তোমরা আসিও না'। সেই সগরপুত্রগণ পিতার আদেশ পাইয়া আবারও সমগ্র পৃথিবী অন্বেষণ করিবার উপক্রম করিল। তাহার পর তাহারা (সমুদ্রতীরের এক স্থানে) ভূতলটাকে বিদারিত দেখিল ॥৪৬—৪৭॥

সগরপুত্রেরা সেই গর্ত্ত পাইয়া বিশেষ যত্ন অবলম্বনপূর্ব্বক কুদ্দাল ও হেষুক (অস্ত্রবিশেষ) দ্বারা সমুদ্র খনন করিতে লাগিল ॥৪৮॥

---

(৪৮)···কুদ্দালৈর্হ্রেষুকৈশ্চৈব··· বা ব কা।

অসুরোরগরক্ষাংসি সত্ত্বানি বিবিধানি চ।
আর্ত্তনাদমকুর্ব্বন্ত বধ্যমানানি সাগরৈঃ ॥৫০॥
ছিন্নশীর্ষা বিদেহাশ্চ ভিন্নত্বগস্থিসন্ধয়ঃ।
প্রাণিনঃ সমদৃশ্যন্ত শতশোঽথ সহস্রশঃ ॥৫১॥
এবং হি খনতাং তেষাং সমুদ্রং বরুণালয়ম্।
ব্যতীতঃ সুমহান্ কালো ন চাশ্বঃ সমদৃশ্যত ॥৫২॥
ততঃ পূর্ব্বোত্তরে দেশে সমুদ্রস্য মহীপতে!।
বিদার্য্য পাতালমথ সংক্রুদ্ধাঃ সগরাত্মজাঃ ॥৫৩॥
অপশ্যন্ত হয়ং তত্র বিচরন্তং মহীতলে।
কপিলঞ্চ মহাত্মানং তেজোরাশিমনুত্তমম্ ॥৫৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অসুরেতি। সত্ত্বানি প্রাণিনঃ। সাগরৈঃ সগরপুত্রৈঃ ॥৫০॥

ছিন্নেতি। বিদেহা দেহরহিতাঃ, ভিন্না বিদীর্ণাস্ত্বগস্থিসন্ধয়ো যেষাং তে ॥৫১॥

এবমিতি। তেষাং সগরপুত্রাণাম্। সমদৃশ্যত তৈরিতি শেষঃ ॥৫২॥

তত ইতি। পূর্ব্বোত্তরে দেশে ঈশানকোণে। হয়ং তং যজ্ঞাশ্বম্ ॥৫৩—৫৪॥

ভারতভাবদীপঃ

তানিতি ॥১—৪৭॥ ত্রেষুকৈঃ ত্রেষয়তি সর্পয়ত্যেভিরিতি মৃত্তিকোৎক্ষেপণযন্ত্রৈঃ সদৈণ্ডৈর্লৌহপত্রৈঃ। ত্রেষ্—প্রসর্পণে অস্য রূপম্ ॥৪৮॥ সাগরৈঃ সগরপুত্রসমূহৈঃ॥৪৯—৫২॥ পূর্ব্বোত্তরে ঐশান্যাম্ ॥৫৩—৯৭॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবতিতমোঽধ্যায়ঃ ॥৯০॥

সগরপুত্রেরা মিলিত হইয়া খনন করিতে লাগিলে সেই সমুদ্র সকল দিকে বিদীর্ণ হইতে থাকিয়া অত্যন্ত দুঃখ পাইতে থাকিল ॥৪৯॥

সগরপুত্রেরা বধ করিতে থাকিলে অসুর, নাগ, রাক্ষস এবং অন্যান্য নানাবিধ প্রাণী সকল আর্ত্তনাদ করিতে লাগিল ॥৫০॥

মস্তক ছিন্ন, দেহ অপসারিত এবং চর্ম্ম, অস্থি ও সন্ধিস্থান বিদীর্ণ হইল; এই ভাবের শত শত সহস্র সহস্র প্রাণী দেখা যাইতে লাগিল ॥৫১॥

এই ভাবে বরুণালয় সমুদ্রকে খনন করিতে সগরপুত্রগণের অতিদীর্ঘকাল অতীত হইল; কিন্তু সে যজ্ঞীয় অশ্ব দেখা গেল না ॥৫২॥

রাজা! তাহার পর ক্রুদ্ধ সগরপুত্রেরা সমুদ্রের ঈশানকোণে বিদারণ করিয়া পাতালে যাইয়া দেখিল যে, সেই যজ্ঞীয় অশ্বটা ভূতলে বিচরণ করিতেছে এবং অসাধারণ তেজঃপুঞ্জের ন্যায় মহাত্মা কপিলমুনি অবস্থান করিতেছেন ॥৫৩—৫৪॥

তেজসা দীপ্যমানন্তু জ্বালাভিরিব পাবকম্‌।
দৃষ্ট্বা হি বিস্মিতাঃ সর্ব্বে বভূবুঃ কালচোদিতাঃ ॥৫৫॥
তে তং দৃষ্ট্বা হয়ং রাজন্‌! সম্প্রহৃষ্টতনূরুহাঃ।
অনাদৃত্য মহাত্মানং কপিলং কালচোদিতাঃ।
সংক্রুদ্ধাঃ সমধাবন্ত অশ্বগ্রহণকাঙ্ক্ষিণঃ ॥৫৬॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ! কপিলো মুনিসত্তমঃ।
বাসুদেবেতি যং প্রাহুঃ কপিলং মুনিপুঙ্গবম্‌ ॥৫৭॥
স চক্ষুর্বিকৃতং কৃত্বা তেজস্তেষু সমুৎসৃজন্‌।
দদাহ সুমহাতেজা মন্দবুদ্ধীন্‌ স সাগরান্‌ ॥৫৮॥
তান্‌ দৃষ্ট্বা ভস্মসাদ্ভূতান্‌ নারদঃ সুমহাতপাঃ।
সগরান্তিকমাগচ্ছত্তচ্চ তস্মৈ ন্যবেদয়ৎ ॥৫৯॥

ভারতকৌমুদী

তেজসেতি। জ্বালাভিঃ। শিখাভিঃ। কালেন মৃত্যুনা চোদিতাঃ প্রেরিতাঃ ॥৫৫॥

ত ইতি। সম্প্রহৃষ্টতনূরুহা আনন্দেন রোমাঞ্চিতদেহাঃ। সংক্রুদ্ধাঃ কপিলস্যৈব চৌরত্বাবধারণাদিতি ভাবঃ, সমধাবন্ত কপিলমেব হন্তুমিতি শেষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৬॥

তত ইতি। ক্রুদ্ধোঽভবৎ। বাসুদেবেতি বাসুদেবাবতার ইতি, "পঞ্চমঃ কপিলো নাম সিদ্ধেশঃ কালবিপ্লুতম্‌। প্রোবাচাসুরয়ে সাংখ্যং তত্ত্বগ্রামবিনির্ণয়ম্‌॥" ইতি শ্রীমদ্ভাগবতবচনাৎ ॥৫৭॥

স ইতি। মন্দবুদ্ধীন্‌, কপিলচৌর্য্যবিষয়ে বিচারাকরণাদিতি ভাবঃ। স প্রসিদ্ধঃ ॥৫৮॥

তানিতি। ভস্মসাদ্ভূতান্‌ অংশতঃ, পরত্র "যত্র তানি শরীরাণি" ইত্যভিধানাৎ। তৎ পুত্রনিধনম্‌, তস্মৈ সগরায় ॥৫৯॥

কপিলমুনিকে—শিখাদ্বারা অগ্নির ন্যায় তেজদ্বারা দীপ্যমান দেখিয়াই কালপ্রেরিত সগরপুত্রেরা সকলেই বিস্ময়াপন্ন হইল ॥৫৫॥

রাজা! তখন তাহারা সেই অশ্বটা দেখিয়া আনন্দে রোমাঞ্চিত হইয়া, সেই অশ্ব গ্রহণ করিবার ইচ্ছায় কালপ্রেরিত ও ক্রুদ্ধ হইয়া মহাত্মা কপিলকে অবজ্ঞা করিয়া তাঁহার দিকে ধাবিত হইল ॥৫৬॥

মহারাজ! তাহার পর মুনিশ্রেষ্ঠ কপিল ক্রুদ্ধ হইলেন; জ্ঞানীরা যে মুনিশ্রেষ্ঠ কপিলকে নারায়ণের অবতার বলিয়া থাকেন ॥৫৭॥

প্রসিদ্ধ মহাতেজা সেই কপিল চক্ষু বিকৃত করিয়া সেই মন্দবুদ্ধি সগরপুত্রগণের উপরে তেজ নিক্ষিপ্ত করিতে থাকিয়া তাহাদিগকে দগ্ধ করিলেন ॥৫৮॥

তখন মহাতপা নারদ সেই সগরপুত্রদিগকে প্রায় ভস্মীভূত দেখিয়া সগররাজার নিকট গেলেন এবং তাঁহাকে সেই বৃত্তান্ত জানাইলেন ॥৫৯॥

স তচ্ছ্রুত্বা বচো ঘোরং রাজা মুনিমুখোদ্গতম্ ।
মুহূর্ত্তং বিমনা ভূত্বা স্থাণোর্বাক্যমচিন্তয়ৎ ॥৬০॥
স পুত্রনিধনোত্থেন দুঃখেন সমভিপ্লুতঃ ।
আত্মানমাত্মনাশ্বাস্য হয়মেবান্বচিন্তয়ৎ ॥৬১॥
অংশুমন্তং সমাহূয় অসমঞ্জঃসুতং তদা ।
পৌত্রং ভরতশার্দ্দূল ! ইদং বচনমব্রবীৎ ॥৬২॥
ষষ্টিস্তানি সহস্রাণি পুত্রাণামমিতৌজসাম্ ।
কাপিলং তেজ আসাদ্য মৎকৃতে নিধনং গতাঃ ॥৬৩॥
তব চাপি পিতা তাত ! পরিত্যক্তো ময়াঽনঘ ! ।
ধর্ম্মং স্বং রক্ষমাণেন পৌরাণাং হিতমিচ্ছতা ॥৬৪॥

যুধিষ্ঠির উবাচ ।

কিমর্থং রাজশার্দ্দূলঃ সগরঃ পুত্রমাত্মজম্ ।
ত্যক্তবান্ দুস্ত্যজং বীরং তন্মে ব্রূহি তপোধন ! ॥৬৫॥

ভারতকৌমুদী

স ইতি। স্থাণোঃ শিবস্য। "তে চৈব সর্ব্বে সহিতাঃ ক্ষয়ং যাস্যন্তি পার্থিব!" ইতি বাক্যম্ ॥৬০॥

স ইতি। হয়ং তং যজ্ঞাশ্বমেবাচিন্তয়ৎ, যজ্ঞনির্বাহার্থমিতি ভাবঃ ॥৬১॥

অংশ্বিতি॥ অব্রবীৎ, সগর ইতি শেষঃ ॥৬২॥

ষষ্টিরিতি। গতা ইতি শব্দাভিধেয়ে পুংস্ত্বম্, "শব্দাভিধেয়ে লিঙ্গং স্যাৎ শব্দলিঙ্গমথাপি বা। শোভনায়ৈ কলত্রায় দারান্ পশ্যন্তি শোভনান্ ॥" ইত্যুক্তেঃ ॥৬৩॥

তবেতি। পিতা অসমঞ্জা নাম, হে তাত! বৎস!। স্বং রাজকীয়ম্ ॥৬৪॥

তখন সগররাজা নারদমুখনিঃসৃত সেই ভয়ঙ্কর বাক্য শুনিয়া মুহূর্ত্তকাল বিষণ্ণচিত্ত হইয়া সেই মহাদেবের বাক্য স্মরণ করিলেন ॥৬০॥

পুত্রনিধনদুঃখে দুঃখিত সগররাজা আপনাদ্বারাই আপনাকে আশ্বস্ত করিয়া সেই অশ্বের বিষয়ই চিন্তা করিলেন ॥৬১॥

ভরতশ্রেষ্ঠ! তখন তিনি অসমঞ্জার পুত্র পৌত্র অংশুমান্‌কে আহ্বান করিয়া এই কথা বলিলেন—॥৬২॥

'বৎস! অমিততেজা সেই ষাট হাজার পুত্র আমার জন্যই কপিলের তেজে মৃত্যুমুখে পতিত হইয়াছে ॥৬৩॥

বৎস! আমি নিজের ধর্ম্মরক্ষার জন্য এবং পুরবাসিগণের হিতের জন্য তোমার পিতাকেও পরিত্যাগ করিয়াছি' ॥৬৪॥

---

(৬১) এষ শ্লোকঃ বা ব কা পি নাস্তি।

লোমশ উবাচ।

অসমঞ্জা ইতি খ্যাতঃ সগরস্য সুতো হ্যভূৎ।
যং শৈব্যা জনয়ামাস পৌরাণাং স হি দারকান্‌।
গলেষু ক্রোশতো গৃহ্য নদ্যাং চিক্ষেপ দুর্ব্বলান্‌ ॥৬৬॥
ততঃ পৌরাঃ সমাজগ্মুর্ভয়শোকপরিপ্লুতাঃ।
সগরঞ্চাপ্যভাষন্ত সর্ব্বে প্রাঞ্জলয়ঃ স্থিতাঃ ॥৬৭॥
ত্বং নস্ত্রাতা মহারাজ! পরচক্রাদিভির্ভয়াৎ।
অসমঞ্জোভয়াদ্‌ঘোরাত্ততো নস্ত্রাতুমর্হসি ॥৬৮॥
পৌরাণাং বচনং শ্রুত্বা ঘোরং নৃপতিসত্তমঃ।
মুহূর্ত্তং বিমনা ভূত্বা সচিবানিদমব্রবীৎ ॥৬৯॥
অসমঞ্জাঃ পুরাদদ্য সুতো মে বিপ্রবাস্যতাম্‌।
যদি বো মৎপ্রিয়ং কার্য্যমেতচ্ছীঘ্রং বিধীয়তাম্‌ ॥৭০॥

ভারতকৌমুদী

কিমিতি। আত্মজমিত্যনেন পরজাতক্ষেত্রজাদিব্যাবৃত্তিঃ। অতএবোক্তং দুস্ত্যজমিতি ॥৬৫॥
অসমঞ্জা ইতি। ক্রোশত আর্ত্তনাদং কুর্ব্বতঃ, গৃহ্য ধৃত্বা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৬॥
তত ইতি। সমাজগ্মুঃ সগররাজান্তিকমিতি শেষঃ ॥৬৭॥
ত্বমিতি। নঃ অস্মাকম্‌। পরচক্রাদিভিঃ পররাজ্যাদিভিঃ ॥৬৮॥
পৌরাণামিতি। বিমনাঃ, পুত্রকৃতাত্যাচারশ্রবণাদিতি ভাবঃ ॥৬৯॥
অসমঞ্জা ইতি। বিপ্রবাস্যতাং নির্ব্বাস্যতাম্‌। বো যুষ্মাকম্‌ ॥৭০॥

যুধিষ্ঠির কহিলেন—'তপোধন! রাজশ্রেষ্ঠ সগর দুস্ত্যজ বীর ঔরস পুত্রকে কি জন্য পরিত্যাগ করিয়াছিলেন, তাহা আমার নিকট বলুন' ॥৬৫॥

লোমশ বলিলেন—'অসমঞ্জা নামে সগরের একটী পুত্র হইয়াছিল, যাহাকে শৈব্যা প্রসব করিয়াছিলেন। সেই অসমঞ্জা পুরবাসিগণের দুর্বল বালকগুলিকে গলদেশে ধারণ করিয়া নদীতে নিক্ষেপ করিত; তখন সেই বালকেরা আর্ত্তনাদ করিতে থাকিত ॥৬৬॥

তাহার পর পুরবাসীরা ভয়ে ও শোকে আকুল হইয়া সগররাজার নিকট আসিত এবং সকলেই কৃতাঞ্জলিপুটে থাকিয়া তাঁহাকে বলিত—॥৬৭॥

'মহারাজ! বিপক্ষরাজ্যের ভয় হইতে আপনি আমাদের রক্ষক। সুতরাং অসমঞ্জার গুরুতর ভয় হইতে আমাদিগকে রক্ষা করুন' ॥৬৮॥

রাজশ্রেষ্ঠ সগর পুরবাসিগণের সেই দারুণ কথা শুনিয়া, কিছুকাল বিমনা থাকিয়া মন্ত্রিগণকে এই কথা বলিলেন—॥৬৯॥

এবমুক্তা নরেন্দ্রেণ সচিবাস্তে নরাধিপ !।
যথোক্তং ত্বরিতাশ্চক্রুর্যথাজ্ঞাপিতবান্ নৃপঃ ॥৭১॥
এতত্তে সর্ব্বমাখ্যাতং যথা পুত্রো মহাত্মনা।
পৌরাণাং হিতকামেন সগরেণ বিবাসিতঃ ॥৭২॥
অংশুমাংস্তু মহেষ্বাসো যদুক্তঃ সগরেণ হি।
তত্তে সর্ব্বং প্রবক্ষ্যামি কীর্ত্ত্যমানং নিবোধ মে ॥৭৩॥

সগর উবাচ।

পিতুশ্চ তেঽহং ত্যাগেন পুত্রাণাং নিধনেন চ।
অলাভেন তথাশ্বস্য পরিতপ্যামি পুত্রক ! ॥৭৪॥
তস্মাদ্দুঃখাভিসন্তপ্তং যজ্ঞবিঘ্নাচ্চ মোহিতম্।
হয়স্যানয়নাৎ পৌত্র ! নরকাম্মাং সমুদ্ধর ॥৭৫॥

ভারতকৌমুদী

এবমিতি। যথোক্তম্ অসমঞ্জসো নির্ব্বাসনম্ ॥৭১॥

এতদিতি। বিবাসিতো নগরান্নির্ব্বাসিতঃ ॥৭২॥

অংশুমানিতি। ইষূন্ বাণান্ অস্যতি ক্ষিপতীতি ইষ্বাসো ধনুঃ "কর্ম্মণ্যণ্" ইত্যস্যতেরণ্, মহানিষ্বাসো যস্য স মহেষ্বাসো মহাধনুর্দ্ধর ইত্যর্থঃ ॥৭৩॥

পিতুরিতি। নিধনেন কপিলনয়নাগ্নিনা দাহান্মরণেন ॥৭৪॥

তস্মাদিতি। নরকাৎ আরব্ধযজ্ঞাসমাপনেন সম্ভাব্যমানাদিতি ভাবঃ ॥৭৫॥

'মন্ত্রিগণ ! আমার প্রিয় কার্য্য যদি আপনাদের কর্ত্তব্য হয়, তবে এই কার্য্যটা সত্বর করুন, অদ্যই আমার পুত্র অসমঞ্জাকে নগর হইতে নির্ব্বাসিত করুন' ॥৭০॥

নরনাথ ! সগররাজা এইরূপ বলিলে, সেই মন্ত্রীরা রাজার আদেশ অনুসারে সত্বরই অসমঞ্জাকে নগর হইতে নির্ব্বাসিত করিলেন ॥৭১॥

সগররাজা পুরবাসীদিগের হিতকামী হইয়া পুত্র অসমঞ্জাকে যে কারণে নির্বাসিত করিয়াছিলেন, তাহা সমস্তই এই তোমার নিকট বলিলাম ॥৭২॥

সগররাজা মহাধনুর্দ্ধর অংশুমান্‌কে যাহা বলিয়াছিলেন, সে সমস্তও আমি তোমার নিকট বলিব ; তুমি শ্রবণ কর ॥৭৩॥

সগর বলিয়াছিলেন—'বৎস ! তোমার পিতাকে পরিত্যাগ করায়, অন্যান্য পুত্রদের মৃত্যু হওয়ায় এবং যজ্ঞীয় অশ্ব না পাওয়ায় আমি সর্ব্বপ্রকারেই সন্তপ্ত হইতেছি ॥৭৪॥

অতএব আমি শোকে সন্তপ্ত এবং যজ্ঞের বিঘ্ন হওয়ায় মোহিত হইয়াছি।

অংশুমানেবমুক্তস্তু সগরেণ মহাত্মনা।
জগাম দুঃখাত্তং দেশং যত্র বৈ দারিতা মহী ॥৭৬
স তু তেনৈব মার্গেণ সমুদ্রং প্রবিবেশ হ।
অপশ্যচ্চ মহাত্মানং কপিলং তুরগঞ্চ তম্ ॥৭৭॥
স দৃষ্ট্বা তেজসো রাশিং পুরাণমৃষিসত্তমম্।
প্রণম্য শিরসা ভূমৌ কার্য্যমস্মৈ ন্যবেদয়ৎ ॥৭৮॥
ততঃ প্রীতো মহারাজ! কপিলোঽংশুমতোঽভবৎ।
উবাচ চৈনং ধর্ম্মাত্মা বরদোঽস্মীতি ভারত! ॥৭৯॥
স বব্রে তুরগং তত্র প্রথমং যজ্ঞকারণাৎ।
দ্বিতীয়মুদকং বব্রে পিতৄণাং পাবনেচ্ছয়া ॥৮০॥

ভারতকৌমুদী

অংশুমানিতি। দুঃখাৎ ষষ্টিসহস্রজ্ঞাতিনাশনিবন্ধনাদিত্যাশয়ঃ ॥৭৬॥
স ইতি। তেনৈব সগরপুত্রগণকৃতেনৈব। তুরগং যজ্ঞাশ্বম্ ॥৭৭॥
স ইতি। কার্য্যম্ আত্মনঃ কর্ত্তব্যবিষয়ম্, অস্মৈ কপিলায় ॥৭৮॥
তত ইতি। অংশুমত উপরি। ধর্ম্মাত্মা কপিলঃ, বরদঃ ত্বাং প্রতীতি শেষঃ ॥৭৯॥
স ইতি। সঃ অংশুমান্, বব্রে প্রার্থয়ামাস। পিতৄণাং সগরপুত্রাণাম্ ॥৮০॥

সুতরাং পৌত্র! তুমি সেই অশ্ব আনয়ন করিয়া আমাকে নরক হইতে উদ্ধার কর' ॥৭৫॥

মহাত্মা সগর এইরূপ বলিলে, অংশুমান্ দুঃখিতচিত্তেই সেই স্থানে গমন করিলেন, যেখানে ভূতল বিদারিত ছিল ॥৭৬॥

অংশুমান্ সেই পথেই সমুদ্রে প্রবেশ করিলেন এবং মহাত্মা কপিলকে ও সেই অশ্বটীকে দেখিতে পাইলেন ॥৭৭॥

অংশুমান্, প্রাচীন ও ঋষিশ্রেষ্ঠ কপিলকে তেজঃপুঞ্জের ন্যায় দেখিয়া মস্তক দ্বারা ভূতলে প্রণাম করিয়া, উঁহার নিকট নিজের কর্ত্তব্য বিষয় জানাইলেন ॥৭৮॥

মহারাজ ভরতনন্দন! তাহার পর ধর্ম্মাত্মা কপিল অংশুমানের উপরে সন্তুষ্ট হইলেন এবং তাঁহাকে বলিলেন—'আমি তোমার প্রতি বরদাতা হইলাম' ॥৭৯॥

তখন তিনি প্রথমে যজ্ঞসমাপ্তির জন্য অশ্ব প্রার্থনা করিলেন, পরে পিতৃলোকদের উদ্ধার করিবার ইচ্ছায় জল যাচ্ঞা করিলেন ॥৮০॥

(৮০)···দ্বিতীয়ং বরকং বব্রে···বা ব কা।

তমুবাচ মহাতেজাঃ কপিলো মুনিপুঙ্গবঃ ।
সর্ব্বাণি তব ভদ্রং তে যদ্যৎ প্রার্থয়সেঽনঘ ! ॥৮১॥
ত্বয়ি ক্ষমা চ ধর্ম্মশ্চ সত্যঞ্চাপি প্রতিষ্ঠিতম্ ।
ত্বয়া কৃতার্থঃ সগরঃ পুত্রবাংশ্চ ত্বয়া পিতা ॥৮২॥
তব চৈব প্রভাবেণ স্বর্গং যাস্যন্তি সাগরাঃ ।
শলভত্বং গতা যে তে মম ক্রোধহুতাশনে ॥৮৩॥
পৌত্রশ্চ তে ত্রিপথগাং ত্রিদিবাদানয়িষ্যতি ।
পাবনার্থং সাগরাণাং তোষয়িত্বা মহেশ্বরম্ ॥৮৪॥
হয়ং নয়স্ব ভদ্রং তে যজ্ঞিয়ং নরপুঙ্গব ! ।
যজ্ঞঃ সমাপ্যতাং তাত ! সগরস্য মহাত্মনঃ ॥৮৫॥

ভারতকৌমুদী

তমিতি। তে তব, ভদ্রং মঙ্গলমস্তু ॥৮১॥

ত্বয়ীতি। ক্ষমা, অপরাধিনো মমানাক্রমণাৎ, ধর্ম্মঃ, পিতামহযজ্ঞসমাপনোদ্যোগাৎ, সত্যম্ অশ্বগ্রহণায় ছলাকরণাদিত্যাশয়ঃ। পিতা অসমঞ্জাঃ ॥৮২॥

তবেতি। সাগরাঃ সগরপুত্রাঃ। শলভত্বং পতঙ্গত্বম্ গতা দগ্ধা ইত্যর্থঃ ॥৮৩॥

পৌত্র ইতি। ত্রিপথগাং গঙ্গাম্, ত্রিদিবাৎ স্বর্গাৎ, আনয়িষ্যতি আনেষ্যতি ॥৮৪॥

হয়মিতি। তে তব, ভদ্রং মঙ্গলমস্তু। যজ্ঞিয়ং যজ্ঞার্হম্ ॥৮৫॥

তখন মহাতেজা মুনিশ্রেষ্ঠ কপিল অংশুমান্‌কে বলিলেন—'হে নিষ্পাপ! তুমি যাহা যাহা প্রার্থনা করিলে, তাহা তাহাই তোমাকে দিব; তোমার মঙ্গল হউক ॥৮১॥

কারণ, তোমাতে ক্ষমা, ধর্ম্ম ও সত্য রহিয়াছে। সুতরাং তোমাদ্বারা সগররাজা কৃতার্থ হইয়াছেন এবং তোমাদ্বারাই তোমার পিতা পুত্রবান্ হইয়াছেন ॥৮২॥

নরশ্রেষ্ঠ! সগরের পুত্রেরা তোমার প্রভাবেই স্বর্গলাভ করিবেন; যাঁহারা আমার ক্রোধানলে পতঙ্গত্ব প্রাপ্ত হইয়াছেন ॥৮৩॥

তোমার পৌত্র (ভগীরথ) মহাদেবকে সন্তুষ্ট করিয়া সগরপুত্রদিগের উদ্ধারের জন্য স্বর্গলোক হইতে গঙ্গাকে আনয়ন করিবেন ॥৮৪॥

বৎস! তুমি যজ্ঞের ঘোড়া লইয়া যাও এবং মহাত্মা সগরের যজ্ঞ সমাপ্ত করাও। তোমার মঙ্গল হউক' ॥৮৫॥

---

(৮৩) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

অংশুমানেবমুক্তস্তু কপিলেন মহাত্মনা।
আজগাম হয়ং গৃহ্য যজ্ঞবাটং মহাত্মনঃ ॥৮৬॥
সোঽভিবাদ্য ততঃ পাদৌ সগরস্য মহাত্মনঃ।
মূর্দ্ধ্নি তেনাপ্যুপাঘ্রাতস্তস্মৈ সর্বং ন্যবেদয়ৎ ॥৮৭॥
যথা দৃষ্টং শ্রুতঞ্চাপি সাগরাণাং ক্ষয়ং তথা।
তঞ্চাস্মৈ হয়মাচষ্ট যজ্ঞবাটমুপাগতম্ ॥৮৮॥
তচ্ছ্রুত্বা সগরো রাজা পুত্রজং দুঃখমত্যজৎ।
অংশুমন্তঞ্চ সম্পূজ্য সমাপয়ত তং ক্রতুম্ ॥৮৯॥
সমাপ্তযজ্ঞঃ সগরো দেবৈঃ সর্বৈঃ সভাজিতঃ।
পুত্রত্বে কল্পয়ামাস সমুদ্রং বরুণালয়ম্ ॥৯০॥
প্রশাস্য সুচিরং কালং রাজ্যং রাজীবলোচনঃ।
পৌত্রে ভারং সমাবেশ্য জগাম ত্রিদিবং তদা ॥৯১॥

ভারতকৌমুদী

অংশুমানিতি। হয়ং যজ্ঞাশ্বম্, গৃহ্য গৃহীত্বা। যজ্ঞস্য বাটং বৃতিবেষ্টিতস্থানম্, "বাটো মার্গে বৃতিস্থানে স্যাৎ কুটীবাস্তনোঃ স্ত্রিয়াম্" ইতি মেদিনী ॥৮৬॥

স ইতি। সঃ অংশুমান্। তেন সগরেণাপি। মূর্দ্ধ্নি উপাঘ্রাণং স্নেহাতিরেকাৎ ॥৮৭॥

যথেতি। সাগরাণাং সগরপুত্রাণাম্। আচষ্ট উক্তবান্, অংশুমানিতি শেষঃ ॥৮৮॥

তদিতি। পুত্রজং পুত্রনিধনাজ্জাতম্। সম্পূজ্য কার্য্যকুশলতয়া আদৃত্য ॥৮৯॥

সমাপ্তেতি। সভাজিতঃ অভিনন্দিতঃ। পুত্রত্বকল্পনাদেব সমুদ্রস্য সাগরেতি নাম ॥৯০॥

মহাত্মা কপিল এইরূপ বলিলে, অংশুমান্ সেই অশ্ব লইয়া মহাত্মা সগরের যজ্ঞস্থানে আগমন করিলেন ॥৮৬॥

তাহার পর অংশুমান্ মহাত্মা সগরের চরণযুগলে নমস্কার করিলে, সগরও তাঁহার মস্তকাঘ্রাণ করিলেন। তৎপরে অংশুমান্ সমস্ত বিষয় সগরকে জানাইলেন ॥৮৭॥

সগরপুত্রগণের বিনাশ যেমন দেখিয়াছিলেন এবং যেমন শুনিয়াছিলেন, সেই সমস্ত সংবাদ এবং সেই অশ্ব যে যজ্ঞস্থানে আসিয়াছে, সেই সংবাদ অংশুমান্ সগরের নিকট বলিলেন ॥৮৮॥

তাহা শুনিয়া সগররাজা পুত্রগণের মৃত্যুজনিত দুঃখ পরিত্যাগ করিলেন এবং অংশুমানের গৌরব করিয়া সেই অশ্বমেধযজ্ঞ সমাপ্ত করিলেন ॥৮৯॥

সগররাজা যজ্ঞ সমাপ্ত করিলে, দেবতারা সকলে তাঁহার অভিনন্দন করিলেন; তৎপরে সগর বরুণালয় সমুদ্রকে আপন পুত্ররূপে কল্পনা করিলেন ॥৯০॥

অংশুমানপি ধর্ম্মাত্মা মহীং সাগরমেখলাম্ ।
প্রশশাস মহারাজ ! যথৈবাস্য পিতামহঃ ॥৯২॥
তস্য পুত্রঃ সমভবদ্দিলীপো নাম ধর্ম্মবিৎ ।
তস্মিন্ রাজ্যং সমাধায় অংশুমানপি সংস্থিতঃ ॥৯৩॥
দিলীপস্তু ততঃ শ্রুত্বা পিতৃণাং নিধনং মহৎ ।
পর্য্যতপ্যত দুঃখেন তেষাং গতিমচিন্তয়ৎ ॥৯৪॥
গঙ্গাবতরণে যত্নং সুমহচ্চাকরোন্নৃপঃ ।
ন চাবতারয়ামাস চেষ্টমানো যথাবলম্ ॥৯৫॥
তস্য পুত্রঃ সমভবচ্ছ্রীমান্ ধর্ম্মপরায়ণঃ ।
ভগীরথ ইতি খ্যাতঃ সত্যবাগনসূয়কঃ ॥৯৬॥

ভারতকৌমুদী

প্রশাস্যেতি। রাজীবলোচনঃ পদ্মনয়নঃ সগরঃ। পৌত্রে অংশুমতি ॥৯১॥
অংশুমানিতি। সাগর এব মেখলা কাঞ্চী যস্যাস্তাং সাগরবেষ্টিতামিত্যর্থঃ ॥৯২॥
তস্যেতি। সংস্থিতো মৃতঃ, "পরাসুপ্রাপ্তপঞ্চত্বপরেতপ্রেতসংস্থিতাঃ" ইত্যমরঃ ॥৯৩॥
দিলীপ ইতি। পিতৃণাং পিতৃপূর্ব্বপুরুষাণাং সগরপুত্রাণাম্, মহৎ সাকল্যাদিতি ভাবঃ ॥৯৪॥
গঙ্গেতি। সুমহদিতি ক্রিয়াবিশেষণত্বান্নপুংসকম্। নৃপো দিলীপঃ ॥৯৫॥
তস্যেতি। শ্রীমান্ রাজলক্ষ্মীবান্। অনসূয়কঃ পরদোষাবিষ্কাররহিতঃ ॥৯৬॥

এইভাবে পদ্মনয়ন সগররাজা দীর্ঘকাল রাজ্য শাসন করিয়া পৌত্র অংশুমানের উপরে তাহার ভার অর্পণ করিয়া স্বর্গে চলিয়া গেলেন ॥৯১॥

মহারাজ! ধর্ম্মাত্মা অংশুমান্ও তাঁহার পিতামহেরই মত সমুদ্রবেষ্টিত সমগ্র পৃথিবী শাসন করিতে লাগিলেন ॥৯২॥

কালক্রমে অংশুমানের 'দিলীপ'-নামে ধর্ম্মজ্ঞ একটী পুত্র জন্মিয়াছিল, তাহার উপরে রাজ্যভার অর্পণ করিয়া অংশুমান্ও পরলোক গমন করিলেন ॥৯৩॥

তাহার পরে দিলীপ পিতার পূর্বপুরুষগণের (সগরপুত্রগণের) গুরুতর নিধন-বৃত্তান্ত শুনিয়া দুঃখে পরিতপ্ত হইতে লাগিলেন এবং তাঁহাদের উদ্ধারের উপায় চিন্তা করিতে থাকিলেন ॥৯৪॥

তৎপরে দিলীপ গঙ্গাকে মর্ত্ত্যলোকে আনিবার জন্য গুরুতর চেষ্টা করিলেন; কিন্তু শক্তি অনুসারে চেষ্টা করিয়াও আনিতে পারিলেন না ॥৯৫॥

সেই দিলীপের 'ভগীরথ'-নামে একটী পুত্র জন্মিয়াছিল; তিনি রাজলক্ষ্মীসম্পন্ন, ধর্ম্মপরায়ণ, সত্যবাদী ও অসূয়াশূন্য ছিলেন ॥৯৬॥

---

(৯৩)···তস্মৈ রাজ্যং সমাধায়···বা ব কা পি। (৯৬)···সত্যবাগনসূয়কঃ বা ব কা।

অভিষিচ্য তু তং রাজ্যে দিলীপো বনমাশ্রিতঃ।
তপঃসিদ্ধিসমাযোগাৎ স রাজা ভরতর্ষভ !।
বনাজ্জগাম ত্রিদিবং কালযোগেন ভারত ! ॥৯৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ভগীরথরাজ্যাভিষেকে নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:০:——

একনবতিতমোঽধ্যায়ঃ

—— ০০(*)০০ ——

লোমশ উবাচ।

স তু রাজা মহেষ্বাসশ্চক্রবর্ত্তী মহারথঃ।
বভূব সর্ব্বলোকস্য মনোনয়ননন্দনঃ ॥১॥
স শুশ্রাব মহাবাহুঃ কপিলেন মহাত্মনা।
পিতৄণাং নিধনং ঘোরমপ্রাপ্তিং ত্রিদিবস্য চ ॥২॥

ভারতকৌমুদী

অভীতি। ত্রিদিবং স্বর্গম্, কালযোগেন কালক্রমেণ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯৭॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

স ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ, চক্রেণ স্বপররাজ্যাধিকারেণ বর্ত্তত ইতি চক্রবর্ত্তী ॥১॥
স ইতি। ঘোরং নয়নানলেন যুগপৎ কৃতত্বাদিতি ভাবঃ। ত্রিদিবস্য স্বর্গস্য ॥২॥

ভারতভাবদীপঃ

সত্বিতি ॥১—৪৮॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একনবতিতমোঽধ্যায়ঃ ॥৯১॥

ভরতশ্রেষ্ঠ ! মহারাজ দিলীপ সেই ভগীরথকে রাজ্যে অভিষিক্ত করিয়া বনে গমন করেন এবং তিনি তপঃসিদ্ধির বলে কালক্রমে সেই বন হইতেই স্বর্গে প্রস্থান করেন ॥৯৭॥

——:(*):——

লোমশ বলিলেন—'সকল লোকের মন ও নয়নের আনন্দজনক সেই ভগীরথ রাজা ক্রমে মহাধনুর্দ্ধর, মহারথ ও রাজচক্রবর্ত্তী হইলেন ॥১॥

---

* '...সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ...' বা ব কা পি নি।

স রাজ্যং সচিবে ন্যস্য হৃদয়েন বিদূয়তা।
জগাম হিমবৎ পার্শ্বং তপস্তপ্তুং নরেশ্বরঃ ॥৩॥
আরিরাধয়িষুর্গঙ্গাং তপসা দগ্ধকিল্বিষঃ।
সোঽপশ্যত নরশ্রেষ্ঠ! হিমবন্তং নগোত্তমম্ ॥৪॥
শৃঙ্গৈর্বহুবিধাকারৈর্ধাতুমদ্ভিরলঙ্কৃতম্।
পবনালম্বিভির্মেঘৈঃ পরিষিক্তং সমন্ততঃ ॥৫॥
নদীকুঞ্জনিতম্বৈশ্চ প্রাসাদৈরুপশোভিতম্।
গুহাকন্দরসংলীনৈঃ সিংহব্যাঘ্রৈর্নিষেবিতম্ ॥৬॥
শকুনৈশ্চ বিচিত্রাঙ্গৈঃ কূজদ্ভির্বিবিধা গিরঃ।
ভৃঙ্গরাজৈস্তথা হংসৈর্দাত্যূহৈর্জলকুক্কুটৈঃ ॥৭॥
ময়ূরৈঃ শতপত্রৈশ্চ জীবঞ্জীবককোকিলৈঃ।
চকোরৈরসিতাপাঙ্গৈস্তথা পুত্রপ্রিয়ৈরপি ॥৮॥
জলস্থানেষু রম্যেষু পদ্মিনীভিশ্চ সঙ্কুলম্।
সারসানাঞ্চ মধুরৈর্ব্যাহৃতৈঃ সমলঙ্কৃতম্ ॥৯॥

ভারতকৌমুদী

স ইতি। বিদূয়তা সন্তপ্যমানেন, উক্তোভয়শ্রবণাদিত্যাশয়ঃ ॥৩॥

আরীতি। আরিরাধয়িষুঃ আরাদ্ধুমিচ্ছুঃ, স্বার্থে ইন্ আর্ষঃ ॥৪॥

শৃঙ্গৈরিতি। ধাতুমদ্ভিঃ গৈরিকাদিধাতুযুক্তৈঃ। পবনালম্বিভির্বায়ুভরসঞ্চলিতৈঃ। প্রাসাদৈর্দেবালয়ৈঃ। গুহা এব কন্দরাণি বিবরাণি তেষু সংলীনৈঃ শয়িতৈঃ। শকুনৈঃ পক্ষিভিঃ। কূজদ্ভিঃ কুর্বদ্ভিঃ, গিরো রবান্। শতপত্রৈঃ* পুত্রপ্রিয়ৈশ্চ পক্ষিবিশেষৈঃ।

ক্রমে মহাবাহু ভগীরথ শুনিতে পাইলেন যে, তাঁহার পিতৃপুরুষগণ মহাত্মা কপিলের নয়নানলে ভয়ঙ্করভাবে মৃত্যুমুখে পতিত হইয়াছেন এবং (সেই কারণেই) স্বর্গলাভ করিতে পারেন নাই ॥২॥

তখন তিনি মন্ত্রীর উপরে রাজ্যভার বিন্যস্ত করিয়া তপস্যা করিবার জন্য সন্তপ্ত হৃদয়ে হিমালয়সমীপে গমন করিলেন ॥৩॥

নরশ্রেষ্ঠ! তিনি তপস্যার প্রভাবে পাপবিহীন হইয়া পরে গঙ্গার আরাধনা করিবার ইচ্ছায় (যাইতে থাকিয়া ক্রমে) পর্ব্বতশ্রেষ্ঠ হিমালয়কে দর্শন করিলেন ॥৪॥

ক্রমে সেই হিমালয়ে যাইয়া উপস্থিত হইলেন। সেই হিমালয়—গৈরিকাদি ধাতুযুক্ত নানাবিধ শৃঙ্গদ্বারা অলঙ্কৃত ছিল; বায়ুভরে চলিত মেঘসমূহ সকল দিকে বর্ষণ করিতে থাকায় সংসিক্ত হইতেছিল; নদী, কুঞ্জ, নিতম্ব ও দেবালয়-

কিন্নরৈরপ্সরোভিশ্চ নিষেবিতশিলাতলম্।
দিগ্বারণবিষাণাগ্রৈঃ সমন্তাদ্‌ঘৃষ্টপাদপম্ ॥১০॥
বিদ্যাধরানুচরিতং নানারত্নসমাকুলম্।
বিষোল্বণভুজঙ্গৈশ্চ দীপ্তজিহ্বৈর্নিষেবিতম্ ॥১১॥
ক্বচিৎ কনকসঙ্কাশং ক্বচিদ্রজতসন্নিভম্।
ক্বচিদঞ্জনপুঞ্জাভং হিমবন্তমুপাগমৎ ॥১২॥ (কুলকম্)
স তু তত্র নরশ্রেষ্ঠ! তপো ঘোরং সমাস্থিতঃ।
ফলমূলাম্বুসংভক্ষঃ সহস্রং পরিবৎসরান্ ॥১৩॥
সংবৎসরসহস্রে তু গতে দিব্যে মহানদী।
দর্শয়ামাস তং গঙ্গা তদা মূর্ত্তিমতী স্বয়ম্ ॥১৪॥

ভারতকৌমুদী

ব্যাহৃতৈঃ রবৈঃ। দিগ্বারণানাং দিগ্‌হস্তিনাং বিষাণাগ্রৈর্দন্তাগ্রৈঃ সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু, ঘৃষ্টাঃ পাদপা বৃক্ষা যত্র তম্। দীপ্তা উজ্জ্বলা জিহ্বা যেষাং তৈঃ। কনকসঙ্কাশং স্বর্ণবর্ণম্, অঞ্জনপুঞ্জাভং কজ্জলরাশিবর্ণম্ ॥৫—১২॥

স ইতি। স ভগীরথঃ। সমাস্থিতঃ অবলম্বিতবান্ কৃতবানিত্যর্থঃ ॥১৩॥

সংবৎসরেতি। দিব্যে দেবপরিমাণে। ইদমধিককালোপলক্ষণম্। স্বয়মাত্মানম্ ॥১৪॥

সমূহে শোভিত ছিল; গুহাসুপ্ত সিংহ ও ব্যাঘ্রসমূহে অধ্যুষিত ছিল; নানাবিধ-রবকারী ও বিচিত্রদেহ বহুতর পক্ষী এবং বৃহৎ ভ্রমর, ডাহুক, পানকড়ি, ময়ূর, শতপত্র, জীবঞ্জীবক, কোকিল, চকোর, অসিতাপাঙ্গ ও পুত্রপ্রিয় পক্ষীরা এবং পদ্মলতাসমূহ তাহার মনোহর জলাশয়গুলিকে ব্যাপ্ত করিয়া রহিয়াছিল; আর সারসপক্ষিগণের মধুর রব হইতেছিল; কিন্নরগণ ও অপ্সরোগণ শিলাতলে অবস্থান করিতেছিল; সকল দিকের বৃক্ষগুলিই দিগ্‌হস্তিগণের দন্তাগ্রে ঘর্ষিত ছিল; বিদ্যাধরেরা বিচরণ করিতেছিল; নানাবিধ রত্ন বিরাজ করিতেছিল; বিষোন্মত্ত ও দীপ্তজিহ্ব সর্প সকল অবস্থান করিতেছিল এবং সে হিমালয় কোথাও স্বর্ণবর্ণ, কোথাও রজতবর্ণ এবং কোথাও কজ্জলরাশির ন্যায় কৃষ্ণবর্ণ ছিল ॥৫—১২॥

নরশ্রেষ্ঠ! ভগীরথ সেই হিমালয়পর্ব্বতে সহস্র বৎসরপর্য্যন্ত কেবল ফল, মূল ও জল ভক্ষণ করিয়া ভয়ঙ্কর তপস্যা করিলেন ॥১৩॥

দেবপরিমাণের সহস্র বৎসর অতীত হইলে, তখন মহানদী গঙ্গা মূর্ত্তিমতী হইয়া আসিয়া ভগীরথকে আত্মদর্শন করাইলেন ॥১৪॥

(১৩)…নরশ্রেষ্ঠঃ…সমাশ্রিতঃ …বা ব কা।

গঙ্গোবাচ।

কিমিচ্ছসি মহারাজ! মত্তঃ কিঞ্চ দদানি তে।
তদ্‌ব্রবীহি নরশ্রেষ্ঠ! করিষ্যামি বচস্তব ॥১৫॥
এবমুক্তঃ প্রত্যুবাচ রাজা হৈমবতীং তদা।
পিতামহা মে বরদে! কপিলেন মহানদি! ॥১৬॥
অন্বেষমাণাস্তুরগং নীতা বৈবস্বতক্ষয়ম্।
ষষ্টিস্তানি সহস্রাণি সাগরাণাং মহাত্মনাম্ ॥১৭॥ (যুগ্মকম্)
কাপিলং তেজ আসাদ্য ক্ষণেন নিধনং গতাঃ।
তেষামেবং বিনষ্টানাং স্বর্গে বাসো ন বিদ্যতে ॥১৮॥
যাবত্তানি শরীরাণি ত্বং জলৈর্নাভিষিঞ্চসি।
তাবত্তেষাং গতির্নাস্তি সাগরাণাং মহানদি! ॥১৯॥
স্বর্গং নয় মহাভাগে! মৎপিতৄন্ সগরাত্মজান্।
তেষামর্থেঽভিযাচামি ত্বামহং বৈ মহানদি! ॥২০॥

ভারতকৌমুদী

কিমিতি। মত্তো মম সকাশাৎ কিমিচ্ছসি। বচো বচোঽনুরূপং কার্য্যম্ ॥১৫॥

এবমিতি। হৈমবতীং হিমবত আগতাং গঙ্গাম্। বৈবস্বতক্ষয়ং যমালয়ম্। সাগরাণাং সগরপুত্রাণাম্। ষষ্টিরিত্যতঃ সংখ্যাধিক্যাদপ্যনুপেক্ষণীয়া ইতি ভাবঃ ॥১৬—১৭॥

কাপিলমিতি। "যে চ বৈ ব্রাহ্মণৈর্হতাঃ" ইতি স্মৃতৌ পাতিত্যশ্রবণাদিত্যাশয়ঃ ॥১৮॥

যাবদিতি। ত্বদীয়জলেনাভিষেকে তু তেষাং স্বর্গে গতিঃ স্যাদেব, "যাবদস্থি মনুষ্যস্য গঙ্গাতোয়েষু মজ্জতি। তাবদ্বর্ষসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে" ইতি স্মৃতেরিতি ভাবঃ ॥১৯॥

গঙ্গা বলিলেন—'মহারাজ! আপনি আমার নিকট হইতে কি ইচ্ছা করেন, আমি আপনাকে কি দিব, তাহা বলুন; নরশ্রেষ্ঠ! আমি আপনার প্রার্থনার অনুরূপ কার্য্য করিব' ॥১৫॥

গঙ্গা এইরূপ বলিলে, তখন ভগীরথ তাঁহাকে বলিলেন—'বরদে! মহানদি! আমার পূর্ব্বপুরুষেরা অশ্ব অন্বেষণে গিয়াছিলেন, তখন কপিল তাঁহাদিগকে যমালয়ে পাঠাইয়াছেন। সেই মহাত্মা সগরপুত্রগণ সংখ্যায় ছিলেন ষাট হাজার ॥১৬—১৭॥

তাঁহারা কপিলের তেজে ক্ষণকালমধ্যেই মৃত্যুমুখে পতিত হইয়াছেন। এই ভাবে বিনষ্ট হওয়ায় তাঁহাদের স্বর্গে বাস হইতে পারে না ॥১৮॥

মহানদি! যে পর্য্যন্ত আপনি জলদ্বারা সেই শরীরগুলি অভিষিক্ত না করেন, সে পর্য্যন্ত সেই সগরপুত্রগণের সদ্‌গতি হইতে পারে না ॥১৯॥

(১৮) কপিলং দেবমাসাদ্য···বা ব কা।

লোমশ উবাচ।

এতচ্ছ্রুত্বা বচো রাজ্ঞো গঙ্গা লোকনমস্কৃতা।
ভগীরথমিদং বাক্যং সুপ্রীতা সমভাষত ॥২১॥
করিষ্যামি মহারাজ! বচস্তে নাত্র সংশয়ঃ।
বেগস্তু মম দুর্দ্ধার্য্যং পতন্ত্যা গগনাদ্ভুবম্ ॥২২॥
ন শক্তস্ত্রিষু লোকেষু কশ্চিদ্ধারয়িতুং নৃপ!।
অন্যত্র বিবুধশ্রেষ্ঠান্নীলকণ্ঠান্মহেশ্বরাৎ ॥২৩॥
তং তোষয় মহাভাগ! তপসা বরদং হরম্।
স তু মাং প্রচ্যুতাং দেবঃ শিরসা ধারয়িষ্যতি ॥২৪॥
স করিষ্যতি তে কামং পিতৃণাং হিতকাম্যয়া।
এতচ্ছ্রুত্বা ততো রাজন্! মহারাজো ভগীরথঃ ॥২৫॥

ভারতকৌমুদী

স্বর্গমিতি। মৎপিতৄন্ মম পিতৃপূর্ব্বপুরুষান্ ॥২০॥

এতদিতি। সুপ্রীতা, পূর্ব্বপুরুষোদ্ধারায় ঈদৃশায়াসস্বীকরণাদিত্যাশয়ঃ ॥২১॥

করিষ্যামীতি। দুর্দ্ধার্য্যমিতি ভাবে প্রত্যয়াৎ "ন কর্তৃকর্ম্মপ্রাপ্তৌ" ইতি কর্ম্মণি ষষ্ঠীনিষেধাৎ বেগমিতি দ্বিতীয়ৈব, "কাং দিশং গন্তব্যম্" ইতি শ্রীপত্যুদাহৃতবৎ ॥২২॥

নেতি। ধারয়িতুং মম বেগমিতি শেষঃ। বিবুধশ্রেষ্ঠাৎ দেবপ্রধানাৎ ॥২৩॥

তমিতি। প্রচ্যুতাং ভুবি পতন্তীম্ ॥২৪॥

স ইতি। বিভাণ্ডকস্য ক্রোধপ্রতীকাবকবঞ্চ উপায়ং চক্রে। কোঽসাবুপায় ইত্যাহ গাশ্চেতি। মার্গেষু বিভাণ্ডকস্যাগমনপথেষু, গাশ্চ বরক্ষ, কর্ষণানি চ কৃষকৈঃ কারয়ামাস, তদীয়ত্বজ্ঞাপনেন তৎক্রোধনিবাবণার্থমিত্যাশয়ঃ ॥৫২॥

ভারতভাবদীপঃ

প্রশ্লেষে তু ইষ্ট্যাত্থর্থং তত্রাশ্রাবয়েত্যাদিশব্দপ্রয়োগাৎ, বেশযোষা বেশ্যা ॥৪৭—৪৯॥ আশ্রমো যত্রস্থৈর্দৃশ্যতে তাবতি দেশে আশ্রমদর্শনে ॥৫০—৬৬॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥৯৪॥

তৎপরে লোমপাদরাজা নাবিকসঞ্চালিত সেই অতিশুভ্র নৌকাখানাকে রাজধানীর নিকটে সংস্থাপিত করিয়া, ঋষ্যশৃঙ্গকে দেখাইবার নিমিত্ত বিভাণ্ডকের আশ্রমেরই তুল্য নদীতীর হইতে আরম্ভ কবিয়া আশ্রমনামক একটী বিচিত্র কৃত্রিম বন করিলেন ॥৫০॥

তাহার পর রাজা, বিভাণ্ডকের একমাত্রপুত্র ঋষ্যশৃঙ্গকে অন্তঃপুরে প্রবেশ করাইয়া তৎক্ষণাৎই দেখিলেন যে, দেবরাজ প্রচুরপরিমাণে জল বর্ষণ করিতেছেন এবং জগৎটাই জলে পরিপূর্ণ হইতেছে ॥৫১॥

তাহাতে লোমপাদরাজার অভিলাষ পরিপূর্ণ হইল; তাই তিনি ঋষ্যশৃঙ্গকে শান্তানাম্নী কন্যা দান করিলেন এবং বিভাণ্ডকমুনির ক্রোধের প্রতীকারের জন্য তাঁহার আসিবার পথে বহুতর গরু রাখিয়া দিলেন এবং কৃষকগণদ্বারা ভূমিকর্ষণ করাইতে লাগিলেন ॥৫২॥

আর তিনি, বিভাণ্ডকমুনির আসিবার পথে প্রচুর পরিমাণে অন্যান্য পশু রাখিতে এবং বীর পশুপালগণকে থাকিতে আদেশ করিলেন (এবং তাহাদিগকে

স বক্তব্যঃ প্রাঞ্জলিভির্ভবদ্ভিঃ পুত্রস্য তে পশবঃ কর্ষণঞ্চ ।
কিং তে প্রিয়ং বৈ ক্রিয়তাং মহর্ষে ! দাসাঃ স্ম সর্ব্বে তব বাচি বদ্ধাঃ ॥৫৪॥
(যুগ্মকম্)

অথোপায়াৎ স মুনিশ্চণ্ডকোপঃ স্বমাশ্রমং মূলফলং গৃহীত্বা ।
অন্বেষমাণশ্চ ন তত্র পুত্রং দদর্শ চুক্রোধ ততো ভৃশং সঃ ॥৫৫॥
ততঃ স কোপেন বিদীর্য্যমাণ আশঙ্কমানো নৃপতের্বিধানম্ ।
জগাম চম্পাং প্রতি ধক্ষ্যমাণস্তমঙ্গরাজং সপুরং সরাষ্ট্রম্ ॥৫৬॥
স বৈ শ্রান্তঃ ক্ষুধিতঃ কাশ্যপস্তান্ ঘোষান্ সমাসাদিতবান্ সমৃদ্ধান্ ।
গোপৈশ্চ তৈর্বিধিবৎ পূজ্যমানো রাজেব তাং রাত্রিমুবাস তত্র ॥৫৭॥

ভারতকৌমুদী

বিভেতি। আব্রজতো রাজধান্যামাগচ্ছতঃ পথি। সমাদিশৎ স্থাপয়িতুং স্থাতুঞ্চেতি শেষঃ। পুত্রগৃদ্ধী পুত্রগ্রহণাকাঙ্ক্ষী। বো যুষ্মান্। ক্রিয়তামস্মাভিঃ ॥৫৩—৫৪॥

অথেতি। উপাযায়াদাগচ্ছৎ, চণ্ডকোপো মহাকোপনঃ। পুত্রমৃষ্যশৃঙ্গম্ ॥৫৫॥

তত ইতি। নৃপতের্লোমপাদস্য, বিধানং কার্য্যমাশঙ্কমানঃ, তস্যৈব রাজ্যে বর্ষাভাবেন তৎপ্রতীকারায়ৈব হরণসম্ভবাদিতি ভাবঃ। চম্পাং নাম লোমপাদরাজধানীম্ ॥৫৬॥

স ইতি। ঘোষান্ আভীরপল্লীঃ, সমাসাদিতবান্ গচ্ছন্ প্রাপ্তবান্ ॥৫৭॥

বলিয়াদিলেন যে,) পুত্রপ্রিয় মহর্ষি বিভাণ্ডক যখন তোমাদিগকে জিজ্ঞাসা করিবেন, তখন তোমরা কৃতাঞ্জলি হইয়া তাঁহাকে বলিবে—'মহর্ষি ! এই সকল পশু আপনার পুত্রের এবং এই ভূমিকর্ষণও আপনার পুত্রের জন্যই হইতেছে ; আমরা আপনার কি প্রিয় কার্য্য করিব, আমরা সকলেই আপনার দাস এবং আপনার আদেশের অধীন' ॥৫৩—৫৪॥

এ দিকে মহাক্রোধী বিভাণ্ডকমুনি ফল-মূল লইয়া নিজের আশ্রমে আসিলেন এবং অন্বেষণ করিয়াও পুত্র ঋষ্যশৃঙ্গকে দেখিতে পাইলেন না ; তাহার পর তিনি অত্যন্ত ক্রুদ্ধ হইলেন ॥৫৫॥

তাহার পর তিনি ক্রোধে বিদীর্ণ হইতে থাকিয়া, উহা লোমপাদরাজারই কার্য্য এইরূপ ধারণা করিয়া, রাজধানী ও রাজ্যের সহিত সেই অঙ্গরাজকে দগ্ধ করিবেন ভাবিয়া, চম্পানগরীর দিকেই গমন করিতে লাগিলেন ॥৫৬॥

ক্রমে সেই বিভাণ্ডকমুনি পরিশ্রান্ত ও ক্ষুধার্ত্ত হইয়া, সমৃদ্ধিসম্পন্ন সেই গোপপল্লীতে যাইয়া উপস্থিত হইলেন ; তখন সেই গোপালেরা যথাবিধানে তাঁহার সেবা করিতে লাগিলে, তিনি রাজার ন্যায় সেই স্থানেই সেই রাত্রি বাস করিলেন ॥৫৭॥

অবাপ্য সৎকারমতীব তেভ্যঃ প্রোবাচ কস্য প্রথিতাঃ স্থ গোপাঃ ! ।
ঊচুস্ততস্তেঽভ্যুপগম্য সর্বে ধনং তবেদং বিহিতং সুতস্য ॥৫৮॥
এবং স দেশেষ্বভিপূজ্যমানস্তাংশ্চৈব শৃণ্বন্ মধুরান্ প্রলাপান্ ।
প্রশান্তভূয়িষ্ঠরজাঃ প্রহৃষ্টঃ সমাসসাদাঙ্গপতিং পুরস্থম্ ॥৫৯॥
স পূজিতস্তেন নরর্ষভেণ দদর্শ পুত্রং দিবি দেবং যথেন্দ্রম্ ।
শান্তাং স্নুষাঞ্চৈব দদর্শ তত্র সৌদামিনীমুচ্চরন্তীং যথৈব ॥৬০॥
গ্রামাংশ্চ ঘোষাংশ্চ সুতস্য দৃষ্ট্বা শান্তাঞ্চ শান্তোঽস্য পরঃ স কোপঃ ।
চকার তস্যৈব পরং প্রসাদং বিভাণ্ডকো ভূমিপতের্নরেন্দ্র ! ॥৬১॥
স তত্র নিক্ষিপ্য সুতং মহর্ষিরুবাচ সূর্য্যাগ্নিসমপ্রভাবঃ ।
জাতে তু পুত্রে বনমেবাব্রজেথা রাজ্ঞঃ প্রিয়াণ্যস্য সর্বাণি কৃত্বা ॥৬২॥

ভারতকৌমুদী

অবাপ্যেতি। প্রথিতা অধীনত্বেন প্রসিদ্ধাঃ, স্থ যূয়ম্। বিহিতং রাজ্ঞা ॥৫৮॥

এবমিতি। মধুবান্ পুত্রস্বামিত্বজ্ঞাপনেন মনোহরান্, প্রলাপান্ বাচঃ। প্রশান্তং নিবৃত্তং ভূয়িষ্ঠং বহুলমেব রজো রজোগুণসম্পাদিতঃ ক্রোধো যস্য সঃ ॥৫৯॥

স ইতি। নরর্ষভেণ লোমপাদেন। স্নুষাং পুত্রবধূম্। উচ্চরন্তীং গগনে ॥৬০॥

গ্রামানিতি। শান্তাং তদাখ্যাং পুত্রবধূম্, শান্তো নিবৃত্তঃ, পরঃ অবশিষ্টঃ ॥৬১॥

স ইতি। নিক্ষিপ্য নিক্ষেপরূপেণ সংস্থাপ্য। আব্রজেথা আগচ্ছেঃ ॥৬২॥

সেই গোপালগণের নিকট অত্যন্ত সদ্ব্যবহার পাইয়া বিভাণ্ডক বলিলেন—'গোপালগণ ! তোমরা কাহার প্রজা' ?। তাহার পর তাহারা সকলে নিকটে যাইয়া বলিল—'মহর্ষি ! আপনার পুত্রের জন্যই রাজা এই সকল ধন নির্দ্দিষ্ট করিয়া দিয়াছেন' ॥৫৮॥

এই ভাবে সেই দেশে সম্মানিত হইতে থাকায় এবং সেই রূপ মধুর বাক্য শুনিতে থাকায় বিভাণ্ডকমুনির ক্রোধ অধিকপরিমাণেই নিবৃত্তি পাইল এবং তিনি হৃষ্টচিত্ত হইয়াই রাজধানীস্থিত লোমপাদের নিকট উপস্থিত হইলেন ॥৫৯॥

তখন লোমপাদরাজা পূজা করিলে বিভাণ্ডকমুনি স্বর্গে দেবরাজের ন্যায় সেখানে পুত্র ঋষ্যশৃঙ্গকে দেখিতে পাইলেন এবং আকাশে বিচরণশীলা সৌদামিনীর ন্যায় পুত্রবধূ শান্তাকেও সেখানে দেখিতে পাইলেন ॥৬০॥

যুধিষ্ঠির ! গ্রাম, গোপপল্লী ও শান্তা—পুত্র ঋষ্যশৃঙ্গের হইয়াছে দেখিয়া বিভাণ্ডকমুনির অবশিষ্ট ক্রোধটুকুও নিবৃত্তি পাইল ; তখন বিভাণ্ডকমুনি সেই লোমপাদরাজার উপরে অত্যন্ত অনুগ্রহ করিলেন ॥৬১॥

সূর্য্য ও অগ্নির তুল্য প্রভাবশালী মহর্ষি বিভাণ্ডক পুত্র ঋষ্যশৃঙ্গকে রাজার

স তদ্বচঃ কৃতবানৃষ্যশৃঙ্গো যযৌ চ যত্রাস্য পিতা বভূব।
শান্তা চৈনং পর্য্যচরন্নরেন্দ্র ! খে রোহিণী সোমমিবানুকূলা ॥৬৩॥
অরুন্ধতী বা সুভগা বশিষ্ঠং লোপামুদ্রা বাপি যথা হ্যগস্ত্যম্।
নলস্য বা দময়ন্তী যথাভূদ্যথা শচী বজ্রধরস্য চৈব ॥৬৪॥
নারায়ণী চেন্দ্রসেনা যথৈব বশ্যা নিত্যং মুদ্গলস্যাজমীঢ় !।
তথা শান্তাপ্যৃষ্যশৃঙ্গং বনস্থং প্রীত্যা যুক্তা পর্য্যচরন্নরেন্দ্র ! ॥৬৫॥ (বিশেষকম্)
তস্যাশ্রমঃ পুণ্য এষোঽবভাতি মহাহ্রদং শোভয়ন্ পুণ্যকীর্ত্তেঃ।
অত্র স্নাতঃ কৃতকৃত্যো বিশুদ্ধস্তীর্থান্যন্যান্যনুসংযাহি রাজন্ ! ॥৬৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়ামৃষ্যশৃঙ্গোপাখ্যানে চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। বভূবেত্যন্তেঃ প্রয়োগঃ। খে আকাশে। বাশব্দ ইবার্থে, "বা স্যাদ্বিকল্পো-পময়োরেবার্থে চ সমুচ্চয়ে" ইতি বিশ্বঃ। মুদ্গলস্য ঋষেঃ। হে আজমীঢ় ! অজমীঢ়-বংশোৎপন্ন !। তথা বশ্যা সতীত্যর্থঃ ॥৬৩—৬৫॥

তস্যেতি। পুণ্যঃ পবিত্রঃ। মহাহ্রদং সম্মুখবর্ত্তিনম্। বিশুদ্ধো নিষ্পাপঃ ॥৬৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

নিকটেই গচ্ছিতভাবে রাখিয়া বলিলেন—'ঋষ্যশৃঙ্গ ! তোমার পুত্র জন্মিলে পর তুমি এই রাজার সমস্ত প্রিয় কার্য্য করিয়া আবার বনেই আসিও' ॥৬২॥

ঋষ্যশৃঙ্গও সে বাক্য রক্ষা করিয়াছিলেন ; অর্থাৎ যে খানে উঁহার পিতা ছিলেন, উনিও সেই খানেই গিয়াছিলেন। রাজা ! ওদিকে আকাশে রোহিণী যেমন চন্দ্রের, ভাগ্যবতী অরুন্ধতী যেমন বশিষ্ঠের এবং লোপামুদ্রা যেমন অগস্ত্যের পরিচর্য্যা করেন, তেমন শান্তাও অনুকূলা থাকিয়া ঋষ্যশৃঙ্গের পরি-চর্য্যা করিতে লাগিলেন এবং আজমীঢ় রাজা ! দময়ন্তী যেমন নলের, শচী যেমন ইন্দ্রের এবং নারায়ণী ইন্দ্রসেনা যেমন মুদ্গল ঋষির বশবর্ত্তিনী ছিলেন, শান্তাও তেমনই ঋষ্যশৃঙ্গের বশবর্ত্তিনী থাকিয়া এবং প্রীতিযুক্ত হইয়া বনবাসী সেই ঋষ্যশৃঙ্গের পরিচর্য্যা করিতেন ॥৬৩—৬৫॥

রাজা ! সেই পুণ্যকীর্ত্তি ঋষ্যশৃঙ্গের এই পবিত্র আশ্রম সম্মুখবর্ত্তী মহাহ্রদের শোভা জন্মাইতে থাকিয়া শোভা পাইতেছে ; তুমি এই খানে স্নান করিয়া কৃতকার্য্য ও নিষ্পাপ হইয়া অন্যান্য তীর্থে গমন কর' ॥৬৬॥

---

(৬৬)···পুণ্যকীর্ত্তিঃ···বা ব কা। * '···ত্রয়োদশাধিকশততমঃ···' বা ব কা, '···চতুর্দ্দশাধিকশততমঃ···' পি, '···পঞ্চদশাধিকশততমঃ···' নি।

পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ

—— ০০(❀)০০ ——

বৈশম্পায়ন উবাচ।

ততঃ প্রয়াতঃ কৌশিক্যাঃ পাণ্ডবো জনমেজয়!।
আনুপূর্ব্ব্যেণ সর্ব্বাণি জগামায়তনান্যথ ॥১॥
স সাগরং সমাসাদ্য গঙ্গায়াঃ সঙ্গমে নৃপ!।
নদীশতানাং পঞ্চানাং মধ্যে চক্রে সমাপ্লবম্ ॥২॥
ততঃ সমুদ্রতীরেণ জগাম বসুধাধিপঃ।
ভ্রাতৃভিঃ সহিতো বীরঃ কলিঙ্গান্ প্রতি ভারত! ॥৩॥

লোমশ উবাচ।

এতে কলিঙ্গাঃ কৌন্তেয়! যত্র বৈতরণী নদী।
যত্রাযজত ধর্ম্মোঽপি দেবান্ শরণমেত্য বৈ ॥৪॥
ঋষিভিঃ সমুপাযুক্তং যজ্ঞিয়ং গিরিশোভিতম্।
উত্তরং তীরমেতদ্ধি সততং দ্বিজসেবিতম্ ॥৫॥

ভাবতকৌমুদী

তত ইতি। কৌশিক্যা নদ্যাঃ সকাশাৎ, প্রয়াতঃ প্রস্থিতঃ। আনুপূর্ব্ব্যেণ ক্রমেণ ॥১॥
স ইতি। স যুধিষ্ঠিরঃ। সমাপ্লবং স্নানম্ ॥২॥
তত ইতি। কলিঙ্গান্ কলিঙ্গদেশম্, "বঙ্গত্ববদস্বাদেঃ" ইত্যাদিনা বহুবচনম্ ॥৩॥
এত ইতি। শরণমেত্য আশ্রিতেত্যর্থঃ। এতেন বৈতরণ্যা মহাপুণ্যত্বং সূচিতম্ ॥৪॥
ঋষিভিরিতি। যজ্ঞিয়ং যজ্ঞার্হম্। উত্তরং তীরং বৈতরণ্যা এব ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—জনমেজয়! তাহার পর যুধিষ্ঠির সেই কৌশিকী-নদী হইতে প্রস্থান করিয়া ক্রমশঃ সমস্ত তীর্থক্ষেত্রে গমন করিয়াছিলেন ॥১॥

রাজা! তিনি সমুদ্রতীরে উপস্থিত হইয়া পাঁচ শত নদীর মধ্যবর্ত্তী গঙ্গা-সঙ্গমে স্নান করিলেন ॥২॥

ভরতনন্দন! তদনন্তর বীর যুধিষ্ঠির ভ্রাতৃগণের সহিত মিলিত হইয়া কলিঙ্গদেশের দিকে গমন করিলেন ॥৩॥

লোমশ বলিলেন—'কুন্তীনন্দন! এই কলিঙ্গদেশ; যে দেশে বৈতরণী-নদী রহিয়াছে এবং যে বৈতরণীনদীর তীরে স্বয়ং ধর্ম্মও দেবগণকে লইয়া যজ্ঞ করিয়াছিলেন ॥৪॥

সমানং দেবযানেন পথা স্বর্গমুপেযুষঃ।
অত্র বৈ ঋষয়োঽন্যে চ পুরা ক্রতুভিরীজিরে ॥৬॥
অত্রৈব রুদ্রো রাজেন্দ্র! পশুমাদত্তবান্ মখে।
পশুমাদায় রাজেন্দ্র! ভাগোঽয়মিতি চাব্রবীৎ ॥৭॥
হৃতে পশৌ তদা দেবাস্তমূচুর্ভরতর্ষভ!।
মা পরস্বমভিদ্রোগ্ধা মা ধর্ম্মান্ সকলান্ বশীঃ ॥৮॥
ততঃ কল্যাণরূপাভির্বাগ্‌ভিস্তে রুদ্রমস্তুবন্।
ইষ্ট্যা চৈনং তর্পয়িত্বা মানয়াঞ্চক্রিরে তদা ॥৯॥
ততঃ স পশুমুৎসৃজ্য দেবযানেন জগ্মিবান্।
তত্রানুবংশো রুদ্রস্য তং নিবোধ যুধিষ্ঠির! ॥১০॥

ভাবতকৌমুদী

সমানমিতি। স্বর্গমুপেযুষো যিযাসোরিত্যর্থঃ, জনস্য, দেবযানেন পথা সমানমিদং স্থানম্ ॥৬॥
অত্রেতি। মখে যাজ্ঞিকৈরনুষ্ঠীয়মানে যজ্ঞে। অয়ং ভাগো মমেতি শেষঃ ॥৭॥
হৃত ইতি। মা অভিদ্রোগ্ধা গ্রহণেন ন নাশয়, সকলান্ যজ্ঞস্য ধর্ম্মাংশ্চ মা বশীর্ন কাময়। বশীরিতি "বশ কান্তৌ" ইত্যস্যাদ্যতন্যাঃ সৌ রূপম্, মাযোগাচ্চাডাগমাভাবঃ ॥৮॥
তত ইতি। কল্যাণরূপাভির্মধুরাভিরিত্যর্থঃ। তে দেবাঃ। ইষ্ট্যা যজনেন ॥৯॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৪॥ উত্তবং তীরং বৈতবণ্যাঃ ॥৫—৭॥ মা পবস্বমভিদ্রোগ্ধা পবভাগস্য নাশং মা কুর্ব্বিত্যর্থঃ। ধর্ম্মান্ মা বশীঃ ধর্ম্মসাধনান্ যজ্ঞভাগান্ সর্ব্বান্ কাময়েথাঃ। "বশ

পর্বতপরিশোভিত, সর্বদা ব্রাহ্মণগণসেবিত, ঋষিগণসমন্বিত এবং যজ্ঞের উপযুক্ত এই বৈতরণীনদীর উত্তর তীব ॥৫॥

এই স্থানটী স্বর্গাভিলাষী লোকের পক্ষে দেবযানপথেব তুল্য এবং এই স্থানেই পূর্ব্বকালে ঋষিরা ও অন্যান্য ধার্ম্মিক লোকেরা বহুতর যজ্ঞ করিয়াছিলেন ॥৬॥

রাজশ্রেষ্ঠ! এই স্থানেই রুদ্র একটী যজ্ঞে তাঁহার পশু গ্রহণ করিয়াছিলেন এবং তিনি সেই পশু গ্রহণ করিয়া বলিয়াছিলেন যে, 'ইহা আমার অংশ' ॥৭॥

ভরতশ্রেষ্ঠ! রুদ্র পশু হরণ করিলে, তখন দেবতারা তাঁহাকে বলিলেন— 'আপনি পরকীয় বস্তু গ্রহণ করিয়া নষ্ট করিবেন না এবং যজ্ঞের সমস্ত ধর্ম্ম লাভ করিবারও ইচ্ছা করিবেন না' ॥৮॥

তাহার পর তখনই দেবতারা মধুর বাক্যে রুদ্রের স্তব করিলেন এবং পূজাদ্বারা সন্তুষ্ট করিয়া তাঁহাকে সম্মানিত করিলেন ॥৯॥

অযাতযামং সর্ব্বেভ্যো ভাগেভ্যো ভাগমুত্তমম্।
দেবাঃ সঙ্কল্পয়ামাসুর্ভয়াদ্রুদ্রস্য শাশ্বতম্ ॥১১॥
ইমাং গাথামত্র গায়ন্নুপস্পৃশতি যো নরঃ।
দেবযানোঽস্য পন্থাশ্চ চক্ষুষাঽভিপ্রকাশতে ॥১২॥
বৈশম্পায়ন উবাচ।
ততো বৈতরণীং সর্ব্বে পাণ্ডবা দ্রৌপদী তথা।
অবতীর্য্য মহাভাগাস্তর্পয়াঞ্চক্রিরে পিতৃন্ ॥১৩॥
যুধিষ্ঠির উবাচ।
উপস্পৃশ্যেহ বিধিবদস্যাং নদ্যাং তপোবলাৎ।
মানুষাদস্মি বিষয়াদপেতঃ পশ্য লোমশ! ॥১৪॥

ভারতকৌমুদী

তত ইতি। অত্রানুশব্দো ভাগার্থে বংশশব্দশ্চ পরম্পরাকার্থে। ততশ্চ অনুবংশো ভাগপরম্পরা তদ্বোধকঃ শ্লোকঃ কশ্চিদস্তীত্যর্থঃ ॥১০॥

অযাতেতি। দেবা রুদ্রস্য ভয়াৎ, ন যাতোঽতীতঃ যামঃ প্রহরো যস্য তং সদ্যোনির্ম্মিত-মিত্যর্থঃ, সর্ব্বেভ্যো ভাগেভ্য উত্তমং ভাগম্, শাশ্বতং চিরকালীনম্, কল্পয়ামাসুঃ, রুদ্রায় দেয়ত্বেনেতি শেষঃ; অন্যথা বলাদেবাসৌ গৃহ্লীয়াদিত্যাশয়ঃ ॥১১॥

ইমামিতি। গাথাং শ্লোকম্। উপস্পৃশতি স্নাতি। চক্ষুষা তদ্বিষয়তয়ৈব ॥১২॥

তত ইতি। দ্রৌপদী পিতৃন্ তর্পয়াঞ্চকার স্নানদানাদিনা তোষয়ামাসেত্যর্থো বাচ্যঃ, "তর্পণং প্রত্যহং কার্য্যং ভর্ত্তুস্তিলকুশোদকৈঃ। তৎপিতুস্তৎপিতুশ্চাপি নামগোত্রাদিপূর্ব্বকম্ ॥" ইতি শুদ্ধিতত্ত্বধৃতস্মৃত্যা সধবায়াস্তর্পণানধিকারদ্যোতনাৎ ॥১৩॥

তৎপরে রুদ্র সেই পশু পরিত্যাগ করিয়া দেবযানে আরোহণপূর্ব্বক চলিয়া গেলেন। যুধিষ্ঠির! যজ্ঞে রুদ্রের ভাগপরম্পরাবোধক একটি শ্লোক আছে, তাহা তুমি শ্রবণ কর ॥১০॥

দেবতারা রুদ্রের ভয়ে সদ্যোনির্ম্মিত এবং সমস্ত ভাগ অপেক্ষা উৎকৃষ্ট একটি ভাগ চিরকাল তাঁহাকে দিবেন বলিয়া সঙ্কল্প করিয়াছিলেন ॥১১॥

যে লোক এই গাথা গান করিতে থাকিয়া (উক্ত শ্লোকটী পড়িতে থাকিয়া) এই নদীতে স্নান করে, দেবযানপথ তাহার দৃষ্টিগোচর হয় ॥১২॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর মহাত্মা পাণ্ডবেরা সকলে বৈতরণী-নদীতে নামিয়া পিতৃতর্পণ করিলেন এবং দ্রৌপদীও নামিয়া স্নান-দানাদি করিয়া পিতৃলোককে সন্তুষ্ট করিলেন ॥১৩॥

যুধিষ্ঠির বলিলেন—'মহর্ষি লোমশ! আপনি দেখুন—আমি যথাবিধানে এই বৈতরণীনদীতে স্নান করিয়া তপোবলে মনুষ্যভাব হইতে উত্তীর্ণ হইয়াছি ॥১৪॥

সর্ব্বাল্লোঁকান্ প্রপশ্যামি প্রসাদাত্তব সুব্রত ! ।
বৈখানসানাং জপতামেষ শব্দো মহাত্মনাম্ ॥১৫॥
লোমশ উবাচ ।
ত্রিশতং বৈ সহস্রাণি যোজনানাং যুধিষ্ঠির ! ।
যত্র ধ্বনিং শৃণোষ্যেনং তুষ্ণীমাস্স্ব বিশাংপতে ! ॥১৬॥
এতৎ স্বয়ম্ভুবো রাজন্ ! বনং দিব্যং প্রকাশতে ।
যত্রাযজত রাজেন্দ্র ! বিশ্বকর্ম্মা প্রতাপবান্ ॥১৭॥
যস্মিন্ যজ্ঞে হি ভূর্দত্তা কশ্যপায় মহাত্মনে ।
সপর্বতবনোদ্দেশা দক্ষিণার্থে স্বয়ম্ভুবা ॥১৮॥
অবাসীদচ্চ কৌন্তেয় ! দত্তমাত্রা মহী তদা ।
উবাচ চাপি কুপিতা লোকেশ্বরমিদং প্রভুম্ ॥১৯॥

ভারতকৌমুদী

উপেতি। উপস্পৃশ্য স্নাত্বা, বিধিবৎ উক্তগাথাং গায়ন্নিত্যর্থঃ। বিষয়াভাবাৎ ॥১৪॥

সর্ব্বানিতি। হে সুব্রত! তব প্রসাদাৎ উক্তগাথাগানেন স্নানোপদেশরূপানুগ্রহাৎ, সর্ব্বান্ লোকান্ ভুবনানি প্রপশ্যামি, তথা মহাত্মনাং জপতাম্ অস্ফুটং মন্ত্রমুচ্চারয়তাম্, বৈখানসানাং বানপ্রস্থানাম্, এষ শব্দঃ শ্রূয়তে। "বানপ্রস্থো বৈখানসোঽগ্রহঃ" ইতি ত্রিকাণ্ডশেষঃ ॥১৫॥

ত্রীতি। ত্রিশতং ত্রিশতগুণীকৃতানি সহস্রাণি ত্রীণি লক্ষাণীত্যর্থঃ। যত্র উৎপদ্যমানমিতি শেষঃ। তুষ্ণীং নীরবঃ সন্, আস্স্ব তিষ্ঠ, তচ্ছ্রবণায়েতি ভাবঃ ॥১৬॥

এতদিতি। প্রকাশতে তব দৃষ্টিপথ ইতি শেষঃ। বিশ্বং কর্ম্ম যস্য স ব্রহ্মা ॥১৭॥

যস্মিন্নিতি। পর্ব্বতৈর্বনৈঃ উদ্দেশৈস্তদিতরৈঃ স্থানৈশ্চ সহেতি সা ॥১৮॥

ভারতভাবদীপঃ

কান্তৌ"—অস্য লুঙি রূপম্ ॥৮—১০॥ অযাতযামং তাৎকালিকম্ ॥১১—১৬॥ "ভূমির্হ জগা- বিত্থ্যাদাহরন্তি ন মা মর্ত্ত্যঃ কশ্চন দাতুমর্হতি বিশ্বকর্ম্মন্ ভৌবন মাং দিদাসিথ নিমজ্ক্ষ্যেঽহং

মহর্ষি! আপনার অনুগ্রহে আমি সমস্ত জগৎ দেখিতেছি এবং জপপ্রবৃত্ত মহাত্মা বানপ্রস্থগণের এই শব্দ শুনিতেছি!' ॥১৫॥

লোমশ বলিলেন—'নরনাথ! যুধিষ্ঠির! তুমি যে স্থানের এই শব্দ শুনিতেছ, উহা এ স্থান হইতে তিন লক্ষ যোজন দূরে অবস্থিত। (ঐ শব্দ শুনিবার জন্য তুমি একটু কাল) নীরব হইয়া থাক ॥১৬॥

রাজা! তোমার দৃষ্টিপথে এই ব্রহ্মার দিব্য কানন প্রকাশ পাইতেছে; রাজশ্রেষ্ঠ! যে খানে প্রতাপশালী বিশ্বস্রষ্টা ব্রহ্মা যজ্ঞ করিয়াছিলেন ॥১৭॥

যে যজ্ঞে ব্রহ্মা মহাত্মা কশ্যপকে পর্ব্বত, বন ও প্রান্তরাদির সহিত সমগ্র পৃথিবী দক্ষিণারূপে দান করিয়াছিলেন ॥১৮॥

ন মাং মর্ত্ত্যায় ভগবন্! কস্মৈচিদ্দাতুমর্হসি।
প্রদানং মোঘমেতত্তে যাস্যাম্যেষা রসাতলম্ ॥২০॥
বিষীদন্তীং তু তাং দৃষ্ট্বা কশ্যপো ভগবানৃষিঃ।
প্রসাদয়াম্বভূবাথ ততো ভূমিং বিশাংপতে! ॥২১॥
ততঃ প্রসন্না পৃথিবী তপসা তস্য পাণ্ডব!।
পুনরুন্মজ্জ্য সলিলাদ্বেদীরূপা স্থিতা বভৌ ॥২২॥
সৈষা প্রকাশতে রাজন্! বেদী সংস্থানলক্ষণা।
আরুহ্যাত্র মহারাজ! বীর্য্যবান্ বৈ ভবিষ্যসি ॥২৩॥
সৈষা সাগরমাসাদ্য রাজন্! বেদী সমাশ্রিতা।
এতামারুহ্য ভদ্রং তে ত্বমেকস্তর সাগরম্ ॥২৪॥

ভারতকৌমুদী

অবেতি। অবাসীদদ্বিষণ্ণাভবৎ। লোকেশ্বরং ব্রহ্মাণম্ ॥১৯॥
নেতি। মোঘং ব্যর্থম্। তথাত্বে কারণমাহ যাস্যামীতি ॥২০॥
বিষীদন্তীমিতি। ভূমিং তাং পৃথিবীম্, প্রসাদয়াম্বভূব, তপসেতি শেষঃ ॥২১॥
তত ইতি। উন্মজ্জ্য উত্থায়, বেদীরূপা পরিষ্কৃতমৃত্তিকাস্তূপরূপা ॥২২॥
সেতি। সংস্থানং মৃত্তিকামাত্ররূপেণ স্থিতিরেব লক্ষণং স্বরূপং যস্যাঃ সা ॥২৩॥
সেতি। হে রাজন্। সা পৃথিবী, সাগরমাসাদ্য এষা বেদী সতী, এতৎ স্থানং সমাশ্রিতা। এতামারুহ্য স্থিতস্য তে ভদ্রং ভবেৎ, অতস্ত্বমেক এব সাগরং তর প্রবিশ ॥২৪॥

কুন্তীনন্দন! দান করিবামাত্র পৃথিবী বিষণ্ণা হইলেন এবং ক্রুদ্ধ হইয়া তখনই প্রভু ব্রহ্মাকে এই কথা বলিলেন— ॥১৯॥

'ভগবন্! আপনি আমাকে কোন মানুষের হস্তে দান করিতে পারেন না। (সে যাহা হউক,) আপনার এই দান ব্যর্থ। কারণ, আমি এই পাতালে যাইতেছি' ॥২০॥

নরনাথ! পৃথিবীকে বিষণ্ণ দেখিয়া ভগবান্ কশ্যপমুনি তপস্যাদ্বারা তাঁহাকে প্রসন্ন করিবার চেষ্টা করিতে লাগিলেন ॥২১॥

পাণ্ডুনন্দন! তাহার পর পৃথিবী কশ্যপের তপস্যায় প্রসন্ন হইয়া, পুনরায় জল হইতে উঠিয়া, বেদীরূপে থাকিয়া শোভা পাইয়াছিলেন ॥২২॥

রাজা! সেই পৃথিবীই এই কেবলমৃত্তিকারূপা বেদী হইয়া প্রকাশ পাইতেছেন। অতএব মহারাজ! তুমি উহাতে আরোহণ করিয়া বলবান্ হইতে পারিবে ॥২৩॥

রাজা! সেই পৃথিবীই সমুদ্রে আসিয়া এই বেদী হইয়া এই খানে রহিয়া-

অহঞ্চ তে স্বস্ত্যয়নং প্রযোক্ষ্যে যথা ত্বমেনামধিরোহসেঽদ্য।
স্পৃষ্টা হি মর্ত্ত্যেন ততঃ সমুদ্রমেষা বেদী প্রবিশত্যাজমীঢ়! ॥২৫॥
ওঁ নমো বিশ্বগুপ্তায় নমো বিশ্বপরায় তে।
সান্নিধ্যং কুরু দেবেশ! সাগরে লবণাম্ভসি ॥২৬॥
অগ্নির্মিত্রো যোনিরাপোঽথ দেব্যো বিষ্ণো রেতস্ত্বমমৃতস্যাস্য নাভিঃ।
এবং ব্রুবন্ পাণ্ডব! সত্যবাক্যং বেদীমিমাং ত্বং তরসাধিরোহ ॥২৭॥

ভারতকৌমুদী

অহমিতি। । স্বস্তি মঙ্গলম্ অয়তে প্রাপ্নোত্যনেনেতি স্বস্ত্যয়নং জপাদি ॥২৫॥

বেদ্যারোহণমন্ত্রমাহ ওঁ নম ইতি। বিশ্বং জগৎ গুপ্তং রক্ষিতং যেন তস্মৈ, বিশ্বপরায় ত্রিভুবনশ্রেষ্ঠায়। হে দেবেশ! নারায়ণ! ॥২৬॥

অগ্নিরিতি। ত্বম্, অগ্নিঃ, মিত্রঃ সূর্য্যঃ, যোনির্জগৎকারণম্, দেব্যশ্চলনাদ্যাত্মকক্রীড়নশীলাঃ, আপো জলম্, "আপো নারায়ণঃ সাক্ষাৎ" ইতি স্মৃতেঃ, বিষ্ণোর্ব্যাপকস্য পরমাত্মনঃ, রেতঃ রেতঃপরিণতিরূপাকারবান্, তথা অস্য অমৃতস্য মোক্ষস্য, নাভিঃ প্রধানং কারণম্, ত্বজ্জ্ঞানেনৈব তৎসাধনাৎ ॥২৭॥

ভারতভাবদীপঃ

সলিলস্য মধ্যে মোঘস্ত এষ কষ্টপায়াস সঙ্গরঃ" ইতি শ্রুতেরর্থং সংগৃহ্লাতি—"যত্রাযজত রাজেন্দ্রে"ত্যাদিনা ॥১৭—২৫॥ স্নানাদ্যর্থং সমুদ্রপ্রার্থনামন্ত্রমাহ—ওঁ নম ইতি। বিশ্বং গুপ্তং লীনমস্মিন্ প্রলয়ে ইতি বিশ্বগুপ্তঃ, বিশ্বস্মাৎ পরায় শ্রেষ্ঠায় বিষ্ণবে ইত্যর্থঃ। লবণাম্ভসি ক্ষারোদকে ॥২৬॥ অগ্নির্মিত্রশ্চ তেজস্ত্বাদগ্নিবৎ, সূর্য্যোঽপ্যপাং যোনিঃ, অপামিতি শেষঃ, বিষ্ণোর্ব্যাপকস্যাত্মনো রেতঃ শরীরাকারপরিণতমভিব্যক্তিস্থানং ত্বম্, হে সমুদ্র! অমৃতস্য

ছেন; ইহাতে আরোহণ করিলে তোমার মঙ্গল হইবে। অতএব তুমি একাকীই সমুদ্রে অবতরণ কর ॥২৪॥

আমি তোমার জন্য স্বস্ত্যয়ন করিব; যাহাতে তুমি এখনই ইহাতে আরোহণ করিতে পার। অজমীঢ়বংশোদ্ভব! এ বেদী মানুষস্পৃষ্ট হইলে সমুদ্রে প্রবেশ করিয়া থাকে ॥২৫॥

'দেবদেব নারায়ণ! আপনি জগতের রক্ষক, আপনাকে নমস্কার; আপনি জগতের শ্রেষ্ঠ, আপনাকে নমস্কার। আপনি এই লবণসমুদ্রে সন্নিহিত হউন ॥২৬॥

আপনি অগ্নি, আপনি সূর্য্য, আপনি জগতের কারণ, আপনি ক্রীড়াশীল জল, আপনি পরমাত্মার সাকার অবস্থা এবং আপনিই মুক্তির প্রধান কারণ'। যুধিষ্ঠির! তুমি এইরূপ সত্যবাক্য বলিতে বলিতে সত্বর এই বেদীতে আরোহণ কর ॥২৭॥

---

(২৬) অয়ং শ্লোকঃ দি নাস্তি।

অগ্নিশ্চ তে যোনিরিড়া চ দেহো রেতোধা বিষ্ণোরমৃতস্য নাভিঃ।
এবং জপন্ পাণ্ডব! সত্যবাক্যং ততোঽবগাহেত পতিং নদীনাম্ ॥২৮॥

অন্যথা হি কুরুশ্রেষ্ঠ! দেবযোনিরপাংপতিঃ।
কুশাগ্রেণাপি কৌন্তেয়! ন স্প্রষ্টব্যো মহোদধিঃ ॥২৯॥

বৈশম্পায়ন উবাচ।

ততঃ কৃতস্বস্ত্যয়নো মহাত্মা যুধিষ্ঠিরঃ সাগরমভ্যগচ্ছৎ।
কৃত্বা চ তচ্ছাশনমস্য সর্বং মহেন্দ্রমাসাদ্য নিশামুবাস ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং মহেন্দ্রাচলগমনে পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অগ্নিরিতি। হে নারায়ণ! অগ্নিস্তেজোময়ং নিরাকারং ব্রহ্ম চ তে যোনিঃ কারণম্, "নিরাকারং নির্বিকারং নিরীহম্" ইতি শ্রুতৌ নির্গত আকারো যস্মাদিতি ব্যুৎপত্তেরিতি ভাবঃ। ইড়া বাক্ চ তে দেহঃ, "চত্বারি শৃঙ্গাস্ত্রয়োঽস্য পাদা দ্বে শীর্ষে সপ্ত হস্তসঃ ত্রিধাবদ্ধো বৃষভো রোরবীতি মহো দেবো মর্ত্যা আবিবেশ" ইতি শ্রুতেরিত্যাশয়ঃ। কিঞ্চ, অমৃতস্য নিত্যমুক্তস্য, বিষ্ণোর্ব্যাপকস্য ব্রহ্মণঃ, নাভিঃ প্রধানভাগশ্চ, তে রেতোধা বিরাডবস্থাজনক-শুক্রনিষেক্তা, পিতুরিব পুত্রস্যেত্যভিপ্রায়ঃ। নদীনাং পতিং সমুদ্রম্। তাদৃশস্য নারায়ণস্য শয়নাশ্রয়তয়া সমুদ্রস্য স্বত্যত্বমিত্যবধেয়ম্ ॥২৮॥

অন্যথেতি। দেবানাং চন্দ্রাদীনাং যোনিঃ কারণম্। ন স্প্রষ্টব্যঃ, ধর্ম্মার্থস্নানাদৌ; মাহাত্ম্যপ্রকাশাভাবে তদুন্মুখীভাবাসম্ভবাদিতি ভাবঃ। তেনোক্তমন্ত্রাভাবেঽপি বাণিজ্যাদ্যর্থং পোতাদিনা গমনম্ ॥২৯॥

তত ইতি। কৃতস্বস্ত্যয়নঃ, লোমশেনেতি শেষঃ। শাসনমাদেশম্। মহেন্দ্রং পর্ব্বতম্ ॥৩০॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

নাভিঃ স্বধায়া গর্ভস্থানম্ ॥২৭॥ ইড়া যজ্ঞঃ, বিষ্ণো রেতোধাঃ বিষ্ণোরেতঃ জীবঃ স ধীয়তেঽস্মিন্ দেহে অমৃতস্য নাভিঃ মোক্ষস্য সাধনম্ ॥২৮॥ দেবযোনিঃ দেবস্থানম্ ॥২৯—৩০॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৫॥

'নারায়ণ! পরমাত্মা আপনার কারণ, বাক্য আপনার মূর্ত্তি এবং নিত্যমুক্ত ব্রহ্মের অংশ আপনার বিরাট্ অবস্থার জনক'। পাণ্ডুনন্দন! এইরূপ সত্য-বাক্য জপ করিতে করিতে সমুদ্রে অবগাহন করিবে ॥২৮॥

কুরুশ্রেষ্ঠ কুন্তীনন্দন! উক্ত মন্ত্র পাঠ না করিয়া দেবগণের কারণ ও জলের অধিপতি মহাসমুদ্রকে কুশাগ্রদ্বারাও স্পর্শ করিবে না' ॥২৯॥

---

* '...চতুর্দ্দশাধিকশততমঃ' বা ব কা, '...পঞ্চদশাধিকশততমঃ...' পি নি।

ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ

—— ০০(*)০০ ——

বৈশম্পায়ন উবাচ।

স তত্র তামুষিত্বৈকাং রজনীং পৃথিবীপতিঃ।
তাপসানাং পরং চক্রে সৎকারং ভ্রাতৃভিঃ সহ ॥১॥
লোমশস্তস্য তান্ সর্ব্বানাচখ্যৌ তত্র তাপসান্।
ভৃগূনঙ্গিরসশ্চৈব বাশিষ্ঠানথ কাশ্যপান্ ॥২॥
তান্ সমেত্য স রাজর্ষিরভিবাদ্য কৃতাঞ্জলিঃ।
রামস্যানুচরং বীরমপৃচ্ছদকৃতব্রণম্ ॥৩॥
কদা নু রামো ভগবাংস্তাপসান্ দর্শয়িষ্যতি।
তেনৈবাহং প্রসঙ্গেন দ্রষ্টুমিচ্ছামি ভার্গবম্ ॥৪॥

ভারতকৌমুদী

স ইতি। উষিত্বা বাসং কৃত্বা। পরমত্যন্তম্, সৎকারং পূজাম্ ॥১॥
লোমশ ইতি। আচখ্যৌ পরিচায়িতবান্। ভৃগূন্ তদ্বংশীয়ান্। এবমন্যত্রাপি ॥২॥
তানিতি। স যুধিষ্ঠিরঃ। রামস্য জামদগ্ন্যস্য। অকৃতব্রণং নাম ॥৩॥
কদেতি। দর্শয়িষ্যতি আত্মানমিতি শেষঃ। ভার্গবং তং রামম্ ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর লোমশ স্বস্ত্যয়ন করিলে যুধিষ্ঠির সমুদ্রে গমন করিলেন এবং লোমশের আদেশ অনুসারে সেই সমস্ত কার্য্য করিয়া, মহেন্দ্রপর্ব্বতে যাইয়া রাত্রিতে বাস করিলেন ॥৩০॥

———*(ঃ০ঃ)*———

বৈশম্পায়ন বলিলেন—রাজা যুধিষ্ঠির ভ্রাতাদের সঙ্গে মিলিত হইয়া মহেন্দ্র-পর্ব্বতে সেই একরাত্রি বাস করিয়া তত্রত্য তপস্বিগণের প্রতি অত্যন্ত সদ্ব্যবহার করিলেন ॥১॥

তখন লোমশমুনি ভৃগু, অঙ্গিরা, বশিষ্ঠ ও কশ্যপের বংশসম্ভূত সেই তপস্বি-গণকে যুধিষ্ঠিরের নিকট পরিচিত করাইয়া দিলেন ॥২॥

তখন রাজর্ষি যুধিষ্ঠির তাঁহাদের নিকট যাইয়া অভিবাদন করিয়া কৃতাঞ্জলি হইয়া পরশুরামের অনুচর বীর অকৃতব্রণকে জিজ্ঞাসা করিলেন—॥৩॥

'ভগবান্ পরশুরাম কখন তপস্বীদিগকে দর্শন দান করিবেন; আমি সেই প্রসঙ্গেই তাঁহাকে দেখিতে ইচ্ছা করি' ॥৪॥

অকৃতব্রণ উবাচ।

আয়ানেবাসি বিদিতো রামস্য বিদিতাত্মনঃ।
প্রীতিস্ত্বয়ি চ রামস্য ক্ষিপ্রং ত্বাং দর্শয়িষ্যতি ॥৫॥
চতুর্দ্দশীমষ্টমীঞ্চ রামং পশ্যন্তি তাপসাঃ।
অস্যাং রাত্র্যাং ব্যতীতায়াং ভবিত্রী শ্বশ্চতুর্দ্দশী ॥৬॥

যুধিষ্ঠির উবাচ।

ভবাননুগতো রামং জামদগ্ন্যং মহাবলম্।
প্রত্যক্ষদর্শী সর্বস্য পূর্ববৃত্তস্য কর্ম্মণঃ ॥৭॥
স ভবান্ কথয়ত্বেতদ্‌যথা রামেণ নির্জিতাঃ।
আহবে ক্ষত্রিয়াঃ সর্বে কথং কেন চ হেতুনা ॥৮॥

অকৃতব্রণ উবাচ।

হন্ত তে কথয়িষ্যামি মহদাখ্যানমুত্তমম্।
ভৃগূণাং রাজশার্দ্দূল! বংশে জাতস্য ভারত! ॥৯॥

ভারতকৌমুদী

আয়ানিতি। আযান্ অত্রাগচ্ছন্। বিদিতাত্মনো জ্ঞাতব্রহ্মতত্ত্বস্য। প তির্বর্ত্ততে ॥৫॥
চতুবিতি। চতুর্দশীমষ্টমীঞ্চ প্রাপ্যোতি শেষঃ। শ্বঃ পবদিনে ॥৬॥
ভবানিতি। অতো ভবান্ যথা তদ্‌বৃত্তান্তং বক্তুং শক্লুযাদন্যস্তু ন তথেতি ভাবঃ ॥৭॥
স ইতি। আহবে যুদ্ধে। কথং কেন প্রকাবেণ ॥৮॥
হন্তেতি। হন্তশব্দো হর্ষে। জাতস্য বামস্যেতি শেষঃ ॥৯॥

অকৃতব্রণ বলিলেন—'আপনি যখন আসিতেছিলেন, তখনই ব্রহ্মজ্ঞ বাম আপনাকে জানিতে পাবিযাছেন এবং আপনাব প্রতি বামের প্রীতিও বহিয়াছে। সুতরাং সত্বরই তিনি আপনাকে দর্শন দান কবিবেন ॥৫॥

তপস্বীরা চতুর্দ্দশী ও অষ্টমী তিথিতে বামকে দেখিয়া থাকেন; এই রাত্রি অতীত হইলে আগামী কল্য চতুর্দ্দশীতিথি হইবে ॥৬॥

যুধিষ্ঠির বলিলেন—'আপনি, মহাবল জমদগ্নিনন্দন রামেব অনুচব এবং তাঁহার পূর্ব্বজাত সকল কার্য্যেরই প্রত্যক্ষদর্শী ॥৭॥

অতএব আপনি ইহা বলুন যে, রাম কি কারণে এবং কি প্রকারে যুদ্ধে সকল ক্ষত্রিয়কে জয় করিয়াছিলেন' ॥৮॥

অকৃতব্রণ বলিলেন—'ভরতনন্দন রাজশ্রেষ্ঠ! আমি আপনাব নিকট ভৃগুবংশজাত রামের বিশাল ও উৎকৃষ্ট উপাখ্যান বলিব ॥৯॥

---

(৮) স ভবান্ কথয়ত্বত্য···বা ব কা নি। (৯) অহং তে···পি।

রামস্য জামদগ্ন্যস্য চরিতং দেবসম্মিতম্ ।
হৈহয়াধিপতেশ্চৈব কার্ত্তবীর্য্যস্য ভারত ! ॥১০॥
রামেণ চার্জ্জুনো নাম হৈহয়াধিপতির্হতঃ ।
তস্য বাহুশতান্যাসংস্ত্রীণি সপ্ত চ পাণ্ডব ! ॥১১॥
দত্তাত্রেয়প্রসাদেন বিমানং কাঞ্চনং তথা ।
ঐশ্বর্য্যং সর্ব্বভূতেষু পৃথিব্যাং পৃথিবীপতে ! ॥১২॥
অব্যাহতগতিশ্চৈব রথস্তস্য মহাত্মনঃ ।
রথেন তেন তু সদা বরদানেন বীর্য্যবান্ ॥১৩॥
মমর্দ্দ দেবান্ যক্ষাংশ্চ ঋষীংশ্চৈব সমন্ততঃ ।
ভূতাংশ্চৈব স সর্ব্বাংস্তু পীড়য়ামাস সর্বতঃ ॥১৪॥ (যুগ্মকম্)
ততো দেবাঃ সমেত্যাহুর্ঋষয়শ্চ মহাব্রতাঃ ।
দেবদেবং সুরারিঘ্নং বিষ্ণুং সত্যপরাক্রমম্ ॥১৫॥

ভারতকৌমুদী

রামস্যেতি। কার্ত্তবীর্য্যস্য চ চরিতমিতি সম্বন্ধঃ। দেবসম্মিতং দেবচরিত্রতুল্যম্ ॥১০॥
রামেণেতি । ত্রীণি সপ্ত চ বাহুশতানি সহস্রং বাহব ইত্যর্থঃ ॥১১॥
দত্তেতি। কাঞ্চনং স্বর্ণময়ম্। ঐশ্বর্য্যম্ আধিপত্যম্ ॥১২॥
অব্যাহতেতি। বরদানেন দত্তাত্রেয়মুনেঃ। ভূতান্ প্রাণিনঃ ॥১৩—১৪॥
তত ইতি। আহুঃ পরবচনং ব্রুবন্তি স্ম। সুরারিঘ্নম্ অসুরহন্তারম্ ॥১৫॥

ভরতনন্দন! জমদগ্নিপুত্র রামের চরিত্র দেবচরিত্রের তুল্য এবং হৈহয়াধিপতি কার্ত্তবীর্য্যার্জ্জুনের চরিত্রও দেবচরিত্রেরই তুল্য ছিল ॥১০॥

পাণ্ডুনন্দন! রাম, হৈহয়াধিপতি কার্ত্তবীর্য্যার্জ্জুনকে বিনাশ করিয়াছিলেন; তাঁহার একসহস্র বাহু ছিল ॥১১॥

রাজা! দত্তাত্রেয়মুনির অনুগ্রহে কার্ত্তবীর্য্যার্জ্জুনের স্বর্ণময় বিমান এবং পৃথিবীর সমস্ত প্রাণীর উপরে আধিপত্য ছিল ॥১২॥

এবং সেই মহাত্মার রথের গতি সর্বত্র অব্যাহত ছিল। বলবান্ কার্ত্তবীর্য্যার্জ্জুন দত্তাত্রেয়মুনির বরপ্রভাবে সেই রথে আরোহণ করিয়া সর্বদা সকলদিকের দেবতা, যক্ষ ও ঋষিগণের উৎপীড়ন করিতেন এবং সকল দিকের সকল প্রাণীদিগের উপদ্রব করিতেন ॥১৩—১৪॥

তাহার পর দেবগণ ও দৃঢ়ব্রতপরায়ণ ঋষিগণ—দেবদেব, অসুরহন্তা ও যথার্থপরাক্রমশালী বিষ্ণুর নিকট যাইয়া বলিলেন—॥১৫॥

ভগবন্! ভূতরক্ষার্থমর্জ্জুনং জহি বৈ প্রভো!।
বিমানেন চ দিব্যেন হৈহয়াধিপতিঃ প্রভুঃ।
শচীসহায়ং ক্রীড়ন্তং ধর্ষয়ামাস বাসবম্ ॥১৬॥
ততস্তু ভগবান্ দেবঃ শক্রেণ সহিতসদা।
কার্ত্তবীর্য্যবিনাশার্থং মন্ত্রয়ামাস ভারত! ॥১৭॥
যত্তত্তু তহিতং কার্য্যং সুরেন্দ্রেণ নিবেদিতম্।
স প্রতিশ্রুত্য তৎ সর্ব্বং ভগবাল্লোঁকপূজিতঃ ॥১৮॥
জগাম বদরীং রম্যাং স্বমেবাশ্রমমণ্ডলম্।
এতস্মিন্নেব কালে তু পৃথিব্যাং পৃথিবীপতিঃ ॥১৯॥
কান্যকুব্জে মহানাসীৎ পার্থিবঃ সুমহাবলঃ।
গাধীতি বিশ্রুতো লোকে বনবাসং জগাম হ ॥২০॥ (বিশেষকম্)
বনে তু তস্য বসতঃ কন্যা জজ্ঞেঽপ্সরঃসমা।
ঋচীকো ভার্গবস্তাঞ্চ বরয়ামাস ভারত! ॥২১॥

ভারতকৌমুদী

ভগবন্নিতি। ভূতানাং প্রাণিনাং রক্ষার্থম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥
তত ইতি। দেবো বিষ্ণুঃ, শক্রেণ ইন্দ্রেণ ॥১৭॥
যদিতি। প্রতিশ্রুত্য কর্ত্তব্যত্বেনাঙ্গীকৃত্য। স্বং স্বকীয়ম্। কান্যকুব্জে দেশে ॥১৮—২০॥
বন ইতি। ঋচীকো নাম ভার্গবো ভৃগুবংশজাতঃ কশ্চিৎ ॥২১॥

'ভগবন্! প্রভু! আপনি প্রাণিগণকে রক্ষা করিবার জন্য কার্ত্তবীর্য্যার্জ্জুনকে বধ করুন। কারণ, হৈহয়াধিপতি প্রভাবশালী কার্ত্তবীর্য্যার্জ্জুন দিব্য বিমানে যাইয়া শচীর সহিত ক্রীড়ায় প্রবৃত্ত ইন্দ্রকে বিদলিত করিয়া আসিয়াছেন ॥১৬॥

ভরতনন্দন! তদনন্তর ভগবান্ বিষ্ণু তখনই ইন্দ্রের সহিত মিলিত হইয়া কার্ত্তবীর্য্যার্জ্জুনকে বিনাশ করিবার জন্য মন্ত্রণা করিলেন ॥১৭॥

তখন দেবরাজ জগতের হিতের জন্য যে কর্ত্তব্য বিষয় জানাইলেন, সে সমস্তই করিবেন বলিয়া প্রতিজ্ঞা করিয়া ভগবান্ জগৎপূজিত নারায়ণ স্বকীয় মনোহর বদরিকাশ্রমে গমন করিলেন। এই সময়ে পৃথিবীতে কান্যকুব্জদেশে 'গাধি–' নামে বিখ্যাত প্রবলপরাক্রান্ত এক মহারাজ ছিলেন; তিনি বনবাসে গিয়াছিলেন ॥১৮—২০॥

ভরতনন্দন! বনে বাস করিবার সময়ে সেই গাধিরাজার অপ্সরার তুল্য একটী কন্যা জন্মিয়াছিল; যথাকালে ভৃগুবংশীয় ঋচীক সেই কন্যাটীকে প্রার্থনা করেন ॥২১॥

তমুবাচ ততো গাধির্ব্রাহ্মণং সংশিতব্রতম্ ।
উচিতং নঃ কুলে কিঞ্চিৎ পূর্ব্বৈর্যৎ সম্প্রবর্ত্তিতম্ ॥২২॥
একতঃ শ্যামকর্ণানাং পাণ্ডুরাণাং তরস্বিনাম্ ।
সহস্রং বাজিনাং শুল্কমিতি বিদ্ধি দ্বিজোত্তম ! ॥২৩॥
ন চাপি ভগবান্ বাচ্যো দীয়তামিতি ভার্গব ! ।
দেয়া মে দুহিতা চৈব ত্বদ্বিধায় মহাত্মনে ॥২৪॥

ঋচীক উবাচ ।

একতঃ শ্যামকর্ণানাং পাণ্ডুরাণাং তরস্বিনাম্ ।
দাস্যাম্যশ্বসহস্রং তে মম ভার্য্যা সুতাস্তু তে ॥২৫॥

অকৃতব্রণ উবাচ ।

স তথেতি প্রতিজ্ঞায় রাজন্ ! বরুণমব্রবীৎ ।
একতঃ শ্যামকর্ণানাং পাণ্ডুরাণাং তরস্বিনাম্ ॥২৬॥

ভারতকৌমুদী

তমিতি। উচিতং মমাপি তদ্রক্ষিতুং ন্যায্যম্। পূর্ব্বৈঃ পূর্ব্বপুরুষৈঃ ॥২২॥

একত ইতি। একতো বহির্দেশে শ্যামকর্ণানাম্, অন্তরে তু রক্তকর্ণানামিতি ভাবঃ, পাণ্ডুরাণাং সমুদায়েন শ্বেতরক্তবর্ণানাম্, তরস্বিনাং বেগবতাম্ ॥২৩॥

নেতি। ভগবান্ ভবান্। দীয়তাং তাদৃশমশ্বসহস্রমিতি শেষঃ ॥২৪॥

একত ইতি। অশ্বেতি লুপ্তষষ্ঠীবহুবচনান্তং পদম্, তল্লোপশ্চার্ষঃ। অন্যথা অশ্বেত্যস্য শ্যামকর্ণানামিত্যাদিনা সহান্বয়ো ন স্যাৎ। অথবার্ষত্বাদুক্তবিধৈকদেশান্বয় এব বাচ্যঃ ॥২৫॥

তদনন্তর গাধিরাজা সেই দৃঢ়ব্রত ব্রাহ্মণকে বলিলেন—'পূর্ব্বপুরুষেরা আমাদের বংশে যে কিছু রীতি প্রবর্ত্তিত করিয়া গিয়াছেন, তাহা রক্ষা করা আমাদের উচিত ॥২২॥

অতএব ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আপনি ইহা অবগত হউন যে, কাণের ভিতরটা রক্তবর্ণ ও বাহিরটা শ্যামবর্ণ থাকিবে, অন্য সমস্ত অঙ্গ পাণ্ডুরবর্ণ হইবে এবং মহাবেগশালী হইবে, এহেন সহস্র অশ্ব আমাদের কন্যাশুল্ক ॥২৩॥

কিন্তু ভৃগুনন্দন ! আপনাকে আমি এ কথা বলিতে পারিনা যে, আপনি সেই রূপ সহস্র অশ্ব আমাকে শুল্করূপে দান করুন ; অথ চ আপনার মত মহাত্মাকেই কন্যা দান করা আমার উচিত' ॥২৪॥

ঋচীক বলিলেন—'কাণের ভিতরটা রক্তবর্ণ ও বাহিরটা শ্যামবর্ণ থাকিবে, অন্য সমস্ত অঙ্গ পাণ্ডুরবর্ণ হইবে এবং মহাবেগশালী হইবে, এইরূপ সহস্র অশ্বই আপনাকে দান করিব ; আপনার কন্যা আমার ভার্য্যা হউন' ॥২৫॥

সহস্রং বাজিনামেকং শুল্কার্থং মে প্রদীয়তাম্।
তস্মৈ প্রাদাৎ সহস্রং বৈ বাজিনাং বরুণস্তদা ॥২৭॥ (যুগ্মকম্)
তদাশ্বতীর্থং বিখ্যাতমুত্থিতা যত্র তে হয়াঃ।
গঙ্গায়াং কান্যকুব্জে বৈ দদৌ সত্যবতীং তদা ॥২৮॥
ততো গাধিঃ সুতাঞ্চাস্মৈ জন্যাশ্চাসন্ সুরাস্তদা।
লব্ধ্বা হয়সহস্রন্তু তাংশ্চ দৃষ্ট্বা দিবৌকসঃ ॥২৯॥
ধর্ম্মেণ লব্ধ্বা তাং ভার্য্যামৃচীকো দ্বিজসত্তমঃ।
যথাকামং যথাজোষং তয়া রেমে সুমধ্যয়া ॥৩০॥

ভারতকৌমুদী

স ইতি। স তথা প্রতিজ্ঞায় ইতি বরুণমব্রবীৎ। তস্মৈ ঋচীকায় ॥২৬—২৭॥

তদিতি। তে তাদৃশা বরুণদত্তাঃ। গঙ্গায়াং গঙ্গাতীরে, দদৌ গাধিরিতি শেষঃ ॥২৮॥

তত ইতি। গাধিঃ, তত ঋচীকাৎ, হয়সহস্রং লব্ধ্বা, অস্মৈ ঋচীকায় চ সুতাং দদাবিতি শেষঃ। তদা চ সুরা দেবাঃ, জন্যা বরপ্রিয়া বরযাত্রা ইত্যর্থঃ আসন্। "জন্যো বরবধূজ্ঞাতি-প্রিয়ভৃত্যাহিতেঽপি চ" ইতি বিশ্বঃ। তে দিবৌকসশ্চ তান্ বরকন্যোভয়পক্ষান্ দৃষ্ট্বা জগ্মু-রিতি শেষঃ। গত্যন্তরাভাবাদীদৃশী ব্যাখ্যা ॥২৯॥

ধর্ম্মেণেতি। যথাজোষং যথাসুখম্, "তূষ্ণীমর্থে সুখে জোষম্" ইত্যমরঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

স ইতি ॥১—৪॥ আয়ান আগচ্ছন্ ॥৫—২৪॥ একত ইতি। বহিঃ শ্যামা অন্তরাবক্তাঃ কর্ণা যেষাং তে একতঃ শ্যামকর্ণাস্তেষাম্ ॥২৫—২৮॥ জন্যা বরপক্ষীয়াঃ ॥২৯—৩০॥

অকৃতব্রণ কহিলেন—রাজা! ঋচীকমুনি সেই রূপ প্রতিজ্ঞা করিয়া বরুণের নিকট যাইয়া বলিলেন—কাণের ভিতরটা রক্তবর্ণ ও বাহিরটা শ্যামবর্ণ থাকিবে, অন্য সমস্ত অঙ্গ পাণ্ডরবর্ণ হইবে এবং মহাবেগশালী হইবে, এইরূপ এক সহস্র অশ্ব আমাকে শুল্কের জন্য দান করুন'। বরুণ তখনই তাঁহাকে সেই এক সহস্র অশ্ব দান করিলেন ॥২৬—২৭॥

সেই অশ্বগুলি সমুদ্রের যে স্থানে উঠিয়াছিল, সেই স্থানটা 'অশ্বতীর্থ' বলিয়া বিখ্যাত হইয়াছে। তদনন্তর গাধিরাজা কান্যকুব্জে গঙ্গাতীরে যাইয়া ঋচীকের হস্তে সত্যবতীনাম্নী নিজকন্যাটীকে দান করিলেন ॥২৮॥

গাধিরাজা ঋচীকের নিকট হইতে এক সহস্র অশ্ব লাভ করিয়াই তাঁহাকে কন্যা দান করিয়াছিলেন; তখন দেবতারা বরযাত্র হইয়াছিলেন এবং সেই দেবতারা বর ও কন্যাপক্ষকে দেখিয়া চলিয়া গিয়াছিলেন ॥২৯॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ঋচীক ধর্ম্ম অনুসারে সেই গাধিরাজার কন্যাকে ভার্য্যারূপে লাভ করিয়া ইচ্ছানুসারে এবং যথাসুখে সেই সুমধ্যমার সহিত বিহার করিতে লাগিলেন ॥৩০॥

তং বিবাহে কৃতে রাজন্! সভার্য্যমবলোককঃ।
আজগাম ভৃগুঃ শ্রেষ্ঠং পুত্রং দৃষ্ট্বা ননন্দ চ ॥৩১॥
ভার্য্যাপতী তমাসীনং গুরুং সুরগণার্চ্চিতম্।
অর্চ্চিত্বা পর্য্যুপাসীনৌ প্রাঞ্জলী তস্থতুস্তদা ॥৩২॥
ততঃ স্নুষাং স ভগবান্ প্রহৃষ্টো ভৃগুরব্রবীৎ।
বরং বৃণীষ্ব সুভগে! দাতা হ্যস্মি তবেপ্সিতম্ ॥৩৩॥
সা বৈ প্রসাদয়ামাস তং গুরুং পুত্রকারণাৎ।
আত্মনশ্চৈব মাতুশ্চ প্রসাদঞ্চ চকার সঃ ॥৩৪॥

ভৃগুরুবাচ।

ঋতৌ ত্বঞ্চৈব মাতা চ স্নাতে পুংসবনায় বৈ।
আলিঙ্গেতাং পৃথগ্‌বৃক্ষৌ সাঽশ্বত্থং ত্বমুডুম্বরম্ ॥৩৫॥
চরুদ্বয়মিদং ভদ্রে! জনন্যাশ্চ তবৈব চ।
বিশ্বমাবর্ত্তয়িত্বা তু ময়া যত্নেন সাধিতম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

তমিতি। অবলোককঃ অবলোকয়িতুম্, "বুণ্‌তুমৌ ক্রিয়ায়াং ক্রিয়ার্থায়াম্" ইতি বুণ্ ॥৩১॥
ভার্য্যেতি। গুরুং শ্বশুরং পিতরঞ্চ। পর্য্যুপাসীনৌ সন্নিধাবুপবিষ্টৌ ॥৩২॥
তত ইতি। স্নুষাং পুত্রবধূম্। হে সুভগে! ভাগ্যবতি! ॥৩৩॥
সেতি। গুরুং শ্বশুরম্। স ভৃগুশ্চ প্রসাদমনুগ্রহং চকার ॥৩৪॥
ঋতাবিতি। স্নাতে ভবত্যৌ, পুংসোঃ পুত্রয়োঃ সবনায় প্রসবায় ॥৩৫॥

রাজা! ঋচীক বিবাহ করিলে পর একদিন মহর্ষি ভৃগু, ভার্য্যার সহিত সেই ঋচীককে দেখিবার জন্য আগমন করিলেন এবং শ্রেষ্ঠ পুত্রকে দেখিয়া আনন্দিত হইলেন ॥৩১॥

দেবগণপূজিত পিতা ভৃগু উপবেশন করিলে, পতি ও পত্নী উভয়েই তাঁহাকে পূজা করিয়া কৃতাঞ্জলি হইয়া তাঁহার সম্মুখে উপবেশন করিলেন ॥৩২॥

তাহার পর ভগবান্ ভৃগু আনন্দিত হইয়া পুত্রবধূকে বলিলেন—'ভাগ্যবতি! তুমি বর গ্রহণ কর, আমি তোমার অভীষ্ট বস্তু দান করিব' ॥৩৩॥

তখন সেই পুত্রবধূ, নিজের ও নিজমাতার পুত্রের জন্য শ্বশুরকে প্রসন্ন করিলেন; শ্বশুরও প্রসন্ন হইলেন ॥৩৪॥

ভৃগু বলিলেন—'তুমি ও তোমার মাতা দুই জনেই ঋতুস্নান করিয়া পুত্র প্রসব করিবার জন্য পৃথক্ পৃথক্ ভাবে দুইটী বৃক্ষকে আলিঙ্গন করিবে—তোমার মাতা অশ্বত্থবৃক্ষকে এবং তুমি উডুম্বরবৃক্ষকে ॥৩৫॥

প্রাশিতব্যং প্রযত্নেন চেত্যুক্ত্বাঽদর্শনং গতঃ।
আলিঙ্গনে চরৌ চৈব চক্রতুস্তে বিপর্য্যয়ম্ ॥৩৭॥
ততঃ পুনঃ স ভগবান্ কালে বহুতিথে গতে।
দিব্যজ্ঞানাদ্বিদিত্বা তু ভগবানাগতঃ পুনঃ ॥৩৮॥
অথোবাচ মহাতেজা ভৃগুঃ সত্যবতীং স্নুষাম্।
উপযুক্তশ্চরুর্ভদ্রে! বৃক্ষে চালিঙ্গনং কৃতম্ ॥৩৯॥
বিপরীতেন তে সুভ্রু! মাত্রা চৈবাসি বঞ্চিতা।
ব্রাহ্মণঃ ক্ষত্রবৃত্তির্বৈ তব পুত্রো ভবিষ্যতি ॥৪০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

চর্বিতি। বিশ্বং জগৎ, আবর্ত্তয়িত্বা অনুসন্ধায়, উপাদানসংগ্রহার্থমিতি ভাবঃ ॥৩৬॥
প্রেতি। প্রাশিতব্যং ভোক্তব্যম্। চরৌ চরুভক্ষণে। তে জননীতনয়ে ॥৩৭॥
তত ইতি। স ভৃগুঃ, ভগবান্ মাহাত্ম্যবান্, সুপৌত্রোৎপত্তৌ ভগবান্ যত্নবাংশ্চ ॥৩৮॥
অথেতি। হে সুভ্রু! তে ত্বয়া, বিপরীতেন ভাবেন, চরুঃ, উপযুক্তো ভক্ষিতঃ, বৃক্ষে চালিঙ্গনং কৃতম্। বঞ্চিতাসি বিপর্য্যয়োপদেশেনেতি ভাবঃ। ব্রাহ্মণো জাত্যা ॥৩৯—৪০॥

ভারতভাবদীপঃ

অবলোককোঽবলোকনার্থী ॥৩১—৩৫॥ বিশ্বং বিরাট্পুরুষমাবর্ত্তয়িত্বা মুহুর্ম্মুহুরনুসন্ধায় এতয়োশ্চর্ব্বোর্ভক্ষণেন বিশ্বস্রষ্টৃতুল্যৌ পুত্রৌ ভবিষ্যত ইতি ভাবঃ ॥৩৬॥ তে উভে প্রতী-ত্যুক্তেতীকারলোপঃ সন্ধির্বা আর্ষঃ, আলিঙ্গনে অশ্বত্থোডুম্বরয়োঃ ॥৩৭—৪৬॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ॥৯৬॥

ভদ্রে! আমি তোমার ও তোমার জননীর জন্য বিশ্ব ব্রহ্মাণ্ড অনুসন্ধান করিয়া যত্নপূর্ব্বক এই দুই ভাগ চরু নির্ম্মাণ করিয়াছি ॥৩৬॥

তোমরাও যত্নপূর্ব্বক ইহা ভক্ষণ করিবে'। এই কথা বলিয়া ভৃগু অন্তর্হিত হইলেন। এদিকে তাঁহারা বৃক্ষ আলিঙ্গনে ও চরুভক্ষণে বিপর্য্যয় করিলেন। (অর্থাৎ সত্যবতী অশ্বত্থবৃক্ষকে এবং তাঁহার মাতা উডুম্বরবৃক্ষকে আলিঙ্গন করিলেন ; আর সত্যবতী তাঁহার মাতার চরু এবং তাঁহার মাতা সত্যবতীর চরু ভক্ষণ করিলেন) ॥৩৭॥

তাহার পর বহুকাল অতীত হইলে, সৎপৌত্রোৎপাদনে যত্নশীল ভগবান্ ভৃগু দিব্যজ্ঞানে সেই বিপর্য্যয় জানিতে পারিয়া পুনরায় আগমন করিলেন ॥৩৮॥

তৎপরে মহাতেজা ভৃগু পুত্রবধূ সত্যবতীকে বলিলেন—'ভদ্রে! তুমি বিপরীতভাবে চরু ভক্ষণ ও বৃক্ষ আলিঙ্গন করিয়াছ। সুতরাং হে সুভ্রু! তোমার মাতাই তোমাকে বঞ্চনা করিয়াছেন। অতএব তোমার পুত্র ব্রাহ্মণ হইয়াও ক্ষত্রিয়বৃত্তি হইবে ॥৩৯—৪০॥

ক্ষত্রিয়ো ব্রাহ্মণাচারো মাতুস্তব সুতো মহান্ ।
ভবিষ্যতি মহাবীর্য্যঃ সাধূনাং মার্গমাস্থিতঃ ॥৪১॥
ততঃ প্রসাদয়ামাস শ্বশুরং সা পুনঃ পুনঃ ।
ন মে পুত্রো ভবেদীদৃক কামং পৌত্রো ভবেদিতি ॥৪২॥
এবমস্ত্বিতি সা তেন পাণ্ডব ! প্রতিনন্দিতা ।
কালং প্রতীক্ষতী গর্ভং ধারয়ামাস যত্নতঃ ॥৪৩॥
জমদগ্নিং ততঃ পুত্রং জজ্ঞে সা কাল আগতে ।
তেজসা বর্চ্চসা চৈব যুক্তং ভার্গবনন্দনম্ ॥৪৪॥
স বর্দ্ধমানস্তেজস্বী বেদস্যাধ্যয়নেন চ ।
বহূনৃষীন্ মহাতেজাঃ পাণ্ডবেয়াত্যবর্ত্তত ॥৪৫॥

ভারতকৌমুদী

ক্ষত্রিয় ইতি। ক্ষত্রিয়ো জাত্যা। মার্গং পন্থানং রীতিমিত্যর্থঃ, আস্থিত আশ্রিতঃ ॥৪১॥
তত ইতি। সা পুত্রবধূঃ সত্যবতী। ঈদৃক্ ক্ষত্রিয়বৃত্তিঃ। কামং বরম্ ॥৪২॥
এবমিতি। তেন ভৃগুণা। প্রতিনন্দিতা অভিনন্দিতা ॥৪৩॥
জমদগ্নিমিতি। জজ্ঞে জনয়ামাস। তেজসা ব্রাহ্মদীপ্ত্যা, বর্চ্চসা কান্ত্যা ॥৪৪॥
স ইতি। তেজস্বী বুদ্ধিপ্রভাবশালী। অত্যবর্ত্তত অতিক্রান্তবান্ ॥৪৫॥

আর, তোমার মাতার পুত্র ক্ষত্রিয় হইয়াও ব্রাহ্মণাচার, মহাত্মা, মহাবল ও সাধুপথাবলম্বী হইবে ॥৪১॥

তাহার পর সত্যবতী বার বার এই কথা বলিয়া শ্বশুরের নিকট অনুনয় করিতে লাগিলেন যে, 'আমার পুত্র যেন এ প্রকার হয় না, বরং পৌত্র যেন হয়' ॥৪২॥

'এইরূপই হউক' এই কথা বলিয়া ভৃগু সত্যবতীকে আনন্দিত করিলেন। তাহার পর সত্যবতী কাল প্রতীক্ষা করিতে থাকিয়া যত্নপূর্ব্বক গর্ভ ধারণ করিলেন ॥৪৩॥

তদনন্তর কাল উপস্থিত হইলে, সত্যবতী ভৃগুবংশের আনন্দজনক এবং তেজ ও কান্তিসম্পন্ন 'জমদগ্নি-' নামক একটী পুত্র প্রসব করিলেন ॥৪৪॥

পাণ্ডুনন্দন ! সেই জমদগ্নি বৃদ্ধি পাইতে থাকিয়া ক্রমে বুদ্ধিমান্ ও মহাতেজা হইয়া বেদাধ্যয়নদ্বারা বহু ঋষিকে অতিক্রম করিলেন ॥৪৫॥

---

(৪৩) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

তস্ত কৃৎস্নো ধনুর্বেদঃ প্রত্যভাত্তরতর্ষভ!।

চতুর্বিধানি চাস্ত্রাণি ভাস্করোপমবর্চ্চসম্ ॥৪৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং জমদগ্ন্যুৎপত্তৌ ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

সপ্তনবতিতমোঽধ্যায়ঃ

—— ০০ (*) ০০ ——

অকৃতব্রণ উবাচ।

স বেদাধ্যয়নে যুক্তো জমদগ্নির্মহাতপাঃ।

তপস্তেপে ততো দেবান্ নিয়মাদ্বশমানয়ৎ ॥১॥

স প্রসেনজিতং রাজন্! অধিগম্য নরাধিপম্।

রেণুকাং বরয়ামাস স চ তস্মৈ দদৌ নৃপঃ ॥২॥

ভাবতকৌমুদী

তমিতি। তং প্রতি, অভাৎ আবিবভবৎ। চতুর্বিধানি ছেদন-ভেদন-স্তম্ভন-সম্মোহনজনকানি। ভাস্করোপমবর্চ্চসং সূর্য্যতুল্যতেজস্কম্ ॥৪৬॥

ইতি শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতায়াং মহাভাবতটীকায়াং ভাবতকৌমুদী-সমাখ্যাযাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

স ইতি। যুক্তো ব্যাপৃতঃ। ততো নিয়মাৎ তপস্যাত এব ॥১॥

স ইতি। প্রসেনজিতং তদাখ্যম্। রেণুকাং তন্নাম্নীং কন্যাম্ ॥২॥

ভবতশ্রেষ্ঠ! ক্রমশঃ সমস্ত ধনুর্বেদ ও চতুর্বিধ অস্ত্র সেই সূর্য্যতুল্য তেজস্বী জমদগ্নিব হৃদয়ে প্রকাশ পাইল' ॥৪৬॥

——:(*):——

অকৃতব্রণ বলিলেন—'মহাতপা জমদগ্নি বেদপাঠে প্রবৃত্ত থাকিয়া তপস্যা করিতে লাগিলেন; তাহাতেই দেবগণকে বশে আনয়ন করিলেন ॥১॥

রাজা! তিনি একদা প্রসেনজিৎ রাজার নিকট যাইয়া তাঁহার কন্যা বেণুকাকে প্রার্থনা করিলেন; প্রসেনজিৎও তাঁহার হস্তে রেণুকাকে দান করিলেন ॥২॥

---

*'.. পঞ্চদশাধিকশততমঃ·· ' বা ব কা, '···ষোড়শাধিকশততমঃ ' পি নি।

রেণুকাং ত্বথ সম্প্রাপ্য ভার্য্যাং ভার্গবনন্দনঃ।
আশ্রমস্থস্তয়া সার্দ্ধং তপস্তেপেঽনুকূলয়া ॥৩॥
তস্যাঃ কুমারাশ্চত্বারো জজ্ঞিরে রামপঞ্চমাঃ।
সর্বেষামজঘন্যস্তু রাম আসীজ্জঘন্যজঃ ॥৪॥
ফলাহারেষু সর্বেষু গতেষ্বথ সুতেষু বৈ।
রেণুকা স্নাতুমগমৎ কদাচিন্নিয়তব্রতা ॥৫॥
সা তু চিত্ররথং নাম মার্ত্তিকাবতকং নৃপম্।
দদর্শ রেণুকা রাজন্নাগচ্ছন্তী যদৃচ্ছয়া ॥৬॥
ক্রীড়ন্তং সলিলে দৃষ্ট্বা সভার্য্যং পদ্মমালিনম্।
ঋদ্ধিমন্তং ততস্তস্য স্পৃহয়ামাস রেণুকা ॥৭॥
ব্যভিচারাচ্চ সা তস্মাৎ ক্লিন্নাঽম্ভসি বিচেতনা।
প্রবিবেশাশ্রমং ত্রস্তা তাং বৈ ভর্ত্তাঽন্ববুধ্যত ॥৮॥

ভাবতকৌমুদী

রেণুকামিতি। ভার্গবনন্দনঃ স জমদগ্নিঃ। অনুকূলয়া বশবর্ত্তিন্যা ॥৩॥

তস্যা ইতি। কুমারাঃ পুত্রাঃ, রামঃ পঞ্চমো যেষাং তে। অজঘন্যঃ গুণৈরনিকৃষ্ট উৎকৃষ্ট এবেত্যর্থঃ, জঘন্যজঃ অন্ত্যজাতঃ, "জঘন্যোঽন্ত্যেঽধমেঽপি চ" ইত্যমরঃ ॥৪॥

ফলেতি। ফলানামাহারেষু আহরণেষু। ব্যক্তিভেদেন ক্রিয়াভেদাদ্বহুবচনম্ ॥৫॥

সেতি। মৃত্তিকাঽস্যাস্তীতি মৃত্তিকাবান্ প্রশস্তমৃত্তিকো দেশস্তস্যায়মিতি মার্ত্তিকাবতঃ, ততঃ সংজ্ঞায়াং কপ্রত্যয়স্তম্, যদৃচ্ছয়া সঙ্কল্পশূন্যবৃত্ত্যা গমনপ্রসঙ্গেনেত্যর্থঃ ॥৬॥

ক্রীড়ন্তমিতি। দৃষ্ট্বা তীরপথেনাগমনসময় ইত্যাশয়ঃ। পদ্মমালিনং হেমপদ্মমালা-লম্বিতকণ্ঠম্, ঋদ্ধিমন্তং কান্তিসম্পদ্যুক্তম্, তত ঋদ্ধিমত্ত্বাদেব ॥৭॥

তাহার পর ভার্গবনন্দন জমদগ্নি রেণুকাকে ভার্য্যা পাইয়া আশ্রমে থাকিয়া সেই অনুকূলা ভার্য্যার সহিত তপস্যা করিতে লাগিলেন ॥৩॥

ক্রমে রেণুকার পাঁচটী পুত্র জন্মিল; তাঁহাদের মধ্যে রাম ছিলেন—পঞ্চম। কিন্তু রাম বয়সে সর্বকনিষ্ঠ হইয়াও গুণে সর্বাপেক্ষাই উৎকৃষ্ট ছিলেন ॥৪॥

তাহার পর কোন সময়ে পুত্রেরা সকলে ফলাহরণ করিবার জন্য বাহিরে গেলে, ব্রতপরায়ণা রেণুকা স্নান করিতে গেলেন ॥৫॥

রাজা! সেই রেণুকাদেবী স্নান করিয়া আসিবার সময়ে যদৃচ্ছাক্রমে মার্ত্তিকাবতদেশের রাজা চিত্ররথকে দেখিলেন ॥৬॥

রেণুকাদেবী (তীরপথ দিয়া আসিবার সময়ে) স্বর্ণপদ্মের মালাধারী ও পরমসুন্দর চিত্ররথকে জলের ভিতরে ভার্য্যার সহিত ক্রীড়া করিতে দেখিয়াই তাঁহার উপরে কামস্পৃহা করিলেন ॥৭॥

স তাং দৃষ্ট্বা চ্যুতাং ধৈর্য্যাদ্ব্রাহ্ম্যা লক্ষ্ম্যা বিবর্জিতাম্।
ধিক্‌শব্দেন মহাতেজা গর্হয়ামাস বীর্য্যবান্ ॥৯॥
ততো জ্যেষ্ঠো জামদগ্ন্যো রুমণ্বান্ নাম নামতঃ।
আজগাম সুষেণশ্চ বসুর্বিশ্বাবসুস্তথা ॥১০॥
তানানুপূর্ব্যা ভগবান্ বধে মাতুরচোদয়ৎ।
ন চ তে জাতসংস্নেহাঃ কিঞ্চিদূচুর্বিচেতসঃ ॥১১॥
ততঃ শশাপ তান্ ক্রোধাত্তে শপ্তাশ্চেতনাং জহুঃ।
মৃগপক্ষিসধর্ম্মাণঃ ক্ষিপ্রমাসন্ জড়োপমাঃ ॥১২॥
ততো রামোঽভ্যয়াৎ পশ্চাদাশ্রমং পরবীরহা।
তমুবাচ মহাবাহুর্জমদগ্নির্মহাতপাঃ ॥১৩॥

ভারতকৌমুদী

ব্যভীতি। অম্ভসি ক্লিন্না আর্দ্রীভূতদেহা "ক্লিদূ আর্দ্রীভাবে" ইতি ধাত্বর্থানুসারাৎ তদানীমপ্যপ্রোঙ্খিতগাত্রীত্যর্থঃ, সা রেণুকা, তস্মাৎ সুন্দরপরপুরুষস্পৃহারূপাদ্ব্যভিচারাদেব, বিচেতনা কামমুগ্ধা, অতএব ত্রস্তা চ সতী আশ্রমং প্রবিবেশ। ভর্ত্তা জমদগ্নিশ্চ তাং তাদৃশীম্, অন্ববুধ্যত, কম্পরোমাঞ্চাদিসাত্ত্বিকভাবদর্শনাদিতি ভাবঃ ॥৮॥

স ইতি। ব্রাহ্ম্যা লক্ষ্ম্যা চিরধীরতারূপয়া শ্রিয়া। বীর্য্যবান্ তপসা বলবান্ ॥৯॥

তত ইতি। জামদগ্ন্যো জমদগ্নিপুত্রঃ। সুষেণাদয়শ্চ জামদগ্ন্যা এব ॥১০॥

তানিতি। আনুপূর্ব্যা জ্যেষ্ঠক্রমেণ। ভগবান্ জমদগ্নিঃ। বিচেতসঃ স্নেহাদেব মুগ্ধাঃ ॥১১॥

তত ইতি। শশাপ জমদগ্নিঃ। চেতনাং মনুষ্যোচিতং প্রকৃষ্টচৈতন্যম্, জহুঃ তত্যজুঃ। মৃগাণাং পশূনাং পক্ষিণাঞ্চ সমানো ধর্ম্মো যেষাং তে, পশুপক্ষিতুল্যা ইত্যর্থঃ ॥১২॥

জলে আর্দ্রদেহা রেণুকা সেই ব্যভিচারবশতই মুগ্ধা ও ত্রস্তা হইয়া আশ্রমে প্রবেশ করিলেন ; কিন্তু জমদগ্নি তাঁহাকে বুঝিয়া ফেলিলেন ॥৮॥

মহাতেজা ও তপঃপ্রভাবসম্পন্ন জমদগ্নি রেণুকাকে ধৈর্য্যচ্যুত ও ব্রাহ্মশ্রী-বিহীন দেখিয়া ধিক্ ধিক্ শব্দে নিন্দা করিতে লাগিলেন ॥৯॥

তাহার পর জমদগ্নির জ্যেষ্ঠপুত্র রুমণ্বান্, দ্বিতীয় পুত্র সুষেণ, তৃতীয় পুত্র বসু ও চতুর্থ পুত্র বিশ্বাবসু আশ্রমে আসিলেন ॥১০॥

তখন জমদগ্নি জ্যেষ্ঠক্রমে তাঁহাদিগকে মাতৃবধে প্রণোদিত করিলেন ; কিন্তু প্রবল স্নেহ উপস্থিত হওয়ায় আকুল হইয়া তাঁহারা কিছুই বলিলেন না ॥১১॥

তখন জমদগ্নি ক্রোধবশতঃ তাঁহাদিগকে অভিসম্পাত করিলেন ; তাহাতে তাঁহারা তৎক্ষণাৎ মনুষ্যযোগ্য চৈতন্য ত্যাগ করিলেন এবং পশু-পক্ষীর সমান হইয়া জড়ের মত থাকিলেন ॥১২॥

---

(১১)…জাতসম্মোহাঃ…পি।

জহীমাং মাতরং পাপাং মা চ পুত্র ! ব্যথাং কৃথাঃ।
তত আদায় পরশুং রামো মাতুঃ শিরোঽহরৎ ॥১৪॥
ততস্তস্য মহারাজ ! জমদগ্নের্মহাত্মনঃ।
কোপোঽভ্যগচ্ছৎ সহসা প্রসন্নশ্চাব্রবীদিদম্ ॥১৫॥
মমেদং বচনাত্তাত ! কৃতং তে কর্ম্ম দুষ্করম্।
বৃণীষ্ব কামান্ ধর্ম্মজ্ঞ ! যাবতো বাঞ্ছসে হৃদা ॥১৬॥
স বব্রে মাতুরুত্থানমস্মৃতিঞ্চ বধস্য বৈ।
পাপেন তেন চাস্পর্শং ভ্রাতৄণাং প্রকৃতিং তথা ॥১৭॥
অপ্রতিদ্বন্দ্বতাং যুদ্ধে দীর্ঘমায়ুশ্চ ভারত !।
দদৌ চ সর্ব্বান্ কামাংস্তান্ জমদগ্নির্মহাতপাঃ ॥১৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। অভ্যায়াদাগচ্ছৎ। পববীরহেতি ভাবিনি ভূতবদুপচারাদুক্তম্ ॥১৩॥

জহীতি। পাপামিত্যনেন বধার্হতা সূচিতা। তপঃপ্রভাবাৎ কামদাতা পিতা নির্বিবাদমাদেশপালনাৎ প্রসন্নঃ পুনরপ্যেনামুজ্জীবয়িষ্যতীতি মত্বৈব রামো মাতৃহত্যায়াং প্রবৃত্ত ইতি বোধ্যম্ ॥১৪॥

তত ইতি। অভ্যগচ্ছৎ তিরোঽভবৎ। প্রসন্নশ্চ নির্বিবাদমাদেশপালনাদিতি ভাবঃ ॥১৫॥

মমেতি। তে ত্বয়া। পিতুরাদেশস্য সর্ব্বথা পালনীয়ত্বজ্ঞানাদ্ধর্ম্মজ্ঞেতি সম্বোধনম্ ॥১৬॥

স ইতি। তেন মাতৃহত্যাকৃতেন। প্রকৃতিং স্বভাবম্। কামান্ অভীষ্টবিষয়ান্ ॥১৭ ১৮॥

ভারতভাবদীপঃ

স বেদেতি ॥১—৬॥ ততস্তস্য স্পৃহয়ামাস তমৈচ্ছৎ ॥৭॥ অম্ভসি সবস্ত্রৈব ক্লিন্না দ্রুতা। তথা চোক্তং—"সুন্দরং পুরুষং দৃষ্টা ভ্রাতরং পিতরং সুতম্। যোনির্দ্রবতি নারীণাং সত্যং

তদনন্তর বিপক্ষবীরহন্তা রাম সকলের পরে আশ্রমে আসিলেন; তখন মহাবাহু ও মহাতপা জমদগ্নি তাঁহাকে বলিলেন—॥১৩॥

'পুত্র! তোমার এই পাপিষ্ঠা মাতাকে বধ কর, দুঃখ করিও না'। তাহার পর রাম কুঠার লইয়া মাতার শিরচ্ছেদ করিলেন ॥১৪॥

মহারাজ! তাহার পর তখনই সেই মহাত্মা জমদগ্নির ক্রোধ নিবৃত্তি পাইল এবং তিনি প্রসন্ন হইয়া এই কথা বলিলেন—॥১৫॥

'বৎস! তুমি আমার আদেশমাত্রেই এই দুষ্কর কার্য্য করিয়াছ; অতএব তুমি মনে যতগুলি বিষয় ইচ্ছা কর তাহাই বর লও' ॥১৬॥

মাতার জীবিত হইয়া উত্থান, তাঁহার সেই হত্যা স্মরণ না করা, আপনাতে সেই পাপস্পর্শ না হওয়া, ভ্রাতাদের স্বাভাবিক অবস্থা এবং নিজের যুদ্ধে

কদাচিত্তু তথৈবাস্য বিনিষ্ক্রান্তাঃ সুতাঃ প্রভো!।
অথানূপপতির্বীরঃ কার্ত্তবীর্য্যোঽভ্যবর্ত্তত ॥১৯॥
তমাশ্রমপদং প্রাপ্তমৃষের্ভার্য্যা সমার্চ্চয়ৎ।
স যুদ্ধমদসম্মত্তো নাভ্যনন্দত্তথার্চ্চনম্ ॥২০॥
প্রমথ্য চাশ্রমাত্তস্মাদ্ধোমধেনোস্ততো বলাৎ।
জহার বৎসং ক্রোশন্ত্যা বভঞ্জ চ মহাদ্রুমান্ ॥২১॥
আগতায় চ রামায় তদাচষ্ট পিতা স্বয়ম্।
গাঞ্চ রোরুদতীং দৃষ্ট্বা কোপো রামং সমাবিশৎ ॥২২॥
স মৃত্যুবশমাপন্নং কার্ত্তবীর্য্যমুপাদ্রবৎ।
তস্যাথ যুধি বিক্রম্য ভার্গবঃ পরবীরহা ॥২৩॥

ভারতকৌমুদী

কদাচিদিতি। তথৈব ফলাহরণার্থমেব। অনূপপতিঃ সমুদ্রজলপ্রায়দেশস্য রাজা ॥১৯॥ তমিতি। তং কার্ত্তবীর্য্যম্। ঋষের্ভার্য্যা রেণুকা, সমার্চ্চয়ৎ আতিথ্যেন ॥২০॥ প্রমথ্যেতি। প্রমথ্য হোমধেনুমেব নিপীড্য। ক্রোশন্ত্যা আর্ত্তনাদং কুর্বত্যাঃ ॥২১॥ আগতায়েতি। আচষ্ট উক্তবান্, পিতা জমদগ্নিঃ। রোরুদতীং ভৃশং ক্রন্দন্তীম্ ॥২২॥

অপ্রতিদ্বন্দ্বতা ও দীর্ঘ আয়ু, এই সকল বর রাম চাহিলেন; মহাতপা জমদগ্নিও সেই সমস্ত বরই দিলেন ॥১৭—১৮॥

রাজা! তাহার পর কোন সময়ে জমদগ্নির পুত্রগণ সেই ফলাহরণের জন্যই নির্গত হইয়া গেলেন; এমন সময়ে সমুদ্রের তীরদেশের রাজা কার্ত্তবীর্য্যার্জ্জুন সেই আশ্রমে আসিলেন ॥১৯॥

তখন রেণুকাদেবী সেই আশ্রমাগত রাজার যথোচিত সৎকার করিলেন; কিন্তু যুদ্ধমদমত্ত রাজা তাহাতে সন্তুষ্ট হইলেন না ॥২০॥

কিন্তু তিনি উৎপীড়ন করিয়া সেই আশ্রম হইতে বলপূর্বক হোমধেনুর বৎসটীকে হরণ করিলেন, তখন হোমধেনুটী আর্ত্তনাদ করিতে লাগিল; আবার তিনি আশ্রমের উত্তম বৃক্ষগুলিকেও ভগ্ন করিলেন ॥২১॥

তাহার পর রাম আশ্রমে আসিলে, জমদগ্নি নিজেই তাঁহার নিকট সেই বৃত্তান্ত বলিলেন; তাহা শুনিয়া এবং হোমধেনুকে আর্ত্তনাদ করিতে দেখিয়া রামের ক্রোধ জন্মিল ॥২২॥

তাহার পর বিপক্ষবীরহন্তা রাম, আসন্নমৃত্যু কার্ত্তবীর্য্যার্জ্জুনের দিকে ধাবিত হইলেন এবং মনোহর ধনু ধারণ করিয়া যুদ্ধে বিক্রমপ্রকাশপূর্বক নিশিত ভল্ল-সমূহ দ্বারা কার্ত্তবীর্য্যার্জ্জুনের পরিঘতুল্য সহস্র বাহু ছেদন করিলেন। রাজা!

চিচ্ছেদ নিশিতৈর্ভল্লৈর্ব্বাহূন্ পরিঘসন্নিভান্।
সহস্রসম্মিতান্ রাজন্! প্রগৃহ্য রুচিরং ধনুঃ।
অভিভূতঃ স রামেণ সংযুক্তঃ কালধর্ম্মণা ॥২৪॥ (যুগ্মকম্)
অর্জ্জুনস্যাথ দায়াদা রামেণ কৃতমন্যবঃ।
আশ্রমস্থং বিনা রামং জমদগ্নিমুপাদ্রবন্ ॥২৫॥
তে তং জঘ্নুর্মহাবীর্য্যমযুধ্যন্তং তপস্বিনম্।
অসকৃদ্রাম রামেতি বিক্রোশন্তমনাথবৎ ॥২৬॥
কার্ত্তবীর্য্যস্য পুত্রাস্তু জমদগ্নিং যুধিষ্ঠির!।
পীড়য়িত্বা শরৈর্জগ্মুর্যথাগতমরিন্দমাঃ ॥২৭॥
অপক্রান্তেষু চৈতেষু জমদগ্নৌ তথা গতে।
সমিৎপাণিরুপাগচ্ছদাশ্রমং ভৃগুনন্দনঃ ॥২৮॥

ভারতকৌমুদী

স ইতি। উপাদ্রবৎ অভ্যধাবৎ। অভিভূতঃ আক্রান্তঃ স কার্ত্তবীর্য্যঃ, কালঃ কলনমেব ধর্ম্মো যস্য তেন মৃত্যুনা সংযুক্তঃ মমাবেত্যর্থঃ। পবশ্লোকঃ ষট্পাদঃ ॥২৩—২৪॥

অর্জ্জুনস্যেতি। দায়াদাঃ পুত্রাঃ। কৃতো মন্যুঃ ক্রোধো যেষাং তে ॥২৫॥

ত ইতি। তপস্বিনং তপঃপ্রবৃত্তম্। অতএবাভিশাপাদপি নিবৃত্তমিতি ভাবঃ ॥২৬॥

কার্ত্তবীর্য্যস্যেতি। গম্যত ইতি গতং স্থানং যথাগতং যথাস্থানম্ ॥২৭॥

অপেতি। তথা মৃত্যুবশং গতে সতি। ভৃগুনন্দনো রামঃ ॥২৮॥

এই ভাবে রামকর্ত্তৃক আক্রান্ত হইয়া কার্ত্তবীর্য্যার্জ্জুন মৃত্যুমুখে পতিত হইলেন ॥২৩—২৪॥

তদনন্তর কার্ত্তবীর্য্যার্জ্জুনের পুত্রেরা রামের প্রতি ক্রুদ্ধ হইয়া—রাম যখন আশ্রমে ছিলেন না, সেই সময়ে আশ্রমস্থিত জমদগ্নির প্রতি ধাবিত হইল ॥২৫॥

তখন জমদগ্নি বলবান্ হইয়াও তপস্যায় প্রবৃত্ত ছিলেন বলিয়া যুদ্ধ করিলেন না, কেবল অনাথের ন্যায় বার বার রাম রাম বলিয়া আর্ত্তনাদ করিতে থাকিলেন; সেই অবস্থায়ই কার্ত্তবীর্য্যার্জ্জুনের পুত্রেরা তাঁহাকে বধ করিল ॥২৬॥

যুধিষ্ঠির! শত্রুহন্তা অর্জ্জুনপুত্রগণ বাণদ্বারা জমদগ্নিকে বধ করিয়া যথাস্থানে চলিয়া গেল ॥২৭॥

তাহারা চলিয়া গেলে, জমদগ্নিরও মৃত্যু হইলে, রাম সমিধ লইয়া আশ্রমে আসিলেন ॥২৮॥

স দৃষ্ট্বা পিতরং বীরস্তথা মৃত্যুবশং গতম্।
অনর্হস্তং তথা ভূতং বিললাপ সুদুঃখিতঃ ॥২৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং জমদগ্নিবধে সপ্তনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:○:——

অষ্টনবতিতমোঽধ্যায়ঃ

——:(*):——

রাম উবাচ।
মমাপরাধাত্তৈঃ ক্ষুদ্রৈর্হতস্ত্বং তাত! বালিশৈঃ।
কার্ত্তবীর্য্যস্য দায়াদৈর্বনে মৃগ ইবেষুভিঃ ॥১॥
ধর্ম্মজ্ঞস্য কথং তাত! বর্ত্তমানস্য সৎপথে।
মৃত্যুরেবংবিধো যুক্তঃ সর্ব্বভূতেষ্বনাগসঃ ॥২॥

ভারতকৌমুদী

স ইতি। অনর্হস্তং তপস্বিব্রাহ্মণত্বাত্তাদৃশমৃত্যোরযোগ্যম্, তথা ভূতং ভূপতিতম্ ॥২৯॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সপ্তনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

বিলাপপ্রকারমাহ মমেতি। বালিশৈর্মূর্খৈঃ, পরাপরাধেন পরহননাদিত্যাশয়ঃ ॥১॥

ভারতভাবদীপঃ

সত্যং জনার্দ্দন"! ইতি ॥৮—২৩॥ কালধর্ম্মণা মৃত্যুনা ॥২৪—২৮॥ ভার্য্যাবধদোষাৎ স্বয়মপি তাদৃশমেব মরণং প্রাপেত্যাশয়ঃ ॥২৯॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভাবতভাবদীপে সপ্তনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৭॥

পিতা জমদগ্নি সেইরূপ মৃত্যুর অযোগ্য ছিলেন, তথাপি তিনি মৃত ও ভূতল-পতিত রহিয়াছেন ইহা দেখিয়া বীর রাম অত্যন্ত দুঃখিত হইয়া বিলাপ করিতে লাগিলেন ॥২৯॥

——:০:——

রাম বলিলেন—'পিতঃ! ক্ষুদ্রপ্রকৃতি এবং মূর্খ সেই কার্ত্তবীর্য্যপুত্রেরা আমারই অপরাধে বনের ভিতরে হরিণের ন্যায় আপনাকে বাণদ্বারা বধ করিয়া গেল। ॥১॥

'…ষোড়শাধিকশততমঃ…' বা ব কা, '…সপ্তদশাধিকশততমঃ…' পি নি।

কিং নু তৈর্ন কৃতং পাপং যৈর্ভবান্ তপসি স্থিতঃ।
অযুধ্যমানো বৃদ্ধঃ সন্ হতঃ শরশতৈঃ শিতৈঃ ॥৩॥
কিং নু তে তত্র বক্ষ্যন্তি সচিবেষু সুহৃৎসু চ।
অযুধ্যমানং ধর্ম্মজ্ঞমেকং হত্বাঽনপত্রপাঃ ॥৪॥
বিলপ্যৈবং সকরুণং বহু নানাবিধং নৃপ !।
প্রেতকার্য্যাণি সর্বাণি পিতুশ্চক্রে মহাতপাঃ ॥৫॥
দদাহ পিতরঞ্চাগ্নৌ রামঃ পরপুরঞ্জয়ঃ।
প্রতিজজ্ঞে বধঞ্চাপি সর্বক্ষত্রস্য ভারত ! ॥৬॥
সংক্রুদ্ধোঽতিবলঃ সংখ্যে শস্ত্রমাদায় বীর্য্যবান্।
জঘ্নিবান্ কার্ত্তবীর্য্যস্য সুতানেকোঽন্তকোপমঃ ॥৭॥

ভারতকৌমুদী

ধর্ম্মেতি। কথং যুক্তঃ, অপি তু কথমপি নেত্যর্থঃ। অনাগসো নিরপবাধস্য ॥২॥
কিমিতি। কিং পাপং ন কৃতং নু, অপি তু সর্ব্বং পাপমেব কৃতমিত্যর্থঃ ॥৩॥
কিমিতি। তত্র স্বরাজধান্যাম্। অনপত্রপা নির্লজ্জাঃ ॥৪॥
বিলপ্যেতি। বহু প্রচুরম্। মহাতপা রামঃ ॥৫॥
দদাহেতি। অগ্নৌ তদীয়শ্রৌতাগ্নৌ, তদর্থমেবাগ্নিপদোপাদানাৎ ॥৬॥
সংক্রুদ্ধ ইতি। অতিবলঃ সাতিশয়কায়িকবলবান্, বীর্য্যবান্ মানসিকবলবাংশ্চ ॥৭॥

হা পিতঃ ! আপনি ধর্ম্মজ্ঞ ছিলেন, চিরদিন সৎপথে রহিয়াছিলেন এবং সকল প্রাণীর প্রতিই নিরপরাধ ছিলেন ; সুতরাং আপনার এই প্রকার মৃত্যু কি সঙ্গত হইয়াছে। ॥২॥

আপনি বৃদ্ধ, তাহাতে আবার তপস্যায় প্রবৃত্ত ছিলেন ; যুদ্ধ করিতেছিলেন না, এই অবস্থায় যাহারা নিশিত বাণসমূহদ্বারা আপনাকে বধ করিয়া গিয়াছে, তাহারা কোন্ পাপ না করিয়াছে ? ॥৩॥

আপনি যুদ্ধ করিতেছিলেন না, অথ চ ধর্ম্মজ্ঞ ও একাকী ছিলেন ; এই অবস্থায় আপনাকে বধ করিয়া রাজধানীতে যাইয়া সেই নির্লজ্জ পাপিষ্ঠেরা মন্ত্রিগণ ও বন্ধুগণের নিকট কি বলিবে’। ॥৪॥

রাজা ! মহাতপা রাম এইরূপ নানাবিধ বহুতর সকরুণ বিলাপ করিয়া পিতার সমস্ত প্রেতকার্য্য করিলেন ॥৫॥

ভরতনন্দন ! শত্রুনগরবিজয়ী রাম তাঁহার পিতাকে (শ্রৌত) অগ্নিতে দাহ করিলেন, তাহার পর সমস্ত-ক্ষত্রিয়-বধের প্রতিজ্ঞা করিলেন ॥৬॥

(৫) লালপ্যৈবম্‌···বা ব কা।

তেষাঞ্চানুগতা যে চ ক্ষত্রিয়াঃ ক্ষত্রিয়র্ষভ ! ।
তাংশ্চ সর্ব্বানবামৃদ্নাদ্রামঃ প্রহরতাং বরঃ ॥৮॥
ত্রিঃসপ্তকৃত্বঃ পৃথিবীং কৃত্বা নিঃক্ষত্রিয়াং প্রভুঃ।
সমন্তপঞ্চকে পঞ্চ চকার রৌধিরান্ হ্রদান্ ॥৯॥
স তেষু তর্পয়ামাস পিতৄন্ ভৃগুকুলোদ্বহঃ।
সাক্ষাদ্দদর্শ চর্চ্চীকং স চ রামং ন্যবারয়ৎ ॥১০॥
ততো যজ্ঞেন মহতা জামদগ্ন্যঃ প্রতাপবান্।
তর্পয়ামাস দেবেন্দ্রমৃত্বিগ্‌ভ্যঃ প্রদদৌ মহীম্ ॥১১॥
বেদীঞ্চাপ্যদদদ্ধৈমীং কশ্যপায় মহাত্মনে।
দশব্যামায়তাং কৃত্বা নবোৎসেধাং বিশাংপতে ! ॥১২॥

ভারতকৌমুদী

তেষামিতি। অবামৃদ্নাৎ অবমর্দ্দিতবান্, প্রহরতাং যোদ্ধৄণাম্ ॥৮॥
ত্রিরিতি। ত্রিঃসপ্তকৃত্ব একবিংশতিবারম্। সমন্তপঞ্চকে তদাখ্যে স্থানে ॥৯॥
স ইতি। ঋচীকং নাম স্বপিতামহম্। ন্যবারয়ৎ ক্ষত্রিয়বধাদিতি শেষঃ ॥১০॥
তত ইতি। মহীং জয়লব্ধাং ভূমিম্, জয়েন জিতদ্রব্যে স্বত্বোদয়াৎ ॥১১॥
বেদীমিতি। হৈমীং স্বর্ণময়ীম্। ব্যামো হস্তচতুষ্টয়ম্, "ব্যামো বাহ্বোঃ সকরয়োস্ততয়োস্তির্য্যগন্তরম্" ইত্যমরঃ। দশব্যামায়তাং চত্বারিংশদ্ধস্তদীর্ঘাম্, বিস্তারেঽপি তাবতীমেব, সমানচতুষ্কোণবেদ্যাঃ প্রসিদ্ধত্বাৎ, নবোৎসেধাং নবব্যামোন্নতাং ষট্‌ত্রিংশদ্ধস্তোচ্চামিত্যর্থঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

মমেতি ॥১—১১॥ দশব্যামায়তাং ব্যামো হস্তচতুষ্টয়ম্, চত্বারিংশদ্ধস্তায়ামবিস্তারাম্, নবোৎসেধাং ষট্‌ত্রিংশদ্ধস্তোচ্ছ্রায়াং চেত্যর্থঃ। ব্যায়ামেতি প্রমাদপাঠঃ ॥১২॥ খণ্ডশঃ খণ্ডানি

অত্যন্ত দৈহিকবল ও মানসিকবলশালী রাম ক্রুদ্ধ হইয়া, অস্ত্র লইয়া, যমের ন্যায় একাকীই যাইয়া, যুদ্ধে কার্ত্তবীর্য্যার্জ্জুনের পুত্রদিগকে সংহার করিলেন ॥৭॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ ! যে সকল ক্ষত্রিয় তাহাদের অনুগত ছিল, যোদ্ধৃশ্রেষ্ঠ রাম তাহাদের সকলকেও বিনাশ করিলেন ॥৮॥

প্রভাবশালী রাম এই ভাবে একুশ বার পৃথিবীকে নিঃক্ষত্রিয় করিয়া (কুরুক্ষেত্রের অন্তর্গত) সমন্তপঞ্চকে পাঁচটা রুধিরের হ্রদ করিলেন ॥৯॥

ভৃগুকুলশ্রেষ্ঠ রাম সেই হ্রদগুলিতে পিতৃলোকের তর্পণ করিলেন এবং নিজের পিতামহ ঋচীককে প্রত্যক্ষ দেখিলেন; তখন ঋচীক রামকে ক্ষত্রিয়বিনাশ হইতে নিবারণ করিলেন ॥১০॥

তাহার পর প্রতাপশালী রাম এক মহাযজ্ঞ করিয়া দেবরাজকে সন্তুষ্ট করিলেন এবং পুরোহিতদিগকে ভূমি দান করিলেন ॥১১॥

তাং কশ্যপস্যানুমতে ব্রাহ্মণাঃ খণ্ডশস্তদা।
ব্যভজংস্তেন তে রাজন্! প্রখ্যাতাঃ খাণ্ডবায়নাঃ ॥১৩॥
স প্রদায় মহীং তস্মৈ কশ্যপায় মহাত্মনে।
তপঃ সুমহদাস্থায় ক্ষত্রিয়ান্তকরো নৃপ!।
অস্মিন্ মহেন্দ্রে শৈলেন্দ্রে বসত্যমিতবিক্রমঃ ॥১৪॥
এবং বৈরমভূত্তস্য ক্ষত্রিয়ৈর্লোকবাসিভিঃ।
পৃথিবী চাপি বিজিতা রামেণামিততেজসা ॥১৫॥
বৈশম্পায়ন উবাচ।
ততশ্চতুর্দ্দশীং রামঃ সময়েন মহামনাঃ।
দর্শয়ামাস তান্ বিপ্রান্ ধর্ম্মরাজঞ্চ সানুজম্ ॥১৬॥

ভারতকৌমুদী

তামিতি। খণ্ডশঃ খণ্ডানি খণ্ডানি কৃত্বা। ব্যভজন্ বিভজ্য গৃহীতবন্তঃ ॥১৩॥

স ইতি। মহীং জয়লব্ধাং পৃথিবীম্। পূর্ব্বত্র ঋত্বিগ্‌ভ্যো যজ্ঞদক্ষিণারূপেণ পৃথিব্যাঃ কিয়দংশদানম্, অত্র তু তদিতরসমগ্রপৃথিবীদানমিত্যবিরোধঃ। আস্থায় অবলম্ব্য, ক্ষত্রিয়ান্তকরো রামঃ। অনেন চ প্রবন্ধেন রামে যুদ্ধবীরত্বং দানবীরত্বং ধর্ম্মবীরত্বঞ্চেতি ত্রয়মেব দর্শিতমনুসন্ধেয়ম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

উপসংহরতি এবমিতি। তস্য রামস্য ॥১৫॥

তত ইতি। চতুর্দ্দশীং প্রাপ্যেতি শেষঃ। সময়েন নির্দ্দিষ্টবেলয়া ॥১৬॥

এবং নরনাথ! দৈর্ঘ্যে ও বিস্তারে চল্লিশ হাত এবং উচ্চতায় ছত্রিশ হাত একটা স্বর্ণবেদী নির্ম্মাণ করিয়া তাহা মহাত্মা কশ্যপকে দান করিলেন ॥১২॥

রাজা! তখন কশ্যপের অনুমতিক্রমে ব্রাহ্মণেরা সেই বেদীটাকে খণ্ড খণ্ড করিয়া বিভক্ত করিয়া লইয়া গেলেন; তাহাতেই তাঁহারা 'খাণ্ডবায়ন-' নামে বিখ্যাত হইয়া গেলেন ॥১৩॥

রাজা! তাহার পর অসাধারণপরাক্রমশালী ও ক্ষত্রিয়ান্তকারী রাম মহাত্মা কশ্যপকে সমগ্র পৃথিবী দান করিয়া গুরুতর তপস্যা অবলম্বনপূর্ব্বক এই মহেন্দ্র-নামক পর্ব্বতশ্রেষ্ঠে বাস করিতেছেন ॥১৪॥

এই ভাবে জগদ্বাসী ক্ষত্রিয়গণের সহিত রামের শত্রুতা জন্মিয়াছিল এবং অমিততেজা রাম পৃথিবী জয় করিয়াছিলেন' ॥১৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর মহামনা রাম চতুর্দ্দশীর দিন নির্দ্দিষ্ট সময়ে আসিয়া সেই ব্রাহ্মণদিগকে এবং ভ্রাতৃগণের সহিত যুধিষ্ঠিরকে দর্শন দান করিলেন ॥১৬॥

স তমানর্চ্চ রাজেন্দ্র! ভ্রাতৃভিঃ সহিতঃ প্রভুঃ।
দ্বিজানাঞ্চ পরাং পূজাং চক্রে নৃপতিসত্তমঃ ॥১৭॥
অর্চ্চিত্বা জামদগ্ন্যং স পূজিতস্তেন চোদিতঃ।
মহেন্দ্র উষ্য তাং রাত্রিং প্রযযৌ দক্ষিণামুখঃ ॥১৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং জামদগ্ন্যোপাখ্যানে অষ্টনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——(-:০:-)——

ভারতকৌমুদী

স ইতি। আনর্চ্চ পূজয়ামাস। দ্বিজানামন্যেষাং ব্রাহ্মণানাঞ্চ ॥১৭॥

সপ্তেতি। সপ্ত গ্রাম্যাঃ পশবঃ প্রাণিনঃ প্রাধান্যাৎ, সপ্ত বন্যাঃ পশবঃ। তে চ—"গৌর-বিরজোঽশ্বোঽশ্বতরো গর্দ্দভো মনুষ্যশ্চেতি সপ্ত গ্রাম্যাঃ পশবঃ। মহিষ-বানর-ঋক্ষ-সরীসৃপ-রুরু-পৃষত-মৃগাশ্চেতি সপ্তারণ্যাঃ পশবঃ।" ইতি তিথিতত্ত্বধৃতপৈঠীনসিবচনোক্তাঃ। এতচ্চ সংজ্ঞামাত্রম্, অন্যেষামপি সত্ত্বাৎ। সপ্ত ছন্দাংসি তদ্‌ঘটিতা মন্ত্রা ইত্যর্থঃ, একং ক্রতুং যজ্ঞম্, বহন্তি নিষ্পাদয়ন্তি। সপ্ত চ্ছন্দাংসি চ গায়ত্রী, উষ্ণিক্, অনুষ্টুপ্, বৃহতী, পঙ্‌ক্তিঃ, ত্রিষ্টুপ, জগতী, ইত্যেতন্নামানি। সপ্ত ঋষয়ঃ। তে চ—"তত্র সপ্তর্ষয়ঃ সন্তি বিনিযুক্তাঃ প্রজাসৃজা। মরীচিরত্রিঃ পুলহঃ পুলস্ত্যঃ ক্রতুরঙ্গিরাঃ। বশিষ্ঠশ্চ মহাভাগ! ব্রহ্মণো মানসাঃ সুতাঃ॥" ইতি পদ্মপুরাণোক্তাঃ। সপ্ত সপ্তকল্পানি, অর্হণানি শারদীয়দুর্গা-পূজনানি। তে চ কল্পাঃ—কৃষ্ণনবম্যাদিঃ, শুক্লপ্রতিপদাদিঃ, ষষ্ঠ্যাদিঃ, সপ্তম্যাদিঃ, অষ্টম্যাদিঃ, কেবলাষ্টমী, কেবলনবমী চ। এষাং প্রমাণানি অস্মৎপ্রণীতস্মৃতিচিন্তামণৌ তিথিতত্ত্বাদৌ চ দ্রষ্টব্যানি। বীণা চ সপ্ততন্ত্রী প্রথিতা ॥১৪॥

ভারতভাবদীপঃ

ইব সমবপুষঃ ষট্ সডেবং সচিত্তাঃ, শ্রোত্রাত্মা দুঃখশব্দাত্মনুভবিন ইতোঽন্যাত্মভূতিঃ স সাক্ষী। ধীযোগাৎ সপ্তভিস্তৈরনুভবকবণৈরত্র সপ্তর্ষিসংজ্ঞৈর্ভুঙ্‌ক্তে ছন্দোঽভিধানানপরিমিতবপুশ্ছাদ-কানষ্টমোঽর্থান্" ॥১৩॥ অথ তর্কমতেন বন্দী প্রত্যবতিষ্ঠতে সপ্ত গ্রাম্যাঃ মনঃষষ্ঠৈরিন্দ্রিয়ৈ-র্বুদ্ধ্যা চাত্মগুণভূতয়া সমর্পিতা মন্তব্যবোদ্ধব্যশব্দাদয়ো বিষয়াস্তেষ্বেকৈকস্মিন্নাসক্ত একৈকঃ পুরুষপশুস্তে চ গ্রাম্যা ঐহিকা বন্যা আমুষ্মিকা বিষয়াস্তেষ্বাসক্ততয়া প্রত্যেকং সপ্ত সপ্ত পুরুষ-পশবঃ সপ্ত চ্ছন্দাংসি ছাদয়ন্তি স্বস্বরূপার্পণজাতসুখলেশেন পরমাত্মানং গূহয়ন্তীতি তান্ সপ্ত বিষয়ান্ একং ক্রতুং কর্ত্তাবমাত্মানং বহন্তি প্রাপয়ন্তি, কে সপ্তর্ষয়ঃ? "প্রাণা বা ঋষয়" ইতি শ্রুতেঃ সপ্তৈবোক্তাঃ। মন-আদয়স্তদুপনীতানি সপ্ত চৈবার্হণান্যর্হণীয়ানি সুখানি। যথা সপ্তভিস্তন্ত্রীভির্বাদ্যমানা একা বীণা শব্দং নির্ব্বর্ত্তয়তি এবমেতৈঃ সপ্তভিরাত্মা সুখমনুভবতি। অন্যথাঽকবণত্বাৎ সুপ্তৌ জড় এব ন্যস্তবাস্তুতক্ষবৎ অবাদিতবীণাবচ্চ তিষ্ঠতি। ন তাব-তাস্য কর্ত্তৃত্বাপগম ইত্যর্থঃ। "ভৌমেষর্থেষু দিব্যেষ্বপি নরপশবঃ সপ্ত সপ্তৈব বদ্ধাঃ, ভোক্তারং প্রাপয়ন্তি ক্রতুপদবিদিতং সপ্ত তান্ সপ্ত খানি। সপ্তৈবৈষাং সুখানি প্রতিবিষয়ভবা-ন্যেকবীণেব দেহী, ভোগং তন্ত্রীন্দ্রিয়াঢ্যো বরমিব কুরুতে যোঽত্র কর্ত্তা স ভোক্তা" ॥১৪॥

অষ্টাবক্র কহিলেন—একশ্রেণীর মুনিরা বলেন—অগ্নিগ্রহণকার্য্যে ছয়টী গরু দক্ষিণা দিবে, ছয়টী ঋতু বৎসর নির্ব্বাহ করে, (জ্ঞানেন্দ্রিয় পাঁচ ও মন এই) ছয়টী ইন্দ্রিয়, ছয়টী কৃত্তিকানক্ষত্র এবং সকল বেদে ছয়টী 'সাদ্যস্ক'-নামক যাগ দেখিতে পাওয়া যায়' ॥১৩॥

বন্দী বলিলেন—'(গরু, মেষ, ছাগল, অশ্ব, অশ্বতর, গর্দ্দভ ও মনুষ্য এই)

অষ্টাবক্র উবাচ।

অষ্টৌ শাণাঃ শতমানং বহন্তি তথাঽষ্টাপাদঃ শরভঃ সিংহঘাতী।
অষ্টৌ বসূন্ শুশ্রুম দেবতাসু যূপশ্চাষ্টাস্রির্বিহিতঃ সর্বযজ্ঞে ॥১৫॥

ভারতকৌমুদী

অষ্টাবিতি। অষ্টৌ শাণাঃ শণসূত্রনির্ম্মিতা গোণ্যঃ, শতমানং শতসেড়িকাপরিমিতং দ্রব্যং বহন্তি, প্রত্যেকং সার্দ্ধদ্বাদশসেড়িকাবহনাদিত্যাশয়ঃ। তথা অষ্টৌ পাদাশ্চরণা যস্য সঃ, শরভস্তদাখ্যো দারুণঃ পশুঃ, সিংহঘাতী। দেবতাসু মধ্যে অষ্টৌ বসূন্ শুশ্রুম। সর্বযজ্ঞে, অষ্টৌ অস্রয়ঃ কোণা যস্য তাদৃশো যূপো বিহিতশ্চ ॥১৫॥

ভারতভাবদীপঃ

উক্তানেব সপ্তকর্ত্তৃত্বাদিধর্ম্মবতাঽহঙ্কারেণ সার্দ্ধমষ্টৌ বিবক্ষন্নষ্টাবক্রো"ঽষ্টৌ গ্রহা অষ্টাবতিগ্রহা" ইতি শ্রুতেরিন্দ্রিয়বিষয়রূপগ্রহাতিগ্রহরূপং বন্ধনমুপন্যস্য তদন্যমাত্মানং পৃথক্ করোতি— অষ্টৌ শাণা ইতি। শাণাঃ শণসূত্রেণ নির্বৃত্তা গোণ্য আবপনবিশেষাস্তা ইব ইন্দ্রিয়প্রবেশ-যোগ্যা বিষয়া অষ্টৌ তে শতমানমনন্তং প্রমাণং ধারয়ন্তি। সংক্ষেপেণাষ্টাবপ্যনন্তা বিষয়া ইত্যর্থঃ। অষ্টৌ পাদাঃ বিষয়দেশং প্রতি গতিসাধনানীন্দ্রিয়াণি যস্য সঃ, শরভঃ শং লভতেঽ-স্মাৎ। "এতস্যৈবানন্দস্যান্যানি ভূতানি মাত্রামুপজীবন্তী"তি শ্রুতেঃ, পবমানন্দরূপঃ পরমাত্মা সোঽয়ং জাতঃ সন্ সিংহঘাতী হিনস্তি দুঃখং দদাতীতি সিংহোঽদ্বৈতম্। "দ্বিতীয়াদ্বৈ ভয়ং ভবতী"তি শ্রুতেঃ, তস্য দ্বৈতস্য ঘাতকঃ। সুষুপ্তৌ জড়ত্বে সুখমহমস্বাপ্সমিতি ব্যুত্থিতস্য স্বরূপসুখপরামর্শানুপপত্তিঃ। ন চ দুঃখাভাবস্যৈবৈষ পরামর্শঃ তৎপ্রকাশকস্য সাক্ষিণঃ সত্ত্বে তস্য তদানীং জড়ত্বোক্ত্যযোগাৎ। অতএবাষ্টৌ বসূন্ বাসনাঃ দেবতাস্বেব তত্ত-দিন্দ্রিয়াধিষ্ঠাত্রীষু লিঙ্গাত্মনীতি যাবৎ, শুশ্রুম বেদে ন ত্বাত্মনীত্যর্থঃ। যূপশ্চ যোপয়তি নোহয়তীতি যূপো নৃপশোর্বন্ধনস্থানমজ্ঞানং তদেবাষ্টাস্রিরষ্টকোণমষ্টধারং সৎ সর্ব্বযজ্ঞেষু গ্রহাতিগ্রহসংজ্ঞকবিষয়েন্দ্রিয়সংযোগেষু বর্ত্তত ইতি শেষঃ। "শাণা গোণ্যোঽষ্ট তেঽর্থাঃ শতমথ শরভঃ প্রত্যগানন্দ এতৈঃ, পূর্ব্বোক্তৈঃ সাহমর্থৈর্ব্রজতি স বিষয়ান্ খানি তান্যজ্ঞ-য়োঽস্য। সিংহন্নো হিংস্রভেদদ্বিড়িতি বসুপদং ভেদসংস্কারজাতং লিঙ্গস্থে দেবতৌঘে

সাতটী গ্রাম্য পশু, (মহিষ, বানর, ভল্লূক, সর্প, রুরু, পৃষত ও মৃগ এই) সাতটী বন্য পশু, (গায়ত্রী, উষ্ণিক্, অনুষ্টুপ্, বৃহতী, পঙ্‌ক্তি, ত্রিষ্টুপ্ ও জগতী এই] সাতটী ছন্দ এক একটী যজ্ঞ নির্ব্বাহ করে, [মরীচি, অত্রি, পুলহ, পুলস্ত্য, ক্রতু, অঙ্গিরা ও বশিষ্ঠ এই] সাত জন ঋষি, শারদীয় দুর্গাপূজায় সাতটী কল্প আছে এবং বীণা সপ্ততন্ত্রী বলিয়া প্রসিদ্ধ' ॥১৪॥

অষ্টাবক্র কহিলেন—'আটটী গোণী [শণসূত্রনির্ম্মিত থলি] এক শত সেড় দ্রব্য বহন করে, অষ্টপদ শরভ [পার্ব্বত্য ভীষণ জন্তু] সিংহ বধ করে, দেবতাদের মধ্যে আট জন বসু আছেন বলিয়া শুনিতে পাই এবং সকল যজ্ঞেই অষ্টকোণবিশিষ্ট যূপ বিহিত আছে' ॥১৫॥

বন্দুবাচ।

নবৈবোক্তাঃ সামিধেন্যঃ পিতৃণাং তথা প্রাহুর্নবযোগং বিসর্গম্।
নবাক্ষরা বৃহতী সম্প্রদিষ্টা নবৈব যোগো গণনামেতি শশ্বৎ ॥১৬॥

অষ্টাবক্র উবাচ।

দিশো দশোক্তাঃ পুরুষস্য লোকে সহস্রমাহুর্দশ পূর্ণং শতানি।
দশৈব মাসান্ বিভ্রতি গর্ভবত্যো দশৈরকা দশ দাশা দশার্হাঃ ॥১৭॥

ভাবতকৌমুদী

নবেতি। পিতৃণাং যজ্ঞে, সামিধেন্যঃ অগ্নিসমিন্ধনমন্ত্রাঃ, "ঋক্ সামিধেনী ধায্যা চ যা স্যাদগ্নিসমিন্ধনে" ইত্যমরঃ, নবৈব মুনিভিরুক্তাঃ। তথা পুরুষ-প্রকৃতি-মহদহঙ্কারাশ্চত্বারঃ তন্মাত্রাণি চ পঞ্চেতি নবানাং তত্ত্বানাং যোগো যস্মিন্ তং তাদৃশম্, বিসর্গং বিবিধাং সৃষ্টিং প্রাহুর্মুনয়ঃ। "পঙ্গ্বন্ধবদুভয়োরপি সংযোগস্তৎকৃতঃ সর্গঃ" ইতি সাংখ্যকারিকোক্তেঃ পুরুষোঽপি সন্নিধিযোগাৎ সৃষ্টেঃ কারণম্। বৃহতী নাম ছন্দঃ, প্রত্যেকপাদে নবাক্ষরা সম্প্রদিষ্টা। তথা একাদয়ো নবপর্য্যন্তা নবৈবাঙ্কাঃ, তেষাং যোগঃ পূর্ব্বঃ পশ্চাদ্বা মেলনম্, শশ্বৎ পুনঃ, সর্ব্বাং গণনাম্ এতি সর্বসংখ্যাত্বপ্রাপ্তেঃ প্রাপ্নোতি ॥১৬॥

দিশ ইতি। লোকে পুরুষস্য দশ দিশ উক্তাঃ। প্রাচী, অবাচী, প্রতীচী, উদীচী,

ভাবতভাবদীপঃ

বসতি স নৃপশোর্বন্ধনে মোহযূপে" ॥১৫॥ তত্র দ্বৈতঘাতিত্বং শবভস্যানুপপন্নং সর্ব্বেষাং যুগপৎ সংসারোচ্ছেদাপত্তেরিত্যাশঙ্কতে বন্দী—নবৈবেতি। যথা পিতৃণামিষ্টৌ একৈব "উশন্তস্ত্বানিধীমহী"তি ঋক্ ত্রিরভ্যস্তা প্রত্যেকং ত্রিসমিৎকা নব সামিধেন্যোঽগ্নিসমিন্ধনার্থা ঋচঃ সম্পদ্যন্তে তথা একা প্রকৃতিরেব ত্রয়ো গুণাঃ স্বস্বেতরপ্রধানগুণভাবেন প্রত্যেকং ত্রিবিধাঃ সন্তো নবৈব সংযুজ্যমানা অংশানাং বহুত্বাল্পত্বতারতম্যেন বিবিধং সর্গং কুর্ব্বন্তি। যথা নবাক্ষরৈশ্চতুর্ভিঃ পাদৈর্বৃহতীসংজ্ঞকং ছন্দো ভবতি যথা বা নবৈবাঙ্কাঃ ক্রমভেদেন স্থিতা যথেষ্টং সংখ্যাবাচিনো ভবন্ত্যেবং গুণা নবৈবোক্তবিধয়া সন্তোঽনেকধা ভাবং ভজন্তে তস্মাৎ প্রধাননিত্যতায়া অবশ্যাভ্যুপগন্তব্যত্বাদ্দ্বৈতং সত্যমেবেতি ভাবঃ। "ত্রিঃপাঠেনানুপাঠং ত্রিসমিদিতি যথা সামিধেন্যৃক্ নবত্বং প্রাপ্নোত্যেবং প্রধানং ত্রিগুণমন্যগুণং ত্রিপ্রবেশান্নবত্বম্। গত্বাঽনন্তং নবাঙ্কী গণিতমিব মহন্মুখ্যমেতৎ প্রসূতে তস্মান্নৈতৎ

বন্দি বলিলেন—'পিতৃযজ্ঞে নয়টী অগ্নিসমিন্ধনের মন্ত্র উক্ত আছে; মুনিরা বলেন—পুরুষ, প্রকৃতি, মহৎ, অহঙ্কার ও পঞ্চ তন্মাত্র [শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ] এই নয়টী পদার্থের যোগে নানাবিধ সৃষ্টি হয়, বৃহতীচ্ছন্দের প্রত্যেক পাদে নয়টী করিয়া অক্ষর উক্ত হইয়া থাকে এবং এক হইতে নয়পর্য্যন্ত নয়টীমাত্র অঙ্ক, সেগুলির পরস্পর যোগে আবার সমস্ত সংখ্যাই হয়' ॥১৬॥

---

(১৭) দশ মাসা দশার্হাঃ—বা ব কা।

ভারতকৌমুদী

আগ্নেয়ী, নৈঋর্তী, বায়বী, ঐশানী, ঊর্দ্ধা, অধশ্চেতি দশ দিশঃ। দশ শতানি পূর্ণমেকং সহস্রমাহুর্ম্মনয়ঃ। গর্ভবত্যঃ স্ত্রিয়ঃ, দশ মাসান্ যাবদেব গর্ভান্ বিভ্রতি। দশ এরকা নিন্দকাঃ। আঙ্পূর্ব্বাৎ "ঈর ক্ষেপে" ইতীরধাতোর্বুণি রূপম্। তে যথা—"আময়ী দুর্গতঃ শোকী দণ্ডিতশ্চ শঠঃ খলঃ। নষ্টবৃত্তির্মদী চের্ষ্যী কামী চ দশ নিন্দকাঃ" ইতি নীতিশাস্ত্রম্। দশ দাশা দশাঃ শরীরস্যাবস্থা ইতি যাবৎ। দশৈব দাশ ইতি প্রজ্ঞাদিত্বাৎ স্বার্থে অণ্। তাশ্চ গর্ভবাসঃ, জন্ম, বাল্যম্, কৌমারম্, পৌগণ্ডম্, কৈশোরম্, যৌবনম্, প্রৌঢ়ত্বম্, বার্দ্ধকম্, মৃত্যুশ্চেতি। দশ অর্হাঃ পূজ্যা গুরব ইতি যাবৎ। তে চ "উপাধ্যায়ঃ পিতা জ্যেষ্ঠভ্রাতা চৈব মহীপতিঃ। মাতুলঃ শ্বশুরশ্চৈব মাতামহপিতামহৌ। বন্ধুর্জ্যেষ্ঠঃ পিতৃব্যশ্চ পুংস্যেতে গুরবো মতাঃ॥" ইতি কূর্ম্মপুরাণম্॥১৭॥

ভারতভাবদীপঃ

প্রধানাধিকমিহ বৃহতীবাক্ষরেভ্যো নবভ্যঃ"॥১৬॥ তদেত"দিন্দ্রো মায়াভিঃ পুরুরূপ ঈয়তে যুক্তা হ্যস্য হরয়ঃ শতা দশ" ইতিশ্রুত্যনুসারাদ্দ্বৈতস্যানির্বচনীয়মায়াসহায়ে ব্রহ্মণ্যেব ভানোপপত্তৌ ন সত্যা প্রকৃতিরভ্যুপেয়েত্যাশয়বানষ্টাবক্রঃ পরিহবন্নাহ—দিশ ইতি। "তা বা এতা দশৈব ভূতমাত্রা অধিপ্রজ্ঞং দশ প্রজ্ঞামাত্রা অধিভূত"মিতি "তস্য বাচা সৃষ্টৌ পৃথিবী চাগ্নিশ্চে"তি কৌষীতকীয়ৈতরেয়কয়োর্দর্শনাৎ দশৈব বাগাদ্যাঃ প্রজ্ঞামাত্রা অগ্ন্যাদীনাং ভূতমাত্রাণাং স্রষ্ট্র্যঃ। দিশন্তি বিষয়স্বরূপমতিসৃজন্তি তা দিশো বাগাদ্যা দশৈব পুরুষস্য দেহাখ্যে পুরে বসতো জীবস্য পূর্ণং পরং ব্রহ্মৈব দশ শতানি সহস্রঞ্চ বিভূতিভেদেন মায়য়া বহুরূপাং ভূত্বাঽস্তীত্যাহুর্বেদাঃ। এতেনায়ং বৈ হরয়ো যং বৈ দশ সহস্রাণি প্রযুতান্যর্বুদানীতি যুক্তা হ্যস্য হরয়ঃ শতা দশেত্যেবমন্ত্যপাদস্য শ্রৌতী ব্যাখ্যা দর্শিতা। তথা চ রজ্জুরগবন্মায়া বৃদ্ধস্য বাধিতাঽপীতরস্যাস্তীতি বক্তুং শক্যম্। পরমতে তু বিভোরলুপ্তদৃশঃ পুরুষস্য মুক্তৌ তদদর্শনোক্তিরনুপপন্না দৃষ্টান্তাভাবাদিতি ভাবঃ, পরা, পূর্ব্বেষাং সংখ্যা বৃণক্তি বিতর্ত্তুরাণো অপরেভিরেতি। অনানুভূতীরবধূন্বানঃ পূর্ব্বীরিন্দ্রঃ শরদস্তর্তরীতি। "রূপং রূপং প্রতিরূপো বভূব তদস্য রূপং প্রবিচক্ষণায়। ইন্দ্রো মায়াভিঃ পুরুরূপ ঈয়তে যুক্তা হ্যস্য হরয়ঃ শতা দশে"তি দাশতয্যাম্। অষ্টকাধ্যায়বর্গে "ঋচাবিন্দ্রৌ আম্নায়েতে অনয়োরর্থঃ দ্বয়া হ প্রাজাপত্যা দেবাশ্চা-

---

অষ্টাবক্র কহিলেন—'জগতে মানুষের পক্ষে দশটী দিক্ উক্ত হইয়াছে (যথা—পূর্ব্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণ, অগ্নি, নৈঋর্ত, বায়ু, ঈশান, ঊর্দ্ধ ও অধ)। শত সংখ্যাকে দশ গুণ করিলে পূর্ণ এক সহস্র হয়। গর্ভবতী রমণীরা দশ মাস যাবৎ গর্ভ ধারণ করে। দশপ্রকার লোক পরের নিন্দা করে, (যথা—রোগী, দরিদ্র, শোকার্ত্ত, রাজদণ্ডিত, শঠ, খল, নষ্টবৃত্তি, মত্ত, ঈর্ষ্যাপরায়ণ ও কামুক)। মানুষের দশটী অবস্থা, (যথা—গর্ভবাস, জন্ম, বাল্য, কৌমার, পৌগণ্ড, কৈশোর, যৌবন, প্রৌঢ়, বার্দ্ধক ও মৃত্যু)। এবং দশ জন গুরু, [পুরুষের মধ্যে এই দশ জন গুরু—যথা—অধ্যাপক, পিতা, জ্যেষ্ঠভ্রাতা, রাজা, মাতুল, শ্বশুর, মাতামহ, পিতামহ, বয়োজ্যেষ্ঠ মামাতভাই প্রভৃতি এবং পিতৃব্য]॥১৭॥

বন্দ্যুবাচ।

একাদশৈকাদশিনঃ পশূনামেকাদশৈবাত্র ভবন্তি যূপাঃ।
একাদশ প্রাণভৃতাং বিকারা একাদশোক্তা দিবি দেবেষু রুদ্রাঃ ॥১৮॥

ভারতকৌমুদী

একেতি। একাদশ ইন্দ্রিয়াণি। বাক্-পাণি-পাদ-পায়ুপস্থরূপাণি কর্ম্মেন্দ্রিয়াণি পঞ্চ, কর্ণ-ত্বক্-চক্ষু-জিহ্বা-নাসিকারূপাণি জ্ঞানেন্দ্রিয়াণি পঞ্চ মনশ্চেতি। গ্রাহ্যতাসম্বন্ধেন তানি একাদশ ইন্দ্রিয়াণি এষাং সন্তীতি একাদশিনঃ তেষামেকাদশানামিন্দ্রিয়াণাং বিষয়া অপি একাদশৈবেত্যর্থঃ। তে চ কর্ম্মেন্দ্রিয়াণাং বচনাদানবিহরণবিসর্গানন্দাঃ পঞ্চ, জ্ঞানেন্দ্রিয়াণাং শব্দ-স্পর্শ-রূপ-রস-গন্ধাঃ, মনসশ্চ সর্বম্। অত্র সত্রযাগাদৌ একাদশৈব পশূনাং যূপা বন্ধনস্তম্ভা ভবন্তি। প্রাণভৃতাম্ একাদশ বিকারা একাদশানামিন্দ্রিয়াণামন্যথা বৃত্তয়ো ভবন্তি। দিবি স্বর্গে, দেবেষু মধ্যে একাদশ রুদ্রাশ্চ উক্তাঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

সুরাশ্চ তত্র কানীয়সা এব দেবা জ্যায়াংসো অসুরা" ইতি শ্রুতিপ্রসিদ্ধাঃ পূর্ব্বদেবাঃ স্বাভাবিকাসঙ্গপাপ্মরূপাঃ কামক্রোধাদয়স্তেষাং সখ্যা সুখ্যানি পরাবৃণক্তি দূরাদ্বর্জ্জয়তি। বিতর্ত্তুবাণঃ ততাবেতি তর্ত্তুবাণঃ স্তীর্ণবান্। তরতের্লিডাদেশঃ কান্চ দ্বিত্বং বহুলং ছন্দসীত্যুকারোঽন্ত্যাদেশো রপরঃ তীব্রবৈরাগ্যাভ্যাসাদিমান্ অপরেভিঃ অপরৈর্দেবৈঃ শাস্ত্রীয়ৈঃ শমদমাদিভিরেতি প্রাপ্নোতি সখ্যেত্যনুষজ্যতে কামাদীন্ জিত্বাঽত্যাদরেণ শমাদিপরো ভবতীত্যর্থঃ। এবম্ভূতঃ অনানুভূতীরননুভবান ভ্রান্তিজ্ঞানানি শুক্তিরজতজ্ঞানতুল্যানি দেহাদ্যাত্মজ্ঞানান্যবধূন্বানোঽপনুদন্নাত্মনস্তত্তদুপাধ্যাকারতাং নিষেধন্নিন্দ্রঃ পরমেশ্বরোঽপ্যবিদ্যয়া জীবভাবমাপন্নঃ সন্ লব্ধাত্মতত্ত্বো বিদ্বান্ পূর্ব্বীঃ শরদঃ অনাদিকালপ্রবৃত্তকর্ম্মবাসনাস্তর্ত্তরীত্যতিশয়েন তরতি বীতবন্ধো ভবতীত্যর্থঃ। অত্র অননুভূতিপদেন শুক্তৌ রজতং পশ্যন্ রজতং বা শুক্তিং বা নানুভবতীতি লৌকিকপ্রযত্নেন দেহাদ্যাত্মজ্ঞানস্যাননুভূতিত্বং বদন্তী শ্রুতির্দেহাদের্মিথ্যাত্বং সূচয়তি। তদব্যুৎপাদনায় মন্ত্রো রূপং রূপমিত্যাদিস্তত্র মায়য়েতি অনৃতেনাজ্ঞানেনেত্যর্থঃ। সত্যত্বে তৎকার্য্যপদার্থদর্শনস্যাননুভূতিত্বাযোগাদিতি। শেষং স্পষ্টার্থম্। অনানুভূতীরিত্যত্র শ্রাবয়াদীন্ প্রকৃত্য আদ্যাক্ষরং প্লুতং তেষামনন্বিত্যস্য মধ্যমিত্যনেনানমু ইতি বর্ণত্রয়স্য মধ্যং প্লুতং দীর্ঘং ভবতীতি প্রাতিশাখ্যে দীর্ঘত্ববিধানাদননুভূতীরিত্যর্থঃ। পদপাঠেশ্চৈবমেবেতি দিক্। দশৈব মাসানিতি যথা স্ত্রিয়ো গর্ভেণান্তরালিকঃ সম্বন্ধো বীজকুসুলন্যায়েনৈবমসঙ্গস্য চিদাত্মনোঽহঙ্কারেণেত্যর্থঃ। দশৈবকাঃ আসমন্তাদীরয়ন্ত্যপদিশন্তি তত্ত্বমিত্যেবকাস্তত্ত্বদর্শিন উপদেষ্টারঃ। দশ মাসাস্তত্ত্বস্য ক্ষেপকাঃ। দশ অর্হাস্তত্ত্ববিদ্যাধিকারিণঃ। এবমুক্তবিধং ব্রহ্মাদ্বৈতং বুধানামনুভবসিদ্ধং মূঢানাং বিদ্বেষ্যং চিত্তশুদ্ধিমতাং শ্রদ্ধেয়মিত্যর্থঃ। "শ্বোথপ্রজ্ঞাদিশোঽস্মিন্ দশ পুরি বসতঃ পূরবিদ্যাষ্টকাত্মা তাঃ পূর্ণং বসুনস্তাঃ স্রগহিসমপুরাং ব্যাপনাৎ পূর্ণতাস্য। পুংপুর্য্যোর্গর্ভমাত্রোরিব পৃথগপৃথগর্ত্ত্বেন সত্যানৃতে স্তঃ কেঽপ্যারূঢাঃ পদং তৎ কতিচন বিমুখাঃ কেঽপি তৎপ্রাপ্তিযোগ্যাঃ" ॥১৭॥ একাদশেতি। প্রাণভৃতাং পশূনাং জীবপশূনাম্ একাদশিনঃ একাদশে-

অষ্টাবক্র উবাচ।

সংবৎসরং দ্বাদশমাসমাহুর্জ্জগত্যাঃ পাদো দ্বাদশৈবাক্ষরাণি।
দ্বাদশাহঃ প্রাকৃতো যজ্ঞ উক্তো দ্বাদশাদিত্যান্ কথয়ন্তীহ ধীরাঃ ॥১৯॥

ভারতকৌমুদী

সমিতি। মুনয়ঃ সংবৎসরম্, দ্বাদশ মাসা যত্র তং তাদৃশমাহুঃ, "দ্বাদশ মাসাঃ সংবৎসরঃ ক্বচিত্ত্রয়োদশ মাসাঃ সংবৎসরঃ" ইতি শ্রুতেঃ। জগত্যা জগতীনামচ্ছন্দসঃ, প্রত্যেকঃ পাদঃ, দ্বাদশৈবাক্ষরাণি দ্বাদশদ্বাদশাক্ষরবিশিষ্টঃ। প্রাকৃতো যাজ্ঞিকানাং স্বভাবসিদ্ধ উপসদাখ্যো যজ্ঞঃ, দ্বাদশাহো দ্বাদশাহসাধ্য উক্তঃ, "উপসদ্ভিশ্চরিত্বা মাসমগ্নিহোত্রং জুহোতি" ইত্যাদি-শ্রুত্যেতি শেষঃ। তথা ধীরা ইহ আদিত্যান্ সূর্য্যান্ দ্বাদশ কথয়ন্তি ॥১৯॥

ভারতভাবদীপঃ

ন্দ্রিয়াণি প্রকাশকানি যেষু তে বিষয়াঃ শব্দাদয়স্তে একাদশৈব সংখ্যাতাঃ, ত এব সর্ব্বেঽপি প্রত্যেক' যূপা বন্ধকা রাগাদয়ঃ, নৈষাং কশ্চিদপ্যবন্ধকোঽস্তীতি বক্তুং পুনরেকাদশগ্রহণম্। অতোঽত্র অবিমৃষ্টবিধেয়াংশতা দোষো নাস্তীতি জ্ঞেয়ম্। বিকারাঃ শব্দাদিগ্রহজা হর্ষবিষাদাঃ, ত এতে দিবি স্বর্গেঽপি রুদ্রা রোদয়িতারো দেবানামপি সন্তি কিমুত মনুষ্যাণাম্। তথা চ সত্যাত্মনোঽসঙ্গত্বং কথং স্যাৎ প্রত্যক্ষেণ দুঃখানুভবাদিত্যাক্ষেপঃ। "রুদ্রা একাদশোক্তাঃ স্বরপি সুরপশূন্ রোদয়ন্তীন্দ্রিয়াণি তেষামেকাদশার্থা নৃপশুনিগড়নে যূপভূতা ভবন্তি। রাগ-দ্বেষদ্বয়ানি প্রতিবিষয়মমী তদ্যুজাং স্যুর্বিকারাস্তদ্বন্তস্তেঽপি চৈকাদশ যদিহ সিনোত্যেক একৈকমেষাম্' ॥১৮॥ দৃষ্টান্তমুখেনৈব দার্ষ্টান্তিকং নির্দ্দিশন্ পরিহরত্যষ্টাবক্রঃ—যদ্যপ্যত্র সংবৎ-সরজগত্যৌ মাসাক্ষরেভ্যোঽনতিরিক্তে এবং সঙ্ঘাতাদন্যঃ শুদ্ধশ্চেতনো মূঢ়ানামপ্রসিদ্ধ-স্তথাপি। "আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্ত" ইতি শ্রুতের্যথা অহর্গণানাং দ্বাদশাহ এবং সঙ্ঘাতস্য কৃৎস্নস্য শুদ্ধং ব্রহ্মৈব প্রকৃতিঃ, এতদেব কুত ইত্যপেক্ষায়াং চিত্তশুদ্ধ্যেকগম্যোঽয়-মর্থো ন শুষ্কতর্কগম্য ইত্যাহ—দ্বাদশাদিত্যানিতি। ধীরা ধ্যানবন্তো যোগিনঃ। আদি-ত্যান্ আদদতে ইন্দ্রিয়াণি স্বস্ববিষয়েভ্যো ব্যাবর্ত্তয়ন্তি তদ্দ্বারা প্রত্যক্ তত্ত্বমধিগময়ন্তি তান্ দ্বাদশসংখ্যাকানাহুঃ সনৎসুজাতাদ্যা উদ্যোগাদৌ। "ধর্ম্মশ্চ সত্যঞ্চ দমস্তপশ্চ অমাৎসর্য্যং হ্রীস্তিতিক্ষাঽনসূয়া। যজ্ঞশ্চ দানঞ্চ ধৃতির্যমো মহান্ ব্রতানি বৈ দ্বাদশ ব্রাহ্মণস্য" ইতি।

বন্দি বলিলেন—'এগারটী ইন্দ্রিয় [যথা—বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ এই পাঁচটী কর্ম্মেন্দ্রিয়; কর্ণ, ত্বক্, চক্ষু, রসনা ও নাসিকা এই পাঁচটী জ্ঞানে-ন্দ্রিয় এবং মন]। এগারটী ইন্দ্রিয়বিষয় [যথা—বাক্য, গ্রহণ, গমন, মলত্যাগ ও আনন্দ এই পাঁচটী কর্ম্মেন্দ্রিয়বিষয়; শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পাঁচটী জ্ঞানেন্দ্রিয়বিষয় এবং সমস্তই মনের বিষয়]। সত্রযাগে এগারটী পশুবন্ধনস্তম্ভ নির্ম্মিত হইয়া থাকে। প্রাণিগণের এগারটী ইন্দ্রিয়ের এগারপ্রকার বিকার হইতে পারে [যথা—অস্পষ্ট বাক্য, অসম্যক্ গ্রহণ ইত্যাদি]। আর, স্বর্গে দেবগণের মধ্যে এগার জন রুদ্র উক্ত হইয়াছেন' ॥১৮॥

বন্দ্যুবাচ।

ত্রয়োদশী তিথিরুক্তা প্রশস্তা ত্রয়োদশদ্বীপবতী মহী চ।

লোমশ উবাচ।

এতাবদুক্ত্বা বিররাম বন্দী শ্লোকস্যার্দ্ধং ব্যাজহারাষ্টবক্রঃ।

অষ্টাবক্র উবাচ।

ত্রয়োদশাহানি সসার কেশী ত্রয়োদশাদীন্যতিচ্ছন্দাংসি চাহুঃ ॥২০॥

ভারতকৌমুদী

ত্রয়োদশীতি। ত্রয়োদশী তিথিঃ প্রশস্তা উক্তা, "সর্বসিদ্ধা ত্রয়োদশী" ইতি জ্যোতির্বচনাদিনেতি শেষঃ। মহী পৃথিবী চ ত্রয়োদশদ্বীপবতী। তত্র জম্বু-প্লক্ষ-শাল্মলি-কুশ-ক্রৌঞ্চ-শাক-পুষ্করাখ্যাঃ সপ্ত মহাদ্বীপাঃ, লঙ্কা-যব-শ্যামান্তমান-সিংহল-লণ্ড্রাখ্যাঃ ষড়ুপদ্বীপা ইতি মিলিত্বা ত্রয়োদশ দ্বীপাঃ। অত্র বিরামেণেতোঽধিকাখ্যানে বন্দিনস্তাবদসামর্থ্যং সূচিতম্। অর্দ্ধং দ্বিতীয়ার্দ্ধম্। অষ্টবক্রঃ অষ্টাবক্রঃ। কেশী তদাখ্যো দানবঃ, ত্রয়োদশাহানি যাবৎ, সসার বিষ্ণুনা সহ যোদ্ধুং জগাম, "যুযুধে বিষ্ণুনা সার্দ্ধং ত্রয়োদশ দিনান্যসৌ" ইতি নারসিংহপুরাণাৎ। কিঞ্চ পণ্ডিতাঃ, অতিচ্ছন্দাংসি অতিশব্দান্বিতজগত্যাদিশব্দোপস্থাপিতানি ছন্দাংসি অতিজগতী অতিশর্করী অত্যষ্টিঃ অতিধৃতিশ্চেতি চত্বারি ছন্দাংসীত্যর্থঃ, ত্রয়োদশ ত্রয়োদশাক্ষরবিশিষ্টঃ পাদ আদৌ যেষাং তানি। তথা চ অতিজগত্যাং ত্রয়োদশাক্ষরঃ পাদঃ, অতিশর্কর্য্যাং পঞ্চদশাক্ষরঃ, অত্যষ্ট্যাং সপ্তদশাক্ষরঃ, অতিধৃত্যাঞ্চ উনবিংশত্যক্ষরঃ। এষাং বিশেষস্তু ছন্দঃশাস্ত্রে দ্রষ্টব্যঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

"ব্রহ্মপ্রত্যক্ষমেতৎ দৃঢ়মথ জগতী বর্ষবর্ষ্মাসাৎ সঙ্খ্যাতাৎ প্রত্যগাত্মানধিক ইতি যদপ্যস্তি লোকে তথাঽপি। বাগারভ্যো বিকারঃ প্রকৃতিরবিকৃতির্দ্বাদশাহাদিবৎকোঽপ্যন্ত্যেষাং সা ন আত্মা শমিভিরধিগতো বৈকৃতা নৈনমীয়ুঃ" ॥১৯॥ ব্রহ্মলোকং গতানামেব জ্ঞানং ভবতীতি কেষাঞ্চিন্নির্বন্ধঃ কৃতযুগাদাবেব জ্ঞানং ভবতি ন কলাবিত্যপি কেচিৎ তান্

অষ্টাবক্র কহিলেন—'প্রত্যেক বৎসরে বারটী করিয়া মাস থাকে, জগতীচ্ছন্দের প্রত্যেক চরণে বারটী করিয়া অক্ষর থাকিবার নিয়ম আছে, 'উপসদ'—নামক যজ্ঞ বার দিনে সম্পন্ন করিতে হয় এবং পণ্ডিতেরা বলেন—বারটী সূর্য্য আছে' ॥১৯॥

বন্দী বলিলেন—'ত্রয়োদশীতিথিকে প্রশস্ত বলা হইয়াছে এবং পৃথিবীতে ত্রয়োদশটী দ্বীপ আছে—'

লোমশ বলিলেন—'বন্দী এইটুকু বলিয়াই বিরত হইলেন ; পরে অষ্টাবক্রই এই শ্লোকের দ্বিতীয়ার্দ্ধ বলিলেন'।

অষ্টাবক্র কহিলেন—'কেশীদানব বিষ্ণুর সহিত ত্রয়োদশ দিন যুদ্ধ করিয়াছিল এবং অতিজগতীপ্রভৃতি ছন্দের চরণে ত্রয়োদশপ্রভৃতি অক্ষর থাকে' ॥২০॥

লোমশ উবাচ। †

ততো মহানুদতিষ্ঠন্নিনাদস্তূষ্ণীম্ভূতং সূতপুত্রং নিশম্য।
অধোমুখং ধ্যানপরং তদানীমষ্টাবক্রঞ্চাপ্যুদীর্য্যন্তমেব ॥২১॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ, সূতো বন্দী চাসৌ পুত্রো বরুণপুত্রশ্চেতি তং বরুণপুত্রং বন্দিনমিত্যর্থঃ, "সূতঃ পারদবন্দিনোঃ" ইতি বিশ্বঃ, তূষ্ণীম্ভূতম্ অধোমুখং ধ্যানপরং ত্রয়োদশসংখ্যাবিশিষ্টপদার্থান্তরসংগ্রহে চিন্তাপরায়ণঞ্চ, অষ্টাবক্রঞ্চাপি, উদীর্য্যন্তমেব চতুর্দ্দশসংখ্যাবিষয়মপি উদীরয়ন্তমেব, নিশম্য দৃষ্ট্বা তদানীমেব মহান্ নিনাদঃ সভ্যানাং কোলাহল উদতিষ্ঠৎ। উদীর্য্যন্তমিতি যন্ নিশম্যেতি দর্শনার্থে হ্রস্বশ্চার্ষঃ ॥২১॥

ভারতভাবদীপঃ

নিরাচষ্টে—ত্রয়োদশীতি। দেশকালাপেক্ষা চিত্তশুদ্ধির্ন পুরুষযত্নসাধ্যেত্যাক্ষেপো বন্দিপ্রোক্তপূর্ব্বার্দ্ধেন। "ন ত্রেতাদৌ স ধর্ম্মং সকলুষসময়ে নাপি ভূতাদিষট্কে নো পাতালেষু সপ্তস্বপি তু কৃতযুগে সত্যলোকে চ সোঽস্তি। তস্মাদ্যা সর্ব্বসিদ্ধা তিথিরিয়মপি ন স্বাপ্তয়েঽতীব শস্তা নো বা লোকাস্তপোস্তা ইতি মখতপসী শ্রেয়সে নাত্মচর্চ্চা" ॥ উত্তরার্দ্ধে তু—"কেশী অগ্নির্বায়ুঃ সূর্য্যশ্চ কেশিনঃ" ইতি বৈদিকপ্রসিদ্ধেরগ্ন্যাদিবদসঙ্গ আত্মা। ত্রয়োদশসংখ্যানি দশেন্দ্রিয়াণি বুদ্ধিমনোঽহঙ্কারাখ্যানি, অহংশব্দোঽত্র ক্রতুবাচ্যপি লক্ষণয়া বিষয়েন্দ্রিয়সম্বন্ধরূপভোগাখ্যে যজ্ঞে বর্ত্ততে, অসঙ্গস্যাপ্যাত্মনো বুদ্ধ্যাদিসঙ্গাৎ "ধ্যায়তীব লেলায়তীবে"ত্যাদি শ্রুতেঃ সঙ্গিত্বমিব ভাতি অতো বুদ্ধ্যাদয়ঃ শোধনীয়া এব ন তূদাসীত। "ন তস্য প্রাণা উৎক্রামন্ত্যত্রৈব সমবনীয়ন্তে তদিদমপ্যেতর্হি য এবং বেদাহং ব্রহ্মাস্মী"তি শ্রুত্যবষ্টম্ভেনেহৈব দেশে কালে চ মুক্তিরস্তীতি ভাবঃ। যতোঽতিচ্ছন্দাংসি ছাদকমজ্ঞানমতিক্রান্তানি ধর্ম্মাদীনি দ্বাদশ। ত্রয়োদশাদীনি ত্রয়োদশানাং বুদ্ধ্যাদীনামাদীন্যদনশীলানি ধর্ম্মাদিবলাদুৎপন্নে জ্ঞানে বুদ্ধ্যাদয়ো নিবর্ত্তন্ত ইত্যর্থঃ। তেষু বুদ্ধ্যাদিষু নিবৃত্তেষু ব্রহ্মাদ্বৈতং কথয়িতুমাগতেঽস্মীতি প্রাক্প্রতিজ্ঞাতং তদিহ স্বয়মেব প্রকাশত ইত্যুক্তমিতি ভাবঃ। "এতর্হ্যত্রৈব দেবা ইব মুনিমনুজা যান্তি সার্বাত্ম্য"মিত্যাহ্যুক্তেঃ "সোঽহং মনোধীখদশকমনুযন্নগ্নিবায়র্কতুল্যঃ। সঙ্গীবাসঙ্গ্যপি স্যাৎ ত্রিদশগণমদস্ত্যেব ধর্ম্মাদয়স্তে যেঽতিচ্ছন্দোঽভিধানাস্তিমিরমতিগতা এবমদ্বৈতসিদ্ধিঃ" ॥ তদয়ং সংগ্রহঃ। 'তত্ত্বজ্ঞী সাক্ষিসাক্ষ্যে শ্রুতিষু কৃতিপরোঽস্ত্যত্র কর্ত্তাপি সোঽত্তা পঞ্চানাং ষষ্ঠমেতৎ স্বমথ সমতিকৈস্তৈঃ করোত্যষ্টমোঽন্যঃ। সোঽহং সাক্ষী ততোঽন্যে গুণময়মখিলং চিন্ময়াস্তে সদুঃখা চিৎ স্যাৎ দুঃখীতরা সা শমযুগিহ চিদদ্বৈতভাগষ্টবক্রঃ" ॥ গ্রন্থবিস্তরভয়াদুদাহৃতোপক্রমানমুগুণ্যাৎ ক্লিষ্টত্বাৎ প্রয়োজনবদর্থাপর্য্যবসায়িত্বাচ্চ টীকান্তরোক্তা অর্থা নেহ প্রদর্শিতাঃ ॥২০॥ সূত-

লোমশ বলিলেন—'তাহার পর বন্দীকে নীরব, অধোমুখ ও চিন্তাসক্ত দেখিয়া এবং অষ্টাবক্রকে তাহার পরেও বলিতে উদ্যত দর্শন করিয়া তখনই সভ্যগণের মধ্যে মহাকোলাহল উত্থিত হইল ॥২১॥

† অয়ং পাঠঃ বা ব কা নাস্তি।

তস্মিংস্তথা সঙ্কুলে বর্ত্তমানে স্ফীতে যজ্ঞে জনকস্যোত রাজ্ঞঃ।
অষ্টাবক্রং পূজয়ন্তোঽভ্যুপেয়ুর্বিপ্রাঃ সর্ব্বে প্রাঞ্জলয়ঃ প্রতীতাঃ ॥২২॥

অষ্টাবক্র উবাচ।

অনেনৈব ব্রাহ্মণাঃ শুশ্রুবাংসো বাদে জিত্বা সলিলে মজ্জিতাঃ প্রাক্।
তানেব ধর্ম্মানয়মদ্য বন্দী প্রাপ্নোতু গৃহ্যাপ্সু নিমজ্জয়ৈনম্ ॥২৩॥

বন্দ্যুবাচ।

অহং পুত্রো বরুণস্যোত রাজ্ঞস্তত্রাস্য সত্রং দ্বাদশবার্ষিকং বৈ।
সত্রেণ তে জনক! তুল্যকালং তদর্থং তে প্রহিতা মে দ্বিজাগ্র্যাঃ ॥২৪॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। উতশব্দঃ পাদপূরণে, "উতাত্যর্থবিকল্পয়োঃ। সমুচ্চয়ে বিতর্কে চ প্রশ্নে চ পাদপূরণে।" ইতি মেদিনী। জনকস্য রাজ্ঞঃ, স্ফীতে প্রবৃদ্ধে তস্মিন্ যজ্ঞে, তথা সঙ্কুলে কোলাহলৈস্তুমুলে বর্ত্তমানে সতি, প্রতীতাঃ সন্তুষ্টাঃ সর্ব্বে বিপ্রাঃ পূজয়ন্তঃ সম্মানয়ন্তঃ প্রাঞ্জলয়শ্চ সন্তঃ, অষ্টাবক্রম্, অভ্যুপেয়ুঃ উপগতাঃ ॥২২॥

অনেনেতি। প্রাক্ অনেন বন্দিনৈব, শুশ্রুবাংসঃ শ্রুতবন্তঃ শাস্ত্রজ্ঞা ইত্যর্থঃ ব্রাহ্মণাঃ, বাদে জিত্বা সলিলে মজ্জিতাঃ। অতঃ অয়ং বন্দী অদ্য তানেব ধর্ম্মান্ নিগ্রহ-বন্ধন-মজ্জন-রূপান্ ব্যবহাবান্ প্রাপ্নোতু। তেন চ এনং বন্দিনম্, গৃহ্য গৃহীত্বা, অপ্সু জলে মজ্জয় ইতি কঞ্চিৎ প্রত্যমুবোধঃ ॥২৩।

অহমিতি। উত পাদপূরণে। অহং বরুণস্য রাজ্ঞঃ পুত্রঃ, অতো মে জলমজ্জনভয়ং নাস্তীতি ভাবঃ। হে জনক! তে তব সত্রেণ অনেন যজ্ঞেন তুল্যকালং দ্বাদশবার্ষিকম্ অস্য বরুণস্য সত্রং যজ্ঞঃ তত্র পাতালে বর্ত্ততে। তদর্থং তদ্দর্শনার্থমেব, মে ময়া, তে দ্বিজাগ্র্যা

ভারতভাবদীপঃ

পুত্রং শোভনঃ উতঃ পটস্তদ্বৎপ্রকৃতিবিকৃত্যাত্মৈকস্তন্তুভিরোতুভিশ্চ প্রোতত্বাদূতঃ ক্রতুরপি সুতঃ শোভনযজ্ঞো বরুণস্তস্য পুত্রম্। স ইত্তত্বং স বিজানাত্যোতুমিতি মন্ত্রবর্ণাত্তন্ত্বাদ্যাত্মকস্য ক্রতোরূতশব্দবাচ্যত্বম্ উদীর্য্যস্তমুদীর্য্যমাণং স্তূয়মানমিত্যর্থঃ ॥২১—২২॥ শুশ্রুবাংসঃ

জনকরাজার সেই আড়ম্বরপূর্ণ যজ্ঞ সেই কোলাহলে ব্যাপ্ত হইলে, ব্রাহ্মণেরা সকলেই সন্তুষ্ট হইয়া অষ্টাবক্রকে সম্মানিত করিবার জন্য কৃতাঞ্জলিপুটে তাঁহার নিকটে উপস্থিত হইলেন' ॥২২॥

তখন অষ্টাবক্র বলিলেন—'ব্রাহ্মণগণ! এই বন্দীবেটাই পূর্বে বিদ্বান্ ব্রাহ্মণদিগকে বাদে জয় করিয়া তাঁহাদিগকে জলে ডুবাইয়া দিয়াছে। অতএব আজ এই বন্দীবেটাও সেই অবস্থাই প্রাপ্ত হউক। সুতরাং আপনারা ইহাকে ধরিয়া জলে ডুবাইয়া দিন' ॥২৩॥

(২৪)···তত্রাস সত্রম্···বা ব কা পি।

তে তু সর্বে বরুণস্যোত যজ্ঞং দ্রষ্টুং গতা ইম আয়ান্তি ভূয়ঃ।
অষ্টাবক্রং পূজয়ে পূজনীয়ং যস্য হেতোর্জনিতারং সমেষ্যে ॥২৫॥

অষ্টাবক্র উবাচ।

বিপ্রাঃ সমুদ্রাম্ভসি মজ্জিতা যে বাচা জিতা মেধয়া বা বিদানাঃ।
তাং মেধয়া বাচমথোজ্জহার যথা বাচমবচিন্বন্তি সন্তঃ ॥২৬॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণশ্রেষ্ঠাঃ, প্রহিতা বাদে বিজিত্য ইতঃ প্রেরিতাঃ, তে চ স্বেচ্ছয়া ন যাস্যন্তীতি বাদবিজয়-রূপং পণং বিধায় তত্র বিজিত্য চ তে জলে নিপাতিতা ইত্যাশয়ঃ ॥২৪॥

ত ইতি। তে তু সর্ব্ব এব দ্বিজাগ্র্যাঃ, বরুণস্য তং যজ্ঞং দ্রষ্টুং গতাঃ, ইমে তে ভূয়ঃ পুনরায়ান্তি। অতো ন মে ব্রহ্মহত্যাপাপমিতি ভাবঃ। উপকারিত্বাৎ পূজনীয়মষ্টাবক্রম্ অহং পূজয়ে; যস্য হেতোরহং জনিতারং জনয়িতারং বরুণং সমেষ্যে প্রাপ্স্যামি ॥২৫॥

বিপ্রা ইতি। হে জনক! ভবদীয়লোকৈর্বিপ্রাঃ সমুদ্রাম্ভসি মজ্জিতাঃ; যে বিদানা জ্ঞানিনো বিপ্রাঃ, বাচা, মেধয়া বা বুদ্ধ্যা চ বন্দিনা জিতাঃ। অথাহং মেধয়া স্ববুদ্ধ্যা, যথা তাং বন্দিনো বাচম্, উজ্জহার উদ্ধৃতবান্ বিজিতবানস্মি; তথা মম বাচম্, সন্তঃ অমী সভ্যাঃ পণ্ডিতাঃ, অবচিন্বতি পবিচিন্বন্তি জানন্তীত্যর্থঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

পণ্ডিতাঃ ॥২৩—২৪॥ জনিতারং বরুণম্ ॥২৫॥ বিপ্রা ইতি। বাচা উচ্চৈঃ পাঠেনৈব উত মেধয়া উহাপোহকৌশলেন বিপ্রা বিদানাঃ পণ্ডিতা অপি জিতা মজ্জিতাশ্চ, তাং প্রসিদ্ধাং বাচং বেদময়ীং মেধয়া সহিতাং বন্দিনা কুতর্কার্ণবে মজ্জিতামহং যথা উজ্জহারোদ্ধৃতবানস্মি তথা সন্তঃ সদসদ্বচনবিবেককুশলা অবচিন্বন্তি পরীক্ষযন্তি, লোডর্থে লট্ পরীক্ষয়ন্ত্বিত্যর্থঃ ॥২৬॥

বন্দী বলিলেন—'মহারাজ জনক! আমি বরুণদেবের পুত্র; (সুতরাং আমার জলমজ্জনের ভয় নাই)। এদিকে যখন আপনার যজ্ঞ আরম্ভ হইয়াছিল, বরুণরাজার দ্বাদশবর্ষব্যাপক যজ্ঞ আরম্ভও তখনই সেখানে হইয়াছিল। সুতরাং সেই যজ্ঞ দর্শনের জন্যই আমি সেই প্রধান ব্রাহ্মণদিগকে প্রেরণ করিয়াছি ॥২৪॥

সেই ব্রাহ্মণেরা সকলেই বরুণদেবের যজ্ঞ দর্শন করিবার জন্য গিয়াছিলেন, এই আবার আসিতেছেন। কিন্তু পূজনীয় অষ্টাবক্রকে আমি পূজা করি। কারণ, যাঁহার জন্য আমি পিতাকে দেখিতে পাইব' ॥২৫॥

অষ্টাবক্র বলিলেন—'জনকরাজা! বন্দী বাক্যের কৌশলে ও বুদ্ধির প্রভাবে যে সকল জ্ঞানী ব্রাহ্মণকে জয় করিয়াছিল, তাঁহাদিগকে আপনার লোকেরা সমুদ্রের জলে নিমগ্ন করিয়াছে। তা'র পর আমি আবার বুদ্ধিবলে যে ভাবে বন্দীর বাক্য জয় করিয়াছি, তাহা এই পণ্ডিতেরা জানেন ॥২৬॥

অগ্নির্দহন্ জাতবেদাঃ সতাং গৃহান্ বিসর্জয়ংস্তেজসা মাস্ম ধাক্ষীৎ।
বালেষু পুত্রেষু কৃপণং বদৎসু তথা বাচমবচিন্বন্তি সন্তঃ ॥২৭॥
শ্লেষ্মাতকী ক্ষীণবর্চ্চাঃ শৃণোষি উতাহো ত্বাং স্তুতয়ো মাদয়ন্তি।
হস্তীব ত্বং জনক ! বিতুদ্যমানো ন মামিকাং বাচমিমাং শৃণোষি ॥২৮॥

ভারতকৌমুদী

অগ্নিরিতি। জাতং বৃত্তং সাধুত্বমসাধুত্বং বা বেত্তীতি জাতবেদা অগ্নিঃ, সতাং গৃহান্ বিসর্জয়ন্ সাধুগৃহত্বাদেব পবিত্যজন্, বনং দহন্, তেজসা মাস্ম ধাক্ষীৎ সৎপাদপমপি ন দহতু। অত্রায়মাশয়ঃ—তপঃপ্রভাবাদহং ধ্রুবমেবাগ্নিকল্পঃ, লোকানাং সাধুত্বমসাধুত্বঞ্চ জানামি। এবঞ্চ বাদবিজিতব্রাহ্মণগণবন্বাদবিজিতমেনং বন্দিনমপি জলে নিমজ্জয়সি চেত্তদা ন্যায়পবায়ণতয়া সাধুভূতং ভবন্তং শাপেন ন দহামি, ইতবথা তু বন্দিনং দহন্ ভবন্তমপি দহামীতি। অথ বালস্য তে বচনং ন ময়া গ্রাহ্যমিত্যাহ বালেষ্বিতি। তথা সন্তঃ সাধবঃ, বালেষু পুত্রেষু চ, কৃপণমল্পং বদৎস্বপি, তেষাং বাচম্, অবচিন্বন্তি গৃহ্নন্তি, বালবাচঃ স্পৃহণীয়ত্বাৎ পুত্রবাচশ্চ স্নেহাকর্ষণাদিতি ভাবঃ ॥২৭॥

আক্ষিপতি শ্লেষ্মেতি। হে জনক। শ্লেষ্মাতকং বহুবাবফলমস্যাস্তীতি শ্লেষ্মাতকী বহুবাবফলভোজী। বহুবাবাখ্যফলভোজনে হি শ্লেষ্মাতিবেকেণ লোকঃ স্তব্ধো ভবতীতি বৈদ্যকপ্রসিদ্ধিঃ। অতএব ক্ষীণবর্চ্চাঃ ক্ষীণবুদ্ধিশক্তিঃ সন্ শৃণোষি, অতএব চ কর্ত্তব্যমূঢ়োঽসীতি ভাবঃ। উতাহো অথবা, বন্দিনাং স্তুতয়স্ত্বাং মাদয়ন্তি। অতএব ত্বম্, তুদ্যমানো মন্নিন্দয়া ব্যথ্যমানোঽপি, হস্তীব, মামিকাং মদীয়াম্, ইমাং বাচং ন শৃণোষি। "শেলুঃ শ্লেষ্মাতকঃ শীত উদ্দালো বহুবাবকঃ" ইত্যমবঃ ॥২৮॥

ভাবতভাবদীপঃ

নন্থ বন্দিনোদ্ধতাং বাচং ত্বমেব কুতর্কার্ণবে মজ্জিতবানসি তত্র কিং সদ্ভিঃ পবীক্ষণীয়মিত্যাশঙ্ক্যাহ—অগ্নির্দহন্নিতি। অগ্নির্দহন্ স্বভাবেন দাহকোঽপি জাতবেদাঃ জাতানি সতামসতাঞ্চ বৃত্তানি বেদ জানাতীতি জাতবেদাঃ সতাং সত্যাভিসন্ধীনাং গৃহান্, শবীবাণি বিসর্জ্জয়ন্ বর্জ্জয়ংস্তেজসা যথা অধাক্ষীৎ স্ম অর্থাদনৃতাভিসন্ধিগৃহান্, নশব্দ উপমার্থে। অপো ন নাবা দুবিতাস্তবেমেত্যাদিবৎ। যথা তপ্তপবশুগ্রহণে বহ্নিঃ সত্যাভিসন্ধিং ন দহতি সত্যপক্ষপাতী ন তু জাতিবয়োবিদ্যাদিপক্ষপাতী এবং সন্তোঽপি বালাদিষু, অতো বালবচনমিতি মদ্বাক্যং নাবমন্তব্যমিতি ভাবঃ ॥২৭॥ শ্লেষ্মাতকীশব্দিতস্তরুবিশেষস্তস্য পত্রেষু ভোজনং তৎফলভক্ষণঞ্চ বুদ্ধিঘ্নং দোষকরঞ্চেতি

সুতরাং অবস্থাভিজ্ঞ অগ্নি সজ্জনের গৃহ পরিত্যাগ করিয়া, বন দগ্ধ করিতে থাকিয়া উৎকৃষ্ট বৃক্ষও যেন দগ্ধ না করেন। তা'র পর রাজা! বালক বা পুত্র অল্প কথা বলিলেও সজ্জনেরা তাহাদের সে কথা অবশ্যই গ্রহণ করেন ॥২৭॥

জনকরাজা! আপনি কি চালিতাফল খাইয়া (শ্লেষ্মাধিক্যবশতঃ) বুদ্ধিশূন্য হইয়া শুনিতেছেন? অথবা বন্দিগণের স্তুতিবাদ আপনাকে একেবারে মত্ত

---

(২৭)·· ন স্ম ধাক্ষীৎ···বা ব কা নি।

জনক উবাচ।

শৃণোমি বাচং তব দিব্যরূপামমানুষীং দিব্যরূপোঽসি সাক্ষাৎ।
অজৈষীর্যদ্বন্দিনং ত্বং বিবাদে নিসৃষ্ট এষ তব কামেঽদ্য বন্দী ॥২৯॥

অষ্টাবক্র উবাচ।

নানেন জীবতা কশ্চিদর্থো মে বন্দিনা নৃপ!।
পিতা যদ্যস্য বরুণো মজ্জয়ৈনং জলাশয়ে ॥৩০॥

বন্দ্যুবাচ।

অহং পুত্রো বরুণস্যোত রাজ্ঞো ন মে ভয়ং বিদ্যতে মজ্জিতস্য।
ইমং মুহূর্ত্তং পিতরং দ্রক্ষ্যতেঽয়মষ্টাবক্রশ্চিরনষ্টং কহোড়ম্ ॥৩১॥

লোমশ উবাচ।

ততস্তে পূজিতা বিপ্রা বরুণেন মহাত্মনা।
উদতিষ্ঠংস্তথা সর্ব্বে জনকস্য সমীপতঃ ॥৩২॥

ভারতকৌমুদী

শৃণোমীতি। হে বালক! দিব্যরূপামত্যুত্তমাম্, অমানুষীঞ্চ তব বাচং শৃণোমি; ত্বঞ্চ সাক্ষাৎ দিব্যরূপঃ স্বর্গীয়তুল্যোঽসি। কিঞ্চ ত্বং বিবাদে বন্দিনং যদজৈষীঃ, তদদ্য এষ বন্দী, তব কামে ইচ্ছায়াম্, নিসৃষ্টো দত্তঃ। যথেচ্ছমস্মিন্নাচরেতি ভাবঃ ॥২৯॥

নেতি। অর্থঃ প্রয়োজনম্। মজ্জয়, বাদবিজয়ফলস্যাবশ্যকর্ত্তব্যত্বাদিতি ভাবঃ ॥৩০॥

অহমিতি। অত্রাপি উতশব্দঃ পাদপূরণে। চিরনষ্টং দ্বাদশবর্ষং যাবদদর্শনং গতম্ ॥৩১॥

করিয়া ফেলিয়াছে। যে হেতু, আপনাকে উৎপীড়ন করিতে থাকিলেও আপনি হস্তীর ন্যায় আমার এই সকল কথা শুনিতেছেন না' ॥২৮॥

জনক বলিলেন—'বালক! তোমার বাক্য অলৌকিক ও অতি উত্তম। সুতরাং তাহা শুনিতেছি। আর, তুমিও সাক্ষাৎ দেবতার তুল্য। তা'র পর তুমি যখন বাদে বন্দীকে জয় করিয়াছ, তখন আমি আজ এই বন্দীকে তোমার ইচ্ছার অধীনই করিয়া দিলাম' ॥২৯॥

অষ্টাবক্র বলিলেন—'রাজা! এই বন্দীকে জীবিত রাখিয়া ইহা দ্বারা আমার কোন প্রয়োজনই সিদ্ধ হইবে না। সুতরাং যদিও উহার পিতা বরুণ, তথাপি আপনি উহাকে জলে নিমগ্ন করুন' ॥৩০॥

বন্দী বলিলেন—'আমি বরুণদেবের পুত্র; সুতরাং আমার জলমজ্জনের ভয় নাই। আর, এই মুহূর্ত্তেই অষ্টাবক্র—চিরবিনষ্ট আপন পিতা কহোড়কে দেখিতে পাইবেন' ॥৩১॥

লোমশ বলিলেন—'তাহার পর কহোড়প্রভৃতি সেই সকল ব্রাহ্মণ, মহাত্মা

কহোড় উবাচ।

ইত্যর্থমিচ্ছন্তি সুতান্ জনা জনক ! কর্ম্মণা।
যদহং নাশকং কর্ত্তুং তৎ পুত্রঃ কৃতবান্ মম ॥৩৩॥
উতাবলস্য বলবান্ উত বালস্য পণ্ডিতঃ।
উত বাঽবিদুষো বিদ্বান্ পুত্রো জনক ! জায়তে ॥৩৪॥

বন্দ্যুবাচ।

শিতেন তে পরশুনা স্বয়মেবান্তকো নৃপ !।
শিরাংস্যপহরত্বাজৌ রিপূণাং ভদ্রমস্তু তে ॥৩৫॥
মহদৌকৃথ্যং গীয়তে সাম চাগ্র্যং সম্যক্ সোমঃ পীয়তে চাত্র সত্রে।
শুচীন্ ভাগান্ প্রতিজগৃহুশ্চ হৃষ্টাঃ সাক্ষাদ্দেবা জনকস্যোত রাজ্ঞঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

তত ইতি। তে কহোড়াদয়ঃ। এতেন সমুদ্রাসন্নদেশ এব জনকযজ্ঞ আসীদিতি বোধ্যম্ ॥৩২॥
ইতীতি। ইত্যর্থম্ এতদর্থং স্বকর্ত্তব্যকরণার্থমিত্যর্থঃ। কর্ম্মণা পুত্রযাগাদিনা ॥৩৩॥
উতেতি। প্রথম উতশব্দঃ পাদপূরণে, দ্বিতীয়তৃতীয়ৌ চ সমুচ্চয়ে। "উতাত্যর্থবিকল্পয়োঃ। সমুচ্চয়ে বিতর্কে চ প্রশ্নে চ পাদপূরণে।" ইতি মেদিনী। বালস্য মূর্খস্য "বালঃ কচে শিশৌ মূর্খে" ইতি বিশ্বঃ। অবিদুষঃ অজ্ঞানিনঃ, বিদ্বান্ জ্ঞানী ॥৩৪॥
বরুণযজ্ঞসম্পাদনায় ব্রাহ্মণপ্রেরণে সাহায্যকরণাজ্জনকং প্রত্যাশিষং প্রযুঙ্‌ক্তে শিতেনেতি। হে নৃপ ! আজৌ যুদ্ধে অন্তকো যমঃ স্বয়মেব, শিতেন সুধারেণ পরশুনা, তে তব রিপূণাং শিরাংসি অপহরতু, তে তব চ ভদ্রং মঙ্গলমস্তু ॥৩৫॥

ভারতভাবদীপঃ

প্রসিদ্ধম্ ॥২৮॥ অস্য তব কামো নিসৃষ্টঃ, এষ বন্দী দৃশ্যতামিতি শেষঃ ॥২৯—৩২॥ ইত্যর্থমেতদর্থম্ ॥৩৩—৩৪॥ শিতেন তীক্ষ্ণেন, তে তব রিপূণামিত্যন্বয়ঃ, যমাদপি তব শত্রু-

বরুণকর্ত্তৃক সম্মানিত হইয়া (সমুদ্র হইতে) জনকরাজার নিকটে উপস্থিত হইলেন' ॥৩২॥

কহোড় বলিলেন—'মহারাজ জনক ! এই জন্যই মানুষ পুত্রযাগপ্রভৃতি কর্ম্ম দ্বারা পুত্র কামনা করে। দেখুন—আমি যাহা করিতে সমর্থ হই নাই, আমার পুত্র তাহা করিল ! ॥৩৩॥

জনকরাজা !-দুর্ব্বল লোকেরও বলবান্ পুত্র, মূর্খলোকেরও পণ্ডিত পুত্র এবং অজ্ঞানী লোকেরও জ্ঞানী পুত্র জন্মিয়া থাকে' ॥৩৪॥

বন্দী বলিলেন—'রাজা। যুদ্ধের সময়ে যম নিজেই তীক্ষ্ণ কুঠার দ্বারা আপনার শত্রুগণের মস্তক ছেদন করুন ; আপনার মঙ্গল হউক ॥৩৫॥

(৩৫)⋯শিরাংস্যপাহরন্নাজৌ⋯বা ব কা নি।

লোমশ উবাচ।

সমুত্থিতেষ্বথ সর্ব্বেষু রাজন্! বিপ্রেষু তেষ্বধিকং সুপ্রভেষু।
অনুজ্ঞাতো জনকেনাথ রাজ্ঞা বিবেশ তোয়ং সাগরস্যোত বন্দী ॥৩৭॥
অষ্টাবক্রঃ পিতরং পূজয়িত্বা সম্পূজিতো ব্রাহ্মণৈস্তৈর্যথাবৎ।
প্রত্যাজগামাশ্রমমাশু চাগ্র্যং জিত্বা সৌতিং সহিতো মাতুলেন ॥৩৮॥
ততোঽষ্টাবক্রং মাতুরথান্তিকে পিতা নদীং সমঙ্গাং শীঘ্রমিমাং বিশস্ব।
প্রোবাচ চৈনং স তথা বিবেশ সমৈরঙ্গৈশ্চাপি বভূব সদ্যঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

জনকযজ্ঞং স্তৌতি মহদিতি। উত পাদপূরণে। জনকস্য রাজ্ঞঃ, অত্র সত্রে যজ্ঞে, ঔক্‌থ্যম্ উক্‌থাদিচ্ছন্দোবদ্ধম্, মহৎ বিশালম্, অগ্র্যমুত্তমঞ্চ সাম গীয়তে; সোমঃ সোমরসশ্চ সম্যক্ পীয়তে। উভয়ত্রাপি ব্রাহ্মণৈরিতি শেষঃ। তথা দেবাশ্চ সাক্ষাৎ প্রত্যক্ষা হৃষ্টাশ্চ সন্তঃ, শুচীন্ পবিত্রান্ ভাগান্ প্রতিজগৃহুঃ ॥৩৬॥

সমিতি। হে রাজন্! যুধিষ্ঠির! অথ তেষু কহোড়াদিষু সর্বেষু বরুণসম্মাননাদধিকং সুপ্রভেষু বিপ্রেষু সমুত্থিতেষু সৎসু, অথ জনকেন রাজ্ঞা অনুজ্ঞাতো বন্দী, সাগরস্য তোয়ং বিবেশ। অত্রাপ্যুতশব্দঃ পাদপূরণে ॥৩৭॥

অষ্টেতি। পূজয়িত্বা অভিবাদ্য। অগ্র্যং শ্রেষ্ঠম্। সৌতিং বন্দিনম্ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

সংহরণশক্তিরধিকেতি ভাবঃ ॥৩৫॥ ঔক্‌থ্যমুক্‌থ্যাখ্যক্রতুবিশেষে গেয়ং সাক্ষাদিত্যপরোক্ষং দেবতাসান্নিধ্যমুচ্যতে ॥৩৬—৩৭॥ সৌতিং সূতস্য বরুণস্য পুত্রম্ ॥৩৮॥ সমান্যঙ্গানি

সভ্যগণ! জনকরাজার এই যজ্ঞে উক্‌থাপ্রভৃতি ছন্দোবদ্ধ, বিশাল ও মনোহর সামবেদ গীত হইতেছে এবং যথাযথভাবে সোমরস পীত হইতেছে; আর দেবতারা প্রত্যক্ষ ও সন্তুষ্ট হইয়া আপন আপন পবিত্র ভাগ সকল গ্রহণ করিয়াছেন' ॥৩৬॥

লোমশ বলিলেন—'রাজা যুধিষ্ঠির! সেই ব্রাহ্মণেরা সকলেই বরুণের নিকট সম্মান লাভ করায় অত্যন্ত শোভা সম্পন্ন হইয়া সমুদ্র হইতে উত্থিত হইলে, জনকরাজার অনুমতিক্রমে বন্দী যাইয়া সমুদ্রের জলে প্রবেশ করিলেন ॥৩৭॥

এদিকে অষ্টাবক্রও বন্দীকে জয় করিয়া, তত্রত্য ব্রাহ্মণগণকর্ত্তৃক যথানিয়মে সম্মানিত হইয়া, পিতা কহোড়কে অভিবাদন করিয়া, তাঁহার ও মাতুল শ্বেতকেতুর সহিত মিলিত হইয়া, (মাতামহ উদ্দালকের) শ্রেষ্ঠ আশ্রমে সত্বরই প্রত্যাগমন করিলেন ॥৩৮॥

(৩৮)---আশ্রমমেব চাগ্র্যম্--- বা ব কা নি।

নদী সমঙ্গা চ বভূব পুণ্যা যস্যাং স্নাতো মুচ্যতে কিল্বিষাদ্ধি।
ত্বমপ্যেনাং স্নানপানাবগাহৈঃ সভ্রাতৃকঃ সহভার্য্যো বিশস্ব ॥৪০॥
অত্র কৌন্তেয়! সহিতো ভ্রাতৃভিস্ত্বং সুখোষিতঃ সহ বিপ্রৈঃ প্রতীতঃ।
পুণ্যান্যন্যানি শুচিকর্ম্মৈকভক্তির্ময়া সার্দ্ধং চরিতাস্যাজমীঢ়! ॥৪১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়ামষ্টাবক্রীয়ে দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ পিতা কহোড়ঃ, মাতুঃ সুজাতায়া অন্তিকে, এনমষ্টাবক্রং প্রোবাচ। কিং প্রোবাচেত্যাহ নদীমিতি। হে অষ্টাবক্র! ত্বমিমাং সমঙ্গাং সমঙ্গানাম্না এতদাশ্রমমাত্রপ্রসিদ্ধাং নদীং শীঘ্রং বিশস্ব প্রবিশ; বক্রাণামঙ্গানাং সমীকরণার্থমিত্যাশয়ঃ। তথা আদেশেন, সোঽষ্টাবক্রোঽপি বিবেশ, সদ্যঃ সমৈরঙ্গৈর্বিশিষ্টশ্চাপি বভূব ॥৩৯॥

নদীতি। পুণ্যা সা চ নদী, সমঙ্গা এতন্নাম্না জগতি বিখ্যাতা বভূব, সমানি অঙ্গানি যস্যাঃ সকাশাৎ সেতি যোগাদিতি ভাবঃ। সমঙ্গেতি শকন্ধাদিত্বাদঙ্গশব্দস্য অকারলোপঃ। স্নানপানাবগাহৈস্তত্তদুদ্দেশৈঃ, বিশস্ব প্রবিশ ॥৪০॥

অত্রেতি। প্রতীতঃ সন্তুষ্টঃ। শুচিষু পবিত্রেষু কর্ম্মসু স্নানাদিষু একা মুখ্যা ভক্তির্যস্য সঃ। অন্যানি পুণ্যানি কর্ম্মাণি, চরিতাসি করিষ্যসি, হে আজমীঢ়! অজমীঢ়বংশোদ্ভব! ॥৪১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

করোতীতি সমঙ্গেতি যোগো দর্শিতঃ, শকন্ধাদিত্বাৎ পররূপম্ ॥৩৯—৪০॥ প্রতীতো বিশ্রব্ধঃ ॥৪১॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১০॥

তাহার পর কহোড় সুজাতার নিকটে অষ্টাবক্রকে বলিলেন—'অষ্টাবক্র! তুমি সত্বর এই নদীতে প্রবেশ কর'। তখন অষ্টাবক্রও সেই নদীতে প্রবেশ করিলেন এবং সদ্যই সমান-(বক্রতাবিহীন) অঙ্গ হইয়া উত্থিত হইলেন ॥৩৯॥

সেই পবিত্র নদীটাও 'সমঙ্গা'-নামে প্রসিদ্ধ হইল; যে নদীতে স্নান করিয়া মানুষ পাপ হইতে মুক্ত হয়। যুধিষ্ঠির! তুমিও ভার্য্যা এবং ভ্রাতৃগণের সহিত স্নান, পান ও অবগাহন করিবার উদ্দেশে এই নদীতে প্রবেশ কর ॥৪০॥

হে অজমীঢ়বংশোদ্ভব কুন্তীনন্দন! তাহার পর তুমি ভ্রাতৃগণ, ব্রাহ্মণগণ ও আমার সহিত মিলিত হইয়া সুখে বাস করিতে থাকিয়া, পবিত্র কার্য্যে একাগ্রচিত্ত হইয়া সন্তুষ্টভাবে এখানে অন্যান্য পুণ্য কার্য্য করিবে' ॥৪১॥

* '...চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ...' বা ব কা, '...ষট্‌ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' নি।

একাদশাধিকশততমোঽধ্যায়ঃ

—:(*):—

লোমশ উবাচ।

এষা মধুবিলা রাজন্! সমঙ্গা সম্প্রকাশতে।
এতৎ কর্দ্দমিলং নাম ভরতস্যাভিষেচনম্ ॥১॥
অলক্ষ্ম্যা কিল সংযুক্তো বৃত্রং হত্বা শচীপতিঃ।
আপ্লুতঃ সর্বপাপেভ্যঃ সমঙ্গায়াং ব্যমুচ্যত ॥২॥
এতদ্বিনশনং কুক্ষৌ মৈনাকস্য নরর্ষভ!।
অদিতির্যত্র পুত্রার্থং তদন্নমপচৎ পুরা ॥৩॥
এনং পর্বতরাজানমারুহ্য ভরতর্ষভাঃ!।
অযশস্যামসংশব্দ্যামলক্ষ্মীং ব্যপনোৎস্যথ ॥৪॥

ভারতকৌমুদী

এষেতি। মধুভির্মধুতুল্যৈঃ সলিলৈঃ পূর্ণং বিলং খাতদেশো যস্যাঃ সা মধুবিলেতি সমঙ্গায়া এব নামান্তরম্। ন চ "মধুবিলেতি অষ্টাবক্রাঙ্গসমীকরণাৎ পূর্ব্বং সমঙ্গায়া এব নাম" ইতি নীলকণ্ঠোক্তং যুক্তমিতি বাচ্যম্, পূর্বাধ্যায়ে অষ্টাবক্রাঙ্গসমীকরণাৎ পূর্ব্বমপি "নদীং সমঙ্গাং শীঘ্রমিমাং বিশস্ব" ইতি সমঙ্গানামশ্রুতেঃ। ভরতস্য রাজ্ঞঃ, অভিষিচ্যতে অস্মিন্নিত্যভিষেচনং তীর্থং ঘট্ট ইতি যাবৎ ॥১॥

অলক্ষ্ম্যেতি। আপ্লুতঃ স্নাতঃ, সর্বপাপেভ্যঃ অলক্ষ্মীসংযোগজনকেভ্যঃ ॥২॥

এতদিতি। বিনশনং নাম তীর্থম্, কুক্ষৌ অভ্যন্তরে। তৎ পুত্রযাগনিমিত্তকম্ ॥৩॥

এনমিতি। অযশস্যাম্ অযশস্করীম্, অসংশব্দ্যাং নাম্নাপ্যনুল্লেখ্যাম্ ॥৪॥

ভারতভাবদীপঃ

এষেতি। মধুবিলেতি অষ্টাবক্রাঙ্গসমীকরণাৎ পূর্ব্বং সমঙ্গায়া এব নাম ॥১—২॥ অন্নং ব্রহ্মৌদনম্ অদিতিঃ পুত্রকামা। "সাধ্যেভ্যো দেবেভ্যো ব্রহ্মৌদনমপচ"দিতি শ্রুতেঃ ॥৩॥

লোমশ বলিলেন—'রাজা! এই সমঙ্গানদী দৃষ্টিগোচর হইতেছে, ইহার 'মধুবিলা' নামও আছে; আর এই 'কর্দ্দমিল—' নামে ভরতরাজার তীর্থ ॥১॥

ইন্দ্র বৃত্রাসুরকে বধ করিয়া অলক্ষ্মীসমাক্রান্ত হইয়াছিলেন, তাহার পর তিনি এই সমঙ্গানদীতে স্নান করিয়াই সমস্ত পাপ হইতে মুক্ত হন ॥২॥

নরশ্রেষ্ঠ! মৈনাকপর্বতের নিকটে এই বিনশন-তীর্থ; পূর্ব্বকালে অদিতি-দেবী যেখানে পুত্রের জন্য পুত্রযাগের অন্ন প্যাক করিয়াছিলেন ॥৩॥

এতে কনখলা রাজন্ ঋষীণাং দয়িতা নগাঃ।
এষা প্রকাশতে গঙ্গা যুধিষ্ঠির! মহানদী ॥৫॥
সনৎকুমারো ভগবানত্র সিদ্ধিমগাৎ পুরা।
আজমীঢ়াবগাহ্যৈনাং সর্বপাপৈঃ প্রমোক্ষ্যসে ॥৬॥
অপাং হ্রদঞ্চ পুণ্যাখ্যং ভৃগুতুঙ্গঞ্চ পর্ব্বতম্।
তূষ্ণীগঙ্গে চ কৌন্তেয়! সানুজঃ সমুপস্পৃশ ॥৭॥
আশ্রমঃ স্থূলশিরসো রমণীয়ঃ প্রকাশতে।
অত্র মানঞ্চ কৌন্তেয়! ক্রোধঞ্চৈব বিসর্জয় ॥৮॥
এষ রৈভ্যাশ্রমঃ শ্রীমান্ পাণ্ডবেয়! প্রকাশতে।
ভারদ্বাজো যত্র কবির্যবক্রীতো ব্যনশ্যত ॥৯॥

ভারতকৌমুদী

এত ইতি। কনখলা নাম, দয়িতাঃ প্রিয়াঃ, নগাঃ পর্ব্বতাঃ ॥৫॥
সনদিতি। হে আজমীঢ়! অজমীঢাখ্যনৃপতিবংশোদ্ভব! এনাং গঙ্গাম্ ॥৬॥
অপামিতি। পূর্বার্দ্ধে গচ্ছেতি শেষঃ। তূষ্ণীগঙ্গে তদাখ্যে তীর্থে, সমুপস্পৃশ স্নাহি ॥৭॥
আশ্রম ইতি। স্থূলশিরসো নাম মুনেঃ। মানং রাজত্বাদিনিবন্ধনমভিমানম্ ॥৮॥
এষ ইতি। রৈভ্যস্য মুনেরাশ্রমঃ, শ্রীমান্ সুন্দরঃ। যবক্রীতো নাম ॥৯॥

হে ভরতশ্রেষ্ঠগণ! তোমরা এই পর্বতশ্রেষ্ঠ মৈনাকে আরোহণ করিয়া নিন্দাজনিকা ও অনুল্লেখনীয়া অলক্ষ্মীকে পরিত্যাগ করিতে পারিবে ॥৪॥

রাজা! ঋষিগণের প্রিয় এই সকল কনখল পর্বত এবং যুধিষ্ঠির! এই মহানদী গঙ্গা প্রকাশ পাইতেছেন ॥৫॥

এই খানেই পূর্ব্বকালে ভগবান্ সনৎকুমার সিদ্ধিলাভ করিয়াছিলেন। অতএব যুধিষ্ঠির! তুমিও এই গঙ্গায় স্নান করিয়া সকল পাপ হইতে মুক্ত হইবে ॥৬॥

কুন্তীনন্দন! তুমি ভ্রাতাদের সহিত পুণ্যাখ্য জলহ্রদ ও ভৃগুতুঙ্গপর্বতে যাইয়া তূষ্ণীগঙ্গনামক তীর্থে স্নান কর ॥৭॥

ঐ মনোহর স্থূলশিরা মুনির আশ্রম দৃষ্টিগোচর হইতেছে। কুন্তীনন্দন! তুমি এখানে অভিমান ও ক্রোধ পরিত্যাগ কর ॥৮॥

পাণ্ডুনন্দন! এই মনোহর রৈভ্যমুনির আশ্রম প্রকাশ পাইতেছে; যেখানে ভরদ্বাজমুনির পুত্র কবি যবক্রীত বিনষ্ট হইয়াছিলেন ॥৯॥

---

(৭)…উষ্ণীগঙ্গেতি কৌন্তেয়! সামাত্যঃ সমুপস্পৃশ—বা ব,…তূষ্ণীং গঙ্গাঞ্চ কৌন্তেয়! সভ্রাতৃক উপস্পৃশ—পি, তূষ্ণীং গঙ্গাঞ্চ কৌন্তেয়! সানুজঃ…নি।

যুধিষ্ঠির উবাচ।

কথংযুক্তোঽভবদৃষির্ভরদ্বাজঃ প্রতাপবান্।
কিমর্থঞ্চ যবক্রীতঃ পুত্রোঽনশ্যত বৈ মুনেঃ ॥১০॥
এতৎ সর্ব্বং যথাবৃত্তং শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ।
কর্ম্মভির্দেবকল্পানাং কীর্ত্ত্যমানৈর্ভৃশং রমে ॥১১॥

লোমশ উবাচ।

ভরদ্বাজশ্চ রৈভ্যশ্চ সখায়ৌ সংবভূবতুঃ।
তাবূষতুরিহাত্যন্তং প্রীয়মাণাবনন্তরম্ ॥১২॥
রৈভ্যস্য তু সুতাবাস্তামর্বাবসু-পরাবসূ।
আসীদ্‌যবক্রীঃ পুত্রস্তু ভরদ্বাজস্য ভারত! ॥১৩॥
রৈভ্যো বিদ্বান্ সহাপত্যস্তপস্বী চেতরোঽভবৎ।
তয়োশ্চাপ্যতুলা প্রীতির্বাল্যাৎ প্রভৃতি ভারত! ॥১৪॥

ভারতকৌমুদী

কথমিতি। কথং কীদৃশং যুক্তং যোগো যস্য সঃ। মুনের্ভরদ্বাজস্য ॥১০॥
এতদিতি। তত্ত্বতো যাথার্থ্যেন। দেবকল্পানাং দেবসদৃশানাং জনানাম্ ॥১১॥
ভরেতি। অনন্তরম্ অব্যবধানং যথা স্যাত্তথা, ঊষতুঃ বাসং চক্রতুঃ ॥১২॥
রৈভ্যস্যেতি। আস্তাম্ অভূতাম্, অর্বাবসু-পরাবসূ নাম। যবক্রীর্যবক্রীতঃ ॥১৩॥
রৈভ্য ইতি। সহাপত্যঃ সপুত্রঃ, রৈভ্যস্য পুত্রাবপি বিদ্বাংসাবভূতামিত্যর্থঃ ॥১৪॥

যুধিষ্ঠির বলিলেন—'মহর্ষি! প্রতাপশালী ভরদ্বাজমুনি কি প্রকার যোগী ছিলেন? কি জন্যই বা তাঁহার পুত্র যবক্রীত বিনষ্ট হইয়াছিলেন? ॥১০॥

যথাযথভাবে এই সকল বৃত্তান্ত আমি শুনিতে ইচ্ছা করি। কারণ, দেবতার তুল্য ব্যক্তিগণের চরিত্র কীর্ত্তন করিলে, তাহাতে আমি অত্যন্ত আনন্দ লাভ করি' ॥১১॥

লোমশ বলিলেন—'ভরদ্বাজ ও রৈভ্য পরস্পর সখা ছিলেন এবং তাঁহারা অত্যন্ত প্রীতি সহকারে পরস্পর নিকটেই বাস করিতেন ॥১২॥

ভরতনন্দন! রৈভ্যমুনির 'অর্বাবসু' ও 'পরাবসু'-নামে দুইটী পুত্র ছিল এবং ভরদ্বাজমুনির 'যবক্রীত'-নামে একটী পুত্র ছিল ॥১৩॥

রৈভ্যমুনি ও তাঁহার পুত্রদ্বয়—সকলেই বিদ্বান্ ছিলেন; আর ভরদ্বাজমুনি কেবল তপস্বী ছিলেন; বাল্যকাল হইতেই তাঁহাদের পরস্পর অতুলনীয় ভালবাসা ছিল ॥১৪॥

---

(১০)···ভারদ্বাজঃ প্রতাপবান্···বা ব কা পি।

যবক্রীঃ পিতরং দৃষ্ট্বা তপস্বিনমসৎকৃতম্।
দৃষ্ট্বা চ সৎকৃতং বিপ্রৈ রৈভ্যং পুত্রৈঃ সহানঘ! ॥১৫॥
পর্য্যতপ্যত তেজস্বী মন্যুনাভিপরিপ্লুতঃ।
তপস্তেপে ততো ঘোরং বেদজ্ঞানায় পাণ্ডব! ॥১৬॥ (যুগ্মকম্)
স সমিদ্ধে মহত্যগ্নৌ শরীরমুপতাপয়ন্।
জনয়ামাস সন্তাপমিন্দ্রস্য সুমহাতপাঃ ॥১৭॥
তত ইন্দ্রো যবক্রীতমুপগম্য যুধিষ্ঠির!।
অব্রবীৎ কস্য হেতোস্ত্বমাস্থিতস্তপ উত্তমম্ ॥১৮॥
যবক্রীত উবাচ।
দ্বিজানামনধীতা বৈ বেদাঃ সুরগণার্চ্চিত!।
প্রতিভান্ত্বিতি তপ্যেঽহমিদং পরমকং তপঃ ॥১৯॥
স্বাধ্যায়ার্থং সমারম্ভো মমায়ং পাকশাসন!।
তপসা জ্ঞাতুমিচ্ছামি সর্ব্বজ্ঞানানি কৌশিক! ॥২০॥

ভারতকৌমুদী

যবেতি। অসৎকৃতম্ অগৌরববিষয়ীকৃতম্, অবিদ্বত্ত্বাৎ, সৎকৃতং গৌরববিষয়ীকৃতম্, বিদ্বত্ত্বাদিতি ভাবঃ। মন্যুনা দৈন্যেন, অভিপরিপ্লুত আক্রান্তঃ ॥১৫—১৬॥

স ইতি। সমিদ্ধে প্রজ্বলিতে। সন্তাপমুদ্বেগম্, স্বপদগ্রহণাশঙ্কয়েত্যাশয়ঃ ॥১৭॥

তত ইতি। আস্থিতঃ অবলম্বিতবানসি ॥১৮॥

দ্বিজানামিতি। দ্বিজানাং ব্রাহ্মণানাম্। প্রতিভান্তু আত্মন্যাবির্ভবন্তু ॥১৯॥

নিষ্পাপ পাণ্ডুনন্দন! ব্রাহ্মণেরা আসিয়া তপস্বী ভরদ্বাজের কোন গৌরবই করেন না, অথ চ পুত্রদের সহিতই বিদ্বান্ রৈভ্যের সর্ব্বপ্রকার গৌরবই করেন; ইহা দেখিয়া তেজস্বী যবক্রীত অত্যন্ত-দৈন্য-সমন্বিত হইয়া দুঃখভোগ করিতে লাগিলেন; তাহার পর তিনি বেদ জানিবার জন্য ভয়ঙ্কর তপস্যা করিতে আরম্ভ করিলেন ॥১৫—১৬॥

ক্রমে অতিমহাতপা যবক্রীত প্রজ্বলিত বিশাল অগ্নিতে শরীর সন্তপ্ত করিতে থাকিয়া ইন্দ্রের উদ্বেগ জন্মাইয়া ফেলিলেন ॥১৭॥

যুধিষ্ঠির! তাহার পর ইন্দ্র যবক্রীতের নিকট আসিয়া বলিলেন—'ঋষি-কুমার! আপনি কি জন্য এই দারুণ তপস্যা করিতেছেন?' ॥১৮॥

যবক্রীত বলিলেন—'দেবরাজ! অধ্যয়ন না করিলেও বেদ সকল স্বভাবতই ব্রাহ্মণগণের চিত্তে আবির্ভূত হউক; ইহা কামনা করিয়াই আমি এই গুরুতর তপস্যা করিতেছি' ॥১৯॥

কালেন মহতা বেদাঃ শক্যা গুরুমুখাদ্বিভো ! ।
প্রাপ্তুং তস্মাদয়ং যত্নঃ পরমো মে সমাস্থিতঃ ॥২১॥
ইন্দ্র উবাচ।
কুমার্গ এষ বিপ্রর্ষে ! যেন ত্বং যাতুমিচ্ছসি।
কিং বিঘাতেন তে বিপ্র ! গচ্ছাধীহি গুরোর্মুখাৎ ॥২২॥
লোমশ উবাচ।
এবমুক্ত্বা গতঃ শক্রো যবক্রীরপি ভারত ! ।
ভূয় এবাকরোদ্‌যত্নং তপস্যমিতবিক্রম ! ॥২৩॥
ঘোরেণ তপসা রাজংস্তপ্যমানো মহত্তপঃ।
সন্তাপয়ামাস ভৃশং দেবেন্দ্রমিতি নঃ শ্রুতম্ ॥২৪॥

ভারতকৌমুদী

স্বেতি। স্বাধ্যায়ার্থং সর্ববেদজ্ঞানলাভার্থম্। সর্ব্বজ্ঞানানি সর্বান্ বেদান্ ॥২০॥
কালেনেতি। গুরুমুখাৎ প্রাপ্তুং শক্যা ইতি সম্বন্ধঃ। মে ময়া ॥২১॥
কুমার্গ ইতি। কুমার্গঃ, সিদ্ধ্যসম্ভবাদিতি ভাবঃ। বিঘাতেন আত্মহত্যয়া ॥২২॥
এবমিতি। ভূয় এব পুনরপি ॥২৩॥
ঘোরেণেতি। ঘোরেণ তপসা সন্তাপয়ামাসেতি সম্বন্ধঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

অযশস্যামযশস্করীম্, অসংশব্দ্যামকীর্ত্তনীয়াম্ ॥৪—১৩॥ ইতরো ভরদ্বাজস্তপস্ব্যেব, ন তু শিষ্যাদিসম্পন্নঃ ॥১৪—১৯॥ সর্ব্বজ্ঞানানি সর্ব্বশাস্ত্রাণি ॥২০—২১॥ বিঘাতেন আত্মনাশনেন

পাকশাসন! বেদের জন্যই আমার এই উদ্যম; আমি তপস্যা দ্বারাই সমস্ত বেদ জানিতে ইচ্ছা করি ॥২০॥

দেবরাজ! বেদ সকল দীর্ঘকালেই গুরুমুখ হইতে লাভ করিতে পারা যায়; সেই জন্যই আমি এই গুরুতর যত্ন অবলম্বন করিয়াছি' ॥২১॥

ইন্দ্র বলিলেন—'ব্রহ্মর্ষি! আপনি যে পথে যাইতে ইচ্ছা করিয়াছেন, এটা কুপথ। অতএব ব্রাহ্মণ! আপনার আত্মহত্যায় প্রয়োজন কি? আপনি যান, যাইয়া গুরুমুখ হইতেই বেদ অধ্যয়ন করুন' ॥২২॥

লোমশ বলিলেন—'অমিতবিক্রম! ভরতনন্দন! ইন্দ্র এইরূপ বলিয়া চলিয়া গেলেন; যবক্রীতও পুনরায় তপস্যার প্রতিই যত্ন করিতে লাগিলেন ॥২৩॥

রাজা! আমাদের শুনা আছে যে, যবক্রীত গুরুতর তপস্যা করিতে থাকিয়া সেই ভয়ঙ্কর তপস্যা দ্বারা ইন্দ্রকে অত্যন্ত সন্তপ্ত করিয়া তুলিলেন ॥২৪॥

---

(২৩)...তপস্যমিতবিক্রমঃ—বা ব কা নি।

তং তথা তপ্যমানস্তু তপস্তীব্রং মহামুনিম্।
উপেত্য বলভিদ্দেবো বারয়ামাস বৈ পুনঃ ॥২৫॥
অশক্যোঽর্থঃ সমারব্ধো নৈতদ্বুদ্ধিকৃতং তব।
প্রতিভাস্যন্তি বৈ বেদাস্তব চৈব পিতুশ্চ তে ॥২৬॥

যবক্রীত উবাচ।

ন চেত্তদেবং ক্রিয়তে দেবরাজ! মমেপ্সিতম্।
মহতা নিয়মেনাহং তপ্স্যে ঘোরতমং তপঃ ॥২৭॥
সমিদ্ধেঽগ্নাবপাকৃত্যাঙ্গমঙ্গং হোষ্যামি বা মঘবংস্তন্নিবোধ।
যদ্যেতদেবং ন করোষি কামং মমেপ্সিতং দেবরাজেহ সর্বম্ ॥২৮॥

লোমশ উবাচ।

নিশ্চয়ং তমভিজ্ঞায় মুনেস্তস্য মহাত্মনঃ।
প্রতিবারণহেত্বর্থং বুদ্ধ্যা সঞ্চিন্ত্য বুদ্ধিমান্ ॥২৯॥

ভারতকৌমুদী

তমিতি। মহামুনিং যবক্রীতম্। বলভিদিন্দ্রঃ ॥২৫॥
অশক্য ইতি। অর্থো বিষয়ঃ। প্রতিভাস্যন্তীত্যত্র নঞ্ অনুবর্ত্তনীয়ঃ ॥২৬॥
নেতি। তৎ বেদজ্ঞানম্, এবং তপসা। নিয়মেন প্রকারেণ ॥২৭॥
সমিদ্ধ ইতি। সমিদ্ধে প্রজ্বলিতে, অপাকৃত্য ছিত্ত্বা, অঙ্গমঙ্গং প্রত্যঙ্গম্ ॥২৮॥

মহর্ষি যবক্রীত সেইরূপ তীব্র তপস্যা করিতে লাগিলে, ইন্দ্র আসিয়া পুনরায় তাঁহাকে বারণ করিলেন (বলিলেন—) ॥২৫॥

'মহর্ষি! আপনি অসাধ্য বিষয় আরম্ভ করিয়াছেন, এটা আপনার বুদ্ধির কার্য্য নহে; ইহাতে আপনার বা আপনার পিতার বেদজ্ঞান হইবে না' ॥২৬॥

যবক্রীত বলিলেন—'দেবরাজ! আপনি যদি এই তপস্যা দ্বারা আমার অভীষ্ট বেদজ্ঞান সম্পাদন না করেন, তবে আমি ইহা অপেক্ষাও গুরুতর নিয়মে অতিভয়ঙ্কর তপস্যা করিব ॥২৭॥

দেবরাজ! আপনি যদি এই তপস্যা দ্বারা আমার সমস্ত অভীষ্ট পর্য্যাপ্ত-রূপে পূরণ না করেন, তবে মঘবন্! আপনি ইহা জানিয়া রাখুন যে, আমি নিজের অঙ্গ সকল ছেদন করিয়া তাহা দ্বারা প্রজ্বলিত অগ্নিতে হোম করিব' ॥২৮॥

---

(২৬) শ্লোকাৎ পরম্ '…চতুস্ত্রিংশত্তমোঽধ্যায়ঃ' পি। (২৭) ন চৈতদেবম্…বা ব পি নি।

তত ইন্দ্রোঽকরোদ্রূপং ব্রাহ্মণস্য তপস্বিনঃ।
অনেকশতবর্ষস্য দুর্বলস্য সযক্ষ্মণঃ ॥৩০॥ (যুগ্মকম্)
যবক্রীতস্য যত্তীর্থমুচিতং শৌচকর্ম্মণি।
ভাগীরথ্যাং তত্র সেতুং বালুকাভিশ্চকার সঃ ॥৩১॥
যদাঽস্য বদতো বাক্যং ন স চক্রে দ্বিজোত্তমঃ।
বালুকাভিস্ততঃ শক্রো গঙ্গাং সমভিপূরয়ন্ ॥৩২॥
বালুকামুষ্টিমনিশং ভাগীরথ্যাং ব্যসর্জয়ৎ।
সেতুমভ্যারভচ্ছক্রো যবক্রীতং নিদর্শয়ন্ ॥৩৩॥ (যুগ্মকম্)
তং দদর্শ যবক্রীতো যত্নবন্তং নিবন্ধনে।
প্রহসংশ্চাব্রবীদ্বাক্যমিদং স মুনিপুঙ্গবঃ ॥৩৪॥
কিমিদং বর্ত্ততে ব্রহ্মন্! কিঞ্চ তে হ চিকীর্ষিতম্।
অতীব হি মহান্ যত্নঃ ক্রিয়তেঽয়ং নিরর্থকঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

নিশ্চয়মিতি। প্রতিবাবণহেত্বর্থং তপসো নিবাবণার্থম্। সযক্ষ্মণো যক্ষ্মরোগিণঃ ॥২৯-৩০॥
যবেতি। তীর্থং ঘট্টঃ, উচিতমভ্যস্তম্, শৌচকর্ম্মণি স্নানাদৌ। চকাব কর্ত্তুমারেভে ॥৩১॥
যদেতি। অস্য ইন্দ্রস্য, বাক্যং নিষেধবচনম্। নিদর্শয়ন্ দৃষ্টান্তত্বেন ॥৩২—৩৩॥
তমিতি। তং ব্রাহ্মণম্। নিবন্ধনে সেতুবন্ধনে ॥৩৪॥
কিমিতি। ইদং কার্য্যম্। তে ত্বয়া। সেতুবন্ধনাত্মমানান্নিরর্থক ইত্যুক্তিঃ ॥৩৫॥

লোমশ বলিলেন—'তাহার পর বুদ্ধিমান্ ইন্দ্র মহাত্মা যবক্রীতমুনির তপস্যার প্রতিই সেই নিশ্চয় জানিয়া, তাহা হইতে বারণ করিবার জন্য বুদ্ধি-দ্বারা একটী উপায় স্থির করিয়া, বহুশতবর্ষবয়স্ক, দুর্বল ও যক্ষ্মরোগগ্রস্ত এক তপস্বী ব্রাহ্মণের রূপ ধারণ করিলেন ॥২৯—৩০॥

তা'র পর যবক্রীতমুনির স্নানপ্রভৃতি কার্য্যে যে ঘাটটী অভ্যস্ত ছিল, গঙ্গার সেই ঘাটে যাইয়া সেই ব্রাহ্মণরূপী ইন্দ্র বালুকাদ্বারা একটী সেতু নির্ম্মাণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৩১॥

যবক্রীত যখন ইন্দ্রের নিষেধবাক্য রক্ষা করিলেন না, তখন ইন্দ্র বালুকা-দ্বারাই যেন গঙ্গা পূর্ণ করিবার ইচ্ছা করিয়া অনবরত গঙ্গাজলে বালুকামুষ্টি নিক্ষেপ করিতে থাকিলেন; এই ভাবে তিনি যবক্রীতকে দৃষ্টান্ত দেখাইতে থাকিয়া সেতুবন্ধন আরম্ভ করিলেন ॥৩২—৩৩॥

তৎপরে মুনিশ্রেষ্ঠ যবক্রীত সেই ব্রাহ্মণকে সেতুবন্ধনে যত্নবান্ দেখিলেন; তখন তিনি হাসিতে হাসিতে এই কথা বলিলেন—॥৩৪॥

ইন্দ্র উবাচ।

বন্ধিষ্যে সেতুনা গঙ্গাং সুখঃ পন্থা ভবিষ্যতি।
ক্লিশ্যতে হি জনস্তাত! চরমাণঃ পুনঃ পুনঃ ॥৩৬॥

যবক্রীত উবাচ।

নায়ং শক্যস্ত্বয়া বন্ধুং মহানোঘস্তপোধন!।
অশক্যাদ্বিনিবর্ত্তস্ব শক্যমর্থং সমারভ ॥৩৭॥

ইন্দ্র উবাচ।

যথৈব ভবতা চেদং তপো বেদার্থমুদ্যতম্।
অশক্যং তদ্বদস্মাভিরয়ং ভারঃ সমাহিতঃ ॥৩৮॥

যবক্রীত উবাচ।

যথা তব নিরর্থোঽয়মারম্ভস্ত্রিদশেশ্বর!।
তথা যদি মমাপীদং মন্যসে পাকশাসন! ॥৩৯॥
ক্রিয়তাং যদ্ভবেচ্ছক্যং ত্বয়া সুরগণেশ্বর!।
বরাংশ্চ মে প্রযচ্ছান্যান্ যৈর্বিদ্বান্ ভবিতাস্ম্যহম্ ॥৪০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বন্ধিষ্য ইতি। অত্রাত্মনেপদমিড়াগমশ্চার্ষৌ। হি যস্মাৎ। চরমাণশ্চরন্ ॥৩৬॥
নেতি। অয়ং সেতুঃ। ওঘো জলবেগঃ। অর্থং বিষয়ম্ ॥৩৭॥
যথেতি। বেদার্থং বেদলাভার্থম্, উদ্যতমারব্ধম্। সমাহিতঃ স্বয়মেব ধৃতঃ ॥৩৮॥
যথেতি। পূর্ব্বনিবারণেনেদানীং নিবারণেন চেন্দ্রোঽনুমানাত্ত্রিদশেশ্বরেত্যাদিসম্বোধনম্। অন্যান্ বেদব্যতিরিক্তশাস্ত্রবিষয়কান্ ॥৩৯—৪০॥

'ব্রাহ্মণ! এটা কি হইতেছে? আপনি কি করিবার ইচ্ছা করিয়াছেন? এটা যে নিরর্থক অতিগুরুতর চেষ্টা করিতেছেন! ॥৩৫॥

ইন্দ্র বলিলেন—'বৎস! আমি সেতুদ্বারা গঙ্গা বন্ধন করিব; তাহা হইলেই সুগম পথ হইবে। কারণ, মানুষ এই অবস্থায় বার বার যাতায়াত করিবার সময়ে বড় কষ্ট ভোগ করে' ॥৩৬॥

যবক্রীত বলিলেন—'তপোধন! আপনি এ সেতু বন্ধন করিতে সমর্থ হইবেন না; কারণ, জলের বেগ বড়ই গুরুতর। সুতরাং আপনি এই অসাধ্য কার্য্য হইতে নিবৃত্ত হউন; যাহা করিতে সমর্থ হইবেন, তাহা করুন' ॥৩৭॥

ইন্দ্র বলিলেন—'আপনি যেমন বেদজ্ঞানলাভের নিমিত্ত এই অসাধ্য তপস্যা আরম্ভ করিয়াছেন, আমিও তেমনই এই ভার গ্রহণ করিয়াছি' ॥৩৮॥

যবক্রীত বলিলেন—'দেবরাজ! আপনার এই উদ্যম যেমন নিরর্থক,

(৪০)...যৈরন্যান্ ভবিতাস্যতি—বা ব কা পি।

লোমশ উবাচ।

তস্মৈ প্রাদাদ্বরানিন্দ্র উক্তবান্ যান্ মহাতপাঃ।
প্রতিভাস্যন্তি তে বেদাঃ পিত্রা সহ যথেপ্সিতাঃ ॥৪১॥
যচ্চান্যৎ কাঙ্ক্ষসে কামং যবক্রীর্গম্যতামিতি।
স লব্ধকামঃ পিতরং সমেত্যাথেদমব্রবীৎ ॥৪২॥

যবক্রীত উবাচ।

প্রতিভাস্যন্তি বৈ বেদা মম তাতস্য চোভয়োঃ।
অতি চান্যান্ ভবিষ্যাবো বরা লব্ধাস্তথা ময়া ॥৪৩॥

ভরদ্বাজ উবাচ।

দর্পস্তে ভবিতা তাত! বরাল্লঁব্ধ্বা যথেপ্সিতান্।
স দর্পপূর্ণঃ কৃপণঃ ক্ষিপ্রমেব বিনঙ্ক্ষ্যসি ॥৪৪॥

ভারতকৌমুদী

তস্মা ইতি। বেদলাভবরদানে শক্তত্বাদেব তদ্বরদানম্। পিত্রা সহ তে তব ॥৪১॥
যদিতি। কাম্যত ইতি কামমভীষ্টং বস্তু, কাঙ্ক্ষসে, তদপি প্রাপ্স্যতীতি শেষঃ ॥৪২॥
প্রতীতি। অন্যান্ বৈভ্যাদীন্, অতি বেদবিদ্যয়া অতিক্রান্তৌ ॥৪৩॥
দর্প ইতি। হে তাত! বৎস!। স ত্বম্, কৃপণঃ ক্ষুদ্রচেতাঃ ॥৪৪॥

আমার এই তপস্যাকেও যদি তেমনই নিরর্থক মনে করেন, তবে আপনি যাহা করিতে সমর্থ হন, তাহা করুন—আপনি আমাকে অন্য বর দান করুন, যাহাতে আমি বিদ্বান্ হইতে পারি' ॥৩৯—৪০॥

লোমশ বলিলেন—'তখন মহাতপা যবক্রীত যাহা প্রার্থনা করিলেন, ইন্দ্র তাঁহাকে সেই বরই দান করিলেন (বলিলেন—) 'যবক্রীত! আপনার ও আপনার পিতাব হৃদয়ে অভীষ্ট বেদ আবির্ভূত হইবে ॥৪১॥

এবং আপনি অন্য যাহা কামনা করেন, তাহাও লাভ করিবেন; এখন যান'। তাহার পর যবক্রীত অভীষ্ট লাভ করিয়া পিতার নিকট যাইয়া এই কথা বলিলেন' ॥৪২॥

যবক্রীত বলিলেন—'পিতঃ! আমার এবং আপনার দুই জনেরই হৃদয়ে বেদ আবির্ভূত হইবে এবং আমরা দুই জনেই সেই বেদবিদ্যায় অন্য সকলকে অতিক্রম করিতে পারিব; এইরূপ বরই আমি লাভ করিয়াছি' ॥৪৩॥

ভরদ্বাজ বলিলেন—'বৎস! অভীষ্ট বর লাভ করায় তোমার দর্প জন্মিবে এবং তুমি দর্পপূর্ণ হইলে ক্ষুদ্রহৃদয় হইয়া সত্বরই বিনষ্ট হইবে ॥৪৪॥

---

(৪৩)...অতীবান্যান্...বা ব কা পি।

অত্রাপ্যুদাহরন্তীমাং গাথাং দেবৈরুদাহৃতাম্।
মুনিরাসীৎ পুরা পুত্র! বালধির্নাম বীর্য্যবান্ ॥৪৫॥
স পুত্রশোকাদুদ্বিগ্নস্তপস্তেপে সুদুষ্করম্।
ভবেন্মম সুতোঽমর্ত্ত্য ইতি তং লব্ধবাংশ্চ সঃ ॥৪৬॥
তস্য প্রসাদো দেবৈশ্চ কৃতো ন ত্বমরৈঃ সমঃ।
নামর্ত্ত্যো বিদ্যতে মর্ত্ত্যো নিমিত্তায়ুর্ভবিষ্যতি ॥৪৭॥

বালধিরুবাচ।

যথেমে পর্ব্বতাঃ শশ্বত্তিষ্ঠন্তি সুরসত্তমাঃ!।
অক্ষয়াস্তন্নিমিত্তং মে সুতস্যায়ুর্ভবিষ্যতি ॥৪৮॥

ভরদ্বাজ উবাচ।

তস্য পুত্রস্তদা জজ্ঞে মেধাবী ক্রোধনঃ সদা।
স তচ্ছ্রুত্বাঽকরোদ্দর্পমৃষীংশ্চৈবাবমন্যত ॥৪৯॥

ভারতকৌমুদী

অত্রেতি। উদাহরন্তি শিষ্টা ইতি শেষঃ, গাথামুপাখ্যানম্ ॥৪৫॥

স ইতি। পুত্রশোকাৎ পুত্রাভাবনিবন্ধনাদ্দুঃখাৎ, উদ্বিগ্নঃ অস্থিরচিত্তঃ। অমর্ত্ত্যঃ অমরঃ ॥৪৬॥

তস্যেতি। প্রসাদঃ কৃতঃ পুত্রদানমাত্রেণ, ন তু অমরৈঃ সমঃ কৃতঃ স পুত্রোঽপ্যমরো ন কৃত ইত্যর্থঃ। যেন হি মর্ত্ত্যো মরণধর্ম্মা নরঃ, অমর্ত্ত্যঃ অমরণধর্ম্মা ন বিদ্যতে ন ভবতি। কিন্তু নিমিত্তং যৎকিঞ্চিচ্চিহ্নমিব আয়ুর্যস্য স তাদৃশো ভবিষ্যতীতি চোক্তমিতি শেষঃ ॥৪৭॥

যথেতি। শশ্বৎ সদা। তন্নিমিত্তং তন্নিদর্শনকম্। এষাং পর্বতানাং নাশে নাশঃ স্থিতৌ চ স্থিতিরিতি ভাবঃ ॥৪৮॥

পুত্র! এ বিষয়ে শিষ্ট লোকেরা দেবগণের উদাহৃত একটী উপাখ্যানের উল্লেখ করেন। যথা—পূর্ব্বকালে 'বালধি'-নামে এক প্রভাবশালী মুনি ছিলেন ॥৪৫॥

তাঁহার পুত্র না থাকায় তিনি অস্থিরচিত্ত হইয়া 'আমার একটী অমর পুত্র হউক' এইরূপ কামনা করিয়া অতিদুষ্কর তপস্যা করেন এবং যথাকালে পুত্রলাভও করেন ॥৪৬॥

দেবতারা তাঁহার উপরে অনুগ্রহ করিয়াছিলেন বটে, কিন্তু সে পুত্রটীকে অমর করেন নাই। (তবে, তাঁহারা বলিয়াছিলেন যে,) মর্ত্ত্য অমর্ত্ত্য হয় না, অর্থাৎ মানুষ অমর হয় না; তবে কোন নিদর্শনের মত ইহার আয়ু হইবে' ॥৪৭॥

তখন বালধি বলিলেন—'দেবশ্রেষ্ঠগণ! এই পর্ব্বতগুলি যেমন চিরকাল অক্ষয় হইয়া রহিয়াছে, আমার পুত্রের আয়ুও সেইরূপই অক্ষয় হউক' ॥৪৮॥

---

(৪৫)···ইমা গাথা দেবৈরুদাহৃতাঃ···বা ব কা নি।

বিকুর্বাণো মুনীনাঞ্চ ব্যচরৎ স মহীমিমাম্।
আসসাদ মহাবীর্য্যং ধনুষাক্ষং মনীষিণম্ ॥৫০॥
তস্যাপচক্রে মেধাবী তং শশাপ স বীর্য্যবান্।
ভব ভস্মেতি চোক্তঃ স ন ভস্ম সমপদ্যত ॥৫১॥
ধনুষাক্ষস্তু তং দৃষ্ট্বা মেধাবিনমনাময়ম্।
নিমিত্তমস্য মহিষৈর্ভেদয়ামাস বীর্য্যবান্ ॥৫২॥
স নিমিত্তে বিনষ্টে তু মমার সহসা শিশুঃ।
তং মৃতং পুত্রমাদায় বিললাপ ততঃ পিতা ॥৫৩॥

ভাবতকৌমুদী

তস্যেতি। মেধাবী নাম। তচ্চ পরস্তাৎ স্ফুটীভবিষ্যতি। তৎ আত্মনঃ পর্বত-তুল্যায়ুষ্টম্ ॥৪৯॥

বীতি। বিকুর্বাণঃ অপকাবকবণেন মনসি বিকারং জনয়ন্। ধনুষাক্ষং নাম ॥৫০॥

তস্যেতি। স ধনুষাক্ষো মুনিঃ। ভস্ম ন সমপদ্যত ভস্ম নাভবৎ, দেববরাৎ ॥৫১॥

তাহাতেই তাহাকে দেখিবার ইচ্ছায় তোমাদের সহিত মনোহর তীর্থ, বন ও সরোবরসমূহে বিচরণ করিতেছি ॥৬॥

বীর ভীমসেন! আজ পাঁচ বৎসর যাবৎ সত্যপ্রতিজ্ঞ বীভৎসু অর্জ্জুনকে যে দেখিতেছি না, তাহাতে অত্যন্ত সন্তপ্ত হইতেছি ॥৭॥

ভীম! সিংহের ন্যায় সবিক্রমে গমনকারী, আলস্যহীন, শ্যামবর্ণ ও মহাবাহু অর্জ্জুনকে দেখিতেছি না; তাহাতেই সন্তপ্ত হইতেছি ॥৮॥

বৃকোদর! অস্ত্রে সুশিক্ষিত, যুদ্ধে নিপুণ, ধনুর্দ্ধরদিগের মধ্যে অতুলনীয়

চরন্তমরিসংঘেষু কালে ক্রুদ্ধমিবান্তকম্ ।
প্রভিন্নমিব মাতঙ্গং সিংহস্কন্ধং ধনঞ্জয়ম্ ॥১০॥ (যুগ্মকম্)
যঃ স শক্রাদনবরো বীর্য্যেণ দ্রবিণেন চ ।
যময়োঃ পূর্বজঃ পার্থঃ শ্বেতাশ্বোঽমিতবিক্রমঃ ॥১১॥
দুঃখেন মহতাবিষ্টস্তং ন পশ্যামি ফাল্গুনম্ ।
অজেয়মুগ্রধন্বানং তেন তপ্যে বৃকোদর ! ॥১২॥ (যুগ্মকম্)
সততং যঃ ক্ষমাশীলঃ ক্ষিপ্যমাণোঽপ্যণীয়সা ।
ঋজুমার্গপ্রপন্নস্য শর্ম্মদাতাঽভয়স্য চ ॥১৩॥
স তু জিহ্মপ্রবৃত্তস্য মায়য়াভিজিঘাংসতঃ ।
অপি বজ্রধরস্যাজৌ ভবেৎ কালবিষোপমঃ ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কৃতেতি। অপ্রতিমানং নিরুপমম্। কালে আয়ুঃশেষে। প্রভিন্নং মদস্রাবিণম্ ॥৯—১০॥ য ইতি। অনবরঃ অনিকৃষ্টঃ। দ্রবিণেন পরাক্রমেণ। ফাল্গুনমর্জ্জুনম্ ॥১১—১২॥ সততমিতি। অণীয়সাপি অতিক্ষুদ্রেণাপি জনেন, ক্ষিপ্যমাণস্তিরস্ক্রিয়মাণঃ। ঋজুমার্গপ্রপন্নস্য সরলপথবর্ত্তিনঃ, শর্ম্মদাতা সুখদাতা, অভয়স্য চ দাতা। জিহ্মপ্রবৃত্তস্য কুটিলপথবর্ত্তিনঃ, মায়য়া কূটভাবেন। কালস্য সর্পস্য বিষোপমঃ ॥১৩—১৪॥

ভারতভাবদীপঃ

ভীমসেন ইতি। ভূতস্য প্রাক্তনকর্ম্মণঃ ॥১—৩॥ পরামর্ষঃ কেশেষু গ্রহণম্ ॥৪—৮॥ অপ্রতিমানং নাস্তি প্রতিমানং সাদৃশ্যং যস্য সোঽপ্রতিমানস্তম্ ॥৯॥ প্রভিন্নং প্রবন্নদম্ ॥১০॥

কুরুবংশের মধ্যে শ্রেষ্ঠ, অন্তকালে ক্রুদ্ধ যমের ন্যায় শত্রুমধ্যে বিচরণকারী, মদস্রাবী হস্তীর ন্যায় বলবান্ এবং সিংহের ন্যায় উন্নতস্কন্ধ অর্জ্জুনকে দেখিতেছি না; তাহাতেই সন্তপ্ত হইতেছি ॥৯—১০॥

ভীমসেন! যিনি বলে ও পরাক্রমে ইন্দ্র অপেক্ষা ন্যূন নহেন, যিনি নকুল ও সহদেবের অগ্রজ এবং যাঁহার অশ্বগুলি শ্বেতবর্ণ ও বিক্রমের তুলনা নাই, সেই অজেয় ভীমধন্বা অর্জ্জুনকে দেখিতেছি না; তাহাতেই গুরুতর দুঃখে অভিভূত হইয়া সন্তপ্ত হইতেছি ॥১১—১২॥

অতিদুর্ব্বল ব্যক্তিও তিরস্কার করিলে যিনি সর্ব্বদা ক্ষমাই করিয়া থাকেন এবং সরল পথে চলিলে তাহাকে সুখ ও অভয় দান করিয়া থাকেন, তিনি আবার যুদ্ধে কুটিলপথগামী এবং ছলপূর্ব্বক জিঘাংসু ইন্দ্রের পক্ষেও কালসর্পের বিষের ন্যায় তীব্র হইয়া থাকেন ॥১৩—১৪॥

(১০)···কালং ক্রুদ্ধমিবান্তকম্···পি। (১১) যশ্চ শক্রাদনবরঃ···পি। (১৪)···অপি বজ্রধরস্যাপি···বা ব কা নি।

শত্রোরপি প্রপন্নস্য সোঽনৃশংসঃ প্রতাপবান্।
দাতাঽভয়স্য বীভৎসুরমিতাত্মা মহাবলঃ ॥১৫॥
সর্ব্বেষামাশ্রয়োঽস্মাকং রণেঽরীণাং প্রমর্দ্দিতা।
আহর্ত্তা সর্ব্বরত্নানাং সর্বেষাং নঃ সুখাবহঃ ॥১৬॥
রত্নানি যস্য বীর্য্যেণ দিব্যান্যাসন্ পুরা মম।
বহূনি বহুজাতীনি যানি প্রাপ্তঃ সুযোধনঃ ॥১৭॥
যস্য বাহুবলাদ্বীর! সভা চাসীৎ পুরা মম।
সর্ব্বরত্নময়ী খ্যাতা ত্রিষু লোকেষু পাণ্ডব! ॥১৮॥
বাসুদেবসমং বীর্য্যে কার্ত্তবীর্য্যসমং যুধি।
অজেয়মমিতং যুদ্ধে তং ন পশ্যামি ফাল্গুনম্ ॥১৯॥
সঙ্কর্ষণং মহাবীর্য্যং ত্বাঞ্চ ভীমাপরাজিতম্।
অনুযাতঃ স্ববীর্য্যেণ বাসুদেবঞ্চ শত্রুহা ॥২০॥

ভারতকৌমুদী

শত্রোরিতি। প্রপন্নস্য শরণাগতস্য। অনৃশংসো দয়ালুঃ। বীভৎসুরর্জ্জুনঃ ॥১৫॥
সর্বেষামিতি। সুখাবহঃ বিনয়সৌজন্যাদিনা সুখজনকঃ ॥১৬॥
রত্নানীতি। দিব্যানি উৎকৃষ্টানি। প্রাপ্তঃ দ্যূতে বিজিত্য লব্ধবান্ ॥১৭॥
যস্যেতি। সভা ইন্দ্রপ্রস্থনগরে ময়দানবেন নির্ম্মিতা ॥১৮॥
বাসুদেবেতি। অমিতং নিরুপমম্। ফাল্গুনম্ অর্জ্জুনম্ ॥১৯॥
সঙ্কর্ষণমিতি। সঙ্কর্ষণং রামম্। অনুযাতঃ অনুকৃতবান্। শত্রুহা শত্রুহন্তা ॥২০॥

সেই প্রতাপশালী, অসাধারণ উদারচেতা ও মহাবল অর্জ্জুন শরণাগত শত্রুর উপরেও দয়ালু হইয়া অভয় দান করিয়া থাকেন ॥১৫॥

এবং তিনি আমাদের সকলেরই অবলম্বন, যুদ্ধে শত্রুবিজয়ী, সর্বপ্রকার রত্নের আহরণকারী এবং আমাদের সকলেরই সুখজনক ॥১৬॥

যাঁহার বাহুবলে পূর্ব্বে আমার বহুজাতীয় বহুতর উৎকৃষ্ট রত্ন হইয়াছিল; যেগুলি এখন দুর্য্যোধন পাইয়াছেন ॥১৭॥

আর, বীর পাণ্ডুনন্দন! যাঁহার বাহুবলে পূর্বে আমার (ইন্দ্রপ্রস্থনগরে) সর্ব্বরত্নময়ী ত্রিভুবনবিখ্যাত সভা নির্ম্মিত হইয়াছিল ॥১৮॥

যিনি বলে কৃষ্ণের সমান এবং যুদ্ধে কার্ত্তবীর্য্যার্জ্জুনের তুল্য, সেই অজেয় ও যুদ্ধে অতুলনীয় অর্জ্জুনকে দেখিতেছি না ॥১৯॥

ভীম! শত্রুহন্তা অর্জ্জুন আপন বাহুবলে মহাবীর বলরামের, অপরাজিত তোমার এবং কৃষ্ণের অনুকরণ করিয়া থাকেন ॥২০॥

যস্য বাহুবলে তুল্যঃ প্রভাবে চ পুরন্দরঃ।
জবে বায়ুর্মুখে সোমঃ ক্রোধে মৃত্যুঃ সনাতনঃ ॥২১॥
তে বয়ং তং নরব্যাঘ্রং সর্ব্বে বীরং দিদৃক্ষবঃ।
প্রবেক্ষ্যামো মহাবাহো! পর্ব্বতং গন্ধমাদনম্ ॥২২॥ (যুগ্মকম্)
বিশালা বদরী যত্র নরনারায়ণাশ্রমঃ।
তং সদাঽধ্যুষিতং যক্ষৈর্দ্রক্ষ্যামো গিরিমুত্তমম্ ॥২৩॥
কুবেরনলিনীং রম্যাং রাক্ষসৈরভিরক্ষিতাম্।
পদ্ভিরেব গমিষ্যামস্তপ্যমানা মহত্তপঃ ॥২৪॥
ন স যানবতা শক্যো গন্তুং দেশো বৃকোদর!।
ন নৃশংসেন লুব্ধেন নাপ্রশান্তেন ভারত! ॥২৫॥
তত্র সর্বে গমিষ্যামো ভীমার্জ্জুনগবেষিণঃ।
সায়ুধা বদ্ধনিস্ত্রিংশাঃ সার্দ্ধং বিপ্রৈর্মহাব্রতৈঃ ॥২৬॥

ভারতকৌমুদী

যস্যেতি। প্রভাবে যুদ্ধনৈপুণ্যে। জবে বেগে। সোমশ্চন্দ্রঃ। দিদৃক্ষব ইতি দৃশেঃ সনন্তাদুপ্রত্যয়স্য নিষ্ঠাদিতয়া কর্ম্মণি ষষ্ঠীনিষেধাদ্দ্বিতীয়ৈব ॥২১—২২॥

বিশালেতি। বদরী কর্কন্ধুবৃক্ষঃ, তথৈব বক্ষ্যমাণত্বাৎ। অধ্যুষিতম্ অধিষ্ঠিতম্ ॥২৩॥

কুবেরেতি। কুবেরস্য নলিনীং সবসীম্। তপ্যমানাঃ কুর্বাণাঃ ॥২৪॥

নেতি। যানবতা রথাদিমতা জনেন। অপ্রশান্তেন কামাদ্যভিভূতচিত্তেন ॥২৫॥

বাহুবল ও যুদ্ধনৈপুণ্যবিষয়ে ইন্দ্র যাঁহার তুল্য, বেগবিষয়ে বায়ু যাঁহার সমান, মুখসৌন্দর্য্যে চন্দ্র যাঁহার সদৃশ এবং ক্রোধবিষয়ে সনাতন মৃত্যু যাঁহার উপমাস্থল, সেই নরশ্রেষ্ঠ মহাবীর অর্জ্জুনকে দেখিবার ইচ্ছায় আমরা সকলে গন্ধমাদনপর্বতে প্রবেশ করিব ॥২১—২২॥

যেখানে বিশাল একটা বদরীবৃক্ষ এবং নর ও নারায়ণ ঋষির আশ্রম রহিয়াছে, সর্বদা যক্ষাধিষ্ঠিত সেই উত্তম পর্বত আমরা দর্শন করিব ॥২৩॥

এবং আমরা গুরুতর তপস্যায় প্রবৃত্ত থাকিয়া পদব্রজেই রাক্ষসরক্ষিত মনোহর কুবেরসরোবরে গমন করিব ॥২৪॥

কারণ, ভরতনন্দন ভীমসেন! কোন যানে আরোহণ করিয়া সে দেশে গমন করিতে পারা যায় না এবং নৃশংস, লুব্ধ ও অসংযতচিত্ত লোকও সেখানে যাইতে পারে না ॥২৫॥

---

(২৩)···যত্র নারায়ণাশ্রমঃ···পি। (২৪)···রাক্ষসৈরভিষেবিতাম্···বা ব কা নি। (২৫) ন চ যানবত্তা···বা ব কা, নাতপ্ততপসা শক্যঃ···নি।

মক্ষিকা মশকান্ দংশান্ সিংহান্ ব্যাঘ্রান্ সরীসৃপান্।
প্রাপ্নোত্যনিয়তঃ পার্থ! নিয়তস্তান্ ন পশ্যতি ॥২৭॥
তে বয়ং নিয়তাত্মানঃ পর্বতং গন্ধমাদনম্।
প্রবেক্ষ্যামো মিতাহারা ধনঞ্জয়দিদৃক্ষবঃ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং গন্ধমাদনপ্রবেশে সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—— ০০ (*) ০০ ——

ভারতকৌমুদী

তত্রেতি। হে ভীম! অর্জ্জুনগবেষিণঃ অর্জ্জুনান্বেষিণঃ। নিস্ত্রিংশঃ খড়্গঃ ॥২৬॥
মক্ষিকা ইতি। অনিয়ত উপবাসাদিনিয়মরহিতঃ, নিয়ত উপবাসাদিমান্ ॥২৭॥
ত ইতি। নিয়তাত্মানঃ সংযতচিত্তাঃ কামরাগাদিরহিতচিত্তা ইতি যাবৎ ॥২৮॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

ভারতভাবদীপঃ

অনবরোঽহীনঃ ॥১১—১৪॥ অভয়স্য চ দাতা, অমিতাত্মা মহামনাঃ ॥১৫—১৮॥ অমিত-মহিংসিতমজিতমিতি যাবৎ ॥১৯॥ হে ভীম! ॥২০॥ সোম ইতি মধুরবাক্যত্বং লক্ষ্যতে ॥২১—২৩॥ নলিনীং পুষ্করিণীম্ ॥২৪—২৬॥ অনিয়তোঽশুচিঃ ॥২৭—২৮॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৭॥

——:০:——

ভীম! আমরা সকলেই তরবারি ও অন্যান্য অস্ত্র ধারণ করিয়া অর্জ্জুনকে দেখিবার জন্য মহাব্রত ব্রাহ্মণগণের সহিত সেখানে গমন করিব ॥২৬॥

পৃথানন্দন! নিয়মবিহীন লোক মক্ষিকা, মশক, দংশ (ডাঁশ), সিংহ, ব্যাঘ্র ও সর্প দেখিতে পায়; কিন্তু নিয়মশালী লোক সেগুলি দেখিতে পায় না ॥২৭॥

অতএব আমরা নিয়মশালী ও মিতাহারী হইয়া অর্জ্জুনকে দেখিবার জন্য গন্ধমাদনপর্বতে প্রবেশ করিব' ॥২৮॥

——:(*):——

(২৭) মক্ষিকাদংশমশকান্…বা ব কা। * '…একচত্বারিংশদধিকশততমঃ…' বা ব কা পি, …ত্রিচত্বারিংশদধিকশততমঃ…' নি।

অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ

লোমশ উবাচ।

দ্রষ্টারঃ! পর্ব্বতাঃ সর্ব্বে নদ্যঃ সপুরকাননাঃ।
তীর্থানি চৈব শ্রীমন্তি স্পৃষ্টঞ্চ সলিলং করৈঃ ॥১॥
পর্ব্বতং মন্দরং দিব্যমেষ পন্থাঃ প্রযাস্যতি।
সমাহিতা নিরুদ্বিগ্নাঃ সর্ব্বে ভবত পাণ্ডবাঃ! ॥২॥
অয়ং দেবনিবাসো বৈ গন্তব্যো বো ভবিষ্যতি।
ঋষীণাঞ্চৈব দিব্যানাং নিবাসঃ পুণ্যকর্ম্মণাম্ ॥৩॥
এষা শিবজলা পুণ্যা যাতি সৌম্যা মহানদী।
বদরীপ্রভবা রাজন্! দেবর্ষিগণসেবিতা ॥৪॥
এষা বৈহায়সৈর্নিত্যং বালখিল্যৈর্মহাত্মভিঃ।
অর্চ্চিতা চোপযাতা চ গন্ধর্ব্বৈশ্চ মহাত্মভিঃ ॥৫॥

ভারতকৌমুদী

দ্রষ্টার ইতি। হে দ্রষ্টারঃ। তীর্থদর্শিনঃ।। যুষ্মাভির্দদৃশিরে ইতি শেষঃ ॥১॥
পর্বতমিতি। দিব্যং স্বর্গীয়ম্। সমাহিতা অর্জ্জুনদর্শনে একাগ্রচিত্তাঃ ॥২॥
অয়মিতি। বো যুষ্মাকম্। দিব্যানাং স্বর্গীয়াণাম্। নিবাসোঽপি গন্তব্যঃ ॥৩॥
এষেতি। শিবজলা মঙ্গলকরজলা, মহানদী গঙ্গা, বদরীপ্রভবা তত উৎপন্না ॥৪॥

লোমশ বলিলেন—'হে তীর্থদর্শিগণ! তোমরা—সকল পর্বত, নগর ও বনের সহিত সকল নদী এবং সুন্দর তীর্থ সকল দর্শন করিয়াছ, হস্ত দ্বারা সেগুলির জলও স্পর্শ করিয়াছ ॥১॥

পাণ্ডবগণ! এই পথ স্বর্গীয় মন্দরপর্বতে যাইবে। সুতরাং তোমরা সকলে এখন একাগ্রচিত্ত ও নিরুদ্বেগ হও ॥২॥

ঐ দেবনিবাস এবং স্বর্গীয় পুণ্যকর্ম্মা ঋষিদিগের নিবাসভূমিতে তোমাদের গমন করিতে হইবে ॥৩॥

রাজা! শুভজলা, পুণ্যজনিকা, মনোহরা, বদরিকাশ্রমোৎপন্না ও দেবর্ষিগণসেবিতা এই মহানদী গঙ্গা প্রবাহিত হইতেছেন ॥৪॥

আকাশগামী মহাত্মা বালখিল্য ঋষিরা সর্ব্বদা ইহার সেবা করেন এবং মহাত্মা গন্ধর্বেরাও এখানে আসিয়া থাকেন ॥৫॥

অত্র সাম স্ম গায়ন্তি সামগাঃ পুণ্যনিস্বনাঃ।
মরীচিঃ পুলহশ্চৈব ভৃগুশ্চৈবাঙ্গিরাস্তথা ॥৬॥
অত্রাহ্নিকং সুরশ্রেষ্ঠো জপতে সমরুদ্‌গণঃ।
সাধ্যাশ্চৈবাশ্বিনৌ চৈব পরিধাবন্তি তং তদা ॥৭॥
চন্দ্রমাঃ সহ সূর্য্যেণ জ্যোতীংষি চ গ্রহৈঃ সহ।
অহোরাত্রবিভাগেন নদীমেতামনুব্রজন্ ॥৮॥
এতস্যাঃ সলিলং মূর্দ্ধ্না বৃষাঙ্কঃ পর্য্যধারয়ৎ।
গঙ্গাদ্বারে মহাভাগ! যেন লোকস্থিতির্ভবেৎ ॥৯॥
এতাং ভগবতীং দেবীং ভবন্তঃ সর্ব্ব এব হি।
প্রয়তেনাত্মনা তাত! অভিগম্যাভিবাদত ॥১০॥

ভারতকৌমুদী

এষেতি। বৈহায়সৈঃ খেচরৈঃ। উপযাতা সেবিতা ॥৫॥
অত্রেতি। অত্র অস্যা মহানদ্যাস্তীরে। কে তে সামগা ইত্যাহ মরীচিরিতি ॥৬॥
অত্রেতি। আহ্নিকং দৈনিকমিষ্টমন্ত্রম্, সুরশ্রেষ্ঠ ইন্দ্রঃ। পরিধাবন্তি অনুসরন্তি ॥৭॥
চন্দ্রমা ইতি। জ্যোতীংষি নক্ষত্রাণি। অনুব্রজন্নিতি অড়াগমাভাব আর্ষঃ ॥৮॥
এতস্যা ইতি। বৃষাঙ্কঃ শিবঃ। যেন সলিলেন, লোকস্থিতির্মর্ত্ত্যলোকরক্ষা ॥৯॥
এতামিতি। প্রয়তেনাত্মনা সংযতেন চিত্তেন। অভিবাদতেতি যলোপ আর্ষঃ ॥১০॥

ভারতভাবদীপঃ

দ্রষ্টার ইতি। ভো দ্রষ্টারঃ! সর্ব্বে মন্দরাদন্যে পর্ব্বতা দৃষ্টা ইতি শেষঃ ॥১—৩॥ মহানদী গঙ্গা অলকনন্দা বা ॥৪॥ উপযাতা ইষ্টসিদ্ধ্যর্থং প্রার্থিতা ॥৫॥ সামগাঃ—তৈত্তিরীয়কে ব্রহ্মবিদ্‌গেয়াং সাম শ্রূয়তে "এতৎ সাম গায়ন্নাস্তে হা ৩ বুহা ৩ বুহা ৩ বু অহমন্ন"মিত্যাদি মরীচ্যাদয়োঽত্র সার্ব্বাত্ম্যং স্বস্য পশ্যন্তো গায়ন্তীত্যর্থঃ ॥৬॥ আহ্নিকং নৈয়মিকং জপম্, পরিধাবন্তি

মরীচি, পুলহ, ভৃগু ও অঙ্গিরা এই সকল সামগায়ী পুণ্যধ্বনিকারী ঋষিরা ইহার তীরেই সামগান করিয়া থাকেন ॥৬॥

ইন্দ্র অন্যান্য দেবতাদের সহিত মিলিত হইয়া এই খানেই দৈনিক ইষ্টমন্ত্র জপ করিয়া থাকেন; তখন সাধ্যগণ ও অশ্বিনীকুমারেরা তাঁহার অনুসরণ করেন ॥৭॥

সূর্য্যের সহিত চন্দ্র এবং অন্যান্য গ্রহের সহিত নক্ষত্রমণ্ডল দিন ও রাত্রিবিভাগ অনুসারে এই নদীরই অনুসরণ করিয়া আসিতেছেন ॥৮॥

মহাভাগ! মহাদেব হরিদ্বারে এই নদীর জলই মস্তকে ধারণ করিয়াছিলেন; যে জলদ্বারা মর্ত্ত্যলোকের রক্ষা হয় ॥৯॥

তস্য তদ্বচনং শ্রুত্বা লোমশস্য মহাত্মনঃ।
আকাশগঙ্গাং প্রয়তাঃ পাণ্ডবা অভ্যবাদয়ন্ ॥১১॥
অভিবাদ্য চ তে সর্ব্বে পাণ্ডবা ধর্ম্মচারিণঃ।
পুনঃ প্রযাতাঃ সংহৃষ্টাঃ সর্বৈ ঋষিগণৈঃ সহ ॥১২॥
ততো দূরাৎ প্রকাশন্তং পাণ্ডুরং মেরুসন্নিভম্।
দদৃশুস্তে নরশ্রেষ্ঠা বিকীর্ণং সর্ব্বতো দিশম্ ॥১৩॥
তান্ প্রষ্টুকামান্ বিজ্ঞায় পাণ্ডবান্ স তু লোমশঃ।
উবাচ বাক্যং বাক্যজ্ঞঃ শৃণুধ্বং পাণ্ডুনন্দনাঃ! ॥১৪॥
এতদ্বিকীর্ণং সুশ্রীমৎ কৈলাসশিখরোপমম্।
যৎ পশ্যসি নরশ্রেষ্ঠ! পর্ব্বতপ্রতিমং স্থিতম্ ॥১৫॥
এতান্যস্থীনি দৈত্যস্য নরকস্য মহাত্মনঃ।
পর্ব্বতপ্রতিমং ভাতি পর্ব্বতপ্রস্তরাশ্রিতম্ ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্যেতি। প্রয়তাঃ সংযতচিত্তাঃ সন্তঃ ॥১১॥
অভিবাদ্যেতি। প্রযাতাঃ প্রস্থিতাঃ, সংহৃষ্টা অর্জ্জুনদর্শনাশয়া আনন্দিতাঃ ॥১২॥
তত ইতি। প্রকাশন্তং প্রকাশমানম্, পাণ্ডুরং শ্বেতম্, মেরুসন্নিভমুচ্চম্ ॥১৩॥
তানিতি। কিং বাক্যমুবাচেত্যাহ শৃণুধ্বমিত্যাদি ॥১৪॥
এতদিতি। সুশ্রীমৎ অতীবোজ্জ্বলম্। ভাতি, এতদস্থিবৃন্দমিতি শেষঃ ॥১৫—১৬॥

অতএব বৎস! তোমরা সকলেই যাইয়া সংযতচিত্তে এই মাহাত্ম্যবতী গঙ্গাদেবীকে নমস্কার কর' ॥১০॥

মহাত্মা লোমশমুনির সেই কথা শুনিয়া পাণ্ডবগণ সংযতচিত্ত হইয়া মন্দাকিনীকে নমস্কার করিলেন ॥১১॥

ধর্ম্মচারী পাণ্ডবেরা সকলে মন্দাকিনীকে নমস্কার করিয়া আনন্দিত হইয়া ঋষিগণের সহিত পুনরায় গমন করিতে লাগিলেন ॥১২॥

তদনন্তর সেই মনুষ্যশ্রেষ্ঠেরা সকলেই দূর হইতে প্রকাশমান, শ্বেতবর্ণ, সুমেরুপর্বতের ন্যায় উচ্চ এবং সর্বদিগ্‌ব্যাপ্ত একটা পদার্থ দেখিতে পাইলেন ॥১৩॥

'পাণ্ডবেরা সেই পদার্থটার বিষয় জিজ্ঞাসা করিবেন ইহা বুঝিয়াই বাক্যাভিজ্ঞ লোমশমুনি এই কথা বলিলেন—'পাণ্ডবগণ! শ্রবণ কর—॥১৪॥

নরশ্রেষ্ঠ! বিক্ষিপ্ত, অত্যন্ত উজ্জ্বল, কৈলাসপর্ব্বতের শৃঙ্গের ন্যায় শুভ্রবর্ণ এবং পর্ব্বতপ্রমাণ বিস্তৃত এই যাহা দেখিতেছ, এ গুলি—বিশালদেহ নরকা-

পুরাতনেন দেবেন বিষ্ণুনা পরমাত্মনা।
দৈত্যো বিনিহতস্তাত! সুররাজহিতৈষিণা ॥১৭॥
দশ বর্ষসহস্রাণি তপস্তপ্য মহামনাঃ।
ঐন্দ্রং প্রার্থয়তে স্থানং তপঃস্বাধ্যায়বিক্রমাৎ ॥১৮॥
তপোবলেন মহতা বাহুবেগবলেন চ।
নিত্যমেব দুরাধর্ষো ধর্ষয়ন্ স দিতেঃ সুতঃ ॥১৯॥ (যুগ্মকম্)
স তু তস্য বলং জ্ঞাত্বা ধর্ম্মে চ চরিতং ব্রতম্।
ভয়াভিভূতঃ সংবিগ্নঃ শক্র আসীত্তদাঽনঘ! ॥২০॥
তেন সঞ্চিন্তিতো দেবো মনসা বিষ্ণুরব্যয়ঃ।
সর্বত্রগঃ প্রভুঃ শ্রীমানাগতশ্চ স্থিতো বভৌ ॥২১॥
ঋষয়শ্চাপি তং সর্ব্বে তুষ্টবুশ্চ দিবৌকসঃ।
তং দৃষ্ট্বা জ্বলমানশ্রীর্ভগবান্ হব্যবাহনঃ ॥২২॥

ভারতকৌমুদী

পুরেতি। পুরাতনেন আদিমেনেত্যর্থঃ। হে তাত! বৎস। ॥১৭॥
দশেতি। তপ্য তপ্ত্বা। স্বাধ্যায়ো বেদাধ্যয়নম্। স নবকঃ ॥১৮—১৯॥
স ইতি। ধর্ম্মে ধর্ম্মবিষয়ে, ব্রতমুপবাসাদি। সংবিগ্নঃ অস্থিরচিত্তঃ ॥২০॥
তেনেতি। তেন শক্রেণ। অব্যয়ঃ অবিনশ্বরঃ। শ্রীমান্ কান্তিমান্ ॥২১॥

সুরের অস্থি; এ গুলি পার্বত্যপ্রস্তরে থাকিয়া পর্বতেরই মত শোভা পাইতেছে ॥১৫—১৬॥

বৎস! আদিদেব পরমাত্মা বিষ্ণু দেবরাজের হিতের জন্য এই নরকাসুরকে বধ করিয়াছিলেন ॥১৭॥

মহামনা নরকাসুর দশ হাজার বৎসর পর্য্যন্ত তপস্যা করিয়া, সেই তপোবলে এবং বেদাধ্যয়ন ও বিক্রমের প্রভাবে ইন্দ্রের পদ প্রার্থনা করিয়াছিল। কারণ, সে নরকাসুর গুরুতর তপস্যার বলে এবং বাহুবেগের প্রভাবে সর্ব্বদাই দেবগণকে উৎপীড়ন করিতে থাকিয়া তাঁহাদের পক্ষে দুর্দ্ধর্ষই হইয়াছিল ॥১৮-১৯॥

হে নিষ্পাপ রাজা! তখন ইন্দ্র তাহার বল ও ধর্ম্মসঞ্চয়ের বিষয় জানিয়া ভয়ে অভিভূত হইয়া অস্থির হইয়া পড়িয়াছিলেন ॥২০॥

তাই তিনি মনে মনে চিন্তা করিলে আদিদেব, অবিনাশী, সর্ব্বত্রগামী, জগদীশ্বর ও সুন্দরাকৃতি বিষ্ণু আসিয়া তাঁহার সম্মুখে শোভা পাইতে লাগিলেন ॥২১॥

---

(১৭)···দৈত্যো বিনিহতস্তেন···কা নি। (১৮)···তপস্তপ্তঃ মহাত্মনা···পি।

নষ্টতেজাঃ সমভবত্তস্য তেজোঽভিভর্ৎসিতঃ।
তং দৃষ্ট্বা বরদং দেবং বিষ্ণুং দেবগণেশ্বরম্ ॥২৩॥
প্রাঞ্জলিঃ প্রণতো ভূত্বা নমস্কৃত্য চ বজ্রভৃৎ।
প্রাহ বাক্যং ততস্তূর্ণং যতস্তস্য ভয়ং ভবেৎ ॥২৪॥ (বিশেষকম্)

বিষ্ণুরুবাচ।

জানামি তে ভয়ং শক্র! দৈত্যেন্দ্রান্নরকাত্ততঃ।
ঐন্দ্রং প্রার্থয়তে স্থানং তপঃসিদ্ধেন কর্ম্মণা ॥২৫॥
সোঽহমেনং তব প্রীত্যা তপঃসিদ্ধমপি ধ্রুবম্।
বিযুনজ্মি দেহাদ্দেবেন্দ্র! মুহূর্ত্তং প্রতিপালয় ॥২৬॥

ভারতকৌমুদী

ঋষয় ইতি। জলমানশ্রীঃ জলৎকান্তিঃ, হব্যবাহনঃ অগ্নিঃ, নষ্টতেজা অভিভূততেজাঃ। তেজসা অভিভর্ৎসিতস্তিরস্কৃতঃ। বজ্রভৃৎ ইন্দ্রঃ। ততস্তস্মিন্ নরকাসুরবিষয়ে, যতো যস্মান্নরকাসুরাৎ তস্য বজ্রভৃতঃ, ভয়ং ভবেদভবৎ ॥২২—২৪॥

জানামীতি। স্থানং পদম্। তপসা সিদ্ধেন সম্পন্নেন, কর্ম্মণা বলোদ্রেকেণ ॥২৫॥

স ইতি। বিযুনজ্মি পৃথক্ করোমি। অত্রাক্ষরাধিক্যমার্ষম্ ॥২৬॥

ভারতভাবদীপঃ

পরিচরন্তি, তমিন্দ্রম্ ॥৭—৯॥ অভিবাদত অভিবাদয়ত, অক্ষরলোপ আর্ষঃ ॥১০-১২॥ পাণ্ডুরং শ্বেতম্, অস্মাং বাশিমিতি শেষঃ ॥১৩—১৫॥ নরকস্য ভৌমাসুরস্য ॥১৬—২৬॥ পাণিনা চপেটা

তখন ঋষিরা ও দেবতারা সকলেই তাঁহার স্তব করিলেন; উজ্জ্বলকান্তি ভগবান্ অগ্নিদেব তাঁহাকে দেখিয়া তাঁহার তেজে অভিভূত হইয়া হীনতেজা হইয়া পড়িলেন এবং ইন্দ্র সেই বরদাতা, আদিদেব এবং দেবগণেরও অধীশ্বর বিষ্ণুকে দেখিয়া, কৃতাঞ্জলি ও অবনত হইয়া, নমস্কার করিয়া—যাহা হইতে তাঁহার ভয় হইয়াছিল, সেই নরকাসুরের কথা সত্বরই বলিলেন ॥২২—২৪॥

তখন বিষ্ণু বলিলেন—'দেবরাজ! আমি জানি যে, সেই দৈত্যরাজ নরকাসুর হইতে তোমার ভয় জন্মিয়াছে। কারণ, সেই নরকাসুর আপন তপস্যানিষ্পন্ন বলপ্রভাবে ইন্দ্রত্বপদ প্রার্থনা করিতেছে ॥২৫॥

দেবরাজ! নরকাসুর তপঃসিদ্ধ হইলেও, আমি তোমার প্রতি প্রণয়-বশতঃ উহাকে উহার দেহ হইতে বিযুক্ত করিতেছি; তুমি মুহূর্ত্তকাল প্রতীক্ষা কর' ॥২৬॥

---

(২৪)···প্রাহ বাক্যং ততস্তম্···বা নি। (২৫) জানামি তে ভয়ং তাত! ···পি।

তস্য বিষ্ণুর্মহাতেজাঃ পাণিনা চেতনাং হরৎ।
স পপাত ততো ভূমৌ গিরিরাজ ইবাহতঃ ॥২৭॥
তস্যৈতদস্থিসংঘাতং মায়াবিনিহতস্য বৈ।
ইদং দ্বিতীয়মপরং বিষ্ণোঃ কর্ম্ম প্রকাশতে ॥২৮॥
নষ্টা বসুমতী কৃৎস্না পাতালে চৈব মজ্জিতা।
পুনরুদ্ধরিতা তেন বরাহেণৈকশৃঙ্গিণা ॥২৯॥

যুধিষ্ঠির উবাচ।

ভগবন্! বিস্তরেণেমাং কথাং কথয় তত্ত্বতঃ।
ইচ্ছামি বিবুধেশস্য তস্য শ্রোতুং মুনে! কথাম্ ॥৩০॥
কথং তেন সুরেশেন নষ্টা বসুমতী তদা।
যোজনানাং শতং ব্রহ্মন্! পুনরুদ্ধরিতা তদা ॥৩১॥

ভারতকৌমুদী

তস্যেতি। পাণিনা পাণিস্পর্শমাত্রেণৈব। হরৎ অহরৎ, অড়ভাব আর্ষঃ। বিষ্ণু-স্পর্শেন নরকনিবৃত্তির্বৈবেত্যাখ্যায়িকাতাৎপর্য্যমুন্নেয়ম্ ॥২৭॥

তস্যেতি। সংঘাতপদস্য নপুংসকত্বমার্ষম্। কর্ম্ম কর্ম্মণঃ ফলম্ ॥২৮॥

নষ্টেতি। বরাহেণ বরাহমূর্ত্তিনা, একশৃঙ্গিণা শৃঙ্গবদেকদন্তশালিনা ॥২৯॥

ভগবন্নিতি। তত্ত্বতো যাথার্থ্যেন। বিবুধেশস্য দেবাধীশ্বরস্য, তস্য বিষ্ণোঃ ॥৩০॥

(এই কথা বলিয়াই যাইয়া) মহাতেজা বিষ্ণু হস্তদ্বারা স্পর্শ করিয়াই নরকাসুরের চৈতন্য হরণ করিলেন; তখন বজ্রতাড়িত পর্ব্বতরাজের ন্যায় নরকাসুর ভূতলে পতিত হইল ॥২৭॥

বিষ্ণুমায়া-নিহত সেই নরকাসুরেরই এই অস্থিসমূহ দেখা যাইতেছে। বিষ্ণুর এই আর একটী কার্য্যের ফল প্রকাশ পাইতেছে ॥২৮॥

সমগ্র পৃথিবী পাতালে মগ্ন হইয়া অদৃশ্য হইয়া গিয়াছিলেন; তাহার পর বিষ্ণু, পর্ব্বতশৃঙ্গের ন্যায় বিশাল-এক-দন্ত-শালী বরাহরূপ ধারণ করিয়া পুনরায় তাঁহাকে উত্তোলন করিয়াছিলেন ॥২৯॥

যুধিষ্ঠির বলিলেন—'ভগবন্ লোমশমুনি! আপনি বিস্তরক্রমে ও যথার্থ রূপে এই বৃত্তান্তটী বলুন; আমি বিষ্ণুর সেই বৃত্তান্ত শুনিতে ইচ্ছা করি ॥৩০॥

ব্রাহ্মণ! পৃথিবী তখন অদৃশ্য হইয়া গিয়াছিলেন কেন? এবং বিষ্ণুই বা তাহাকে আবার একশত যোজন উপরে তুলিয়াছিলেন কেন? ॥৩১॥

---

(২৭)…পাণিনা প্রাহরদ্বপুঃ…পি। (২৯) শ্লোকাৎ পরম্ 'দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' পি। (৩০) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা নি নাস্তি।

কেন চৈব প্রকারেণ জগতো ধারিণী ধরা।
শিবা দেবী মহাভাগা সর্ব্বশস্যপ্ররোহিণী ॥৩২॥
কস্য চৈব প্রভাবাদ্ধি যোজনানাং শতং গতা।
কেনৈতদ্বীর্য্যসর্বস্বং দর্শিতং পরমাত্মনঃ ॥৩৩॥ (যুগ্মকম্)
এতৎ সর্বং যথাতত্ত্বমিচ্ছামি দ্বিজসত্তম!।
শ্রোতুং বিস্তরশঃ সর্বং ত্বং হি তস্য প্রতিশ্রয়ঃ ॥৩৪॥

লোমশ উবাচ।

যন্মেঽহং পরিপৃষ্টোঽস্মি কথামেতাং যুধিষ্ঠির!।
তৎ সর্বমখিলেনেহ শ্রূয়তাং মম ভাষতঃ ॥৩৫॥
পুরা কৃতযুগে তাত! বর্ত্তমানে ভয়ঙ্করে।
যমত্বং কারয়ামাস আদিদেবঃ সনাতনঃ ॥৩৬॥
যমত্বং কুর্ব্বতস্তস্য দেবদেবস্য ধীমতঃ।
ন তত্র ম্রিয়তে কশ্চিজ্জায়তে বা তথাঽচ্যুত! ॥৩৭॥

ভারতকৌমুদী

কথমিতি। যোজনানাং শতং যাবৎ, উদ্ধরিতা উদ্ধৃতা। ইড়াগম আর্ষঃ ॥৩১॥
কেনেতি। শিবা মঙ্গলকারিণী। পরমাত্মনঃ পরমাত্মনা বিষ্ণুনা ॥৩২—৩৩॥
এতদিতি। তস্য বৃত্তান্তস্য, প্রতিশ্রয়ো জ্ঞানেনাশ্রয়ঃ জ্ঞাতেত্যর্থঃ ॥৩৪॥
যদিতি। তে ত্বয়া। অখিলেন প্রকারেণ শ্রূয়তাম্, ভাষতো ভাষমাণস্য ॥৩৫॥
পুরেতি। ভয়ঙ্করে বর্ত্তমানে, মরণাভাবেন প্রাণিভারাধিক্যাদিতি ভাবঃ ॥৩৬॥
যমত্বমিতি। তথা পূর্ব্ববদেব, জায়তে বা উৎপদ্যতে চ। হে অচ্যুত! ধর্ম্মাদভ্রষ্ট! ॥৩৭॥

জগতের আধার, মঙ্গলকারিণী ও সর্ব্বশস্যোৎপাদিনী মহাভাগা পৃথিবী-দেবী কাহার প্রভাবে কি প্রকারে একশত যোজন নিম্নে গিয়াছিলেন? আবার পরমাত্মা বিষ্ণুই বা কি কারণে এই বলের পরা কাষ্ঠা দেখাইয়াছিলেন? ॥৩২—৩৩॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি যথার্থরূপে ও বিস্তরক্রমে এই সকল বৃত্তান্ত শুনিতে ইচ্ছা করি। কারণ, 'আপনি সে সমস্তই জানেন' ॥৩৪॥

লোমশ বলিলেন—'যুধিষ্ঠির! তুমি আমার নিকট এই যে উপাখ্যানের বিষয় জিজ্ঞাসা করিলে, তাহা সমস্তই আমি বলিতেছি, তুমি শ্রবণ কর ॥৩৫॥

বৎস! পূর্ব্বকালে একদা সত্যযুগ ভয়ঙ্করই হইয়াছিল। কারণ, আদিদেব নারায়ণ তখন যমের কার্য্য করিতেন ॥৩৬॥

---

(৩২)···ধারিণী ধ্রুবা···পি। (৩৬)···আদিদেবঃ পুরাতনঃ—বা ব কা।

বর্দ্ধন্তে পক্ষিসংঘাশ্চ তথা পশুগবেড়কম্‌।
গবাশ্বঞ্চ মৃগাশ্চৈব সর্ব্বে তে পিশিতাশনাঃ ॥৩৮॥
তথা পুরুষশার্দ্দূল! মানুষ্যাশ্চ পরন্তপ!।
সহস্রশো হ্যযুতশো বর্দ্ধন্তে সলিলং যথা ॥৩৯॥
এতস্মিন্‌ সঙ্কুলে তাত! বর্ত্তমানে ভয়ঙ্করে।
অতিভারাদ্বসুমতী যোজনানাং শতং গতা ॥৪০॥
সা বৈ ব্যথিতসর্ব্বাঙ্গী ভারেণাক্রান্তচেতনা।
নারায়ণং বরং দেবং প্রপন্না শরণং গতা ॥৪১॥
পৃথিব্যুবাচ।
ভগবংস্ত্বৎপ্রসাদাদ্ধি তিষ্ঠেয়ং সুচিরং ত্বিহ।
ভারেণাস্মি সমাক্রান্তা ন শক্নোমি স্ম বর্ত্তিতুম্‌ ॥৪২॥

ভারতকৌমুদী

বর্দ্ধন্ত ইতি। পশবো মহিষাদয়ঃ গাবঃ স্ত্রীগব্যঃ এড়কা মেষাশ্চ তৎ। গাবঃ পুঙ্গবা অশ্বাশ্চ তৎ। পিশিতাশনা মাংসভোজিনো রাক্ষসাদয়শ্চ ॥৩৮॥

তথেতি। সলিলং নদ্যাদৌ পূরাগমনসময়ে যথা বর্দ্ধতে, তথা ॥৩৯॥

এতস্মিন্নিতি। সঙ্কুলে প্রাণিনাং সংঘর্ষে। যোজনানাং শতমধস্তাদ্‌গতা ॥৪০॥

সেতি। আক্রান্তচেতনা অভিভূতচৈতন্যা। প্রপন্না বিপন্না ॥৪১॥

ভগবন্নিতি। ইহ যুষ্মন্নির্দ্দিষ্টে স্থানে। বর্ত্তিতুং তত্র স্থাতুম্‌ ॥৪২॥

ভারতভাবদীপঃ

ঘাতেন, চেতনাং হরৎ প্রাণান্‌ জহার ॥২৭—৩০॥ কেন চ প্রকারেণ উদ্ধরিতা পুনরুদ্ধৃতেতি শেষঃ ॥৩১—৩২॥ গতা অধস্তাদিতি শেষঃ ॥৩৩—৩৭॥ পশবশ্চ গাবশ্চ এড়কা মেষাশ্চ পশু-

---

ধার্ম্মিক রাজা! সেই জ্ঞানী নারায়ণ যখন যমের কার্য্য করিতেন, তখন কেহই মরিত না, পূর্ব্বের ন্যায় কেবল জন্ম গ্রহণই করিত ॥৩৭॥

তাহাতে পশু, পক্ষী, গাভী, মেষ, ষাঁড়, অশ্ব, হরিণ এবং মাংসভোজী সকল প্রাণী কেবল বৃদ্ধিই পাইতেছিল ॥৩৮॥

এবং পরন্তপ নরশ্রেষ্ঠ! জোয়ারের সময় জল যেমন কেবলই বৃদ্ধি পায়, তেমন মানুষও সহস্র সহস্র ও অযুত অযুত সংখ্যায় বৃদ্ধিই পাইতে লাগিল ॥৩৯॥

বৎস! এইরূপ সেই ভয়ঙ্কর প্রাণিসংঘর্ষ উপস্থিত হইলে, পৃথিবী সেই গুরুতর ভারে শতযোজন নিম্নে চলিয়া গেলেন ॥৪০॥

এবং সেই ভারে তাঁহার সর্ব্বাঙ্গ ব্যথিত হইল এবং চৈতন্যও লুপ্তপ্রায় হইয়া পড়িল; তাই তিনি বিপন্ন হইয়া দেবপ্রধান নারায়ণের শরণাপন্ন হইলেন ॥৪১॥

মমেমং ভগবন্ ! ভারং ব্যপনেতুং ত্বমর্হসি ।
শরণাগতাস্মি তে দেব ! প্রসাদং কুরু মে বিভো ! ॥৪৩॥
তস্যাস্তদ্বচনং শ্রুত্বা ভগবানক্ষরঃ প্রভুঃ ।
প্রোবাচ বচনং হৃষ্টঃ শ্রব্যাক্ষরসমীরিতম্ ॥৪৪॥

বিষ্ণুরুবাচ ।

ন তে মহি ! ভয়ং কার্য্যং ভারার্ত্তে ! বসুধারিণি ! ।
অহমেব তথা কুর্ম্মি যথা লঘ্বী ভবিষ্যসি ॥৪৫॥

লোমশ উবাচ ।

স তাং বিসর্জয়িত্বা তু বসুধাং শৈলকুণ্ডলাম্ ।
ততো বরাহঃ সংবৃত্ত একশৃঙ্গো মহাদ্যুতিঃ ॥৪৬॥
রক্তাভ্যাং নয়নাভ্যাস্ত ভয়মুৎপাদয়ন্নিব ।
ধূমঞ্চ জনয়ন্নঙ্কা তত্র দেশে ব্যবর্দ্ধত ॥৪৭॥

ভারতকৌমুদী

মমেতি। ব্যপনেতুমপসারয়িতুম্। প্রসাদমনুগ্রহম্ ॥৪৩॥
তস্যা ইতি। অক্ষরঃ অবিনশ্বরঃ। শ্রব্যাক্ষরসমীরিতং মধুরবর্ণসম্বদ্ধম্ ॥৪৪॥
নেতি। তে তব। "বা কর্ত্তরি কৃত্যে" ইতি কর্ত্তরি ষষ্ঠী। কুর্ম্মি করোমি ॥৪৫॥
স ইতি। শৈলঃ পর্ব্বত এব কুণ্ডলং যস্যাস্তাম্। একশৃঙ্গঃ শৃঙ্গবদেকদন্তঃ ॥৪৬॥

ভারতভাবদীপঃ

গবেড়কম্ ॥৩৮—৪৪॥ স তে ত্বয়া, হে মহি ! কুর্ম্মি করোমি ॥৪৫—৪৬॥ ধূমং ধূপং জনয়ন্নিতি হেতৌ শতৃপ্রত্যয়ঃ, যথা যথা ধূমো জলতি তথা তথাঽবর্দ্ধতেত্যর্থঃ ॥৪৭॥ অক্ষরো বেদাত্মা

তখন পৃথিবী বলিলেন—'ভগবন্ ! আপনার অনুগ্রহেই আমি দীর্ঘকাল যথাস্থানে ছিলাম, কিন্তু ভারাক্রান্ত হইয়া এখন আর সেখানে থাকিতে পারিলাম না ॥৪২॥

অতএব ভগবন্ ! আপনি আমার এই ভার অপনীত করুন ; দেব ! আমি আপনার শরণাগত হইয়াছি ; প্রভু ! আপনি আমার প্রতি অনুগ্রহ করুন ॥৪৩॥

অবিনশ্বর ভগবান্ নারায়ণ পৃথিবীর সেই কথা শুনিয়া আনন্দিত হইয়া এই মধুর বাক্য বলিলেন ॥৪৪॥

বিষ্ণু বলিলেন—'পৃথিবি ! ভারার্ত্তে ! বসুন্ধরে ! তুমি ভয় করিও না। আমিই তাহা করিব, যাহাতে তুমি লঘু (হাল্‌কা) হইবে' ॥৪৫॥

লোমশ বলিলেন—'তাহার পর মহাতেজা নারায়ণ পর্ব্বতকুণ্ডলা পৃথিবীকে বিদায় দিয়া এক বিশালদন্ত শূকর হইলেন ॥৪৬॥

(৪৭)···ধূমঞ্চ জনয়ন্ স্যা···বা ব কা নি।

স গৃহীত্বা বসুমতীং শৃঙ্গেণৈকেন ভাস্বতা।
যোজনানাং শতং বীর! সমুদ্ধরতি সোঽক্ষরঃ ॥৪৮॥
তস্যাঃক্ষোদ্ধার্য্যমাণায়াং সংক্ষোভঃ সমজায়ত।
দেবাঃ সংক্ষুভিতাঃ সর্ব্ব ঋষয়শ্চ তপোধনাঃ ॥৪৯॥
হাহাভূতমভূৎ সর্ব্বং ত্রিদিবং ব্যোম ভূস্তথা।
ন পর্য্যবস্থিতঃ কশ্চিদ্দেবো বা মানুষোঽপি বা ॥৫০॥
ততো ব্রহ্মাণমাসীনং জ্বলমানমিব শ্রিয়া।
দেবাঃ সর্ষিগণাশ্চৈব উপতস্থুরনেকশঃ ॥৫১॥
উপসর্প্য চ দেবেশং ব্রহ্মাণং লোকসাক্ষিণম্।
ভূত্বা প্রাঞ্জলয়ঃ সর্ব্বে বাক্যমুচ্চারয়ংস্তদা ॥৫২॥

ভাবতকৌমুদী

রক্তাভ্যামিতি। অক্ষ্ণা অনলবন্নেত্রযুগলেন, ধূমঞ্চ জনয়ন্নিবেত্যর্থঃ ॥৪৭॥
স ইতি। শৃঙ্গেণ শৃঙ্গতুল্যেন দন্তেন। স প্রসিদ্ধঃ, অক্ষরঃ অবিনশ্বরঃ ॥৪৮॥
তস্যামিতি। সংক্ষোভঃ সঙ্কলনম্। সংক্ষুভিতাঃ সঙ্কলিতাঃ ॥৪৯॥
হেতি। হাহাভূতং হাহাশব্দকৃদ্ভূতম্। পর্য্যবস্থিতঃ স্থিরঃ সন্ স্থিতঃ ॥৫০॥
তত ইতি।, জলমানং জ্বলন্তমিব, শ্রিয়া তেজসা। উপতস্থুরুপগতাঃ ॥৫১॥
উপেতি। উপসর্প্য উপসৃপ্য। উচ্চাবয়ন্ উদচারয়ন্। গুণোঽড়াগমাভাবশ্চার্ষঃ ॥৫২॥

সেই শূকর রক্তবর্ণ নয়নযুগলদ্বারা সকলেরই যেন ভয় জন্মাইতে থাকিয়া এবং সেই নয়নদ্বারা যেন ধূম উৎপাদন করিতে প্রবৃত্ত হইয়া সেইস্থানে বৃদ্ধি পাইতে লাগিল ॥৪৭॥

সেই বরাহমূর্ত্তি অবিনশ্বর নারায়ণ উজ্জ্বল একটা দন্ত দ্বারা পৃথিবীকে ধারণ করিয়া একশত যোজন উর্দ্ধে উত্তোলন করিলেন ॥৪৮॥

পৃথিবীকে উত্তোলন করিবার সময়ে গুরুতর কম্পন হইল, তাহাতে সমস্ত দেবতা ও সমস্ত ঋষি কম্পিত হইলেন ॥৪৯॥

আর স্বর্গের লোক এবং আকাশচারী ও ভূতলবাসী প্রাণী সকল হাহাকার করিয়া উঠিল; দেবতা বা মানুষ কেহই স্থির থাকিতে পারিলেন না ॥৫০॥

তাহার পর ঋষিগণের সহিত অনেক দেবতা যাইয়া ব্রহ্মার নিকট উপস্থিত হইলেন; তখন ব্রহ্মা উপবিষ্ট থাকিয়া তেজে যেন জ্বলিতেছিলেন ॥৫১॥

তখন তাঁহারা সকলে দেবাধিপতি লোকসাক্ষী ব্রহ্মার নিকট যাইয়া কৃতাঞ্জলি হইয়া এই কথা বলিলেন—॥৫২॥

লোকাঃ সংক্ষুভিতাঃ সর্ব্বে ব্যাকুলঞ্চ চরাচরম্ ।
সমুদ্রাণাঞ্চ সংক্ষোভস্ত্রিদশেশ ! প্রকাশতে ।
সৈষা বসুমতী কৃৎস্না যোজনানাং শতং গতা ॥৫৩॥
কিমেতৎ কিংপ্রভাবেন যেনেদং ব্যাকুলং জগৎ ।
আখ্যাতু নো ভবান্ শীঘ্রং বিসংজ্ঞাঃ স্মেহ সর্ব্বশঃ ॥৫৪॥

ব্রহ্মোবাচ ।

অসুরেভ্যো ভয়ং নাস্তি যুষ্মাকং কুত্রচিৎ কচিৎ ।
শ্রূয়তাং যৎকৃতে ত্বেষ সংক্ষোভো জায়তেঽমরাঃ ! ॥৫৫॥
যোঽসৌ সর্ব্বত্রগঃ শ্রীমানক্ষরাত্মা ব্যবস্থিতঃ ।
তস্য প্রভাবাৎ সংক্ষোভস্ত্রিদিবস্য প্রকাশতে ॥৫৬॥
সৈষা বসুমতী কৃৎস্না যোজনানাং শতং গতা ।
সমুদ্ধৃতা পুনস্তেন বিষ্ণুনা পরমাত্মনা ॥৫৭॥
তস্যামুদ্ধার্য্যমাণায়াং সংক্ষোভঃ সমজায়ত ।
এবং ভবন্তো জানন্তু চ্ছিদ্যতাং সংশয়শ্চ বঃ ॥৫৮॥

ভারতকৌমুদী

লোকা ইতি। যোজনানাং শতং গতা ঊর্দ্ধমিতি শেষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৩॥
কিমিতি। কস্য প্রভাব ইতি কিংপ্রভাবস্তেন। বিসংজ্ঞা বিগতচৈতন্যপ্রায়াঃ ॥৫৪॥
অসুরেভ্য ইতি। কুত্রচিৎ বর্ত্তমানে কালে। যৎকৃতে যন্নিমিত্তকঃ। হে অমরাঃ! ॥৫৫॥
য ইতি। শ্রীমান্ সর্বাধিকৈশ্বর্য্যশালী, অক্ষরাত্মা অবিনশ্বরস্বরূপঃ ॥৫৬॥
সেতি। গতা লোকভারেণাধস্তাদিতি শেষঃ। সমুদ্ধৃতা যোজনশতোর্দ্ধমেব ॥৫৭॥

'দেবেশ্বর! সমস্ত জগৎ বিচলিত হইল, স্থাবর ও জঙ্গম পদার্থ সকল অত্যন্ত আকুল হইল, সমুদ্রগুলিরও উদ্বেলন প্রকাশ পাইল এবং এই সেই সমগ্র পৃথিবীও একশত যোজন উপরে উঠিল। ॥৫৩॥

এটা কি? কাহার প্রভাবে হইল? যাহাতে এই জগৎটা আকুল হইল। আপনি সত্বর আমাদিগকে বলুন, আমরা সকলেই প্রায় চৈতন্যহীন হইয়া পড়িয়াছি' ॥৫৪॥

ব্রহ্মা বলিলেন—'দেবগণ! বর্ত্তমান সময়ে কোথাও তোমাদের অসুরভয় নাই; তবে যে জন্য এই সঞ্চলন হইল, তাহা শোন—॥৫৫॥

সর্ব্বব্যাপী ও অসাধারণ ঐশ্বর্য্যশালী ঐ যে অবিনশ্বরমূর্ত্তি রহিয়াছেন, তাঁহারই প্রভাবে স্বর্গের এই সঞ্চলন হইল ॥৫৬॥

লোকের ভারে সমগ্র পৃথিবী শতযোজন নিম্নে গিয়াছিল, সেই পরমাত্মা বিষ্ণু আবার তাহাকে উত্তোলন করিলেন ॥৫৭॥

দেবা ঊচুঃ।

ক্ব তদ্ভূতং বসুমতীং সমুদ্ধরতি হৃষ্টবৎ।
তং দেশং ভগবন্! ব্রূহি তত্র যাস্যামহে বয়ম্ ॥৫৯॥

ব্রহ্মোবাচ।

হন্ত গচ্ছত ভদ্রং বো নন্দনে পশ্যত স্থিতম্।
এষোঽত্র ভগবান্ শ্রীমান্ সুপর্ণঃ সম্প্রকাশতে ॥৬০॥
বারাহেণৈব রূপেণ ভগবাঁল্লোকভাবনঃ।
কালানল ইবাভাতি পৃথিবীতলমুদ্ধরন্ ॥৬১॥
এতস্যোরসি সুব্যক্তং শ্রীবৎসমভিরাজতে।
পশ্যধ্বং বিবুধাঃ সর্বে ভূতমেতদনাময়ম্ ॥৬২॥

ভারতকৌমুদী

তস্যামিতি। ছিদ্যতাম্ অনেন মদ্বচনেন নাশ্যতাম্, বো যুষ্মাকম্ ॥৫৮॥

ক্বেতি। ভূতং প্রাণী। বরাহপদপ্রয়োগে নিকর্ষপ্রতীতিরিতি ভূতপদপ্রয়োগঃ ॥৫৯॥

হন্তেতি। বো যুষ্মাকম্, ভদ্রং মঙ্গলমস্ত্বিতি শেষঃ। নন্দনে বনে। সুপর্ণঃ স্বর্ণচূড়ঃ, "সুপর্ণঃ স্বর্ণচূড়ে স্যাদ্গরুড়ে কৃতমালকে" ইতি মেদিনী। শ্রীমান্ কান্তিমান্ ॥৬০॥

বারাহেণেতি। লোকভাবনো জগৎস্রষ্টা। কালানলো জগদ্দাহী বহ্নিঃ ॥৬১॥

তৎপরিচায়কং চিহ্নমাহ এতস্যেতি। শ্রীবৎসং রোমাবর্ত্তরূপং চিহ্নম্ ॥৬২॥

ভারতভাবদীপঃ

॥৪৮—৫১॥ বাক্যমুচ্চারয়ন্নুচ্চারিতবন্তঃ ॥৫২-৫৯॥ নন্দনে ইন্দ্রবনে, অত্র এতৎসমীপে ॥৬০-৬৪॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৮॥

তাহাকে উত্তোলন করিবার সময়েই এই সঞ্চলন হইয়াছে; ইহা তোমরা অবগত হও এবং তোমাদের সংশয় দূরীভূত হউক' ॥৫৮॥

দেবগণ বলিলেন—'ভগবন্! সে প্রাণীটি কোথায়, যে—আনন্দিত হইয়াই যেন পৃথিবী উত্তোলন করিয়াছে? আপনি সেই স্থানটার কথা বলুন, আমরা সেখানে যাইব' ॥৫৯॥

ব্রহ্মা বলিলেন—'দেবগণ! তোমাদের মঙ্গল হউক। তোমরা যাও, যাইয়া নন্দনবনস্থিত সেই প্রাণীটিকে দর্শন কর। ঐশ্বর্য্যশালী, মনোহরমূর্ত্তি ও স্বর্ণচূড়াধারী ইনি সেই খানেই বিরাজিত আছেন ॥৬০॥

জগতের সৃষ্টিকর্ত্তা ভগবান্ বিষ্ণু বরাহরূপেই পৃথিবী উত্তোলন করিয়া প্রলয়বহ্নির ন্যায় বিরাজ করিতেছেন ॥৬১॥

উঁহার বক্ষস্থলে সুস্পষ্ট শ্রীবৎস-(রোমাবর্ত্ত) চিহ্ন রহিয়াছে। দেবগণ! তোমরা সকলে যাইয়া সুস্থভাবে স্থিত সেই প্রাণীটিকে দর্শন কর' ॥৬২॥

লোমশ উবাচ।

তেতো দৃষ্ট্বা মহাত্মানং শ্রুত্বা চামন্ত্র্য চামরাঃ।
পিতামহং পুরস্কৃত্য জগ্মুর্দেবা যথাগতম্ ॥৬৩॥

বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বা তু তাং কথাং সর্ব্বে পাণ্ডবা জনমেজয়!।
লোমশাদেশিতেনাশু পথা জগ্মুঃ প্রহৃষ্টবৎ ॥৬৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং গন্ধমাদনপ্রবেশে অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ঊনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ

বৈশম্পায়ন উবাচ।

তে শূরাস্ততধন্বানস্তূণবন্তঃ সমার্গণাঃ।
বদ্ধগোধাঙ্গুলিত্রাণাঃ খড়্গবন্তোঽমিতৌজসঃ ॥১॥

ভারতকৌমুদী

তত ইতি। শ্রুত্বা, তন্মুখাদেব পৃথিব্যুদ্ধারবৃত্তান্তমিতি শেষঃ। দেবাঃ ক্রীড়াশীলাঃ ॥৬৩॥
শ্রুত্বেতি। লোমশেন আদেশিত আদিষ্টঃ। প্রহৃষ্টবৎ সন্তুষ্টা ইব ॥৬৪॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াম্ অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(:*:)———

লোমশ বলিলেন—'তাহার পর দেবতারা যাইয়া, মহাত্মাকে দেখিয়া, তাঁহার নিকট পৃথিবী উত্তোলনের বৃত্তান্ত শুনিয়া, তাঁহার অনুমতি লইয়া, ব্রহ্মাকে অগ্রবর্ত্তী করিয়া যথাস্থানে চলিয়া গেলেন' ॥৬৩॥

বৈশম্পায়ন বলিলেন—জনমেজয়! পাণ্ডবেরা সকলে সেই বৃত্তান্ত শুনিয়া আনন্দিত হইয়া লোমশের আদিষ্ট পথে গমন করিতে লাগিলেন ॥৬৪॥

———(০:*:০)———

বৈশম্পায়ন বলিলেন—রাজা! মহাবীর, অসাধারণ তেজস্বী ও ধনুর্দ্ধর-

* '…দ্বিচত্বারিংশদধিক…' বা ব কা, '…ত্রিচত্বারিংশদধিক…' পি, '…চতুশ্চত্বারিংশদধিক…' নি।

পরিগৃহ্য দ্বিজশ্রেষ্ঠান্ শ্রেষ্ঠাঃ সর্ব্বধনুষ্মতাম্।
পাঞ্চালীসহিতা রাজন্! প্রযযুর্গন্ধমাদনম্ ॥২॥ (যুগ্মকম্)
সরাংসি সরিতশ্চৈব পর্ব্বতাংশ্চ বনানি চ।
বৃক্ষাংশ্চ বহুলচ্ছায়ান্ দদৃশুর্গিরিমূর্দ্ধনি ॥৩॥
নিত্যপুষ্পফলান্ দেশান্ দেবর্ষিগণসেবিতান্।
আত্মন্যাত্মানমাধায় বীরা মূলফলাশিনঃ ॥৪॥
চেরুরুচ্চাবচাকারান্ দেশান্ বিষমসঙ্কটান্।
পশ্যন্তো মৃগজাতানি বহূনি বিবিধানি চ ॥৫॥ (যুগ্মকম্)
ঋষিসিদ্ধামরযুতং গন্ধর্ব্বাপ্সরসাং প্রিয়ম্।
বিবিশুস্তে মহাত্মানঃ কিন্নরাচরিতং গিরিম্ ॥৬॥

ভারতকৌমুদী

ত ইতি। ততধন্বানো বিস্তৃতকার্ম্মুকাঃ। সমার্গণা ধৃতবাণাঃ। বদ্ধে জ্যাঘাতবারণায় ধৃতে গোধা চর্ম্মপট্টিকা অঙ্গুলিত্রাণঞ্চ যৈস্তে। পরিগৃহ্য সহচরীকৃত্য ॥১—২॥

সরাংসীতি। বহুলাশ্ছায়া যেষাং তান্। গিরিমূর্দ্ধনি পর্ব্বতোপরি ॥৩॥

নিত্যেতি। আধায় সংস্থাপ্য আত্মনৈবাত্মানং রক্ষিত্বেত্যর্থঃ। উচ্চাবচাকারান্ উন্নতাবনতান্, বিষমসঙ্কটান্ অতীববিপৎসঙ্কুলান্। মৃগজাতানি পশুসমূহান্ ॥৪—৫॥

শ্রেষ্ঠ পাণ্ডবগণ ধনু বিস্তৃত করিয়া, বাণ ও তরবারি হাতে লইয়া, পৃষ্ঠে তূণ বন্ধন করিয়া, গোধা (গুণাঘাতবারণকারী চর্ম্মকোষ) ও অঙ্গুলিত্রধারণ করিয়া, ব্রাহ্মণগণকে সঙ্গে লইয়া, দ্রৌপদীর সহিত গমন করিতে লাগিলেন ॥১—২॥

(এই ভাবে তাঁহারা গমন করিতে থাকিয়া) পর্ব্বতের উপরে সরোবর, নদী, পর্ব্বত, বন এবং নিবিড়চ্ছায়াযুক্ত বৃক্ষ সকল দর্শন করিলেন ॥৩॥

ফল-মূলভোজী মহাবীর পাণ্ডবেরা আপনারাই আপনাদিগকে রক্ষা করিতে থাকিয়া, নানাবিধ বহুতর পশু দর্শন করিতে করিতে অনেক দেশ অতিক্রম করিলেন; সে সকল দেশে সর্ব্বদাই ফুল ও ফল পাওয়া যাইত এবং দেবগণ ও ঋষিগণ বিচরণ করিতেন; আর সে দেশগুলি উঁচু-নীচু এবং অত্যন্ত বিপৎসঙ্কুল ছিল ॥৪—৫॥

ক্রমে মহাত্মা পাণ্ডবেরা গন্ধমাদনপর্ব্বতে প্রবেশ করিলেন; সে পর্ব্বতে দেবগণ, ঋষিগণ ও সিদ্ধগণ থাকিতেন এবং কিন্নরগণ বিচরণ করিত, আর সে পর্ব্বত গন্ধর্ব্বগণ ও অপ্সরোগণের প্রিয় ছিল ॥৬॥

(২)…জ্যেষ্ঠাঃ সর্বধনুষ্মতাম্…বা ব কা। (৪)…আত্মনাত্মানমাধায়…রা ব কা।
(৫)…বিষমকণ্টকান্…পি।

প্রবিশৎস্বথ বীরেষু পর্ব্বতং গন্ধমাদনম্ ।
চণ্ডবাতং মহদ্বর্ষং প্রাদুরাসীদ্বিশাংপতে ! ॥৭॥
ততো রেণুঃ সমুদ্ভূতঃ সপত্রবহুলো মহান্ ।
পৃথিবীঞ্চান্তরীক্ষঞ্চ দ্যাঞ্চৈব সহসাবৃণোৎ ॥৮॥
ন স্ম প্রজ্ঞায়তে কিঞ্চিদাবৃতে ব্যোম্নি রেণুনা ।
ন চাপি শেকুস্তে কর্ত্তুমন্যোন্যস্যাভিভাষণম্ ॥৯॥
ন চাপশ্যংস্ততোঽন্যোন্যং তমসাবৃতচক্ষুষঃ ।
আকৃষ্যমাণা বাতেন সাশ্মচূর্ণেন ভারত ! ॥১০॥
দ্রুমাণাং বাতভগ্নানাং পততাং ভূতলেঽনিশম্ ।
অন্যেষাঞ্চ মহীজানাং শব্দঃ সমভবন্মহান্ ॥১১॥
দ্যৌঃ স্বিৎ পততি কিং ভূমির্দীর্য্যন্তে পর্ব্বতা নু কিম্ ।
ইতি তে মেনিরে সর্বে পবনেনাতিমোহিতাঃ ॥১২॥

ভারতকৌমুদী

ঋষীতি। কিন্নরৈঃ আচরিতং পর্য্যটিতম্, গিরিং গন্ধমাদনম্ ॥৬॥
প্রেতি। বীরেষু পাণ্ডবেষু। চণ্ডস্তীব্রো বাতো যস্মিন্ তৎ, বর্ষং বৃষ্টিঃ ॥৭॥
তত ইতি। পত্রৈঃ সহেতি সপত্রঃ স চাসৌ বহুলশ্চেতি সঃ, মহান্ বেগবান্ ॥৮॥
নেতি। প্রজ্ঞায়তে স্ম দৃশ্যতে স্ম। রেণুনা ধূল্যা। তে পাণ্ডবাদয়ঃ ॥৯॥
নেতি। তমসা অন্ধকারেণ। সাশ্মচূর্ণেন পাষাণরেণুসহিতেন ॥১০॥
দ্রুমাণামিতি। মহীজানাং লতাদীনাম্ ॥১১॥
দ্যৌরিতি। স্বিৎ প্রশ্নে। ভূমির্দীর্য্যতে কিম্। মেনিরে, শব্দাতিরেকাদেব ॥১২॥

নরনাথ ! পাণ্ডবগণ গন্ধমাদনপর্ব্বতে প্রবেশ করিবার পরেই তীব্র বায়ু ও বিশাল বৃষ্টি প্রাদুর্ভূত হইল ॥৭॥

তাহার পর বেগবান্ প্রচুর ধূলি ও পত্র সমুত্থিত হইয়া তৎক্ষণাৎ পৃথিবী, আকাশ ও স্বর্গ আবৃত করিয়া ফেলিল ॥৮॥

ধূলিতে আকাশ আবৃত হইলে তাঁহারা কিছুই দেখিতে পাইতে লাগিলেন না, কিংবা পরস্পর আলাপ করিতেও সমর্থ হইলেন না ॥৯॥

ভরতনন্দন ! তৎপরে অন্ধকারে নয়ন আবৃত করিল এবং প্রস্তররেণুবাহী বায়ু আকর্ষণ করিতে থাকিল ; তখন তাঁহারা পরস্পর পরস্পরকেও দেখিতে পাইতে লাগিলেন না ॥১০॥

ক্রমে বৃক্ষ ও লতাপ্রভৃতি বায়ুবেগে ভগ্ন হইয়া অনবরত ভূতলে পড়িতে থাকিল ; তাঁহাতে গুরুতর শব্দ হইতে লাগিল ॥১১॥

তে পথানন্তরান্ বৃক্ষান্ বল্মীকান্ বিষমাণি চ।
পাণিভিঃ পরিমার্গন্তো ভীতা বায়োর্নিলিল্যিরে ॥১৩॥
ততঃ কার্ম্মুকমুদ্যম্য ভীমসেনো মহাবলঃ।
কৃষ্ণামাদায় সঙ্গম্য তস্থাবাশ্রিত্য পাদপম্ ॥১৪॥
ধর্ম্মরাজশ্চ ধৌম্যশ্চ নিলিল্যাতে মহাবনে।
অগ্নিহোত্রাণ্যুপাদায় সহদেবস্তু পর্বতে ॥১৫॥
নকুলো ব্রাহ্মণাশ্চান্যে লোমশশ্চ মহাতপাঃ।
বৃক্ষানাসাদ্য সন্ত্রস্তাস্তত্র তত্র নিলিল্যিরে ॥১৬॥
মন্দীভূতে তু পবনে তস্মিন্ রজসি শাম্যতি।
মহদ্ভির্জলধারৌঘৈর্বর্ষমভ্যাজগাম হ ॥১৭॥

ভারতকৌমুদী

ত ইতি। "পথঃ পন্থাঃ" ইতি ত্রিকাণ্ডশেষঃ। পথানাম্ অনন্তরান্ অব্যবহিতান্। বিষমাণি বন্ধুরাণি স্থানানি। বায়োর্ভীতাঃ, নিলিল্যিরে লুক্কায়িতা বভূবুঃ ॥১৩॥

তত ইতি। উদ্যম্য উত্তোল্য ধৃত্বা। কৃষ্ণাং দ্রৌপদীম্। সঙ্গম্য গত্বা ॥১৪॥

ধর্ম্মেতি। নিলিল্যাতে লুক্কায়িতৌ বভূবতুঃ। অগ্নিহোত্রাণি তদ্দ্রব্যাণি ॥১৫॥

নকুল ইতি। সন্ত্রস্তা বাত্যাতঃ অতীবভীতাঃ সন্তঃ ॥১৬॥

মন্দীতি। রজসি ধূলিজালে, শাম্যতি নিবৃত্তে সতি। বর্ষং বৃষ্টিঃ ॥১৭॥

তখন তাঁহারা সকলেই প্রবল বাত্যায় অত্যন্ত মোহিত হইয়া মনে করিতে লাগিলেন যে, 'একি আকাশ খসিয়া পড়িতেছে! না, পৃথিবী ফাটিয়া যাইতেছে! না, পর্ব্বত বিদীর্ণ হইতেছে!' ॥১২॥

তাহার পর তাঁহারা বায়ুভয়ে ভীত হইয়া হস্তদ্বারা পথের নিকটবর্ত্তী বৃক্ষ, বল্মীকমৃত্তিকা ও বন্ধুর স্থান অন্বেষণ করিয়া করিয়া সেই গুলির ভিতরে লুক্কায়িত হইতে লাগিলেন ॥১৩॥

তাহার পর মহাবল ভীমসেন ধনু ধারণ করিয়া দ্রৌপদীকে লইয়া যাইয়া একটা বৃক্ষ আশ্রয় করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥১৪॥

যুধিষ্ঠির ও ধৌম্য যাইয়া নিবিড় বনের ভিতরে লুক্কায়িত হইলেন এবং সহদেব অগ্নিহোত্রের জিনিষগুলি লইয়া পর্ব্বতের ভিতরে আশ্রয় লইলেন ॥১৫॥

এবং নকুল, অন্যান্য ব্রাহ্মণ ও মহাতপা লোমশমুনি অত্যন্ত ভীত হইয়া বৃক্ষ আশ্রয় করিয়া করিয়া সেই সেই স্থানে অবস্থান করিতে লাগিলেন ॥১৬॥

---

(১৪) ততঃ কার্ম্মুকমাদায়···বা ব কা নি।

ভৃশং চটচটাশব্দো বজ্রাণাং ক্ষিপ্যতামিব।
ততস্তাশ্চঞ্চলাভাসশ্চেরুরভ্রেষু বিদ্যুতঃ ॥১৮॥
ততোঽশ্মসহিতা ধারাঃ সংবৃণ্বত্যঃ সমন্ততঃ।
প্রপেতুরনিশং তত্র শীঘ্রবাতসমীরিতাঃ ॥১৯॥
তত্র সাগরগা হ্যাপঃ কীর্য্যমাণাঃ সমন্ততঃ।
প্রাদুরাসন্ সকলুষাঃ ফেনবত্যো বিশাংপতে! ॥২০॥
বহন্ত্যো বারি বহুলং ফেনোড়ুপপরিপ্লুতম্।
পরিসস্রুর্মহাশব্দাঃ প্রকর্ষন্ত্যো মহীরুহান্ ॥২১॥

ভারতকৌমুদী

ভৃশমিতি। ক্ষিপ্যতাং ক্ষিপ্যমাণানাম্। চঞ্চলা আভা যাসাং তাঃ, অভ্রেষু মেঘেষু ॥১৮॥

তত ইতি। অশ্মসহিতা বর্ষোপলযুক্তাঃ, ধারা জলানাম্ ॥১৯॥

তত্রেতি। সাগরগাঃ ক্রমেণ সমুদ্রগামিন্যঃ, আপো জলানি। সকলুষা আবিলাঃ ॥২০॥

বহন্ত্য ইতি। ফেনা এব উড়ুপানি তৈঃ পরিপ্লুতং ব্যাপ্তম্, বহুলম্, বারি মেঘজলং বহন্ত্যঃ, মহাশব্দা নদ্য ইতি শেষঃ, মহীরুহান্ বাতভগ্নান্ বৃক্ষান্, প্রকর্ষন্ত্য আকর্ষন্ত্যঃ সত্যঃ, পরিসস্রুঃ অধঃ সস্রুঃ ॥২১॥

ভারতভাবদীপঃ

তে শূরা ইতি ॥১—১২॥ পথা মার্গেণ, অনন্তরান্ সন্নিহিতান্, নিলিল্যিরে, নিলীনাঃ ॥১৩॥ সঙ্গম্যাদায়েত্যন্বয়ঃ, গত্বা গৃহীত্বেত্যর্থঃ ॥১৪—১৮॥ অশ্মসহিতাঃ করকাসহিতাঃ ॥১৯—২০॥ বারি বহন্ত্যো নদ্যঃ ॥২১—২৩॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৯॥

সেই বায়ু মন্দীভূত হইলে এবং ধূলিরাশি নিবৃত্তি পাইলে, বিশাল জলধারার সহিত বৃষ্টি আসিল ॥১৭॥

তাহার পর ক্ষিপ্যমাণ বজ্রের ন্যায় বৃষ্টির অত্যন্ত 'চটচটা'-শব্দ হইতে লাগিল এবং চঞ্চলদীপ্তি বিদ্যুৎ সকল মেঘের উপরে বিচরণ করিতে থাকিল ॥১৮॥

নরনাথ! তদনন্তর শিলাবৃষ্টির সহিত বিশাল জলধারা বায়ুকর্ত্তৃক দ্রুত প্রেরিত হইয়া সকল দিক্ আবৃত করিয়া সেই স্থানে অনবরত পতিত হইতে লাগিল ॥১৯॥

নরনাথ! তখন মেঘকর্ত্তৃক সকল দিকে নিক্ষিপ্ত জলরাশি মৃত্তিকাদিস্পর্শে আবিল হইয়া এবং প্রস্তরাদিপ্রতিঘাতে ফেন ধারণ করিয়া সমুদ্রের দিকে চলিতে লাগিল ॥২০॥

আর, নদীসমূহ ফেনময় উড়ুপ-(ভেলা) ব্যাপ্ত প্রচুর জল বহন করিয়া এবং বায়ু ভগ্ন বৃক্ষ সকল আকর্ষণ করিতে থাকিয়া মহাশব্দে চলিতে লাগিল ॥২১॥

তস্মিন্নুপরতে বর্ষে বাতে চ সমতাং গতে।
গতেঽম্ভসি চ নিম্নানি প্রাদুর্ভূতে দিবাকরে ॥২২॥
নির্জ্জগ্মুস্তে শনৈঃ সর্ব্বে সমাজগ্মুশ্চ ভারত!।
প্রতস্থিরে পুনর্বীরাঃ পর্ব্বতং গন্ধমাদনম্ ॥২৩॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং গন্ধমাদনপ্রবেশে ঊনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—— ০০ (*) ০০ ——

বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ

——:০:——

বৈশম্পায়ন উবাচ।

ক্রোশমাত্রং প্রয়াতেষু পাণ্ডবেষু মহাত্মসু।
পদ্ভ্যামনুচিতা গন্তুং দ্রৌপদী সমুপাবিশৎ ॥১॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। উপরতে নিবৃত্তে। সমতাং সমানভাবম্। নির্জ্জগ্মুর্বনাদিভ্যো নির্গতাঃ, সমাজগ্মুঃ পরস্পরং সম্মিলিতা বভূবুঃ। বীরাঃ পাণ্ডবাঃ ॥২২—২৩॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামূনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(:*:)———

ক্রোশেতি। অনুচিতা চিরমেবানভ্যস্তা, "অভ্যস্তে তূচিতং ত্রিষু" ইত্যমরঃ ॥১॥

ভরতনন্দন! ক্রমে সেই বৃষ্টি নিবৃত্তি পাইলে, বায়ু সমানভাব অবলম্বন করিলে; জলগুলি নীচে গেলে এবং সূর্য্য আবার প্রকাশ পাইলে, সেই বীরগণ ধীরে ধীরে বনপ্রভৃতি হইতে নির্গত ও সম্মিলিত হইলেন; তাহার পর তাঁহারা পুনরায় গন্ধমাদনপর্ব্বতে গমন করিতে লাগিলেন ॥২২—২৩॥

———(০:*:০)———

বৈশম্পায়ন বলিলেন—মহাত্মা পাণ্ডবেরা একক্রোশমাত্র পথ গিয়াছেন, এমন সময়েই পদব্রজে গমন করিতে অনভ্যস্তা দ্রৌপদী বসিয়া পড়িলেন ॥১॥

---

(২২) তস্মিন্নুপরতে শব্দে···বা ব কা নি। * '···ত্রিচত্বারিংশদধিক···' বা ব কা, '···চতুশ্চত্বারিংশদধিক···' পি, '···পঞ্চচত্বারিংশদধিক···নি।

শ্রান্তা দুঃখপরীতা চ বাতবর্ষেণ চার্দ্দিতা ।
সৌকুমার্য্যাচ্চ পাঞ্চালী সম্মুমোহ তপস্বিনী ॥২॥
সা কম্পমানা মোহেন বাহুভ্যামসিতেক্ষণা ।
বৃত্তাভ্যামনুরূপাভ্যামূরূ সমবলম্বত ॥৩॥
আলম্বমানা সহিতাবূরূ গজকরোপমৌ ।
পপাত সহসা ভূমৌ বেপন্তী কদলী যথা ॥৪॥
তাং পতন্তীং বরারোহাং ভজ্যমানাং লতামিব ।
নকুলঃ সমভিদ্রুত্য পরিজগ্রাহ বীর্য্যবান্ ॥৫॥

নকুল উবাচ ।

রাজন্ ! পাঞ্চালরাজস্য সুতেয়মসিতেক্ষণা ।
শ্রান্তা নিপতিতা ভূমৌ তামবেক্ষস্ব ভারত ! ॥৬॥
অদুঃখার্হা পরং দুঃখং প্রাপ্তেয়ং মৃদুগামিনী ।
আশ্বাসয় মহারাজ ! তামিমাং শ্রমকর্ষিতাম্ ॥৭॥

ভারতকৌমুদী

শ্রান্তেতি। সৌকুমার্য্যাৎ কোমলাঙ্গত্বাৎ, সম্মুমোহ মোহং প্রাপ্তুমারেভে ॥২॥
সেতি। বাহুভ্যাং নিজাভ্যামেব, বৃত্তাভ্যাং গোলাভ্যাম্, উরূ স্বকীয়মূরুদ্বয়ম্ ॥৩॥
আলম্বেতি। সহিতৌ মিলিতৌ, গজকরোপমৌ হস্তিশুণ্ডাতুল্যৌ, বেপন্তী কম্পমানা ॥৪॥
তামিতি। বরারোহাং সুন্দরনিতম্বাম্। সমভিদ্রুত্য দ্রুতং গত্বা ॥৫॥
রাজন্নিতি। অসিতেক্ষণা নীলনয়না। অবেক্ষস্ব প্রতীক্ষস্ব, মা যাহীতি ভাবঃ ॥৬॥
অদুঃখেতি। পরম্ অত্যন্তম্। মৃদুগামিনী শনৈর্গমনকারিণী ॥৭॥

দীনা দ্রৌপদী একেই দুঃখিতা ছিলেন, তাহার পর আবার পরিশ্রান্তা ও বায়ু-বৃষ্টিতে পীড়িতা হইয়া কোমলতাবশতঃ মূর্চ্ছাপন্না হইতে লাগিলেন ॥২॥

তখন নীলনয়না দ্রৌপদী মূর্চ্ছার আবেশে কাঁপিতে থাকিয়া অনুরূপ ও গোল বাহুযুগলদ্বারা আপন উরুযুগল ধারণ করিলেন ॥৩॥

তিনি হস্তিশুণ্ডযুগলের ন্যায় মিলিত উরুযুগল ধারণ করিয়া কাঁপিতে থাকিয়া কদলীবৃক্ষের ন্যায় তৎক্ষণাৎ ভূতলে পতিত হইতে লাগিলেন ॥৪॥

তখন বলবান্ নকুল দ্রুত যাইয়া ভগ্ন লতার ন্যায় পড়িবার সময়েই সুনিতম্বা দ্রৌপদীকে ধারণ করিলেন ॥৫॥

নকুল বলিলেন—'রাজা ! এই নীলনয়না পাঞ্চালরাজনন্দিনী পরিশ্রান্ত হইয়া ভূতলে পতিত হইতেছিলেন। সুতরাং আপনি উঁহার প্রতীক্ষা করুন ॥৬॥

---

(২)···বাতবর্ষেণ তেন চ···বা ব কা নি। (৩) সা পত্যমানা মোহেন···পি।

বৈশম্পায়ন উবাচ।

রাজা তু বচনাত্তস্য ভৃশং দুঃখসমন্বিতঃ।
ভীমশ্চ সহদেবশ্চ সহসা সমুপাদ্রবৎ ॥৮॥
তামবেক্ষ্য তু কৌন্তেয়ো বিবর্ণবদনাং কৃশাম্।
অঙ্কমানীয় ধর্ম্মাত্মা পর্য্যদেবয়দাতুরঃ ॥৯॥

যুধিষ্ঠির উবাচ। *

কথং বেশ্মসু গুপ্তেষু স্বাস্তীর্ণশয়নোচিতা।
ভূমৌ নিপতিতা শেতে সুখার্হা বরবর্ণিনী ॥১০॥
সুকুমারৌ কথং পাদৌ মুখঞ্চ কমলপ্রভম্।
মৎকৃতেঽদ্য বরার্হায়াঃ শ্যামতাং সমুপাগতম্ ॥১১॥
কিমিদং দ্যূতকামেন ময়া কৃতমবুদ্ধিনা।
আদায় কৃষ্ণাং চরতা বনে মৃগগণাযুতে ॥১২॥

ভারতকৌমুদী

রাজেতি। সমুপাদ্রবৎ দ্রুতং দ্রৌপদ্যন্তিকমগচ্ছৎ ॥৮॥

তামিতি। পর্য্যদেবয়ৎ ব্যলপৎ, "দিবু পরিকূজনে" ইতি চৌবাদিকস্য রূপম্ ॥৯॥

কথমিতি।' কথংশব্দো বিষাদে। গুপ্তেষু রক্ষিতেষু। শয়নং শয্যা, উচিতা যোগ্যা ॥১০॥

সুকুমারাবিতি। পাদৌ শ্যামতাং সমুপাগতাবিতি বচনব্যত্যয়েন সম্বন্ধঃ। শ্যামতাং মালিন্যম্ ॥১১॥

কিমিতি। দ্যূতকামেন দ্যূতরাগিণা। মৃগগণাযুতে হিংস্রপশুসমূহপূর্ণে ॥১২॥

মহারাজ! এই মন্দগামিনী দুঃখভোগের অযোগ্যা, অথ চ গুরুতর দুঃখ ভোগ করিতেছেন। অতএব আপনি এই পরিশ্রান্তাকে আশ্বস্ত করুন' ॥৭॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির, ভীম ও সহদেব—নকুলের বাক্য শুনিয়া অত্যন্ত দুঃখিত হইয়া তৎক্ষণাৎ দ্রৌপদীর নিকটে গেলেন ॥৮॥

তখন ধর্ম্মাত্মা যুধিষ্ঠির দ্রৌপদীকে বিবর্ণবদনা ও কৃশা দেখিয়া পীড়িত হইয়া তাঁহাকে ক্রোড়ে করিয়া বিলাপ করিতে লাগিলেন ॥৯॥

যুধিষ্ঠির বলিলেন—'হায়! সুরক্ষিত গৃহে আস্তীর্ণ উত্তম শয্যায় শয়নের যোগ্যা একমাত্রসুখভোগের অধিকারিণী উত্তমাঙ্গনা দ্রৌপদী আজ ভূতলে পতিত হইয়া শয়ন করিয়াছেন! ॥১০॥

হায়! এই বরবর্ণিনীর কোমল চরণযুগল এবং পদ্মকান্তি মুখমণ্ডল আজ আমার জন্যই মলিন হইয়া গিয়াছে! ॥১১॥

---

* রাজোবাচ—পি।

সুখং প্রাপ্স্যতি কল্যাণী প্রাপ্য পাণ্ডুসুতান্ পতীন্।
ইতি দ্রুপদরাজেন পিত্রা দত্তায়তেক্ষণা ॥১৩॥
তৎ সর্ব্বমনবাপ্যেয়ং শ্রমশোকাধ্বকর্ষিতা।
শেতে নিপতিতা ভূমৌ পাপস্য মম কর্ম্মভিঃ ॥১৪॥

বৈশম্পায়ন উবাচ।

তথা লালপ্যমানে তু ধর্ম্মরাজে যুধিষ্ঠিরে।
ধৌম্যপ্রভৃতয়ঃ সর্ব্বে তত্রাজগ্মুর্দ্বিজোত্তমাঃ ॥১৫॥
তে তামাশ্বাসয়ামাসুরাশীর্ভিশ্চাপ্যপূজয়ন্।
রক্ষোঘ্নাংশ্চ তথা মন্ত্রান্ জেপুশ্চক্রুস্তথা ক্রিয়াঃ ॥১৬॥
পঠ্যমানেষু মন্ত্রেষু শান্ত্যর্থং পরমর্ষিভিঃ।
স্পৃশ্যমানা করৈঃ শীতৈঃ পাণ্ডবৈশ্চ মুহুর্মুহুঃ ॥১৭॥

ভারতকৌমুদী

সুখমিতি। ইতি বিভাব্যেতি শেষঃ। আয়তেক্ষণা বিশাললোচনা কৃষ্ণা ॥১৩॥
তদিতি। পাপস্য পাপাত্মনঃ, কর্ম্মভির্দ্যূতক্রীড়াদিভিঃ ॥১৪॥
তথেতি। লালপ্যমানে পুনঃ পুনর্বিলপতি সতি। তত্র দ্রৌপদ্যন্তিকে ॥১৫॥
ত ইতি। অপূজয়ন্ সমতোষয়ন্। তথা অনিষ্টনিবারিকাঃ ॥১৬॥

আমি দ্যূতের অনুরাগী, অথ চ আমার বুদ্ধি নাই; তাই আমি হিংস্রজন্তুতে পরিপূর্ণ বনের ভিতরে দ্রৌপদীকে লইয়া বিচরণ করিতে থাকিয়া এটা কি করিলাম! ॥১২॥

হায়! কল্যাণী দ্রৌপদী পাণ্ডবগণকে পতিলাভ করিয়া সুখ ভোগ করিবে, ইহা ভাবিয়াই পিতা দ্রুপদরাজা এই আয়তনয়নাকে আমাদের হস্তে দান করিয়াছিলেন ॥১৩॥

কিন্তু আমি পাপাত্মা; তাই আমার কর্ম্মদোষেই ইনি সে সমস্ত না পাইয়া পরিশ্রম, শোক ও পথের ক্লেশে ক্লান্ত ও ভূতলপতিত হইয়া শয়ন করিয়াছেন! ॥১৪॥

বৈশম্পায়ন বলিলেন—ধর্ম্মরাজ যুধিষ্ঠির বার বার সেইরূপ বিলাপ করিতে থাকিলে, ধৌম্যপ্রভৃতি ব্রাহ্মণেরা সকলেই সেখানে আসিলেন ॥১৫॥

তাঁহারা দ্রৌপদীকে আশ্বস্ত করিলেন, আশীর্বাদ দ্বারা সন্তুষ্ট করিলেন, রক্ষোঘ্ন মন্ত্র পাঠ করিতে লাগিলেন এবং অনিষ্টনিবারক কার্য্য করিতে থাকিলেন ॥১৬॥

---

(১৩)…প্রাপ্য বৈ পাণ্ডবান্ পতীন্…বা ব কা নি। (১৬) তে সমাশ্বাসয়ামাসুঃ…চক্রুশ্চ তে ক্রিয়াঃ—বা ব কা নি।

সেব্যমানা চ শীতেন জলমিশ্রেণ বায়ুনা।
পাঞ্চালী সুখমাসাদ্য লেভে চেতঃ শনৈঃ শনৈঃ ॥১৮॥ (যুগ্মকম্)
পরিগৃহ্য চ তাং দীনাং কৃষ্ণামজিনসংস্তরে।
পার্থা বিশ্রাময়ামাসুর্লব্ধসংজ্ঞাং তপস্বিনীম্ ॥১৯॥
তস্যা যমৌ রক্ততলৌ পাদৌ পূজিতলক্ষণৌ।
করাভ্যাং কিণজাতাভ্যাং শনকৈঃ সংববাহতুঃ ॥২০॥
পর্য্যাশ্বাসয়দপ্যেনাং ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
উবাচ চ কুরুশ্রেষ্ঠো ভীমসেনমিদং বচঃ ॥২১॥
বহবঃ পর্ব্বতা ভীম! বিষমা হিমদুর্গমাঃ।
তেষু কৃষ্ণা মহাবাহো! কথং নু বিচরিষ্যতি ॥২২॥

ভারতকৌমুদী

পঠ্যমানেম্বিতি। করৈর্হস্তৈঃ, শীতৈঃ শীতলৈঃ। চেতঃ চৈতন্যম্ ॥১৭—১৮॥

পরীতি। পরিগৃহ্য নীত্বা। অজিনসংস্তরে আস্তৃতমৃগচর্ম্মণি। তপস্বিনীং শোচ্যাম্ ॥১৯॥

তস্যা ইতি। যমৌ নকুলসহদেবৌ, কিণজাতাভ্যাং ধনুর্গুণঘর্ষণেন জাতচিহ্নাভ্যাং করাভ্যাম্, শনকৈঃ, পূজিতলক্ষণৌ তস্যাঃ পাদৌ, সংববাহতুঃ সংবাহয়ামাসতুঃ। আর্ষং পদম্ ॥২০॥

পর্য্যাশ্বাসয়দিতি। এনাং দ্রৌপদীম্ ॥২১॥

বহব ইতি। বিষমা বিপৎসঙ্কুলা উচ্চাবচা বা। কৃষ্ণা দ্রৌপদী ॥২২॥

মহর্ষিরা শান্তির জন্য মন্ত্রপাঠ করিতে থাকিলে, পাণ্ডবেরা শীতল হস্তদ্বারা বার বার স্পর্শ করিতে লাগিলেন এবং জলমিশ্রিত শীতল বায়ুদ্বারা সেবন করিতে থাকিলেন; তখন দ্রৌপদী সুখ লাভ করিয়া ধীরে ধীরে চৈতন্য লাভ করিলেন ॥১৭—১৮॥

তাহার পর পাণ্ডবেরা লব্ধচৈতন্যা, দুর্বলা ও শোচনীয়া দ্রৌপদীকে আস্তৃত মৃগচর্ম্মের উপরে রাখিয়া বিশ্রাম করাইতে লাগিলেন ॥১৯॥

নকুল ও সহদেব কিণ-(কড়) চিহ্নিত হস্তযুগলদ্বারা ধীরে ধীরে দ্রৌপদীর রক্ততল ও সুলক্ষণ চরণযুগলের সংবাহন করিতে থাকিলেন ॥২০॥

কুরুশ্রেষ্ঠ ধর্ম্মরাজ যুধিষ্ঠিরও দ্রৌপদীকে আশ্বস্ত করিলেন এবং ভীমকে এই কথা বলিলেন—॥২১॥

'মহাবাহু ভীম! হিমে দুর্গম এবং উঁচু-নীচু বহুতর পর্ব্বত আছে; সে গুলিতে দ্রৌপদী কি করিয়া গমন করিবেন?' ॥২২॥

---

(১৯)···স্তদা বিশ্বাসয়ামাসুঃ ···পি।

ভীমসেন উবাচ।

ত্বাং রাজন্! রাজপুত্রীঞ্চ যমৌ চ পুরুষর্ষভ!।
স্বয়ং নেষ্যামি রাজেন্দ্র! মা বিষাদে মনঃ কৃথাঃ ॥২৩॥
হৈড়িম্বশ্চ মহাবীর্য্যো বিহগো মদ্বলোপমঃ।
বহেদনঘ! সর্ব্বান্ নো বচনাত্তে ঘটোৎকচঃ ॥২৪॥

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা তু বচনং ভীমসেনস্য ধর্ম্মরাট্।
ভীমং সম্পূজয়ংস্তুষ্ট এবমস্ত্বিত্যভাষত ॥২৫॥
সোঽনুজ্ঞাতো ধর্ম্মরাজ্ঞা পুত্রং সস্মার রাক্ষসম্।
ঘটোৎকচস্তু ধর্ম্মাত্মা স্মৃতমাত্রঃ পিতুস্তদা ॥২৬॥
কৃতাঞ্জলিরুপাতিষ্ঠদভিবাদ্যাথ পাণ্ডবান্।
ব্রাহ্মণাংশ্চ মহাবাহুঃ স চ তৈরভিনন্দিতঃ ॥২৭॥
উবাচ ভীমসেনং স পিতরং ভীমবিক্রমম্।
স্মৃতোঽস্মি ভবতা শীঘ্রং শুশ্রূষুরহমাগতঃ ॥২৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ত্বামিতি। রাজপুত্রীং দ্রৌপদীম্, যমৌ নকুলসহদেবৌ। স্বয়মহমেব ॥২৩॥

হৈড়িম্ব ইতি। হৈড়িম্বো হিড়িম্বায়াঃ পুত্রঃ, বিহায়সা গচ্ছতীতি বিহগ আকাশচরঃ ॥২৪॥

এতদিতি। ধর্ম্মরাড্ যুধিষ্ঠিরঃ। সম্পূজয়ন্ প্রশংসন্, যথাকালমুপায়স্মরণাৎ ॥২৫॥

স ইতি। ধর্ম্মরাজ্ঞেত্যদন্তত্বাভাব আর্ষঃ। ব্রাহ্মণাংশ্চ অভিবাদ্যেতি সম্বন্ধঃ। অভিনন্দিত আশিষা সন্তোষিতঃ। শুশ্রূষুঃ ভবতাং শুশ্রূষাং কর্ত্তুমিচ্ছুঃ ॥২৬—২৮॥

ভীম বলিলেন—'হে পুরুষপ্রধান রাজশ্রেষ্ঠ রাজা! একক আমিই আপনাকে, দ্রৌপদীকে এবং নকুল ও সহদেবকে বহন করিয়া লইয়া যাইব; আপনি বিষণ্ণ হইবেন না ॥২৩॥

অথবা, হে নিষ্পাপ রাজা! আমার তুল্য বলবান্, অত্যন্ত উৎসাহী ও আকাশচারী হিড়িম্বানন্দন ঘটোৎকচ আপনার আদেশে আমাদের সকলকেই বহন করিয়া লইয়া যাইবে' ॥২৪॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির ভীমের এই কথা শুনিয়া সন্তুষ্ট হইয়া ভীমের প্রশংসা করিয়া বলিলেন—'এইরূপই হউক' ॥২৫॥

যুধিষ্ঠির অনুমতি করিলে, ভীমসেন তখনই পুত্র ঘটোৎকচকে স্মরণ করিলেন; তিনি স্মরণ করিবামাত্রই ধর্ম্মাত্মা ও মহাবাহু ঘটোৎকচও কৃতাঞ্জলি

(২৫) শ্লোকঃ বা ব কা নি নাস্তি। (২৮)···শীঘ্রং সহসাহমুপাগতঃ—পি।

আজ্ঞাপয় মহাবাহো ! সর্ব্বং কর্ত্তাস্ম্যসংশয়ম্ ।
তচ্ছ্রুত্বা ভীমসেনস্তু রাক্ষসং পরিষস্বজে ॥২৯॥

যুধিষ্ঠির উবাচ ।

ধর্ম্মজ্ঞো বলবান্ শূরঃ সদ্যো রাক্ষসপুঙ্গবঃ ।
ভক্তোঽস্মান্ রাক্ষসঃ পুত্রো ভীম ! গৃহ্লাতু মাতরম্ ॥৩০॥
তব বাহুবলেনাহমতিভীমপরাক্রম ! ।
অক্ষতঃ সহ পাঞ্চাল্যা গচ্ছেয়ং গন্ধমাদনম্ ॥৩১॥

বৈশম্পায়ন উবাচ ।

ভ্রাতুর্বচনমাজ্ঞায় ভীমসেনো ঘটোৎকচম্ ।
আদিদেশ নরব্যাঘ্রস্তনয়ং শত্রুকর্ষণম্ ॥৩২॥

ভারতকৌমুদী

আজ্ঞাপয়েতি। কর্ত্তাস্মি করিষ্যামি। রাক্ষসং ঘটোৎকচম্, পরিষস্বজে আলিলিঙ্গ ॥২৯॥ ধর্ম্মজ্ঞ ইতি। অস্মান্ প্রতি ভক্তঃ। সদ্যঃ সপদি, মাতরং দ্রৌপদীং বোঢ়ুং গৃহ্লাতু ॥৩০॥ ভীমমেব স্তৌতি তবেতি। ঘটোৎকচস্য বাহুবলমপি তবৈব বাহুবলমিতি ভাবঃ ॥৩১॥ ভ্রাতুরিতি। ভ্রাতুর্যুধিষ্ঠিরস্য। আজ্ঞায় শ্রুত্বা ॥৩২॥

হইয়া পিতৃপর্য্যায় পাণ্ডবগণের নিকট উপস্থিত হইল এবং তাঁহাদিগকে ও ব্রাহ্মণগণকে অভিবাদন করিল ; তাহার পর তাঁহারা সকলেও তাহার অভিনন্দন করিলেন। তৎপরে ঘটোৎকচ ভীমবিক্রম পিতা ভীমসেনকে বলিল—'আপনি আমাকে স্মরণ করিয়াছেন, তাই আমি আপনাদের পরিচর্য্যা করিবার জন্য সত্বর আসিয়াছি ॥২৬—২৮॥

মহাবাহু ! আদেশ করুন, নিশ্চয়ই আমি আপনাদের সমস্ত কার্য্য করিব'। তাহা শুনিয়া ভীমসেন তাহাকে আলিঙ্গন করিলেন ॥২৯॥

যুধিষ্ঠির বলিলেন—'ভীম ! রাক্ষসশ্রেষ্ঠ পুত্র ঘটোৎকচ ধর্ম্মজ্ঞ, বলবান্, বীর এবং আমাদের ভক্ত ; সুতরাং এখনই এ—দ্রৌপদীকে ধারণ করুক ॥৩০॥

অতিভীমপরাক্রম ভীম ! তোমার বাহুবলেই আমি দ্রৌপদীর সহিত অক্ষত শরীরে গন্ধমাদনপর্ব্বতে যাইতে পারিব' ॥৩১॥

বৈশম্পায়ন বলিলেন—নরশ্রেষ্ঠ ভীমসেন যুধিষ্ঠিরের কথা শুনিয়া শত্রু-হন্তা পুত্র ঘটোৎকচকে আদেশ করিলেন—॥৩২॥

---

(২৯) শ্লোকাৎ পরম্ '…চতুশ্চত্বারিংশদধিক…বা ব কা, '…পঞ্চচত্বারিংশদধিক…পি, '…ষট্‌চত্বারিংশদধিক…' নি। (৩০)…সত্যো রাক্ষসপুঙ্গবঃ…ঔরসঃ পুত্রঃ…গৃহ্লাতু মা চিরম্—বা ব কা।

হৈড়িম্বেয়ং পরিশ্রান্তা তব মাতাঽপরাজিত ! ।
ত্বঞ্চ কামগমস্তাত ! বলবান্ বহ তাং খগ ! ॥৩৩॥
স্কন্ধমারোপ্য ভদ্রং তে মধ্যেঽস্মাকং বিহায়সা ।
গচ্ছ নীচিকয়া গত্যা যথা চৈনাং ন পীড়য়েঃ ॥৩৪॥

ঘটোৎকচ উবাচ ।

ধর্ম্মরাজঞ্চ ধৌম্যঞ্চ কৃষ্ণাঞ্চ যমজৌ তথা ।
একোঽপ্যহমলং বোঢ়ুং কিমুতাদ্য সহায়বান্ ॥৩৫॥
অন্যে চ শতশঃ শূরা বিহগাঃ কামরূপিণঃ ।
সর্ব্বান্ বো ব্রাহ্মণৈঃ সার্দ্ধং বক্ষ্যন্তি সহিতা ময়া ॥৩৬॥

বৈশম্পায়ন উবাচ ।

এবমুক্ত্বা তদা কৃষ্ণামুবাহ স ঘটোৎকচঃ ।
পাণ্ডূনাং মধ্যগো বীরঃ পাণ্ডবানপি চাপরে ॥৩৭॥

ভারতকৌমুদী

হৈড়িম্বেতি। হে হৈড়িম্ব !। মাতা দ্রৌপদী। হে খগ ! খেচর ! ॥৩৩॥
স্কন্ধমিতি। তে তব ভদ্রমস্তু। বিহায়সা গগনেন। নীচিকয়া নিম্নবর্ত্তিন্যা ॥৩৪॥
ধর্ম্মেতি। অলং সমর্থঃ। অন্যেঽপি রাক্ষসা মম সহায়াঃ সন্তীতি ভাবঃ ॥৩৫॥
অন্য ইতি। বিহগা আকাশচারিণো রাক্ষসাঃ। বক্ষ্যন্তি বহনং করিষ্যন্তি ॥৩৬॥
এবমিতি। অপরে চ রাক্ষসাঃ, পাণ্ডবানপি উহুরিতি শেষঃ ॥৩৭॥

বৎস ! অপরাজিত ! খেচর ! হিড়িম্বানন্দন ! তোমার মাতা দ্রৌপদী পরিশ্রান্ত হইয়া পড়িয়াছেন, তুমিও কামগামী এবং বলবান্; অতএব তুমি তাঁহাকে বহন কর ॥৩৩॥

বৎস ! তোমার মঙ্গল হউক ; তুমি উঁহাকে স্কন্ধে লইয়া আমাদের মধ্যে থাকিয়া নিম্ন আকাশ দিয়া মন্দগতিতে গমন কর, যাহাতে উঁহার কষ্ট না হয় ॥৩৪॥

ঘটোৎকচ বলিল—'আমি একাকীই ধর্ম্মরাজ, ধৌম্যপুরোহিত, দ্রৌপদী এবং নকুল-সহদেবকে বহন করিতে পারি ; সহায়সম্পন্ন হইলে আর বক্তব্য আছে কি ॥৩৫॥

বীর, আকাশচারী ও কামরূপী অন্য শত শত রাক্ষসও আমার সহিত মিলিত হইয়া ব্রাহ্মণদের সহিত আপনাদের সকলকে বহন করিবে' ॥৩৬॥

---

(৩৬)···বক্ষ্যন্তি সহিতাঽনঘ !—বা ব কা।

লোমশঃ সিদ্ধমার্গেণ জগামানুপমদ্যুতিঃ।
স্বেনৈব স প্রভাবেন দ্বিতীয় ইব ভাস্করঃ ॥৩৮॥
ব্রাহ্মণাংশ্চাপি তান্ সর্ব্বান্ সমুপাদায় রাক্ষসাঃ।
নিয়োগাদ্রাক্ষসেন্দ্রস্য জগ্মুর্ভীমপরাক্রমাঃ ॥৩৯॥
এবং সুরমণীয়ানি বনান্যুপবনানি চ।
আলোকয়ন্তস্তে জগ্মুর্বিশালাং বদরীং প্রতি ॥৪০॥
তে ত্বাশুগতিভির্বীরা রাক্ষসৈস্তৈর্মহাজবৈঃ।
উহ্যমানা যযুঃ শীঘ্রং দীর্ঘমধ্বানমল্পবৎ ॥৪১॥
দেশান্ ম্লেচ্ছজনাকীর্ণান্ নানারত্নাকরান্ শুভান্।
দদৃশুর্গিরিপাদাংশ্চ নানাধাতুসমাচিতান্ ॥৪২॥

ভারতকৌমুদী

লোমশ ইতি। সিদ্ধানাং দেবযোনিবিশেষাণাং মার্গেণ আকাশপথেনৈব ॥৩৮॥

ব্রাহ্মণানিতি। নিয়োগাদাদেশাৎ, রাক্ষসেন্দ্রস্য ঘটোৎকচস্য ॥৩৯॥

এবমিতি। বদরীং কর্কন্ধুবৃক্ষং তন্নাম্না প্রসিদ্ধমাশ্রমমিত্যর্থঃ ॥৪০॥

ত ইতি। মহাজবৈর্মহাবেগৈঃ। অধ্বানং পন্থানম্, অল্পবৎ অল্পপথবৎ ॥৪১॥

দেশানিতি। বেদবাহ্যাচারা ম্লেচ্ছজনাস্তৈরাকীর্ণান্। গিরেঃ পাদান্ প্রত্যন্তপর্ব্বতান্।

বৈশম্পায়ন বলিলেন—এইরূপ বলিয়া তখনই মহাবীর ঘটোৎকচ পাণ্ডবগণের মধ্যে থাকিয়া দ্রৌপদীকে বহন করিয়া লইয়া চলিল এবং অন্য রাক্ষসেরা পাণ্ডবগণকে বহন করিয়া নিয়া যাইতে থাকিল ॥৩৭॥

এবং অসাধারণ তেজস্বী লোমশমুনি আপন প্রভাবেই সিদ্ধপথে দ্বিতীয় সূর্য্যের ন্যায় গমন করিতে লাগিলেন ॥৩৮॥

আর, ভয়ঙ্কর-পরাক্রমশালী অপর কতকগুলি রাক্ষস ঘটোৎকচের আদেশে সেই সকল ব্রাহ্মণকে লইয়া গমন করিতে থাকিল ॥৩৯॥

এই ভাবে তাঁহারা অতিমনোহর বন ও উপবন দেখিতে দেখিতে বদরিকাশ্রমের দিকে যাইতে লাগিলেন ॥৪০॥

মহাবেগশালী ও দ্রুতগামী সেই রাক্ষসেরা বহন করিয়া লইয়া যাইতেছিল বলিয়া তাঁহারা সত্বরই অল্পপথের ন্যায় দীর্ঘপথ যাইতে থাকিলেন ॥৪১॥

তখন তাঁহারা ম্লেচ্ছগণে পরিপূর্ণ, নানাবিধ রত্নের আকর ও মনোহর বহুতর দেশ এবং গৈরিকাদিনানাধাতুব্যাপ্ত ক্ষুদ্র ক্ষুদ্র বহুতর পর্বত দেখিতে

---

(৩৮)···স্বেনৈবাত্তিপ্রভাবেন···পি। (৪১)···মহদধ্বানমল্পবৎ···বা ব কা নি। (৪২)··· নানারত্নাকরাযুতান্···বা ব কা নি।

বিদ্যাধরগণাকীর্ণান্ যুতান্ পন্নগকিন্নরৈঃ ।
তথা কিম্পুরুষৈশ্চৈব গন্ধর্বৈশ্চ সমন্ততঃ ॥৪৩॥
ময়ূরৈশ্চমরৈশ্চৈব বানরৈ রুরুভিস্তথা ।
বরাহৈর্গবয়ৈশ্চৈব মহিষৈশ্চ সমাবৃতান্ ॥৪৪॥
নদীজালসমাকীর্ণান্ নানাপক্ষিযুতান্ বহূন্ ।
নানাবিধৈর্মৃগৈর্জুষ্টান্ বারণৈশ্চোপশোভিতান্ ॥৪৫॥
সমদৈশ্চাপি বিহগৈঃ পাদপৈরন্বিতাংস্তথা ।
তেঽবতীর্য্য বহূন্ দেশান্ উত্তরাংশ্চ কুরূনপি ॥৪৬॥
দদৃশুর্বিবিধাশ্চর্য্যং কৈলাসং পর্ব্বতোত্তমম্ ।
তস্যাভ্যাসে তু দদৃশুর্নরনারায়ণাশ্রমম্ ॥৪৭॥
